৺প্রেমচন্দ্র তর্কবাগীশের

জীবনচরিত

ও

কবিতাবলী।

রামাক্ষয় চট্টোপাধ্যায় রায় বাহাদুর প্রণীত।

প্রথম সংস্করণ—ইং ১৮৯২ সাল।
দ্বিতীয় সংস্করণ—ইং ১৮৯৬ সাল।
তৃতীয় সংস্করণ—ইং ১৯০১ সাল।
চতুর্থ সংস্করণ—ইং ১৯০৬ সাল।
পঞ্চম সংস্করণ—ইং ১৯২৪ সাল।

LIFE & SLOKAS

OF

PREM CHANDRA TARKAVAGISA.

BY

RAI RAMAKHOY CHATTERJI BAHADUR.

কলিকাতা
৮১-৮৫নং রাধাবাজার ষ্ট্রীট, ষ্ট্যাণ্ডার্ড প্রেস হইতে
এস, সি, ব্যানার্জি এণ্ড কোং দ্বারা প্রকাশিত।

[*All Rights Reserved.*]

Printed by NORENDRA NATH BOSE,
AT THE
St. Andrew's Steam Printing Works,
81-84, Radha Bazar Street.
CALCUTTA

[illegible]
No

উপক্রমণিকা।

যে মহাত্মার জীবনবৃত্তান্ত লিখিতে প্রবৃত্ত হইতেছি, তিনি ধনসম্পন্ন ছিলেন না, যুদ্ধবীর ছিলেন না, জাঁকজমকের কোনও উপাধিধারীও ছিলেন না। তিনি একজন শাস্ত্রজ্ঞ পণ্ডিত ছিলেন। আজ কাল পণ্ডিতের জীবনবৃত্ত-পাঠে কাহারও কি প্রবৃত্তি জন্মিবে? এক্ষণে আর সংস্কৃতবিদ্যোৎসাহী রাজা নাই, পণ্ডিতগুণগ্রাহী সহৃদয় নাই, সংস্কৃতভাষার তাদৃশ গৌরব নাই, এবং সে ভাষার উপাসকদিগেরও আর তাদৃশ সমাদর নাই। ভারতবর্ষের সে সকল সুখের দিন অতীত হইয়া গিয়াছে। ইদানীন্তন লোকেরা পণ্ডিত শব্দে অপদার্থ, ধনীর উপাসক, নির্ঘিন্ন ব্রাহ্মণ বুঝিয়া থাকেন। সুতরাং পণ্ডিতের জীবনচরিত পাঠে কোন্ ব্যক্তির আস্থা জন্মিবে? কিন্তু প্রেমচন্দ্র তর্কবাগীশ কি ঐরূপ অপদার্থ পণ্ডিতশ্রেণীর একজন ছিলেন? বিগত ১২৭৩ সালের চৈত্রমাসে ৺কাশীধামে তিনি মানবলীলা সম্বরণ করিলে উত্তরপশ্চিম ও বঙ্গদেশ প্রচলিত বহুতর বাঙ্গালা ও ইংরাজী সমাচারপত্রের সম্পাদক প্রভৃতি অনেকেই "ভারতবর্ষ একটী পণ্ডিতরত্ন হারাইল" বলিয়া সাতিশয় শোক প্রকাশ করিয়াছিলেন, এবং যাঁহারা তাঁহাকে ভালরূপ জানিতেন, সকলেই তাঁহার শোকে একান্ত ব্যাকুলিতচিত্ত হইয়াছিলেন। ইহাতে

স্পষ্ট প্রতীয়মান হয়, তর্কবাগীশ সাধারণের অশ্রদ্ধাভাজন ছিলেন না, প্রত্যুত অনেকেই তাঁহার অসামান্য গুণে তাঁহার প্রতি শ্রদ্ধা ও ভক্তি প্রকাশ করিতেন। ফলতঃ প্রেমচন্দ্র তর্কবাগীশের জীবনবৃত্তান্ত আদ্যোপান্ত অতি পবিত্র। তাঁহার আয়ুষ্কাল কেবল জ্ঞানানুশীলন, জ্ঞানবিতরণ সংস্কৃত-বিদ্যার উন্নতিসাধন এবং ধর্ম্মোপাসনাতেই পর্য্যবসিত হইয়াছে। তাঁহার একটী সংক্ষিপ্ত জীবনচরিত লিখিবার এবং তাঁহার রচিত কবিতাগুলি সংগ্রহ করিয়া প্রচারিত করিবার নিমিত্ত তাঁহার বন্ধুগণ ও ছাত্রগণ আমায় বারংবার উত্তেজিত করিয়াছিলেন। আমি বিষয়কার্য্যে লিপ্ত হইয়া নানা স্থানে ভ্রমণ করিতে থাকায় প্রয়োজনীয় উপকরণসামগ্রী সঙ্কলন করিতে এবং যথাসময়ে সঙ্কলি বিষয়টীতে হস্তার্পণ করিতে পারি নাই। অনেক দিন অতী হইয়া গিয়াছে, কিন্তু এখনও তর্কবাগীশের সেই সৌম্যমূর্ত্তি অনেকের চিত্তপটে অঙ্কিত রহিয়াছে। এই পুস্তকখানি হাতে পড়িলে তাঁহাকে অন্ততঃ একবার স্মরণ করিবেন, তাহা হইলেই কৃতার্থ বোধ করিব। তর্কবাগীশ সংস্কৃত সাহিত্যশাস্ত্রের জীর্ণোদ্ধার বিষয়ে সমস্ত জীবন অতিবাহিত করিয়াছিলেন। তাঁহার এই জীবনচরিতখানিও একপ্রকার অসম্পূর্ণ জীর্ণোদ্ধারের মত হইয়া দাঁড়াইল। যথাসময়ে অনুষ্ঠান করা হয় নাই বলিয়া এই পুস্তকে তর্কবাগীশের একটী প্রতিমূর্ত্তি প্রকটিত করিতে অক্ষম রহিলাম। দাঁত থাকিতে দাঁতের মর্য্যাদা জানা যায় না। ইহার নিমিত্ত অনুতাপ ব্যতীত এখন আর উপায়ান্তর নাই। ডাক্তার ই, বি, কাউয়েল্ সাহেব মহোদয় এই নিমিত্ত বিশেষ আগ্রহ প্রকাশ করিয়াছেন।

এই পুস্তক সঙ্কলন বিষয়ে তর্কবাগীশের ছাত্রবৃন্দ মধ্যে শ্রীযুত হরানন্দ ভট্টাচার্য্য এবং শ্রীযুত তারাকুমার কবিরত্ন যথেষ্ট সাহায্য করিয়াছেন। তর্কবাগীশের বিরচিত অনেকগুলি শ্লোক ইহাঁদের কণ্ঠস্থ। বিশেষতঃ কবিরত্নের সাহায্য ব্যতীত আমি এই পুস্তক মুদ্রাঙ্কন বিষয়ে কৃতকার্য্য হইতে পারিতাম না। তর্কবাগীশ সংস্কৃত বিদ্যালয় হইতে অবসর লইবার সময়ে কবিরত্ন তাঁহার এক ছাত্র ছিলেন, সুতরাং ইনি তাঁহার শেষ সময়ের ছাত্র, স্বয়ং সুকবি বলিয়া তর্কবাগীশের প্রকৃতির প্রতি ইহাঁর বিশেষ লক্ষ্য ছিল। ইনি ভক্তিপূর্ব্বক তর্কবাগীশের প্রকৃতি সম্বন্ধে যাহা কিছু লিখিলেন, তাহা সমাদরে পরিশিষ্টে দেওয়া গেল।

তর্কবাগীশের স্বর্গারোহণের পরে তাঁহার অন্যতম ছাত্র শ্রীযুত হরিশ্চন্দ্র কবিরত্ন বিলাপ-ষট্‌ক নামে যে কয়টী মনোহর কবিতা রচনা করিয়াছিলেন, তাহাও পরিশিষ্টে প্রদর্শিত হইল। এই কবিতাগুলি তর্কবাগীশের আদ্যশ্রাদ্ধ-বাসরে উপস্থিত পণ্ডিতগণকে উপহার দেওয়া হইয়াছিল।

হিন্দুপেট্রিয়ট্ প্রভৃতি পত্রের সম্পাদক ও অন্যান্য মহোদয়েরা তৎকালে তর্কবাগীশের সম্বন্ধে যাহা কিছু লিখিয়াছিলেন তাহা পরিশিষ্টে দেওয়া গেল। ইতি।

কলিকাতা।
অক্ষয়কুটীর।
১০১, তালতলা লেন।
১লা জানুয়ারি। ১৮৯২।

শ্রীরামাক্ষয় চট্টোপাধ্যায়

দ্বিতীয় সংস্করণ সম্বন্ধে কয়েকটী কথা।

৺প্রেমচন্দ্র তর্কবাগীশের জীবনচরিতের দ্বিতীয় সংস্করণ প্রকাশিত ও প্রচারিত হইল। প্রথম মুদ্রিত পুস্তকগুলি পর্য্যবসিত হইলে অনেকেই তাহা পাইবার আশয়ে আগ্রহ সহকারে আমার নিকটে আসিয়া বিমুখ হইয়া ফিরিয়া যান। প্রথম মুদ্রণের পরে তর্কবাগীশের বিরচিত সম্পূর্ণ "গঙ্গাস্তোত্র" প্রভৃতি কতকগুলি নূতন কবিতা পাওয়া যায়। তিনি "পুরুষোত্তম রাজাবলী" নামক যে এক নূতন কাব্যের রচনা আরম্ভ করিয়াছিলেন, তাহা পুঁথি খুজিতে খুজিতে অকস্মাৎ একদিন আমার হস্তগত হয়। কাশীতে অবস্থান সময়ে তর্কবাগীশের কার্য্যকলাপ সম্বন্ধে কতকগুলি নূতন কথা ঘটনাক্রমে নানা উপায়ে জানিতে পারা যায়। এই সকল নূতন উপকরণ পাইয়া জীবনচরিতখানির দ্বিতীয় সংস্করণের ইচ্ছা জন্মে। সেই ইচ্ছা এক্ষণে কার্য্যে পরিণত হইল।

বর্ণনীয় চরিত-নায়কের সঙ্গে বর্ণনাকারীর সাক্ষাৎ সম্বন্ধে পরিচয় থাকা না থাকা এই দুই দিকেই দোষ দৃষ্ট হয়। উভয় কল্পেই বর্ণনীয় নায়কের প্রতি রচয়িতার অনুরাগ ও বিরাগের তারতম্য অনুসারে প্রকৃত বর্ণনার তারতম্য ঘটিবার আশঙ্কা জন্মিয়া থাকে। আমার সঙ্গে বর্ণনীয় প্রেমচন্দ্রের যেরূপ ঘনিষ্ঠ শোণিত-সম্বন্ধ, তাহা স্মরণ করিয়া বর্ণনাকালে আমায় পদে পদে পর্য্যাকুলিত হইতে হইয়াছে, এবং স্থানবিশেষে ভয়ে ভয়ে মন্তব্য প্রকাশ করিতে হইয়াছে। গুণগ্রাহী অপর ছাত্র প্রেমচন্দ্রের সম্বন্ধে যাহা জানিতেন ও বলিতেন, আমি তাহাই বলিয়াছি। বৈলক্ষণ্য এই প্রেমচন্দ্রের সঙ্গে ছাত্রগণের দিনমধ্যে কয়েক ঘণ্টামাত্রের সম্বন্ধ ছিল। আমার সঙ্গে দিন, রাত্রি, মাস, বর্ষ,

আদি দীর্ঘকালের অবিচ্ছেদ্য সম্বন্ধ ছিল। কাজেই বেশী জানিবার ও বেশী বলিবার অবকাশও ছিল, কিন্তু নৈপুণ্যসহকারে বলিবার সামর্থ্য ছিল না জানিয়া আমার ভয় ও পর্য্যাকুলতা। ফলতঃ গুণোন্নত অগ্রজের জ্ঞানশক্তি, কার্য্যশক্তি, দূরদর্শন, অনুশাসন, গল্প, উপদেশ, প্রতিষ্ঠা, সত্যনিষ্ঠা উন্নতভাব ও ধর্ম্মভাব আদি গুণগ্রাম দেখিয়া শুনিয়া আমি বহুদিন অবধি তাঁহার নির্ম্মল চরিত্রের প্রতি লক্ষ্য রাখিয়াছিলাম। এক্ষণে সেইগুলি স্মরণ করিয়া যথাশক্তি বর্ণনাকালে আনুষঙ্গিক অনেক বিষয় ও ব্যক্তির কথা উল্লেখ করিতে বিরত হই নাই। স্বরচিত কবিতাসমূহে প্রকটিত এবং গল্প ও উপদেশচ্ছলে বিবৃত তর্কবাগীশের নিজ মতও বিস্মৃত হই নাই। যাহা কিছু বলিয়াছি, তাহা সুসঙ্গত বা অসঙ্গত, সুন্দর বা অপ্রীতিকর হইয়াছে, পাঠকবর্গ তাহার বিচার করিবেন এবং ত্রুটী মার্জ্জনা করিবেন।

আজকাল যে সকল জীবনচরিত বাহির হইতেছে, তাহা বিচিত্র চিত্রে পরিশোভিত। তর্কবাগীশের মূর্ত্তির চিত্র রাখা হয় নাই, এ কথা পূর্ব্বেই বলা হইয়াছে। কাজেই প্রসঙ্গক্রমে অপরের মূর্ত্তির চিত্র দিয়া ইহা শোভিত করিবার ইচ্ছা হইল না। ব্রাহ্মণ পণ্ডিতের জীবনচরিত; ইহাতে বাহ্য শোভাড়ম্বরের প্রয়োজন নাই। চিত্রের বৈচিত্র্য না থাকিলেও সহৃদয় পাঠক যদি ইহাতে বিশুদ্ধ জীবন ও পবিত্র চরিত্রের কিঞ্চিন্মাত্র বৈচিত্র্য দেখিতে পান, তাহা হইলেই কৃতার্থ বোধ করিব। ইতি।

কলিকাতা।
অক্ষয়কুটীর।
১০১, তালতলা লেন।
১লা মার্চ্চ। ১৮৯৬।

শ্রীরামাক্ষয় চট্টোপাধ্যায়।

তৃতীয় সংস্করণ সম্বন্ধে বক্তব্য।

৺প্রেমচন্দ্র তর্কবাগীশের জীবনচরিতের তৃতীয় সংস্করণ প্রকাশিত হইল। দ্বিতীয় সংস্করণ কালে শেষ প্রুফে যে যে স্থল সংশোধিত হইয়াছিল, মুদ্রণকারীর অনবধানতা দোষে তাহার প্রতি সম্যক্ দৃষ্টি রাখা হয় নাই। তর্কবাগীশের গুণানুরক্ত ভক্ত অন্তেবাসী শ্রীযুত তারাকুমার কবিরত্ন একদিন আমায় বলেন,—"খুড়া মহাশয়! আপনার এবং আমার জীবন শেষপ্রায়—তর্কবাগীশের বিশুদ্ধ চরিতে অবিশুদ্ধ কয়েকটী কথা রহিল দেখিয়া মরিতেও ক্ষোভ থাকিয়া যাইবে, অতএব সংশোধিত সংস্করণ বাহির করা আবশ্যক"। এই কথাগুলি অতি সুসঙ্গত ও মনোমত বোধ হয়। দ্বিতীয়বারের মুদ্রিত পুস্তকগুলি প্রায় পর্য্যবসিত হইয়াছে। পণ্ডিতমণ্ডলী এবং নবদ্বীপ আদি সমাজ-স্থানের সংস্কৃত ব্যবসায়ী ছাত্রবৃন্দের নিকট এই পুস্তকের বিশেষ সমাদর দেখা যায়। পাঠকপরম্পরায় চরিত-নায়কের সম্বন্ধে কয়েকটী নূতন কথাও প্রকাশ পাওয়া যায়। এই সকল কারণে তৃতীয় সংস্করণ প্রকাশ করিতে আমার উদ্যম।

এই কার্য্যে আমায় লাগাইয়া দিয়াই শ্রীমান্ তারাকুমার বিরত হয়েন নাই। "জয়ন্তী" নামক আপন মুদ্রাযন্ত্রে নিজের তত্ত্বাবধানে তিনি মুদ্রণ ও সংশোধনের সমস্ত ভার বহন করিয়া আমার যথেষ্ট সাহায্য করিয়াছেন। ৺তর্কবাগীশের গুণ-গৌরব এবং শ্রীযুত তারাকুমার বাবাজীউর অচলা গুরুভক্তিই ইহার কারণ সন্দেহ নাই।

৺তর্কবাগীশের রচিত সংস্কৃত শ্লোকমাত্রের ভাষান্তরে অনুবাদ করা সঙ্গত বোধ করি নাই। তবে যে শ্লোকগুলির অনুবাদে প্রকৃত ভাবের বিশেষ ব্যত্যয় ঘটিবে না বুঝিয়াছি, তাহারই যথাসাধ্য অনুবাদ করিয়া দিয়াছি। ইহাতে সংস্কৃতানভিজ্ঞ পাঠকের কিয়ৎপরিমাণে সাহায্য হইতে পারিবে। ইতি।

কলিকাতা।
অক্ষয়কুটীর।
১০১, তালতলা লেন।
২৪শে জানুয়ারি।১৯০১।
শ্রীরামাক্ষয় চট্টোপাধ্যায়।

চতুর্থ সংস্করণ সম্বন্ধে কয়েকটী কথা।

৺প্রেমচন্দ্র তর্কবাগীশের জীবনচরিতের ৪র্থ সংস্করণ মুদ্রিত ও প্রচারিত হইল। ইহার স্থানে স্থানে পরিবর্ত্তন ও পরিবর্দ্ধন করা হইল। নিজের কাশীবাস সময়ে এই সংস্করণ হস্তে লওয়ায় প্রেমচন্দ্রের কাশীবাস সময়ের ঘটনাবলী সম্বন্ধে যে কিছু ভ্রম ছিল, তাহাও সংশোধিত করা হইল।

এবারকার মুদ্রণকার্য্যের তত্ত্বাবধানের ভার প্রেমচন্দ্রের প্রিয়তম ছাত্র পণ্ডিত শ্রীযুত তারাকুমার কবিরত্ন নিজ হস্তে লইয়াছেন। কথাগুলি আমার, অপর সকল কার্য্য তাঁহার। কাজেই এই কার্য্যে শ্রীযুত তারাকুমারের সাহায্য বহুমূল্য।

শ্রীযুত তারাকুমার ও শ্রীযুত হরিশ্চন্দ্র রচিত প্রথম কবিতা পাঠেই প্রকৃত কবিত্বশক্তিসম্পন্ন বলিয়া প্রেমচন্দ্র উহাঁদিগকে “কবিরত্ন” এই উপাধি দিয়াছিলেন এবং তাঁহার এই সিদ্ধান্ত যে, একান্ত অভ্রান্ত এবং প্রকৃত ফলপ্রদ হইয়াছিল, তদ্বিষয়ে সন্দেহ নাই। ইহাঁরা উভয়েই প্রেমচন্দ্রের গুণমুগ্ধ সুকবি অন্তেবাসী।

৺ কাশীধাম।
জঙ্গমবাড়ী।
৪ঠা জুলাই ১৯০৬ সাল।

শ্রীরামাক্ষয় চট্টোপাধ্যায়।

পঞ্চম সংস্করণ সম্বন্ধে বক্তব্য।

৺প্রেমচন্দ্র তর্কবাগীশের জীবনচরিতের চতুর্থ সংস্করণ বহুপূর্ব্বে পর্য্যবসিত হইলেও এতদিন ইহার পুন র্মুদ্রণ কেন হয় নাই ইহার জন্য পাঠক মণ্ডলীর নিকট কৈফিয়ৎ দিতে আমি বাধ্য। আমার জরাজীর্ণ দেহই প্রধান কৈফিয়ৎ।

তর্কবাগীশ মহাশয়ের রচিত অনেকগুলি নূতন শ্লোক ও তাঁহার সম্বন্ধে কতকগুলি নূতন কথা এই সংস্করণে সন্নিবেশিত হইল। এ বিষয়ে সোদর প্রতিম কবিবর শ্রীযুক্ত পূর্ণচন্দ্র দে উদ্ভটসাগর মহাশয়ের নিকট যে সাহায্য ও সহানুভূতি পাইয়াছি তাহা বহুমূল্য। তাঁহার নিকট আমি চির-ঋণী রহিলাম।

পূজ্যপাদ ৺পিতৃদেবের পারলৌকিক মূর্ত্তি সম্বন্ধে একটী নূতন পরিচ্ছেদ সন্নিবেষ্ট হইল। জড় দেহাবসানের পর মানবাত্মার পরিণতি বিষয়ে অনেক তথ্য কৌতূহলী পাঠক ইহাতে দেখিতে পাইবেন। ইতি।

কেন্দ্রাপাড়া।
১৫ই মাঘ, ১৩২৯।

শ্রীশ্রীকৃষ্ণ চট্টোপাধ্যায়।

শুদ্ধিপত্র।

পৃষ্ঠা।	পঙ্‌ক্তি।	অশুদ্ধ।	শুদ্ধ।
২	২০	স্থানে	স্থানের
৩	২	বর্দ্ধমানের সেই	বর্দ্ধমানের
৮	২০	জযমান	যজমান
১২	২৪	কিরলাম	করিলাম
৫৫	১৬	ইহলোকে	ইহলোক
৫৮	১৮	লোেকের	লোকের
৫৯	১৬	মান সে	মানসে
৯৮	১৬	জনহিত	জনহিতকর
১০৯	১২	আকস্মাৎ	অকস্মাৎ
১৮২	২২	বলিয়াছিলন	বলিয়াছিলেন
১৯১	৩	সাদ্ভিস্তথাপি	সদ্ভিস্তথাপি
১৯৪	৫	সজ্ঞৈনঃসজ্ঞিত্রাংভূং	সজ্জৈনঃসজ্জিতাংভূং
১৯৮	১৯	যমসদযানং	যমসদনযানং
২১৩	৫	যদয়ংগতএব	যদয়ং গতএব
২৩৫	৬	জগদিদংতৌ	জগদিদং তৌ
২৪৮	১১	লক্ষীঞ্চিরায়	লক্ষ্মীশ্চিরায়
২৬১	৭	রামক্ষয়	রামাক্ষয়
২৬৭	২১	সম্প্রদারে	সম্প্রদায়ের
২৭৯	৪	Rahuvansha	Raghuvansha
২৮৬	২২	Purile	Puerile
৩০০	৭	There	Three
৩০৮	১৫	পূর্ব্ব সম্পন্ন	পূর্ব্বে সম্পন্ন

প্রেমচন্দ্র তর্কবাগীশের
জীবনচরিত।

প্রথম পরিচ্ছেদ।

জন্মস্থান ও বংশ।

রাঢ় প্রদেশে দামোদর নদের পশ্চিম পার্শ্বে ন্যূনাধিক দুই ক্রোশ দূরবর্ত্তী শাকরাঢ়া গ্রাম ৺প্রেমচন্দ্র তর্কবাগীশের জন্মভূমি ১৭২৭ শকাব্দে বৈশাখের দ্বিতীয় দিবসে শনিবার পূর্ণিমারাত্রিতে প্রেমচন্দ্রের জন্ম হয়। লোকে এই গ্রামটীকে শাকনাড়া বলিয়া ডাকে। এই গ্রাম এক্ষণে জিলা-পূর্ব্বাংশ-বর্দ্ধমানের মধ্যবর্ত্তী রায়না থানার অন্তর্গত। সম্প্রতি শাকরাঢ়া একটী সামান্য গ্রাম। ইহার বর্ত্তমান লোকসংখ্যা ৩৯৪ মাত্র। প্রেমচন্দ্র তর্কবাগীশ রাঘবপাণ্ডবীয় কাব্যের নিজকৃত টীকার শেষে আত্মপরিচয় প্রদানকালে লিখিয়াছেন,—

"যস্যাভবজ্জননভূঃ কিল শাকরাঢ়া
রাঢ়াসু গাঢ়গরিমা গুণিনাং নিবাসাৎ।
গ্রামো নিকামসুখবর্দ্ধনবর্দ্ধমান-
রাষ্ট্রান্তরালমিলিতঃ সরিতঃ প্রতীচ্যাম্" ॥

(নিরতিশয় সুখবর্দ্ধন বর্দ্ধমান রাজ্যের মধ্যে দামোদর নদের পশ্চিমে শাকরাঢ়া গ্রাম যাঁহার জন্মভূমি। অনেক গুণবান্ লোকেরা ঐ গ্রামে বাস করায় উহা রাঢ়দেশের মধ্যে অতিশয় গৌরবের স্থান হইয়াছে।)

শাকরাঢ়ার ভৌগলিক সংস্থান এই কবিতাতেই নির্দ্দিষ্ট হইয়াছে। এক্ষণে এই সম্বন্ধে আর কয়েকটী কথা বলিলেই পর্য্যাপ্ত হইবে।

দামোদর নদ বর্দ্ধমান সহরের পশ্চিম দক্ষিণ হইয়া পূর্ব্বদিকে প্রবাহিত। সুতরাং তথা হইতে নির্দ্দেশ করিতে হইলে শাকনাড়া উক্ত নদের দক্ষিণে বলিতে হয়, কিন্তু উক্ত নদ পুনর্ব্বার বক্রভাবে শাকনাড়ার অনতিদূর পূর্ব্বে দক্ষিণ মুখে প্রবাহিত হইয়াছে, এই জন্যই অপেক্ষাকৃত নিকটবর্ত্তী স্থান ধরিয়া গ্রামটী নদীর পশ্চিমে অবস্থিত বলা হইয়াছে। শাকনাড়াকে সংস্কৃত ভাষায় "শাকরাঢ়া" বলিয়া নির্দ্দেশ করা অযুক্ত হয় নাই। বর্ণ পরিবর্ত্তনে ইহার বৈশদ্য ও বৈচিত্র্য সম্পাদন করা হইয়াছে। শাস্ত্রে এরূপ দৃষ্টান্ত বিরল নহে।

কেহ কেহ মনে করিতে পারেন,—তর্কবাগীশ কেবল অনুপ্রাসের অনুরোধে বর্দ্ধমানের "নিকামসুখবর্দ্ধন" এবং জন্মস্থানের অনুরাগেই নিজগ্রামের "গুণিনাং নিবাসাৎ রাঢ়াসু গাঢ়গরিমা" এই বিশেষণ দিয়াছেন। দারুণ ম্যালেরিয়া জ্বরের প্রাদুর্ভাবে ঐ সকল স্থানে বর্ত্তমান দুরবস্থা দেখিয়া লোকের মনে এইরূপ তর্ক উপস্থিত হইতে পারে, কিন্তু এক সময়ে বর্দ্ধমান যে নিতান্ত সুখের স্থান ছিল তাহা বর্ণনা করিয়া প্রতিপন্ন করিবার আবশ্যক নাই। ১৭৭৫ শকে অর্থাৎ ন্যূনাধিক ৫৩ বৎসর পূর্ব্বে তর্কবাগীশ পূর্ব্বোদ্ধৃত কবিতাটী রচনা করিয়াছিলেন। তখন বঙ্গদেশের অনেক স্থানের জলবায়ু অপেক্ষা বর্দ্ধমানের জলবায়ু যে সমধিক স্বাস্থ্যকর ছিল

সে বিষয়ে সন্দেহ নাই। স্বাস্থ্যকর জলবায়ুর অন্বেষণে বর্দ্ধমানবাসীদের স্থানান্তরে কখন যাইতে হইত না। বর্দ্ধমানের সেই সেই অসীম প্রান্তর, বিবিধশস্যপূর্ণ বিস্তীর্ণ ক্ষেত্র, কাকের চক্ষের ন্যায় নীল ও নির্ম্মল সলিলে পরিপূর্ণ প্রকাণ্ড প্রকাণ্ড জলাশয়, সরোবরের পাড়ের উপর ও প্রান্তরের স্থানে স্থানে সেই সমুন্নত শতাধিক বৎসরের অশ্বত্থ, বট, তাল, বকুল প্রভৃতি বৃক্ষশ্রেণী। আহা! ইহা অপেক্ষা সুন্দর দৃশ্য বঙ্গদেশের কোথাও কি আছে? অন্যান্য বিষয়ে দরিদ্র হইলেও এই সকল সম্পত্তিতে তর্কবাগীশের জন্মস্থান যে সাতিশয় সৌভাগ্যশালী ছিল তদ্বিষয়ে সন্দেহ নাই। গ্রামের উত্তরে পূর্ব্বমুখে প্রবাহিত একটী খাল। খালটী পশ্চিমে কিয়দ্দূরে কয়েকটী মাঠের নালা হইতে সমুৎপন্ন হইয়া শাকনাড়ার নিকটে এক ক্ষুদ্র নদীর আকার ধারণ করিয়াছে। গ্রীষ্মকালে ইহা শুষ্ক হইত বলিয়া কৃষিকার্য্যের সুবিধার নিমিত্ত উন্নত বাঁধ দিয়া জল সংগ্রহ করা হইয়া থাকে। কাজেই কোন কালেই জলাভাব হয় না।

গ্রামের দক্ষিণ প্রান্তে তালা নামে (হিন্দুস্থানীয় তালাও শব্দের অপভ্রংশ) এক বৃহৎ সরোবর। চতুর্দ্দিকে সমুন্নত ও বিস্তৃত পাড়। পাড়ের স্থানে স্থানে ছায়ামণ্ডিত অশ্বত্থ বট বৃক্ষ। গ্রীষ্মকালে প্রাতে ও সায়ংকালে তরুতলে বসিয়া সরোবরের সলিলকণবাহী, প্রফুল্লকমলদল-সংসর্গ-সুরভি প্রান্তর-বাত সেবনে যে কিরূপ প্রীতি, তাহা অনুভবকারীই বুঝিতে ও বলিতে পারেন। এই সরোবরের উত্তরে একটী সমুন্নত ও বিস্তৃত ময়দান। ময়দানের পশ্চিমে একটী এবং দক্ষিণে কথিত সরোবরের পূর্ব্বপার্শ্ব দিয়া আর একটী প্রশস্ত রাস্তার চিহ্ন দেখিতে পাওয়া যায়

ময়দানের স্থানে স্থানে খনন করিলে লালবর্ণ ক্ষুদ্রাকার ইষ্টকরাশি পাওয়া যায়। এক সময়ে অনাবৃষ্টি বশতঃ কৃষকেরা শস্য রক্ষার্থে জল সেচন করিলে সরোবরটী একবারে পরিশুষ্ক হয়। এই সময়ে উহার মধ্যভাগে একটী বৃহৎ যূপকাষ্ঠ দেখা যায়। একটী মোটা এবং একটী সরু লৌহশৃঙ্খলে এই যূপের অগ্রভাগ সম্বেষ্টিত। এইরূপ লৌহশৃঙ্খল-জড়িত যূপ সচরাচর দেখা যায় না। উহার অধঃস্তরে বহুতর অর্থরাশি সঞ্চিত আছে বলিয়া জনপ্রবাদ। এই অর্থরাশি পাইবার আশয়ে এক সাহসিক যুবকদল যূপকাষ্ঠের চতুষ্পার্শ্ব খনন করিতে আরম্ভ করে। ন্যূনাধিক ১০:১২ হাত গভীর খাদ করিবার পরে এক দিবস প্রাতে বেলা একপ্রহর সময়ে পাড়ের উপরে বৃক্ষতলে বসিয়া সকলে তামাক খাইতেছিল ও বিশ্রাম করিতেছিল, এমৎ সময়ে যূপের চারিদিকের মৃত্তিকারাশি অকস্মাৎ এরূপ সশব্দে খাত-মধ্যে পতিত হয় যে ৩।৪ বিঘা দূরবর্ত্তী পাড়ের উপরিস্থিত বৃক্ষ সকল প্রকম্পিত এবং মনুষ্যেরা সহসা স্থানচ্যুত ও পতিত হয়। ভূমিকম্প সময়ে কখন কখন ভূগর্ভ সমালোড়িত হইলে যেরূপ শব্দ ও প্রকম্প হইয়া থাকে, সেইরূপ ভীষণশব্দান্বিত প্রকম্প অনুভব করিয়া সকলে পর্য্যাকুল চিত্তে পলায়ন করিল এবং এই অদ্ভুত ব্যাপারটী ধনরক্ষার্থে নিযুক্ত যক্ষের কার্য্য বলিয়া স্থির করিল। তদবধি আর কেহ এই ধনোদ্ধারের চেষ্টা করে নাই। সঞ্চিত ধনের কাহিনী যাহাই হউক, এক সময়ে এই স্থান যে কোন সমৃদ্ধিশালী লোকের আবাস ভূমি ছিল তদ্বিষয়ে অণুমাত্র সংশয় হয় না। কালস্রোতে উহাদের ইতিবৃত্ত বিলুপ্ত হইয়া গিয়াছে, কেবল দীর্ঘ সরোবর ও সমুন্নত ময়দান আদি অতীত সমৃদ্ধিবিষয়ে সাক্ষ্য প্রদান করিতেছে।

গ্রামে ভূম্যধিকারীর কোন অত্যাচার ছিল না। ব্যাঘ্র ভল্লুক আদি হিংস্র জন্তুর উপদ্রব ছিল না। শাকনাড়া সুখের স্থান বলিয়া বর্ণনা করিবার সময়ে সহৃদয় কবি তর্কবাগীশ আশৈশব-পরিচিত এই বিষয়গুলি যে স্মরণ করেন নাই এরূপ বোধ হয় না। সত্য বটে, তাঁহার বংশীয়েরা উত্তম অট্টালিকা, পুষ্করিণী ও বৃক্ষবাটিকা আদি নির্ম্মাণ করিয়া আপনাদের জন্মভূমিকে এক্ষণে বিভূষিত করিয়াছেন, কিন্তু তর্কবাগীশের তাহা লক্ষ্য ছিল না। তিনি নিজ গ্রামকে গুণীদের নিবাসভূমি ও তজ্জন্য অতিশয় গৌরবান্বিত বলিয়া যে বর্ণনা করিয়াছেন, এস্থানে গুণী শব্দে বোধ হয় তাঁহার নিজের পিতৃপুরুষেরাই তাঁহার উদ্দেশ্য। অবিলম্বেই তাঁহাদের বিষয় কিছু বলিতে হইবে। তাঁহাদের জন্মস্থান বলিয়া শাকনাড়া রাঢ়দেশের গৌরবস্থান এ কথা নিতান্ত অত্যুক্তি নহে। বিশেষতঃ তর্কবাগীশ স্বীয় পূর্ব্বপুরুষদিগকে যেরূপ ভক্তি করিতেন তাহাতে তাঁহার মুখে এ কথা অতিশয় শোভাই পাইয়াছে সন্দেহ নাই। কিন্তু আমাদের বিবেচনায় তর্কবাগীশ স্বয়ংই উক্ত বিশেষণের অধিকতর সার্থকতা সংস্থাপন করিয়াছেন। তিনি শাকনাড়ায় জন্মগ্রহণ করাতে উহা যে সমুদায় রাঢ়দেশের একটী গৌরবের কারণ তদ্বিষয়ে বোধ হয় অধিক মতদ্বৈধ হইবে না।

সৌভাগ্যক্রমে শাকনাড়া গ্রামটী এই বংশীয়দিগের হস্তগত হইয়াছে এবং পূর্ব্বকথিত তালা নামক রম্য সরোবরটী এক্ষণে সম্যক্‌রূপে সংস্কৃত ও বিভূষিত হইয়াছে। বহুদিনের মনের সাধ মিটিয়াছে। বহু চেষ্টা ও অর্থব্যয়ে এই দীর্ঘ সরোবর ও তৎসংলগ্ন অপর একটী পুষ্করিণী হস্তগত করিবার পরে বিগত ১৮২১ শকে

(১৯০০ খৃঃ অব্দে) উহাদের সংস্কার কার্য্য শেষ হয়। দীর্ঘ সরোবরটীর পঙ্কোদ্ধার সময়ে এক অদ্ভুত ব্যাপার দৃষ্ট হয়। পূর্ব্বকথিত যুপকাষ্ঠের অগ্রভাগ জীর্ণ ও ভগ্ন দেখা যায়। অবশিষ্ট অংশ উত্তোলন করিবার সময়ে ১৩ ফিট পঙ্কের নিম্নে একটী বৃহৎ নরদেহ দেখিতে পাওয়া যায়। এই নরদেহ অথবা নরাকৃতি কঙ্কালসমষ্টি শয়ান অবস্থায় কাল সূক্ষ্ম দড়ি অথবা লৌহ তারে যুপের অঙ্গে বদ্ধ ছিল। দড়ি বা তার এত জরা-জীর্ণ হইয়াছিল যে হস্ত স্পর্শ সহে নাই। মস্তকের নিকটে একটী মৃণ্ময় শূন্য কলস বসান ছিল। কলসটীর আকার দৃষ্টেই তাহা উত্তর পশ্চিমাঞ্চলের “ঘয়লা” বলিয়া জানা গিয়াছিল। এই আকারের কলস দেখিয়া এবং পুষ্করিণীর লোক-পরম্পরাগত “তালাও” এই নাম জানিয়া ইহা যে কোনও পশ্চিমদেশীয় ধনী কর্ত্তৃক নির্ম্মিত হইয়াছিল তদ্বিষয়ে আর সন্দেহ হয় না। পুষ্করিণীগর্ভে সঞ্চিত অর্থরাশি স্থলে নরকঙ্কাল বাহির হওয়ায় লোকে ইহাই “যক্ দেওয়া” বলিয়া স্থির করিল। বৃদ্ধেরা সিদ্ধান্ত করিলেন—যখন যকের প্রবাদ সত্য হইল, তখন সঞ্চিত ধনের প্রবাদ অসত্য নহে, বর্ত্তমান সংস্কর্ত্তা প্রকৃত অধিকারী হইলে এবং যুপের নিম্নদেশ আরও সমধিক-রূপে খাদ করিতে সমর্থ হইলে সঞ্চিত অর্থরাশি পাইতে পারিতেন। তলপ্রদেশ হইতে প্রভূত জলরাশি সমুত্থিত হওয়া কেবল যক্ষের বিভীষিকা মাত্র বলিয়া উহাদের ধারণা।

লোকদিগের বাদানুবাদের সারবত্তা যাই হউক, এই নরদেহরূপ শল্য উদ্ধার উপলক্ষে কতিপয় বিচক্ষণ পণ্ডিত সাহায্যে শাস্ত্রানুসারে বাস্তুযাগ হোমাদির অনুষ্ঠান করিতে হয়। পাত্রানুসারে দানাদি এবং লোকসাধারণের সৌকর্য্য নিমিত্ত রাস্তা, ঘাট ও পুল আদি

নির্ম্মাণ বিষয়ে অর্থব্যয় করিতেও কাতরতা প্রকাশ করা হয় নাই। ফলতঃ এই সংস্কারকার্য্যে দশ হাজার টাকার অধিক ব্যয়িত হইয়া গিয়াছে। সুখের বিষয় এই যে সম্প্রতি এই জলাশয় হইতে শাকনাড়া ও নিকটবর্ত্তী অপর দুইটী গ্রামের লোকসাধারণের এবং পান্থগণের নিমিত্ত বিশুদ্ধ পানীয় জলের যোজনা হইতেছে এবং উৎকৃষ্ট জলের অভাব জন্য ক্লেশের মোচন হইয়াছে। বাল্যাবধি এই রম্য পদ্মাকর জলাশয়ের প্রতি তর্কবাগীশের বিলক্ষণ লক্ষ্য ছিল। ইহার এইরূপ সংস্কার এবং পবিত্র পানীয় জলের সংস্থান হওয়া দেখিলে তাঁহার অপার আনন্দ জন্মিত। পাকা ঘাটের এক পার্শ্বে স্তম্ভমধ্যে প্রস্তরফলকে নিম্নলিখিত শ্লোকটী অঙ্কিত হইয়াছে।

যা পুণ্যতোয়াঽতিপুরাণরম্যা
যা নামশেষা বিরসা চ জাতা।
সুসংস্কৃতা সা জন-জীবনায়
রামাক্ষয়েণাক্ষয়দীর্ঘিকেয়ম্॥

জলাধার অংশের চতুর্দ্দিকে শতধনু পরিমিত অর্থাৎ ৯৬০০ হস্ত হইলে জলাশয় শাস্ত্রানুসারে পুষ্করিণী-পদ-বাচ্য হয়। এই জলাশয়টী তদপেক্ষা বহু সহস্রগুণ বৃহৎ হইয়াছে।

* রাজা আদিশূর আপন রাজ্যের সপ্তশতী ব্রাহ্মণদিগের প্রতি বিরক্ত হইয়া কান্যকুব্জেশ্বরের নিকট হইতে শাণ্ডিল্য গোত্রীয় ভট্টনারায়ণ, কাশ্যপ গোত্রীয় দক্ষ, সাবর্ণিক গোত্রীয় বেদগর্ভ, বাৎস্য

---

* আদিশূর যে পাঁচজন ব্রাহ্মণকে বাংলাদেশে আনয়ন করেন তাঁহাদের নাম সম্বন্ধে মতভেদ দৃষ্ট হয়; প্রাচীন কুলাচার্য্য হরিমিশ্রের মতে আদিশূর কোলাঞ্চ দেশ হইতে শাণ্ডিল্য গোত্রীয়

গোত্রীয় ছান্দড় এবং ভরদ্বাজ গোত্রীয় শ্রীহর্ষ নামে পাঁচজন বেদপারগ ব্রাহ্মণ আনিয়াছিলেন। তাঁহাদের ক্রিয়াকলাপ ও যজ্ঞানুষ্ঠানবিধি দর্শন করিয়া রাজা সাতিশয় সন্তোষলাভ করেন এবং তাঁহাদের বৃত্তির জন্য রাঢ়জনপদমধ্যে অর্থাৎ ভাগীরথীর দক্ষিণ পার্শ্বে ব্রহ্মপুরী, গ্রামকুটী, হরিকুটী, কঙ্কগ্রাম ও বটগ্রাম এই পাঁচটী গ্রাম পাঁচজন ব্রাহ্মণকে প্রদান করেন। এক্ষণে

ক্ষিতীশ, ভরদ্বাজ গোত্রীয় মেধাতিথি, কাশ্যপ গোত্রীয় বীতরাগ, বাৎস্য গোত্রীয় সুধানিধি এবং সাবর্ণ গোত্রীয় সৌভরি এই পাঁচজন ব্রাহ্মণকে আনয়ন করেন। কিন্তু আধুনিক কোন কোন বারেন্দ্র কুলপঞ্জিকায় ক্ষিতীশ, মেধাতিথি, বীতরাগ, সুধানিধি, ও সৌভরি স্থানে যথাক্রমে তাঁহাদের পুত্র ভট্টনারায়ণ, শ্রীহর্ষ, দক্ষ, ছান্দড় ও বেদগর্ভের নাম দেখা যায়।

যখন ব্রাহ্মণেরা এখানে আসেন তখন তাঁহাদের কোন পদবী ছিল না; তাঁহারা গোত্র দ্বারাই পরিচিত হইতেন। বন্দ্যোপাধ্যায় মুখোপাধ্যায়, কাঞ্জিলাল, সান্ন্যাল প্রভৃতি পদবী কালক্রমে বাসস্থান ভেদে ও অন্যান্য কারণে তাঁহাদের বংশধরগণের নামের সহিত যুক্ত হইতে থাকে। উদাহরণ স্বরূপ বাৎস্য গোত্রীয় সুধানিধি অধস্তন ষষ্ঠ পুরুষে আমরা বারেন্দ্র লক্ষ্মীধর সান্ন্যাল ও রাঢ়ী জয়মান মিশ্র, এই বিভিন্ন পদবীযুক্ত নাম দেখিতে পাই। এই বিষয়ের বিস্তৃত বিবরণের জন্য বিশ্বকোষে "আদিশূর" ও "কুলীন" এই দুই প্রস্তাব দ্রষ্টব্য।

শ্রীঅমূল্যরতন গুপ্ত। প্রবাসী—চৈত্র ১৩২৮

২১শ ভাগ ২য় খণ্ড, ৬ষ্ঠ সংখ্যা পৃ ৭৯৪।

এই সকল গ্রামের অবস্থানভূমি নির্ণয় করা সুকঠিন। কথিত পঞ্চ ব্রাহ্মণের মধ্যে কশ্যপকুলসম্ভূত দক্ষ তর্কবাগীশের বংশের আদিম পুরুষ। দক্ষের ষোড়শ সন্তান। ইহাঁরা প্রত্যেকে বঙ্গদেশমধ্যে পৃথক পৃথক গ্রাম বৃত্তিনিমিত্ত পাইয়া অবস্থান করেন। জ্যেষ্ঠ পুত্র সুলোচন চট্টগ্রামে বাস করিয়াছিলেন। কথিত আছে,—ইহা হইতে এই বংশধরেরা "চট্টোপাধ্যায়" এই উপাধি প্রাপ্ত হইয়াছেন। দক্ষের সন্তানেরা বহুকাল পর্য্যন্ত নিয়ত বেদাধ্যয়ন ও বৈদিক ক্রিয়াকলাপের অনুষ্ঠান করিয়াছিলেন। দক্ষের অধস্তন ষষ্ঠ পুরুষ গাতী। গাতীর জ্যেষ্ঠ পুত্র সর্ব্বেশ্বর

কিন্তু বারেন্দ্র কুলাচার্য্যগণ লিখিয়াছেন—শাণ্ডিল্য গোত্রজ নারায়ণ, বাৎস্য গোত্রজ ধরাধর, কাশ্যপ গোত্রজ সুষেণ, ভরদ্বাজ গোত্রজ গৌতম এবং সাবর্ণ গোত্রজ পরাশর।

এই তিন মতই ঠিক। সম্ভবতঃ প্রথমে আদিশূর, ক্ষিতীশ, মেধাতিথি, বীতরাগ, সুধানিধি ও সৌভরিকে আনিয়া থাকিবেন। কার্য্যান্তে তাঁহারা দেশে ফিরিয়া গিয়া সমাজে গৃহীত না হওয়ায় আবার ফিরিয়া আইসেন। আদিশূর বা আদিত্যশূর তখন রাঢ় দেশে রাজত্ব করিতেছিলেন। তিনি এই পঞ্চ ব্রাহ্মণকে রাঢ় দেশে বাস করান। তাঁহাদের সঙ্গে সম্ভবতঃ ক্ষিতীশ পুত্র ভট্টনারায়ণ, মেধাতিথির পুত্র শ্রীহর্ষ, বীতরাগ পুত্র দক্ষ, সুধানিধির পুত্র ছান্দড় এবং সৌভরির পুত্র বেদগর্ভ আসিয়াছিলেন। এবং পিতার সহিত রাঢ় দেশেই বাস করিয়াছিলেন। তাঁহাদেরই বংশধরগণ বন্দ্যোপাধ্যায়, মুখোপাধ্যায়, চট্টোপাধ্যায়, ঘোষাল প্রভৃতি উপাধি বাসগ্রাম অনুসারে পাইয়াছিলেন। তৎপূর্ব্বে কোন উপাধি ছিল না।

ভট্টাচার্য্য অতিশয় বিদ্বান্, ক্রিয়াবান্ ও যশস্বী হইয়া উঠিয়াছিলেন। তিনি প্রথমে ঢাকার অন্তর্গত বিক্রমপুর অঞ্চলে বাস করিয়া নানা বিষয়ে আধিপত্য, সম্মান ও সম্পত্তি লাভ করেন। ঐ অঞ্চলে যবনদিগের সমাগম ও রাজ্যারম্ভের প্রারম্ভেই তিনি বিক্রমপুরের নিকটবর্ত্তী এক গ্রাম হইতে রাঢ়ে অর্থাৎ গঙ্গার দক্ষিণ-পশ্চিম-পার্শ্বে আসিয়া বাস করেন। রাঢ়ে বসতি স্থাপন করিবার কিছুদিন পরেই তিনি মহাসমারোহে এক যজ্ঞানুষ্ঠান করেন। প্রসিদ্ধি আছে, রাঢদেশে এরূপ যজ্ঞ কেহ কখন সম্পাদন করেন নাই ও দেখেন নাই। এই যজ্ঞানুষ্ঠান সময়ে অবসথপালন অর্থাৎ যজ্ঞান্তে যজ্ঞশালা ভগ্ন না করিয়া আমরণ তাহার রক্ষণাবেক্ষণ এবং তথায় নিয়ত হোমাদির অনুষ্ঠান এবং দানাদি করিতেন। এই নিমিত্ত

উক্ত ক্ষিতীশ প্রভৃতি অপর পুত্রগণ দেশেই ছিলেন। পিতার মৃত্যু সংবাদ পেলে তাঁহারা পিতৃশ্রাদ্ধ করিতে উদ্যত হইলে দেশের কোন ব্রাহ্মণই পতিতের শ্রাদ্ধ বলিয়া নিমন্ত্রণ গ্রহণ করেন না। তাহাতেই তাঁহারাও দেশ পরিত্যাগ করিয়া বঙ্গদেশে আগমন করেন। আদিশূর বা অদিত্যশূর তখন পৌণ্ড্রবর্দ্ধনে (বরেন্দ্রের পাণ্ডুয়া) রাজত্ব করিতে ছিলেন। তিনি ঐ পঞ্চ ব্রাহ্মণকে বরেন্দ্র দেশে বাস করান। তাঁহারাই বারেন্দ্র ব্রাহ্মণগণের আদি পুরুষ। তাঁহাদের কোন উপাধি ছিল না। বাসগ্রাম অনুসারে পরে মৈত্র, ভাদুড়ি, সান্ন্যাল প্রভৃতি উপাধি পাইয়া ছিলেন।

শ্রীবিনোদবিহারী রায় পুরাতত্ত্ব বিশারদ।

(প্রবাসী —বৈশাখ ১৩২৯ ২২শ ভাগ,
১ম খণ্ড ১ম সংখ্যা ১১৯ পৃষ্ঠা)

তৎসমকালীন পণ্ডিতেরা সর্ব্বেশ্বরকে "অবসথী" এই আখ্যা প্রদান করেন। এই বিষয়ে মিশ্রগ্রন্থে কবিতাটী এইরূপ আছে ;—

"নাম্না সর্ব্বেশ্বরঃ প্রাজ্ঞো দানৈঃ কল্পমহীরুহঃ।
অবসথীতি বিখ্যাতো যজ্ঞেঽবসথপালনাৎ" ॥

সর্ব্বেশ্বরের দানের ইয়ত্তা ছিল না এই কথা অদ্যাপি ঘটকেরা মুক্তকণ্ঠে কীর্ত্তন করিয়া থাকেন। তর্কবাগীশ রাঘবপাণ্ডবীয় টীকার প্রথমে সর্ব্বেশ্বর ভট্টাচার্য্যের এইরূপ পরিচয় দিয়াছেন ;—

"আসীদসীমগরিমাস্পদকশ্যপষি-
বংশপ্রশংসিতজনুর্মনুতোঽপ্যনূনঃ।
সর্ব্বেশ্বরোঽনবরতক্রতুকর্ম্মনিষ্ঠা-
নির্বর্ত্তিতাবসথিসংজ্ঞতয়া প্রতীতঃ" ॥

ইহাতেও সর্ব্বেশ্বরের অনবরত যজ্ঞকর্ম্মে নিষ্ঠাহেতু "অবসথী" এই সংজ্ঞা প্রাপ্তির কথা উল্লিখিত হইয়াছে। অবসথী সর্ব্বেশ্বর রাঢ়প্রদেশের কোন্ স্থানে কোন্ গ্রামে যে বাস ও যজ্ঞানুষ্ঠান করিয়াছিলেন তাহা এক্ষণে নির্ণয় করা সহজ নহে। স্বর্গীয় বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় অবসথী সর্ব্বেশ্বরের বংশসম্ভূত। তিনি বলিতেন, সর্ব্বেশ্বর রাঢ়ে আসিয়া এখনকার হুগলী জেলার অন্তর্গত দেশমুখগ্রামে বসতি স্থাপন ও যজ্ঞানুষ্ঠান করিয়াছিলেন। এই সর্ব্বেশ্বরই রাঢ়ীয় অবসথী বংশের মূল পুরুষ। এক্ষণে এই সর্ব্বেশ্বরের পঞ্চম পুত্র তেকড়ি চট্টোপাধ্যায় হইতে পুরুষ গণনা হইয়া থাকে। সর্ব্বেশ্বরের অধস্তন বংশধরগণের মধ্যে অনেকে বর্দ্ধমান জেলার অন্তর্গত রামবাটী গ্রামে গিয়া বাস করেন।

রামবাটী একটী প্রধান ও প্রাচীন গ্রাম; ইহা শাকনাড়ার উত্তর পশ্চিমে এক ক্রোশ দূরে অবস্থিত। সর্ব্বেশ্বরের বংশীয়েরা রামবাটী হইতে আবার ক্রমে ক্রমে পাষণ্ডা, শাকনাড়া, পাকমাজিটা প্রভৃতি বিভিন্ন গ্রামে গিয়া যে বাস করিয়াছেন এই বিষয়ে জনশ্রুতি রহিয়াছে। কালের পরিবর্ত্তন অনুসারে যজনশীল সর্ব্বেশ্বরের অধস্তন বংশীয়দের বৈদিক কার্য্যে নিষ্ঠা যদিও ক্রমশঃ হ্রাস পাইয়াছিল কিন্তু সংস্কৃত শাস্ত্রের আলোচনা এবং অধ্যাপনা যে বংশীয়দিগের ব্যবসায় ছিল তদ্বিষয়ে কোন সন্দেহ নাই। যতদূর সন্ধানে জানিতে পারিয়াছি তাহাতে এই বংশসম্ভূত রামচরণ তর্কবাগীশ, অযোধ্যারাম ন্যায়রত্ন, চতুর্ভুজ চূড়ামণি, শ্রীনাথ বিদ্যারত্ন, দিবাকর শিরোমণি, লক্ষ্মণপুত্র নৃসিংহ বিদ্যাভূষণ, মুনিরাম বিদ্যাবাগীশ, রামনাথ বিদ্যালঙ্কার, রামজীবন ন্যায়বাগীশ রামকান্ত-পুত্র নৃসিংহ তর্কপঞ্চানন এবং রামদাস ন্যায়পঞ্চানন পণ্ডিতশ্রেণীতে পরিগণিত হইয়া রাঢ়ে যে খ্যাতি ও প্রতিপত্তি লাভ করিয়াছিলেন ইহা প্রকাশ পায়। এতদ্ব্যতীত অনেকেরই সংস্কৃত-বিদ্যায় অধিকার ও বিশেষ দৃষ্টি ছিল জানা যায়। এই নিমিত্ত রাঢ়প্রদেশে এই বংশীয়দিগকে অদ্যাপি “ভট্টাচার্য্য” বলিয়া আহ্বান করিয়া থাকে। এই বংশীয়দিগের অনেকেই অলঙ্কারশাস্ত্রে পারদর্শী ছিলেন। তর্কবাগীশের পূর্ব্বে রামচরণ তর্কবাগীশ, মুনিরাম বিদ্যাবাগীশ এবং রামনাথ বিদ্যালঙ্কার আলঙ্কারিক বলিয়া বিখ্যাত ছিলেন। এই বিষয়ে রামচরণ তর্কবাগীশের একটী অবিনশ্বর কীর্ত্তিস্তম্ভ বর্ত্তমান। ইনিই সেই সাহিত্যদর্পণ নামক প্রসিদ্ধ অলঙ্কারগ্রন্থের বিখ্যাত টীকাকর্ত্তা। এই স্থানে তাঁহার টীকার আদ্যন্তের কবিতা দুইটী উদ্ধৃত করিলাম।

আদিতে মঙ্গলাচরণের পর,—

"শ্রীবিশ্বনাথকবিরাজকৃতিপ্রণীতং
সাহিত্যদর্পণমতিস্থগিতপ্রমেয়ম্ ।
শ্রীমদ্বিধায় চরণং শরণং গুরূণাং
যত্নেন রামচরণো বিবৃণোতি বিপ্রঃ" ॥

অন্তে,—

অক্ষিপক্ষরসচন্দ্রসম্মিতে হায়নে শকবসুন্ধরাপতেঃ
শ্রীলরামচরণাগ্রজন্মনা দর্পণস্য বিবৃতিঃ প্রকাশিতা ॥

রামচরণ তর্কবাগীশ ১৬২৩ শকে অর্থাৎ প্রেমচন্দ্র তর্কবাগীশের জন্মগ্রহণের প্রায় ১০৪ বৎসর পূর্ব্বে সাহিত্যদর্পণের এই টীকা রচনা করেন। এই টীকাখানি আলঙ্কারিকদের মধ্যে অবিদিত নহে। বাঙ্গালা ও হিন্দুস্থানে ইহার অতিশয় সমাদর। যতদিন অলঙ্কারের আলোচনা থাকিবে, ততদিন এই টীকার লোপ হইবার সম্ভাবনা নাই। তর্কবাগীশ এই টীকাখানির যথেষ্ট প্রশংসা করিতেন এবং এই বিষয়ে তাঁহার মত বোধ হয় অবিসম্বাদী। সম্প্রতি শ্রীযুক্ত মধুসূদন স্মৃতিভূষণ মহাশয় রামচরণকৃত টীকাসহ সাহিত্যদর্পণ বিশুদ্ধরূপে মুদ্রিত করিয়াছেন। রামচরণের অধস্তন বংশীয়েরা অদ্যাপি পূর্ব্বকথিত রামবাটী গ্রামে বাস করিতেছেন।

তর্কবাগীশের বৃদ্ধপ্রপিতামহ মুনিরাম বিদ্যাবাগীশ একজন বিখ্যাত পণ্ডিত ছিলেন। তিনি ন্যুনাধিক ২০০ বৎসর পূর্ব্বে (১৬৩২।৩৩ শকে) আরংজীবের রাজত্বকালের শেষভাগে প্রাদুর্ভূত

ছিলেন। নানা শাস্ত্রের বিশেষতঃ দর্শনশাস্ত্রের পাঠনাকার্য্যে তিনি পর্য্যাপ্তরূপে পটু ছিলেন। এক সময়ে বঙ্গমধ্যে অদ্বিতীয় স্মার্ত্ত বলিয়াও প্রতিষ্ঠালাভ করিয়াছিলেন। প্রথমে তিনি নিজগ্রাম শাকনাড়ায় চতুষ্পাঠী খুলিয়া অধ্যাপনা আরম্ভ করেন। পরে নানাদেশীয় ছাত্র পাঠার্থী হওয়ায় কয়েকজন হিতৈষীর অনুরোধক্রমে বর্দ্ধমানের নিকটবর্ত্তী খাজা নুরেরবেড় নামক গ্রামে গিয়া চতুষ্পাঠী স্থাপন করেন। তথায় তাঁহার পাঠশালার বিলক্ষণ উন্নতি হয়। এই সময়ে তাঁহার পাণ্ডিত্যের গৌরব সমধিকরূপে বিস্তৃত হইবার বিষয়ে কয়েকটী ঘটনা উপস্থিত হয়।

একদা কাল্‌নার নিকটবর্ত্তী এক গ্রাম হইতে তরুণবয়স্কা একটী তন্তুবায়জাতীয়া রমণী কয়েকটী স্বজাতীয় লোক এবং বিজাতীয় কয়েক রাজপুরুষ সমভিব্যাহারে বিদ্যাবাগীশের পাঠশালায় উপস্থিত হয়, এবং নয় দিবস পূর্ব্বে তাহার স্বামীর মৃত্যু হওয়ায় দেহ ভস্মীভূত হইয়া গিয়াছে, এক্ষণে সে সহমরণ কার্য্যের অনুষ্ঠান করিতে পারিবে কি না বলিয়া ব্যবস্থা চাহে। বিদ্যাবাগীশ সহমরণের তাদৃশ অনুমোদন করিতেন না বলিয়াই হউক বা অল্পবয়স্কা স্ত্রীলোকটীর প্রতি দয়ার্দ্রচিত্ত হইয়াই হউক প্রথমে তিনি স্ত্রীলোকটীকে তাহার সঙ্কল্প হইতে প্রতিনিবৃত্ত করিবার চেষ্টা করেন এবং অনেক দিবস অতীত হইয়াছে, পতিবিয়োগশোকাবেগ সহ্যপ্রায় হইয়া আসিয়াছে, এখন আর এ উদ্যম কেন, বলিয়া বুঝাইতে লাগিলেন। তন্তুবায়রমণীর চিত্ত স্থিরসঙ্কল্পারূঢ়, প্রতিনিবৃত্ত হইবার নহে। সে কাতরবচনে বাষ্পগদ্গদস্বরে বলিতে লাগিল,—মহাশয়! সময়ে উপস্থিত হওয়া আমার সাধ্যায়ত্ত ছিল না, পতির মৃত্যুসময়ে নিকটে ছিলাম

না। আত্মীয়েরা এ দুর্ঘটনার সমাচার যথাসময়ে দেন নাই। কাল-বিলম্বে সম্বাদ পাইয়া ব্যবস্থার নিমিত্ত নবদ্বীপের পণ্ডিতগণের নিকট গিয়াছিলাম। তাঁহারাও কালবিলম্ব দোষ ধরিয়া ব্যবস্থা দেন নাই। আপনি বিখ্যাত পণ্ডিত শুনিয়া আপনার নিকটে আসিয়াছি! কালাতীত দোষে এইরূপ কর্ম্ম পণ্ড হইলে তাহার অনুষ্ঠান বিষয়ে শাস্ত্রে অবশ্য কোন যুক্তি থাকা সম্ভব। যবনরাজ্যে বাস। রূপযৌবনসম্পন্ন কুলকামিনীজনের প্রতি যে অত্যাচার হইয়া থাকে তাহা কাহারও অবিদিত নাই। আমার বয়স ও রূপলাবণ্য স্বয়ং প্রত্যক্ষ করিতেছেন। ইতিপূর্ব্বে কুলকামিনী ছিলাম, এক্ষণে মৃত পতির গুণ স্মরণ করিয়া অধীরভাবে গৃহের বাহির হইয়াছি। রাজপুরুষদিগের দৃষ্টিপথে পড়িয়াছি। ভাবী অশুভ ফল প্রত্যক্ষ দেখিতেছি, আত্মহত্যাপাপে পতিত না হই বলিয়া শাস্ত্রের আশ্রয় এবং লোকান্তরিত স্বামীর পার্শ্বে দাঁড়াইতে প্রার্থনা করিতেছি। তাহা হইলেই অভয়পদ পাইব। আপনি সর্ব্বজ্ঞ পণ্ডিত। সকল খুলিয়া বলিলাম। দয়া করিয়া ব্যবস্থা দিউন। বিদ্যাবাগীশ তন্তুবায়রমণীর প্রগাঢ় পতিভক্তি ও বাক্‌শক্তি সন্দর্শন করিয়া চমৎকৃত হইলেন এবং কিয়ৎক্ষণ মধ্যে একটী ব্যবস্থাপত্র লিখিয়া দিলেন। কহিলেন,—শ্মশানে তোমার পতির চিতাগ্নির অবশেষ থাকিলে চিতারোহণ করিতে পরিবে, এই ব্যবস্থা দিলাম এবং অদ্যাপি চিতার যে অগ্নি আছে ও তোমার উদ্দেশ্য যে সুসিদ্ধ হইবে তাহাও গণনা করিয়া দেখিলাম। এই ব্যবস্থা শুনিয়া স্ত্রীলোকটী একেবারে ভূমিতে সাষ্টাঙ্গ প্রণিপাত করিতে করিতে কিয়ৎক্ষণ নীরব থাকিয়া উচ্চৈঃস্বরে বলিয়া উঠিল,—পণ্ডিত মহাশয়! আমি দিব্যচক্ষে দেখিতেছি, পতির চিতায় অগ্নি

ধুঁয়াইতেছে, আমার ইষ্টসাধন হইয়াছে। আমি শূদ্রকন্যা কি আর বলিব? এই মাত্র বলিতেছি, আপনার পত্নীও সহগমন করিবেন।

স্ত্রীলোকটির সঙ্গে যে কয়েক জন রাজপুরুষ ছিল তাহাদের মধ্যে কেহ কেহ বর্দ্ধমানের নায়েব সুবাদারের নিকট গিয়া এই বৃত্তান্ত জানাইল। পণ্ডিতের উত্তেজনায় স্ত্রীলোকটি শ্মশানে পুনর্ব্বার অগ্নি স্থাপন করাইয়া চিতারোহণ করিতে না পারে এই বিষয়ে সতর্ক থাকিবার নিমিত্ত নায়েব সুবাদার তৎক্ষণাৎ কয়েকজন অশ্বারোহী দূত প্রেরণ করিলেন। তন্তুবায়রমণী আত্মীয় ও রক্ষকগণ সঙ্গে পৌঁছিবার বহুপূর্ব্বে অশ্বারোহী দূতেরা উপস্থিত হইয়া চিতায় ধূমায়মান অগ্নি দেখিতে পায় এবং তদনুসারে সুবাদারের নিকটে আবেদন পত্র পাঠাইয়া দেয়। তন্তুবায়রমণী বিদ্যাবাগীশের ব্যবস্থানুসারে বিধিপূর্ব্বক চিতারোহণ করিবার পরে নবদ্বীপের রাজা বিদ্যাবাগীশকে আহ্বান করেন এবং ব্যবস্থাবিষয়ে তাঁহার যুক্তির প্রশংসা করিয়া বহুতর পণ্ডিতগণ সমক্ষে সম্মান বর্দ্ধন করেন। এদিকে বর্দ্ধমানের নায়েব সুবাদার দরবারে উপস্থিত হইবার নিমিত্ত বিদ্যাবাগীশকে ডাকাইয়া পাঠান। সুবাদার প্রথমতঃ বিদ্যাবাগীশের বহুসংখ্যক ছাত্রের দৈনন্দিন আহার-যোজনার কি সংস্থান আছে ইত্যাদি বিষয়ে প্রশ্ন করেন। সুবাদারের প্রধান হিন্দু কর্ম্মচারী পণ্ডিতদিগের টোলে যে প্রণালীতে পাঠনা ও ছাত্রদিগের আহার-যোজনা কার্য্য সম্পন্ন হইয়া থাকে এবং পণ্ডিতদিগের অর্থাগমের যে যে উপায়, তৎসমুদায় সবিস্তার বর্ণনা করিল। সুবাদারের আদেশ অনুসারে বিদ্যাবাগীশকে কয়েক দিবস দরবারে যাতায়াত করিতে হয়। এক দিবস

দরবারে আসিয়া আদেশ প্রতীক্ষা করিতে করিতে মধ্যাহ্ন সময় উপস্থিত হইল। ভৃত্যেরা যথানিয়মে সুবাদারের ভোজনসামগ্রী এক গৃহমধ্যে বহিয়া আনিতে লাগিল। বিদ্যাবাগীশ প্রস্থান করিবেন এমন সময়ে একখানি কাগজ হস্তে এক যবন বালক তাঁহার সম্মুখে দণ্ডায়মান হইল এবং তাহা অর্পণ করিবার নিমিত্ত হস্ত প্রসারণ করিল। ঐ দানপত্রে শাকনাড়া ও লালগঞ্জ এই দুইখানি গ্রাম পণ্ডিতের বৃত্তির নিমিত্ত প্রদত্ত হইয়াছে, ইহা সুবাদারের লোক পণ্ডিতকে জ্ঞাত করিল। বিদ্যাবাগীশ নীরব ও তটস্থ। তিনি প্রাতে স্নান করিয়া দরবারে আসিয়াছিলেন। সন্ধ্যাবন্দনাদি সমুদায় নিত্যকর্ম্ম সমাপন করেন নাই। দেখিলেন, —সুবাদার খানা খাইতে খাইতে কাগজখানি প্রদান করিলেন, এবং যাহারা ভোজন পাত্র বহিতেছিল তাহাদের মধ্যে এক বালক অপবিত্র হস্তেই তাহা আনিয়া দিতেছে। গ্রহণ করিবার নিমিত্ত তাঁহার হাত আর উঠিল না। তাহা দেখিয়া "বে অকুব বামন্" এই কথাটি যবন বালক মৃদুমন্দ স্বরে বলিয়া উঠিল। অপর সকলে "বে অকুব আহাম্মক" বলিতে লাগিল। "গোঁয়ার আহাম্মক" এই কথা সুবাদারের মুখ হইতেও বিনির্গত হইল। বিদ্যাবাগীশ অক্ষুব্ধভাবে টোলে ফিরিয়া আসিলেন এবং পুনর্ব্বার স্নান ও সন্ধ্যাবন্দনাদি করিলেন। পর দিবস সুবাদারের প্রধান হিন্দু কর্ম্মচারী বিদ্যাবাগীশের সঙ্গে সাক্ষাৎ করিয়া তাঁহার নিমিত্ত অনেক যত্ন করিয়াছিলেন, নিষ্কর ভূমিদানের সনন্দখানি বহুমান-পূর্ব্বক গ্রহণ না করায় নায়েব সুবাদার বিরক্তি প্রকাশ করিয়াছেন বলিতে লাগিলেন। বিদ্যাবাগীশ বলিলেন,—তিনি নায়েব সুবাদারের বিরক্তি এবং তাঁহার পারিষদবর্গের ব্যঙ্গোক্তিতে অণুমাত্র

ক্ষুব্ধ নহেন। অপবিত্র কাগজখানি আপন পবিত্র গ্রন্থমধ্যে অথবা অন্যান্য প্রয়োজনীয় পবিত্র সামগ্রীরসঙ্গে বাক্সমধ্যে যত্নপূর্ব্বক রাখিতে বাসনা করেন না। একবারে দুইখানি গ্রাম নিষ্কররূপে দানের প্রস্তাব! ইহার তত্ত্বাবধান কার্য্যে অনেক সময় অতিবাহিত হইবে। অধর্ম্মপরায়ণ কর্ম্মচারীর অবৈধাচরণে সহায়তা অথবা অনুমোদন করিতে হইবে। ক্রমে অর্থলালসা বৃদ্ধি হইবে। লালগঞ্জের সমৃদ্ধিশালী তন্তুবায়গণের সহিত নানা বিষয়ে বিরোধ উপস্থিত হইবে এবং এই সকল ব্যাপারে তাঁহার সঙ্কল্পিত পাঠনাকার্য্যের বিশেষ ব্যাঘাত জন্মিবে। দুরূহ শাস্ত্রের পাঠার্থী হইয়া নানা দেশ হইতে অনেকগুলি ছাত্র সমবেত। তাহাদের নিকটে অধ্যাপনাকার্য্যে অক্ষম বলিয়া পরিচিত হওয়া অপেক্ষা যবন সভায় নির্ব্বোধ বলিয়া পরিচিত থাকা ক্ষোভের বিষয় হইবে না। ইহা শুনিয়া হিন্দু কর্ম্মচারী বলিলেন,—ইহাকেই পণ্ডিত-মূর্খ এবং এই প্রকার বুদ্ধিকেই অপরিণামদর্শিনী বলিয়া লোকে নির্দ্দেশ করিয়া থাকে। বিদ্যাবাগীশ বলিলেন, ইহা কেবল রুচি-বৈচিত্র্যের ফল। চিত্তের অরুচিকর কার্য্য সম্পাদন না করিয়া তাঁহার মনে কখন বিকার বা ক্ষোভ জন্মে নাই; তিনি কখন এরূপ সম্পত্তি লাভের আশা করেন নাই এবং লব্ধ-নাশের নিমিত্ত দুঃখিত নহেন; এরূপ পুরস্কার ও তিরস্কারে তাঁহার চিত্তক্ষোভ জন্মে নাই। যাহাই বলুন, বিদ্যাবাগীশ এই সম্পর্কে ব্যঙ্গোক্তি বিষয়ে নিজ পরিবারবর্গ হইতেও নিস্তার পান নাই। বিদ্যাবাগীশ জলকষ্ট নিবারণ নিমিত্ত শাকনাড়া মধ্যে একটী পুষ্করিণী খনন করেন। এই উপলক্ষে তাঁহার কনিষ্ঠ ভ্রাতা আত্মারাম বিদ্যালঙ্কার ব্যঙ্গচ্ছলে বলিয়াছিলেন, শাস্ত্রচিন্তায় বিদ্যাবাগীশের

মস্তিষ্ক বিপর্য্যস্ত হইয়া গিয়াছে। এই নিমিত্ত তিনি অযাচিত ধনসম্পত্তি হস্তে পাইয়াও পরিত্যাগ করিয়াছেন। নচেৎ পুষ্করিণী কেন? মনে করিলে বিদ্যাবাগীশ একটা দীর্ঘিকা নির্ম্মাণ করিতে পারিতেন। যাহা হউক, বিদ্যাবাগীশ তৎকালে ধনসম্পত্তিলাভে বঞ্চিত হইলেন বটে, কিন্তু যশোলাভে বঞ্চিত হয়েন নাই। যতই তাঁহার বয়োবৃদ্ধি হইতে লাগিল ততই তিনি সর্ব্বত্র অধিকতর যশস্বী হইতে লাগিলেন। এরূপ কিম্বদন্তী আছে, নবদ্বীপের পণ্ডিতেরাও তাঁহার যশে ঈর্ষ্যান্বিত হইতেন। ইদানীন্তন লোকের ন্যায় তৎসময়ে পূর্ব্বদেশীয়েরা গঙ্গার দক্ষিণ পারের লোকদিগকে "রেঢ়ো মূর্খ" বলিয়া ঘৃণা করিতেন। মুনিরাম রেঢ়ো হইয়া নবদ্বীপের পণ্ডিতদিগের প্রতিদ্বন্দ্বী হইবেন ইহা কোনমতে তাঁহাদের সহ্য হইবার কথা ছিল না। এই দ্বেষাদ্বেষী সম্বন্ধে দুই একটী গল্প এই স্থানে সন্নিবেশিত না করিয়া থাকিতে পারিলাম না।

এক সময়ে নবদ্বীপের পণ্ডিতেরা একজন দাড়িওয়ালা মোসলমানের মস্তকে এক কলস গঙ্গাজল দিয়া তাহা রাঢ়ের পণ্ডিতদিগের নিকটে পাঠাইয়া দেন। নবদ্বীপের পণ্ডিতদের এই ধারণা ছিল,—গঙ্গাজল যবনস্পৃষ্ট হইলেও তাহার মাহাত্ম্য যে অখণ্ডিত থাকে এই তত্ত্ব রাঢ়ের পণ্ডিতেরা অবগত নহেন। কিন্তু মুনিরামের নিকটে তাঁহাদের এই চালাকি খাটে নাই। তিনি ঐ জল অতি সমাদরে গ্রহণ করিলেন এবং স্বীয় পবিত্র গোশালায় একটি গর্ত্ত খনন করাইয়া ঐ জল ঢালাইলেন, পরে সবান্ধবে মহা সমারোহে তাহাতে মস্তক সিঞ্চনাদি কার্য্য সম্পন্ন করিলেন। পরিশেষে রাঢ়ীয়দিগের সুদুর্লভ গঙ্গোদক উপঢৌকন দিয়াছেন

বলিয়া অসংখ্য ধন্যবাদ প্রদানপূর্ব্বক নবদ্বীপের পণ্ডিতদিগকে সংস্কৃত ভাষায় একখানি পত্র লিখিলেন। তাহাতে প্রেরিত জল গ্রহণ-প্রণালীর বর্ণনাও করিলেন এবং মোসলমান বাহককে বহুবিধ পুরস্কার প্রদান করিয়া পত্রসহ বিদায় করিলেন। প্রেরিত পত্রে ইহাও লিখিত হইয়াছিল যে পুরাতন মহর্ষিগণ গতানুগতিক ন্যায়ানুসারে কেবল ভক্তিভাবতঃ গঙ্গাজলের মাহাত্ম্য কীর্ত্তন করেন নাই। ভূয়োদর্শন দ্বারা ইহার গুণোৎকর্ষ সম্যক্ পরীক্ষা করিয়া গুণ গান করিয়া গিয়াছেন। নদ্যন্তরের জল দেশ বিশেষে প্রবাহিত হইয়া প্রদূষিত হইতে দেখা যায়। কোন নদীর জল তুলিয়া রাখিলে কীটাণুপূর্ণ ও বিকৃত হইয়া পড়ে, কিন্তু গঙ্গাজলে সে সকল দোষ লক্ষিত হয় না। গঙ্গাজল আপন প্রবাহ মধ্যে এরূপ স্বাস্থ্যকর পবিত্র পদার্থরাশি বহন করে, যে ইহার সংস্পর্শে প্লাবিত দেহ ও সংস্পৃষ্ট পাত্রও পবিত্র হইয়া যায়; অবগাহনে শরীর-ভারের লাঘব হয়, পানে দীপনত্ব ও রুচ্যত্ব লক্ষিত হয়, সম্যক্ সেবনে রোগী রোগমুক্ত হয় এবং পতিত অন্ত্যজ লোক দেবতুল্য হইয়া যায়, হীনজাতি সংস্পর্শে ইহার ভাবান্তর ও গুণান্তরের আশঙ্কা অন্তরে সমুদিত হয় না।

দ্বিতীয় গল্পটিও কৌতুকাবহ। একদা বিশেষ কার্য্যোপলক্ষে নবদ্বীপের রাজবাটীতে বহুতর ব্রাহ্মণ-পণ্ডিত নিমন্ত্রিত। মুনিরাম প্রভৃতি রাঢ়দেশীয় কয়েকজন পণ্ডিতও তথায় উপস্থিত। নবদ্বীপের পণ্ডিতেরা রাজার নিকট অভিযোগ করিলেন,—রেঢ়ো পণ্ডিতেরা ময়রাদিগের প্রস্তুত করা মিঠাই আদি ভক্ষণ করিয়া থাকেন এবং শ্রাদ্ধাদি কার্য্যে খেজুরে গুড় দিয়া থাকেন, কাজেই উহাঁরা ভ্রষ্টাচার। অতএব প্রকৃত পণ্ডিতদিগের সহিত উহাঁরা

বিদায় পাইবার অযোগ্য। এই বিষয়ের যথাতথ্য জানিবার নিমিত্ত রাজা মুনিরামকে জিজ্ঞাসা করিলেন। মুনিরাম বলিলেন,—মহারাজ! আমাদের দেশে আমার ন্যায় পণ্ডিতদের আদৌ মিঠাই খাওয়া হয় না, কারণ তথায় কোন ব্রাহ্মণ কদাচ মিষ্টান্নের দোকান করে না। যদি কোথাও একটী ব্রাহ্মণের দোকান এবং তৎপার্শ্বে একটি ময়রার দোকান থাকে এবং কোন্ দোকানের মিঠাই লওয়া উচিত বলিয়া কেহ আমায় ব্যবস্থা জিজ্ঞাসা করে, তবে আমি তাহাকে ময়রা-জাতীয়ের দোকান হইতেই মিঠাই লইতে বলিব। মিঠাইয়ের দোকান করা ব্রাহ্মণের কার্য্য নহে, যে ব্যক্তি ঐরূপ কার্য্য করে সে ব্রাহ্মণ নহে, সে অবশ্য পতিত। এরূপ পতিত ব্রাহ্মণ অপেক্ষা স্বধর্ম্মনিরত শুদ্ধাচার শূদ্রও অনেকাংশে শ্রেষ্ঠ। আর খেজুরে গুড় অশ্রাদ্ধীয় ইহা রাঢ়ের পণ্ডিতেরা জানেন না বলিয়া যে অভিযোগ হইল, তদ্বিষয়ে এই কথা বলিলেই বোধ হয় পর্য্যাপ্ত হইবে; খেজুরে গুড় শ্রাদ্ধাদিতে ব্যবহার করা দূরে থাকুক, খেজুর গাছ হইতে যে গুড় প্রস্তুত হয় এই কথা রাঢ়ের লোকেরা এপর্য্যন্ত অবগত নহে। এইরূপ উত্তরে রাজা সাতিশয় সন্তুষ্ট হইয়া মুনিরামকেই সর্ব্বোচ্চ বিদায় দিলেন। মুনিরামের নামে এইরূপ আরও অনেক গল্প প্রচলিত আছে। সকলগুলির মূলে প্রকৃত ঘটনা কি ছিল তাহা এক্ষণে নিশ্চয় করিয়া আমরা বলিতে পারি না। গল্পগুলি দ্বারা অন্ততঃ ইহা জানা যায় যে মুনিরাম একজন বহুদর্শী ও প্রতিভাশালী পণ্ডিত ছিলেন। কবিকুলচূড়ামণি কালিদাসও এইরূপ অনেক গল্পের নায়ক। এমন কি কত বাঙ্গালা প্রহেলিকার ভণিতিও তাঁহার নামে প্রচলিত। কালিদাসের কোনও গ্রন্থাদি

না থাকিলেও এইগুলি দ্বারা তিনি যে একজন বিখ্যাত কবি ছিলেন তাহা অনুমান করা যাইত।

মুনিরামের ন্যায় তাঁহার কনিষ্ঠ ভ্রাতা আত্মারাম বিদ্যালঙ্কার ও অযোধ্যারাম ন্যায়রত্নের সবিস্তার বিবরণ সংগ্রহে আমরা নিরাশ হইয়াছি। এইমাত্র জানা যায় যে মুনিরামের এবং তাঁহার সহোদরদিগের সময়ে অবসথী সর্ব্বেশ্বরের রাঢ়ীয় বংশমধ্যে শাকনাড়ার অধিবাসীরা পণ্ডিতপদবীতে বিশেষ প্রতিষ্ঠা লাভ করিয়াছিলেন। সহোদরদিগের কথা দূরে থাকুক, বোধ হয় প্রতিভাশালী মুনিরামের কীর্ত্তিতে তৎসমকালীন রাঢ়ের অপর সকল পণ্ডিতই মলিনপ্রভ হইয়া পড়িয়াছিলেন। মুনিরামের কৃত কোন গ্রন্থ আমরা প্রাপ্ত হই নাই। ন্যায়সূত্র অবলম্বন করিয়া বহু যত্নে তিনি একখানি ন্যায়গ্রন্থ এবং কয়েকখানি স্মৃতিগ্রন্থ রচনা করিয়াছিলেন, তৎসমুদায় অন্যান্য পুস্তকাবলির সহিত দামোদরের প্রবল বন্যায় এবং মারহাট্টাদের দৌরাত্ম্যে বিনষ্ট হইয়া গিয়াছিল। মুনিরাম তিনটী পুত্র রাখিয়া লোকান্তরিত হয়েন। তখন তাঁহার বয়স ৮৫।৮৬ বৎসর হইয়াছিল। তখন পর্য্যন্ত নিজ গ্রামে তাঁহার পাঠনাকার্য্য অব্যাহতরূপে চলিতেছিল। কয়েক দিবস সামান্য জ্বরের পর একদিন অপরাহ্ন সময়ে অকস্মাৎ তাঁহার মূর্চ্ছা হয়। ছাত্র ও আত্মীয়গণ তাঁহার মৃত্যুকাল উপস্থিত বোধ করিয়া সসম্ভ্রমে তাঁহাকে প্রাঙ্গণে আনয়ন করে। পদতলে গর্ত্ত খনন ও তাহা গঙ্গাজলে পরিপূর্ণ করিয়া তাহাতে গুল্‌ফদ্বয় কেহ কেহ ডুবাইয়া ধরিল এবং কেহ কেহ মস্তক-প্রদেশে গঙ্গাজলের ঘট ও তুলসী গাছ রাখিয়া মুখে ও মস্তকে গঙ্গাজল সেচন করিতে লাগিল। সকলে উচ্চৈঃস্বরে দেবতাদের

নাম শুনাইতে লাগিল। পূর্ব্ব ও দক্ষিণ দেশীয় কয়েকজন ছাত্র মস্তকের নিকট বসিয়া গঙ্গালাভ হইল, মুক্তির প্রার্থনা করুন, অবশ্য আপনার মোক্ষ প্রাপ্তি হইবে উল্লেখ করিতে করিতে তারস্বরে ঠাকুরদের নাম কীর্ত্তন করিতে লাগিল। কিয়ৎক্ষণ পরে মুনিরামের মৃতকল্প দেহে চৈতন্যসঞ্চার হইল এবং তিনি অঙ্গুলি পরিচালন দ্বারা নীরব হইতে সকলকে সঙ্কেত করিলেন। ফলে তখন তাঁহার মৃত্যু হইল না। আরও কয়েকদিন তাঁহাকে জীবিত থাকিতে হইয়াছিল। এই সময়ে একদিন তিনি আপন আত্মীয় ও ছাত্রদিগকে ধীরে ধীরে বলিলেন,—মৃত্যুসময়ে মুমুর্ষুকে টানাটানি করিয়া প্রান্তরে ফেলিও না ও চিৎকার রবে উত্তেজিত করিও না। প্রশান্তভাবে তাহাকে মরিতে দেওয়া উচিত। তখন তাহার সমক্ষে গৃহাভ্যন্তর বা প্রান্তর সমান সন্দেহ নাই, কিন্তু নিজ গৃহে বন্ধুজনবেষ্টিত হইয়া মরিতেছে এইরূপ জ্ঞান থাকিলে চিত্তের শান্তি জন্মে। অস্তগমন মহান্ অবসাদের সময়। তখন সমুদয় শারীরিক ও মানসিক ব্যাপার একান্ত শিথিল, কেবল অভ্যন্তরে অনিলরাশির প্রবল গণ্ডগোল। উদান বায়ুর উৎক্রমণ চেষ্টা, কিন্তু তাহাকে অধোদিগে টানিয়া রাখিতে অপানের চেষ্টা। এমন সময়ে মুমুর্ষুকে উত্তেজিত করা অবৈধ। কামনা করিলেই অথবা প্রতিনিধি দ্বারা উচ্চরবে দেবতানাম উচ্চারণ করাইলেই মুক্তিলাভ হয় না। দেবতাগণ বধির বলিয়া জানি না। উচ্চৈঃস্বরে দেবতাদিগকে আহ্বান করার প্রয়োজন দেখি না। আর যদি কামনাই থাকিল তবে মুক্তির প্রত্যাশা কোথায়? আমি এমত কোন কার্য্য করি নাই এবং এরূপ জ্ঞান অর্জ্জন করি নাই যে মোক্ষপদের অধিকারী হইতে পারি। এ পর্য্যন্ত

বলবতী কর্ম্মপ্রবৃত্তি দ্বারা প্রেরিত হইয়া ঐহিক কামনায় মত্ত ছিলাম; স্বার্থত্যাগ ও অভিমানপরিহার অভ্যাস করা হয় নাই। অদ্যাপি মায়ার ঘোর সম্পূর্ণরূপে কাটে নাই। জ্ঞানের উজ্জ্বল বিকাশ অথবা পূর্ব্বজন্মার্জিত সংস্কারের ফল বা সাধনাবল দেখিতে পাই নাই। মানস-শরীর কিরূপে প্রস্তুত তাহা অবধারণ করিতে পারি নাই। জ্ঞানী কি কর্ম্মীরূপে পরিগণিত হইব বুঝিতে পারি নাই। জ্ঞানবিশেষের স্ফূর্ত্তি দেখিতে পাই নাই। কর্ম্মফলের ভোগকাল অতি দীর্ঘ, কাজেই আমার পুনরাবর্ত্তন অনিবার্য্য; সম্মুখে অনন্ত ভবিষ্যৎ দেখিতেছি, অতীতের ইয়ত্তা কে জানে? শুভাকাঙ্ক্ষা থাকিলে সকলে একমনে এই প্রার্থনা করিও—আমি যেন গায়ত্রীসেবী কোন পবিত্র ব্রাহ্মণকুলে জন্মগ্রহণ করিতে পারি, ও এইরূপ শাস্ত্রের আলোচনা ও অধ্যাপনা করিতে এবং শেষ দিন পর্য্যন্ত সকলকে জ্ঞানশিক্ষা দিতে সমর্থ হই।

শুনিতে পাই একদিন অপরাহ্নে এইরূপ কথা কহিতে কহিতে মুনিরাম নীরব হয়েন। নিদ্রাবেশ হইল বলিয়া সকলে ভাবিলেন, কিন্তু সেই নিদ্রাই দীর্ঘ নিদ্রারূপে পরিণত হইল, আর জাগিলেন না। মুখমণ্ডলে মৃত্যু-যন্ত্রণার কোন চিহ্ন লক্ষিত হইল না।

সারবান্ প্রায় বাহ্যাড়ম্বর-শূন্য, জগতে কত শত সারাল পদার্থ অন্যের অজ্ঞাতসারে সময়স্রোতে পতিত ও বিলুপ্ত হয়! বৃদ্ধপরম্পরাগত কতকগুলি প্রবাদ ভিন্ন এই জ্ঞানরাশি মুনিরামের অন্য কোন চিহ্নই নাই।

মুনিরামের মৃতদেহ নিজকৃত পুষ্করিণীর পাড়ে ভস্মীভূত হয় ঐ সঙ্গে তাঁহার পত্নী সহমৃতা হয়েন। ইহাতে পূর্ব্বকথিত তন্তুবায়-কন্যার ভবিষ্যৎ বাক্য সুসিদ্ধ হয়। সেই অবধি মুনিরামের

পুষ্করিণীটী "সতীর পুকুর" বলিয়া বিখ্যাত ছিল। তর্কবাগীশের জীবনসময়ে পুষ্করিণীটীর পুনঃসংস্কার হয়। চতুর্দ্দিকে যে সকল ফলবান্ বৃক্ষ রোপিত হইয়াছিল তাহা ক্রমে পল্লবিত ও ফলিত হইয়া এক্ষণে গ্রামের শোভা সম্পাদন করিয়াছে। লালগঞ্জ নামে যে গ্রামখানির কথা পূর্ব্বে উল্লিখিত হইয়াছে, তাহা শাকনাড়ার অতি সন্নিহিত উত্তর পশ্চিম কোণে সন্নিবেশিত ছিল, এক্ষণে একবারে বিলুপ্ত হইয়া গিয়াছে। মুনিরামের সময়ে ইহা অতি সমৃদ্ধিশালী ছিল। সমৃদ্ধি দেখিয়া পিণ্ডারীরা এই গ্রাম উপর্য্যুপরি দুইবার আক্রমণ ও লুণ্ঠন করে। এই প্রদেশে পিণ্ডারীদিগকে বর্গী বলিয়া কহিত। বর্গীরা অশ্বারোহণে অকস্মাৎ আসিয়া লালগঞ্জের ধনশালী তন্তুবায় এবং বণিক্‌দিগের উপর আক্রমণ করিত। এই অবকাশে শাকনাড়ার অধিবাসীরা আপন আপন ধনসম্পত্তি ও প্রাণ লইয়া গ্রামের দক্ষিণ প্রান্তে অবস্থিত পূর্ব্বকথিত তালানামক পুষ্করিণীর উচ্চ পাড়ের অন্তরালে গিয়া লুকাইত এবং অত্যাচারকারীদের গন্তব্যমার্গে লক্ষ্য রাখিত। লালগঞ্জের রাজা ও খাঁ উপাধিধারী তন্তুবায়দিগের নির্ম্মিত রাজখাঁপুকুর নামে একটি পুষ্করিণীমাত্র এক্ষণে বর্ত্তমান। বাস্তব্য ভূমি সকল কৃষকের হলদ্বারা বিদারিত ও রূপান্তরিত হইয়া গিয়াছে।

মুনিরাম আপন পুত্রগণ মধ্যে শম্ভুরামকে সস্নেহ নয়নে দেখিতেন না। শম্ভুরাম জড়প্রকৃতি ছিলেন এবং কনিষ্ঠ সহোদর রামকান্ত ও লক্ষ্মীকান্তের ন্যায় শাস্ত্রাভ্যাসে যত্নশীল ছিলেন না। কালক্রমে রামকান্ত অতি শান্ত শিষ্ট ও স্থিরবুদ্ধি এবং লক্ষ্মীকান্ত অতি তীক্ষ্ণবুদ্ধিসম্পন্ন এবং চতুর ও দাম্ভিক হইয়া উঠিয়াছিলেন। নিম্নলিখিত চিত্রে মুনিরামের বংশাবলী প্রকাশিত হইল:


মুনিরাম
শম্ভুরাম
রামকান্ত
লক্ষ্মীকান্ত
রামসুন্দর
নৃসিংহ
নয়নচন্দ্র
রামনারায়ণ
রামসদয়
সুধারাম
প্রেমচন্দ্র
শ্রীরাম
সীতারাম
রামময়
রামাক্ষয়
রামকৃষ্ণ
প্রাণকৃষ্ণ
হরেকৃষ্ণ
শ্রীকৃষ্ণ
অতুলকৃষ্ণ
হেমচন্দ্র
বসন্তচন্দ্র
বিজ্ঞানেশ্বর
রত্নেশ্বর
বীরেশ্বর
ক্ষেত্রমোহন
চন্দ্রমোহন
ললিতমোহন
মদনমোহন

উপরিলিখিত বংশাবলীতে প্রেমচন্দ্রের পূর্ব্বে যাঁহাদের নাম লিখিত হইল, তাঁহাদের মধ্যে নৃসিংহ ব্যতীত আর কেহই প্রকৃত পণ্ডিত বলিয়া প্রতিষ্ঠালাভ করিতে পারেন নাই। রামকান্ত ও তাঁহার পুত্র রামসুন্দর সংস্কৃত জানিতেন, লক্ষ্মীকান্তও নানা শাস্ত্রে ব্যুৎপন্ন এবং ব্রাহ্মণ্যানুষ্ঠানে তৎপর ছিলেন; কিন্তু ইহাঁরা কেহ পণ্ডিত বলিয়া খ্যাতিলাভ করিয়াছিলেম এরূপ জানা যায় না। রামকান্তের দ্বিতীয় পুত্র নৃসিংহ তর্কপঞ্চানন একজন প্রসিদ্ধ পণ্ডিত হইয়াছিলেন। নৃসিংহ প্রথমতঃ স্বদেশে ব্যাকরণ

এবং স্মৃতি পাঠ করিয়া কাশীতে ৭।৮ বৎসর সাংখ্য, বেদান্ত এবং জ্যোতিষশাস্ত্র অধ্যয়ন করেন। স্বদেশে আসিয়া শাকনাড়ার উত্তর পশ্চিমে ন্যূনাধিক আড়াই ক্রোশ দূরে বল্লা নামক গ্রামে টোল স্থাপন করেন। এই নৃসিংহই প্রেমচন্দ্রের জীবনপ্রবন্ধের প্রথম সমালোচক, তাঁহার প্রথম গুণগায়ক, প্রথম শিক্ষক এবং ভাবী উন্নতির পথপ্রদর্শক। প্রেমচন্দ্রের জন্মগ্রহণের পূর্ব্বে নৃসিংহের বিলক্ষণ ভাবান্তর লক্ষিত হইয়াছিল। প্রেমচন্দ্রের পিতৃপিতামহের সঙ্গে নৃসিংহ ও তদ্বংশীয়দিগের এক উৎকট জ্ঞাতিবিরোধ জন্মিয়াছিল। নৃসিংহ বিদ্বান্ হইলেও কলহ আদি আসুরিক ভাবের বশীভূত ও বৈরনির্য্যাতনে সতত তৎপর ছিলেন। তিনি আপন সহোদর ভ্রাতা রামসুন্দরকে নানা প্রকারে অতিশয় উদ্বেজিত করিয়াছিলেন। রামসুন্দরের মৃত্যু হইলেও এই বিরোধের অবসান হয় নাই। তাঁহার প্রথম পুত্র রামনারায়ণকে প্রথমে তিনি ব্যতিব্যস্ত করিয়াছিলেন, এমন কি, নৃসিংহ ও রামনারায়ণ বহুদিন পরস্পরের মুখ দর্শন করেন নাই। রামনারায়ণ অল্প বয়সেই পিতৃহীন হয়েন। সংসারের ভার মস্তকে পড়ায় নিজের জ্ঞানশিক্ষায় তাঁহাকে একবারে জলাঞ্জলি দিতে হয়। যৌবনের প্রারম্ভে আবার তাঁহাকে প্রথমা পত্নীর বিয়োগযাতনা সহ্য করিতে হয়। তাঁহার প্রথমা পত্নী সন্তান প্রসবকালের পূর্ব্বেই কালগ্রাসে পতিত হয়েন। তৎপরে তিনি শাকনাড়ার প্রায় সাত ক্রোশ পশ্চিমে রঘুবাটী গ্রামে দ্বিতীয়বার বিবাহ করেন। তাঁহার এই দ্বিতীয়া পত্নী লোকান্তরিতা প্রথমা পত্নীর ন্যায় রূপলাবণ্যবতী ছিলেন না। এই সকল অশুভ ঘটনাপরম্পরা দেখিয়া রামসুন্দরের বংশীয়দের অধঃপতন হইতেছে বলিয়া নৃসিংহ

অনুমান করিয়াছিলেন। উভয় বংশীয়দিগের বাটীর মধ্যে একটী লম্বা প্রাচীর ছিল। রামসুন্দরের বংশীয়েরা পশ্চিমের খণ্ডে এবং নৃসিংহ ও তাঁহার বংশীয়েরা পূর্ব্বদিকের প্রকোষ্ঠে বাস করিতেন। রামনারায়ণের দ্বিতীয়া পত্নীর প্রথম প্রসব সময় উপস্থিত হইলে প্রসব-ফল দেখিয়া ঐ বংশীয়দের উন্নতি বা অধোগতির বিষয়ে সিদ্ধান্ত করিবেন বলিয়া নৃসিংহ সায়ংকাল অবধি তাঁবিযন্ত্র পাতিয়া প্রস্তুত হইয়া বসিয়া রহিলেন। রাত্রি ৪। ৫ দণ্ড মধ্যে একটী পুত্রসন্তান জন্মিল এই কথা শুনিতে পাইয়া নৃসিংহ তৎক্ষণাৎ গণনা করিতে বসিলেন এবং লগ্ন নিরূপণ করিয়া এ বংশে যে এক মহাপুরুষ জন্মিল এই কথা বলিয়া উঠিলেন। পরক্ষণেই নৃসিংহ রামনারায়ণের নিকটে আসিয়া সস্নেহে কহিলেন, আমাদের বংশে তোমার পুত্ররূপে দ্বিতীয় কালিদাস জন্ম গ্রহণ করিল। অদ্য হইতে তোমার সহিত আমার সমুদায় বিরোধের বিশ্রাম হইল। ইহার পর নৃসিংহ যত দিন জীবিত ছিলেন ততদিন তাঁহাদের পরস্পর বিরোধ সত্য সত্যই একবারে প্রশান্ত ছিল। ধন্য! প্রেমময় প্রেমচন্দ্র! তুমি জন্মিয়াই প্রেমশৃঙ্খলে চিরশত্রুকেও সমাকর্ষণ, পিতার অন্তরে শান্তিবারিবর্ষণ এবং বংশে সন্ধি সংস্থাপন করিলে!

নৃসিংহের লোকান্তর গমনের কিছুদিন পরেই উভয় বংশীয়দের পূর্ব্বপ্রীতিভাব তিরোহিত হয়। নৃসিংহের পুত্র নয়নচন্দ্র পূর্ব্বতন জ্ঞাতিবিরোধ পুনর্ব্বার জাগাইয়া তুলেন। নয়নচন্দ্র পিতার মত বিদ্বান্ বলিয়া প্রতিপত্তি লাভ করিতে পারেন নাই, কিন্তু পিতা অপেক্ষা সমধিক তেজস্বী ও দাম্ভিক ছিলেন। তন্ত্রশাস্ত্রে তাঁহার বিশেষ দৃষ্টি ছিল। বিরোধ, প্রতিবন্দ্বিতা ও মোকদ্দমাপ্রিয়তা

বশতঃ তাঁহাকে নিয়ত ব্যস্ত থাকিতে হইত। ইহা না হইলে নয়নচন্দ্র তান্ত্রিক সমাজে একটী উচ্চ স্থান লাভ করিতে পারিতেন। নয়নচন্দ্র কয়েক বৎসর রামনারায়ণকে বড় ব্যস্ত করিয়া তুলিয়াছিলেন। সৌভাগ্যক্রমে রামনারায়ণ পিতামহ রামকান্তের অলৌকিক গম্ভীরতা, সহিষ্ণুতা এবং উদারতাদি কতকগুলি গুণ প্রাপ্ত হইয়াছিলেন। এই সকল গুণেই তিনি নয়নচন্দ্রকে প্রায় নিরস্ত করিয়াছিলেন। বিশেষতঃ যখন নয়নচন্দ্র অত্যাচার আরম্ভ করিলেন, তখন রামনারায়ণ সহায় সম্পত্তি সম্বন্ধে নিতান্ত দুর্ব্বল ছিলেন না তখন তাঁহার মধ্যম সহোদর রামসদয় দ্বিতীয় ভীম অবতাররূপে পরিণত হইয়া উঠিয়াছিলেন। নয়নচন্দ্র রামসদয়কে বড় ভয় করিতেন। এই স্থলে রামসদয় সম্বন্ধে কয়েকটী কথা না বলিয়া আমরা ক্ষান্ত থাকিতে পারিলাম না। রামসদয় প্রায় নিরক্ষর থাকিলেও উন্নতমনা একটী শূর ছিলেন। তিনি কোন প্রবল পক্ষের অত্যাচার সহ্য করিতে পারিতেন না। জ্যেষ্ঠ রামনারায়ণের ন্যায় তিনি ন্যায়পর বাক্যবিন্যাস করিয়া বিরোধ নিষ্পত্তি করিতেন না। একবারে স্বদেহ অপেক্ষা দীর্ঘতর বংশনির্ম্মিত লাঠি বাহির করিয়া সকল কাজ অল্প ক্ষণেই নিষ্পন্ন করিতেন। গ্রামে কোন হাঙ্গামা উপস্থিত হইলে রামসদয় লাঠি হাতে এক পক্ষের শিরোভাগে দণ্ডায়মান থাকিবেন ইহা নিশ্চিত ছিল। কৃষিকার্য্যের নিমিত্ত সংগৃহীত জল লইবার নিমিত্ত বিভিন্ন গ্রামের বহুতর লোক সমবেত হইয়া গভীর রাত্রিকালে শাকনাড়ার খালের বাঁধ বলপূর্ব্বক কাটাইতেছে শুনিয়া রামসদয় লাঠি হাতে মহানিনাদে অকস্মাৎ উপস্থিত। তাঁহার সেই রুদ্রমূর্ত্তি সন্দর্শন করিয়া শত

শত লোক প্রাণভয়ে চতুর্দ্দিকে পলাইত। কখন কখন উহাদের আনীত কোদাল আদি অস্ত্র পড়িয়া থাকিত। পরে প্রধান প্রধান লোকেরা কখন কখন আসিয়া প্রণিপাত পূর্ব্বক তাহাদের পরিশুষ্ক শস্যক্ষেত্রের নিমিত্ত সত্যসত্যই জলের প্রয়োজন বলিয়া জানাইলে রামসদয় সদয়ান্তঃকরণে প্রচুর জল ছাড়িয়া দিতেন, এবং ঐ জল দ্বারা প্রত্যেক ব্যক্তির কতদূর উপকার সাধন হইল স্বয়ং ক্ষেত্রে গিয়া তাহার তত্ত্বাবধান করিতেন। ফলতঃ বল রামসদয়ের নিকট দুর্ব্বল হইত। বিনয়ে তাঁহার নিকটে কার্য্যসিদ্ধি হইত। ২২,৪৭৫

এই সময়ে রায়না থানার এলাকায় ডাকাইতের অতিশয় প্রাদুর্ভাব হইয়াছিল। বুনো শ্যামা, পেড়ো শ্যামা, রামা ও নিধে বাগ্‌দি প্রভৃতি প্রসিদ্ধ ডাকাইতেরা মধ্যে মধ্যে আসিয়া রামনারায়ণকে ভয় প্রদর্শন করিত এবং বক্সিস বলিয়া কিছু লইয়া যাইত। এক সময়ে তাহারা আসিয়া বাহির বাটীতে কয়েকখানা শাড়ী কাপড় শুকাইতেছে দেখিয়া বলিল,—"ভট্টাচার্য্য মহাশয়! আজ কাল বাড়ীতে কলিকাতার আমদানি যে ভাল ভাল শাড়ী দেখ্‌ছি।" রামনারায়ণ এই সঙ্কেত গ্রহণ করিয়া রাত্রিকালে আসিয়া পাছে অপহরণ করে এই ভয়ে শাড়ী কয়েকখানা তুলিয়া ডাকাইতদিগকে প্রদান করিলেন। শাড়ী লইয়া বিদায় হইবার সময়ে রামসদয় বাটীতে ছিলেন না। পরে এই কথা শুনিয়া রাগে গস্‌ গস্‌ করিতে লাগিলেন এবং ডাকাইতের শ্রাদ্ধ করিবেন বলিয়া প্রতিজ্ঞা করিলেন। রামসদয় প্রতিজ্ঞাভঙ্গ করিবার পাত্র ছিলেন না। কিছুদিন পরে ডাকাইতেরা আবার কিছু লইবার অভিপ্রায়ে বেড়াইতে আসিলে রামসদয় তাঁহার

দীর্ঘ লাঠি বাহির করিয়া একবারে তাহাদিগকে বিলক্ষণ প্রহার দিলেন। "নারায়ণের শাড়ী ও সদয়ের বাড়ী" ইহার মধ্যে কি ভাল লাগে জিজ্ঞাসা করিলেন। দুই দুই ব্যক্তির গ্রীবা ধরিয়া মহা সমারোহে মাথা ঠোকাঠুকি করিয়া দিলেন, এবং তিনি জীবিত থাকিতে শাকনাড়ার সীমানা দিয়া যাতায়াত না করে এই বিষয়ে কালীঠাকুরাণীর শপথ করাইয়া ছাড়িয়া দিলেন। রামসদয়ের এইরূপ শাসন নিষ্ফল হইত না, চতুষ্পার্শ্বের দুর্দ্দান্ত লোকেরা তাঁহার ভয়ে সর্ব্বদা শঙ্কিত ও জড়সড় থাকিত।

রামসদয় নিয়ত অত্যাচারী নয়নচন্দ্রকে একবারে মারিয়াই ফেলিতেন, কিন্তু বৃকোদর যেরূপ যুধিষ্ঠিরের প্রতিজ্ঞা প্রতীক্ষা করিয়া দুর্য্যোধনের অত্যাচার সহ্য করিতেন, জ্যেষ্ঠের আদেশ রামসদয়ের পক্ষে সেইরূপ অনুল্লঙ্ঘনীয় ছিল।

প্রেমচন্দ্রের পিতামাতার বিষয়ে বিশেষ করিয়া আমরা কিছু বলি নাই। এই স্থানে দুই চারি কথা বলিতে ইচ্ছা করি।

প্রেমচন্দ্র আপন গ্রন্থ সকলে পিতার পরিচয় দিবার নিমিত্ত যেখানে যাহা লিখিয়াছেন, প্রথমতঃ তাহা উদ্ধৃত করা যাইতেছে।

নৈষধের টীকার শেষে—

"রাঢ়ে গাঢ়প্রতিষ্ঠঃ প্রথিতপৃথুযশাঃ শাকরাঢ়ানিবাসী
বিপ্রঃশ্রীরামনারায়ণ ইতি বিদিতঃসত্যবাক্ সংযতাত্মা।"

রাঘবপাণ্ডবীয়-টীকার প্রথমে প্রথমতঃ অবসথীদিগের আদি পুরুষ সর্ব্বেশ্বরের পরিচয় দিয়া—

"তদন্বয়সুধাম্বুধেরজনি রামনারায়ণঃ
শশীব বিমলাম্বরো দ্বিজবরঃ শ্রিয়া ভাস্বরঃ।

যদীয়গুণচন্দ্রিকোল্লসিতরাঢ়নীরাশয়ে
সতাং হৃদয়কৈরবং কলিতগৌরবং মোদতে ॥

কাব্যাদর্শের টীকার শেষে—

“উৎকর্ষঃ কণ্ঠপর্ষৈর্বলবলিজয়িনোর্জন্মনোজ্জৃম্ভিত শ্রী-
বংশো বিশ্বাবতংসোঽবসথিকুলমিতশ্চামলং প্রাদুরাসীৎ
এতস্মান্‌মধ্যরাঢ়াবিততগুণগণো গ্রামণীঃ সজ্জনানাং
সম্ভূতো রামনারায়ণধরণিসুরঃ শাকরাঢ়ানিবাসী ॥”

তর্কবাগীশ এইরূপে আপন পিতাকে “সত্যবাক্ সংযতাত্মা, শশীর ন্যায় বিমলান্তর, সুন্দরমূর্ত্তি, এবং সজ্জনগণের অগ্রণী” ইত্যাদি বিশেষণে বিভূষিত করিয়াছেন। পিতার প্রতি কেবল ভক্তি দেখাইবার ইচ্ছায় অথবা কেবল কতকগুলি অনুপ্রাসযুক্ত শব্দ প্রয়োগ করিয়া কবিতা পূরণ করিবার মানসে তিনি এইরূপ লিখিয়াছেন ইহা যেন কোন পাঠক মনে না করেন। তাঁহার পিতা বাস্তবিক এই সকল গুণের আধার ছিলেন। এই সকল বিশেষণ দ্বারা তাঁহার স্বরূপবর্ণন ব্যতীত আর কিছুই হয় নাই। পাঠক দেখিবেন,—তর্কবাগীশ পিতাকে বড় বিদ্বান্ বা পণ্ডিত বলিয়া কোন স্থানে নির্দ্দেশ করেন নাই। অল্প বয়সে পিতৃহীন হওয়ায় তাঁহার পিতার পড়াশুনার ব্যাঘাত ঘটিয়াছিল পূর্ব্বে বলা হইয়াছে। কিন্তু কৃত্রিম সংস্কার ব্যতিরেকেও কেবল স্বভাবের গুণে মনুষ্য কতদূর উন্নত হইতে পারে, রামনারায়ণ তাহার একটী প্রধান আদর্শ স্থল। তিনি কখন ক্রোধে বিচলিত হইয়াছেন এরূপ দেখা যায় নাই। কোন ব্যক্তির প্রতি অতিশয় বিরক্ত হইয়া তিরস্কার করিতে বসিলে “রাখাল” এই শব্দ অপেক্ষা

কোন কর্কশ ও মর্ম্মভেদী বাক্য প্রয়োগ করেন নাই। সত্যনিষ্ঠা ও অঙ্গীকৃত কার্য্যের অনুষ্ঠানই ধর্ম্ম, এবং প্রতিজ্ঞাভঙ্গই পাপ বলিয়া তিনি নিয়ত নির্দ্দেশ করিতেন। পার্শ্ববর্ত্তী গ্রাম সকলের ছোট বড় লোকের এরূপ বিশ্বাসভাজন ছিলেন যে তাহারা গভীর রাত্রিকালে কোন প্রকার বিপদের আশঙ্কা করিয়া বহুমূল্য দ্রব্যসামগ্রী গোপনে তাঁহার নিকটে গচ্ছিত রাখিয়া যাইত, লেখাপড়া বা সাক্ষীসাবুদ থাকিত না।

তর্কবাগীশ পিতার যেরূপ বর্ণন করিয়াছেন তাহাতে অত্যুক্তি-দোষ দূরে থাকুক্ বরং তাঁহার একটী মহৎ গুণের বিশদরূপ উল্লেখ না দেখিয়া আমরা বড় বিস্মিত হইয়াছি। রাঢ়মধ্যে কেহ রামনারায়ণ ভট্টাচার্য্যের মত অতিথিপরায়ণ ছিলেন কি না আমরা জানি না। তাঁহার নিজ পরিবারবর্গের ভরণপোষণ বড় স্বচ্ছলভাবে চলিত না, কিন্তু যদি একদিন তাঁহার গৃহে অতিথি না আসিত তবে তাঁহার ব্যাকুলতার পরিসীমা থাকিত না। "কেন আজ অতিথি আসিল না" বলিয়া রাস্তার ধারে গিয়া তিনি চতুর্দ্দিকে অতিথির অন্বেষণ করিতেন। তাঁহার গৃহে প্রায় অতিথির অভাবও থাকিত না। দুর্দ্দিন আদি নিবন্ধন কোন দিন কোন অতিথি না আসিলে সায়ংকালে গ্রামের কোন দরিদ্রকে ডাকাইয়া অন্ন দান করা তাঁহার নিয়মিত কর্ম্ম ছিল। ইহা না করিলে তিনি সায়ন্তন সময়ের সন্ধ্যাবন্দনাদি করিতে যাইতেন না।

গ্রামের নিকটে এক স্থানে বহুকাল হইতে সপ্তাহে দুইবার হাট বসিয়া থাকে। এই হাটের দিন এবং বর্ষাকালে নিকটবর্ত্তী খালটী জলে পরিপূর্ণ হইলে পারাপারের অসুবিধা হেতু লোকে

রামনারায়ণের বাটীতে আসিয়া আশ্রয় লইত। এক এক সময়ে এত বেশী লোক আসিত, যে গৃহে স্থানাভাব জন্য গৃহস্থের বিলক্ষণ কষ্ট হইত। সন্তানদিগের উপার্জ্জনের পূর্ব্বে নিজ পরিবারবর্গের ভরণপোষণ এবং নিজের অপরিহরণীয় অতিথি-সৎকারের ব্যয় নিমিত্ত রামনারায়ণের তিনটী উপায় ছিল। প্রথম—পিতৃ-পিতামহ-ক্রমাগত কিঞ্চিৎ লাখেরাজ ভূমি, দ্বিতীয়—চাষ, এবং তৃতীয়—মুনিরাম বিদ্যাবাগীশের সময়ে প্রতিষ্ঠিত নিকটবর্ত্তী ৫।৭ খানি গ্রামের সভাপণ্ডিতি-বৃত্তি। এই সকল গ্রামের কাহারও বাটীতে বিবাহ আদি শুভকার্য্য হইলে মুনিরামের বংশীয়েরা সভাপণ্ডিত ভাবে কিছু কিছু বিদায় পাইতেন। তৎকালে হিন্দু সামাজিক নিয়ম প্রবল থাকায় ইহাতে মন্দ আয় হইত না। রামনারায়ণের আয় অধিক না থাকিলেও তাঁহার সাংসারিক ব্যয়ের ব্যবস্থা অতি উৎকৃষ্ট ছিল। তাঁহার দ্বিতীয়া পত্নী প্রেমচন্দ্রের গর্ভধারিণী সাক্ষাৎ লক্ষ্মী ছিলেন বলিলেও অত্যুক্তি হয় না। সমস্ত সংসারিক ব্যাপার তাঁহার হস্তে ন্যস্ত ছিল। সকল বিষয়েই তাঁহার এরূপ উৎকৃষ্ট বন্দোবস্ত এবং যথাসময়ে সঞ্চয় করা ও যথাস্থানে জিনিসপত্র সাজাইবার এরূপ শৃঙ্খলা ছিল যে তাহা সময়ে সময়ে স্বয়ং রামনারায়ণেরও অসীম বিস্ময় জন্মাইত। এই গুলি এখনকার পাঠককে সম্যক্‌রূপে বুঝান সহজ নহে। এই গৃহলক্ষ্মীর কয়েকখানি গৃহমধ্যে বিলাসিতার উপযোগী উপকরণসামগ্রী থাকিত না সত্য, কিন্তু পল্লীগ্রামের ভদ্র গৃহস্থের সাংসারিক ব্যাপারের উপযোগী কোন দ্রব্যের কখন অভাব থাকিত না। আলস্য ও অপব্যয় তিনি জানিতেন না। একাকিনী শত শত লোকের নিমিত্ত অন্ন

ব্যঞ্জন অল্পক্ষণেই প্রস্তুত করিয়া দিতে পারিতেন। অনেকবার এরূপ ঘটিয়াছে, যে, গৃহস্থের আহারাদির পরে রাত্রিকালে একদল আগন্তুক উপস্থিত। তাহাদের সৎকারের নিমিত্ত রামনারায়ণ স্বয়ং গৃহিণীর সাহায্যার্থে ভাণ্ডারের যেখানে যাহা ছিল তাহা বাহির করিয়া দিয়াছেন। তাহাদের আহার সামগ্রী বিতরিত হইতেছে, এমন সময়ে আর একদল অধিকসংখ্যক লোক সমাগত। রাত্রি অধিক হইয়াছে। ঝম্ ঝম্ বৃষ্টি পড়িতেছে। পরিজন ও ভৃত্যগণ নিদ্রায় কাতর। এত লোকের আহার সামগ্রী আর ঘরে নাই ভাবিয়া রামনারায়ণ খিন্নমান। গৃহিণী বলিলেন,—এতগুলি লোক অভুক্ত থাকিলে গৃহস্থের অমঙ্গল;—আসন আদি দিয়া আগন্তুকদিগের অভ্যর্থনা করা হউক, আর কোন চিন্তা নাই, কেবল কাষ্ঠের অভাব দেখিতেছি। ইহা শুনিয়া রামনারায়ণ তখনি ঘরের কাষ্ঠের খুঁটি উপড়াইয়া স্বহস্তে ছেদন করিলেন। গৃহিণী এ ঘর সে ঘরের গোপনীয় স্থান হইতে হাঁড়ি হাঁড়ি তণ্ডুল আদি বাহির করিয়া অন্ন ব্যঞ্জন প্রস্তুত করিয়া দিলেন। রামনারায়ণ অতিথি-সৎকার করিয়া মহা তৃপ্তি লাভ করিলেন। ধর্ম্মপরায়ণ স্বামীর এবং অভুক্তদিগের তৃপ্তির নিমিত্ত ভক্তিভরে স্নেহমাখা সরল অন্তরে সেই গৃহিণী সামান্য বস্তুতে যাহা কিছু ভোজনসামগ্রী প্রস্তুত করিয়া দিতেন, তাহাই সকলের উপাদেয় বোধ হইত। এই বংশীয় ইদানীন্তনদিগের নিয়োজিত পাচক পাচিকাদের পাকা মসলা মাখা ঘিয়ে ছাঁকা জিনিসেও আর সেরূপ মধুর আস্বাদ পাওয়া যায় না।

একদা গ্রীষ্ম সময়ে পশ্চিমদেশীয় একদল অতিথি আইসে। সঙ্গে ৬৩ জন লোক, কতকগুলি পাষাণময় ঠাকুর এবং ৮টী

ঘোটক ছিল। ঘোটকপৃষ্ঠে বড় বড় পিতলের হাঁড়া এবং কতকগুলি গাঁঠ্রি ছিল। লোকমধ্যে ১০।১১ জন অস্ত্রধারী। দলপতি অতি দীর্ঘাকার ও তাহার মস্তকে প্রকাণ্ড জটাভার; তিনি প্রায় মৌনী অথবা মিতভাষী। আতিথ্য করিয়া থাকে শুনিয়া আসিয়াছে, সমস্ত লোকের ভোজনসামগ্রী আতপ চাউল ঘৃত আদি দিতে সমর্থ কি না বলিয়া কয়েক জন অস্ত্রধারী পুরুষ প্রথমে আসিয়া রামনারায়ণকে জিজ্ঞাসা করিল। তিনি "স্বাগত" বলিয়া সকলের অভ্যর্থনা করিলেন। গোলা হইতে ধান্য বাহির করাইয়া গ্রামের কয়েকজনের বাটী হইতে অল্প সময় মধ্যে আতপ চাউল প্রস্তুত করাইয়া লইলেন। এবং অন্যান্য সামগ্রীর আয়োজন করাইয়া অতিথিগণের সৎকার করিলেন। দিবাবসানে উহাদের ভোজনের পূর্ব্বে স্বয়ং জলস্পর্শ করিলেন না। সন্ধ্যার সময়ে ঠাকুরদের আরতি উপলক্ষে অতিথিগণের আনীত তুরী, ভেরী, শাঁক, শিঙ্গা, কাঁসর, ঘড়ী প্রভৃতির তুমুল শব্দ সমুত্থিত হইল। পার্শ্ববর্ত্তী গ্রাম সকলের বহুতর লোক কৌতূহল বশতঃ আসিয়া যুটিল। উহাদের মধ্যে বিজ্ঞ ও বৃদ্ধেরা অতিথিদের অস্ত্র শস্ত্র ও রঙ্গ ভঙ্গ দেখিয়া উহারা ডাকাইত বা ঠগ্ বলিয়া অবধারণ করিল এবং রাত্রিকালে বাটী লুটতরাজ করিবে ভাবিয়া রামনারায়ণকে সাবধান করিতে লাগিল। বহুমূল্য দ্রব্যাদি গোপনে আপন আপন বাটীতে লইয়া রাখিবে বলিয়া কেহ কেহ বেশি আত্মীয়তা দেখাইতে লাগিল। রামনারায়ণ ব্রাহ্মণীর নিকটে এই বৃত্তান্ত জানাইলেন। ব্রাহ্মণী বলিলেন,—তোমার শরীর ও জীবন অপেক্ষা বহুমূল্য সামগ্রী ঘরে নাই,—অতিথিরা থাকিতে থাকিতে তোমাকে ত স্থানান্তরিত করা দুষ্কর; যে কয়েকখানা সামান্য অলঙ্কার

স্ত্রীলোকদের গায়ে আছে, তাহা রাত্রিকালে খুলিয়া লওয়া অমঙ্গলজনক এবং ঘর লুটপাট বা অত্যাচার করা কখন অতিথিসৎকারের পুরস্কার হইতে পারে না, এই আমার বিশ্বাস। ইহা শুনিয়া রামনারায়ণ আশ্বস্তচিত্তে বাহির বাটীতে আসিলেন এবং বৃদ্ধমণ্ডলীকে ধন্যবাদ দিয়া বিদায় দিলেন। অনেকে বাটী গেলেন না। অতিথিদের কার্য্য দেখিবার নিমিত্ত গ্রামের এখানে সেখানে থাকিলেন। রাত্রি গভীর হইলে জটাধারী দলপতির সঙ্কেত অনুসারে অস্ত্রধারীরা বাটীর বাহিরে এখানে সেখানে পাহারা দিতে লাগিল এবং বিশ্রাম করিবার নিমিত্ত রামনারায়ণের প্রতি আদেশ করিল। ইহা দেখিয়া ভয়াকুল প্রতিবেশীরা লুঠতরাজের যোগাড় হইতেছে বলিয়া সিদ্ধান্ত করিল, কিন্তু গৃহস্থ সুখেই—রাত্রি অতিবাহিত করিল। প্রভাতে অতিথিদলের প্রত্যেক ব্যক্তি রামনারায়ণের নিকটে কৃতজ্ঞতা প্রকাশিয়া বিদায় গ্রহণ করিল। দলপতি মুখে কিছু বলিলেন না কিন্তু করদ্বয়ের উত্তোলন এবং সঞ্চালনবিশেষ দ্বারা তাঁহার শুভাকাঙ্ক্ষা প্রকাশ করিলেন। রামনারায়ণের অন্তর আনন্দে পুলকিত হইল।

কালক্রমে জ্যেষ্ঠ এবং মধ্যম পুত্রের উপার্জ্জিত অর্থের আনুকূল্য পাইয়া রামনারায়ণ কয়েক বৎসর ইচ্ছামত অতিথিসৎকার করিয়া মহা আনন্দ অনুভব করিয়াছিলেন। শেষাবস্থায় অতিথি উপস্থিত হইলে তাহার সমুদায় তত্ত্বাবধান কার্য্য স্বয়ং করিতে পারিতেন না, কিন্তু প্রতিদিন কয়জন অতিথি লাভ হইয়াছে তাহা জানিবার নিমিত্ত সায়ংকালে আহারের স্থানগুলি স্বয়ং গণনা করিতেন, পরে সন্ধ্যাবন্দনাদি করিতে বসিতেন। তাঁহার আদেশ অনুসারে প্রত্যেক অতিথিকে পৃথক্ পৃথক্ স্থানে

আহারসামগ্রী দেওয়া হইত। এক অতিথির উচ্ছিষ্ট পাত্রাদি পরিষ্কার করিয়া ঐ স্থানে আর এক ব্যক্তিকে খাইতে দেওয়া নিষেধ ছিল। সন্ধ্যা সময়ে ঐ স্থানগুলি স্বয়ং গণনা করিয়া তৃপ্তিলাভ করিতেন।

লৌকিক ও দৈবকার্য্যে মনুষ্যের উদারতা এবং একান্ত একাগ্রতার প্রয়োজন, এই কথা রামনারায়ণ সর্ব্বদা বলিতেন। স্বয়ং তিনিই এই দুইটী বিষয়ের দৃষ্টান্তস্থল, এই কথা বলিলেও বোধ হয় অত্যুক্তি হইবে না। লৌকিক কার্য্যে তাঁহার সরল ভাবদ্বারা তিনি প্রবল শত্রু নয়নচন্দ্রের উগ্রভাবের যে সম্যক্ শমতা করিয়াছিলেন, তাহা পূর্ব্বেই বলা হইয়াছে। এক্ষণে তাঁহার দৈবকার্য্যে নিষ্ঠার বিষয়ে কয়েকটী কথা বলিতেছি। শাস্ত্রতত্ত্বে রামনারায়ণের তাদৃশ দৃষ্টি ছিল না, তথাপি স্বাভাবিক বুদ্ধিবলে তিনি যে তত্ত্বে উপনীত হইয়াছিলেন, তাহাই প্রকৃত তত্ত্ব বলিয়া আমাদের ধারণা। তিনি বলিতেন শাস্ত্রবিহিত বিধি অনুসারে বাহ্যাড়ম্বর সহকারে দেব দেবীর উপাসনার যে কি ফল, তাহা তিনি জানেন না, কিন্তু একান্ত অনুরাগ এবং একাগ্রতাসহকারে দেবদেবীর মনন বা অনুধ্যান ব্যতীত মনুষ্য কখন যে তাঁহাদের প্রসাদ লাভে কৃতকার্য্য হইয়াছে, ইহা তিনি অবগত নহেন। এই সম্বন্ধে নিম্নলিখিত ঘটনাটীর প্রকৃত মর্ম্ম অবগত হইলেই, পাঠক তাঁহার কথার সারবত্তা বুঝিতে পারিবেন।

মধ্যমা ভগিনী দুর্গামণির কতকগুলি বৈষয়িক কার্য্য সম্পাদন করিবার উদ্দেশে বৈশাখ মাসের মধ্যভাগে জিলা হুগলীর অন্তর্গত প্রসাদপুর গ্রামে রামনারায়ণকে যাইতে এবং তথায় কয়েক দিন থাকিতে হইয়াছিল। কার্য্যশেষে, দিবসে প্রচণ্ড রৌদ্র ভয়ে

মধ্যরাত্রিতে প্রসাদপুর পরিত্যাগ করিবার সঙ্কল্প করেন। গুরুচরণ রায় নামক সদ্গোপ জাতীয় একটী ভৃত্য সঙ্গে ছিল। গুরুচরণ লম্বে ৬॥ ফিট, দৃঢ়কায় ও বলিষ্ঠ, যোয়ান। তাহার হস্তে স্বদেহের পরিমাণ অপেক্ষা দীর্ঘতর একটী বাঁশের লাঠি থাকিত। এই লাঠি হস্তে গুরুচরণ সহায় থাকাতে রাত্রিকালে ভীষণ মাঠের মধ্য দিয়া আসিতে রামনারায়ণ ভয় পান নাই। প্রভাত সময়ে যখন তিনি চারিদিকে দৃষ্টিপাত করিলেন, তখন তারকেশ্বরের নিকটবর্ত্তী স্থানে উপস্থিত হইয়াছেন বুঝিলেন এবং অমনই মনসারামের সম্পত্তি মীমাংসার বিষয় তাঁহার স্মৃতিপথে উদিত হইল। মনসারাম সম্পর্কে তাঁহার শ্যালক হইতেন। তৎকালে মনসারাম তারকেশ্বর দেবের পূজকদিগের অধ্যক্ষতা কর্ম্মে নিযুক্ত ছিলেন। ইতিপূর্ব্বে তারকেশ্বর গ্রামে ওলাউঠার প্রাদুর্ভাব হইয়াছিল, রামনারায়ণ শুনিয়াছিলেন, নিজ তারকেশ্বর গ্রামে স্নান ও পানের উপযোগী বিশুদ্ধ জলের অভাব, ইহাও তিনি অবগত ছিলেন। এই নিমিত্ত স্বয়ং তথায় না গিয়া ভৃত্য গুরুচরণকে মনসারামের নিকট পাঠাইলেন। তিনি ভাবিয়াছিলেন, পথিমধ্যে ভাঙ্গামোড়া গ্রামে কতক জমি সম্পর্কে মনসারামের বিরোধের নিষ্পত্তি করিয়া ঐ তারিখেই অপরাহ্লে শাকনাড়ার বাটীতে পৌঁছছিতে পারিবেন। এই বিষয়ে মনসারামকে সংবাদ দিবার নিমিত্ত গুরুচরণকে পাঠাইলেন এবং স্বয়ং তারকেশ্বরের পশ্চিম দিকে অদূরে দীর্ঘিকাতে স্নানাদি করিয়া বাঁধাঘাটে প্রতীক্ষা করিবেন বলিয়াছিলেন। কিন্তু তারকেশ্বর হইতে ফিরিয়া আসিতে ভৃত্যের অনেক বিলম্ব ঘটিল। পরিশেষে তারকেশ্বরদেবের পুষ্পমাল্য ও প্রসাদযুক্ত একটী শরাব হস্তে

গুরুচরণ আসিয়া উপস্থিত হইল, তখন বেলা দেড় প্রহর অতীত হইয়াছে। গুরুচরণ বলিল, মনসারাম স্বয়ং আসিতে পারিলেন না, তাঁহার জ্যেষ্ঠ ভ্রাতা আসিতেছেন এবং ঠাকুরের প্রসাদ দিয়াছেন! ইহা শুনিয়া রামনারায়ণ বলিলেন, "ভালই হইয়াছে"; তিনি জানিতেন, মনসারামের জ্যেষ্ঠ ভ্রাতা অতি স্থির প্রকৃতি এবং বয়োবৃদ্ধ। তিনি আসিলে সত্বরে বিবাদের মীমাংসা হইয়া যাইবে এবং তিনি তাঁহার পাদোদক পানান্তে জল খাইবেন। বিপ্রপাদোদক পান করা রামনারায়ণের একটী নিয়ম ছিল। তিনি স্নানান্তে প্রাতঃকৃত্য সমাপন করিয়া ভৃত্যের আগমন প্রতীক্ষা এবং কোন পথিক ব্রাহ্মণের অনুসন্ধান করিতেছিলেন। ভৃত্যমুখে মনসারামের ভ্রাতার আগমন কথা শুনিয়া যেমন তিনি আহ্লাদিত হইলেন, তেমন আবার মনসারামের ব্যঙ্গোক্তি শুনিয়া বিষণ্ণ হইলেন। মনসারাম বলিয়াছিলেন, "ভট্টচায্ ওলাউঠার ভয়ে তারকেশ্বর দেবকে দর্শন করিতে আসিলেন না, কিন্তু আজ তাঁহাকে তারকেশ্বর খাইতে দিবেন কি না সন্দেহ"। বেলা দুই প্রহর অতীত প্রায় তথাপি মনসারামের ভ্রাতার দেখা নাই। উন্মনা দেখিয়া গুরুচরণ রামনারায়ণকে জানাইল, মনসারামের ভ্রাতা তাহার সঙ্গে আসিতে আসিতে মোহন্তের কাছারিবাড়ীতে প্রবেশ করিয়াছিলেন, কিন্তু বাহির হইতে বিলম্ব দেখিয়া সে অগ্রসর হইয়াছে।

কথিত দীর্ঘিকার উত্তরাংশে পশ্চিম মুখে যে পথ গিয়াছে ঐ পন্থাই ভাঙ্গামোড়া যাইবার পক্ষে সহজ ও সোজা, কিন্তু মনসারামের ভ্রাতার প্রতীক্ষা করিতে করিতে রামনারায়ণ পশ্চিম মুখে না যাইয়া পূর্ব্বদিকে কিয়দ্দূর গমন করিলেন। যখন

দেখিলেন, তারকেশ্বর হইতে কোন লোক পশ্চিম মুখে আসিতেছে না তখন তিনি বামপার্শ্বের আইল রাস্তা ধরিয়া উত্তর মুখে চলিতে লাগিলেন এবং মধ্যে মধ্যে তারকেশ্বর অভিমুখে দৃষ্টিপাত করিতে ভৃত্যকে উপদেশ দিলেন। আর্দ্র গামছা ও বস্ত্র দ্বারায় মস্তক ও গাত্র আবৃত করিয়া এবং ছত্র ধরিয়া রামনারায়ণ চলিতেছেন। "তারকেশ্বর কি এতই নিদয় হইবেন যে, তাঁহাকে আজ জল পর্য্যন্ত খাইতে দিবেন না," মনসারামের এই উক্তি স্মরণ করিতে করিতে তিনি একান্ত মনে মহাদেবের মূর্ত্তি ধ্যান করিতে লাগিলেন। এইরূপ চিন্তা করিতে করিতে তিনি এক ক্রোশ পথ অতিবাহিত করিলেন। পথিমধ্যে লোকের আবাস বা জনসম্পাত বা একটী বৃক্ষও ছিল না। রাত্রি জাগরণের পর স্নানান্তে শরীর অবসন্ন, পিপাসায় কণ্ঠদেশ পরিশুষ্ক। সম্মুখে অদূরে একটী পুষ্করিণীর উত্তর পশ্চিম কোণে কতকগুলি লোক একটী শবদাহ করিতেছিল দেখিয়া উহাঁরা যদি ব্রাহ্মণ হয়েন, তাহা হইলে উহাঁদের মধ্যে কাহার নিকটে পাদোদক পানান্তে জল খাইবেন, নচেৎ এইখানেই বুঝি প্রাণবিয়োগ হইবে। যখন রামনারায়ণ এইরূপ ভাবিতেছিলেন, তখন অকস্মাৎ সম্মুখে এক সমুন্নত পুরুষ দণ্ডায়মান দেখিতে পাইলেন। তিনি যে আইল পথ ধরিয়া উত্তর মুখে যাইতেছিলেন. ঐ পথের পূর্ব্বপার্শ্বে একটী বল্মীকের উপরিভাগে লতা-প্রতানযুক্ত একটী ঝোপ ছিল। ঐ ঝোপের অন্তরাল হইতে দীর্ঘাকার পুরুষটী যেন বিনির্গত হইয়া রামনারায়ণের সম্মুখবর্ত্তী হইলেন। মস্তকে ও গাত্রে একটী আর্দ্র গামছা। প্রশস্ত ললাটদেশে শ্বেত চন্দনের ত্রিপুণ্ড্রক, বক্ষঃস্থল শ্বেত চন্দনে চর্চ্চিত এবং "ওঁ" এই অক্ষরটী লিখিত। উভয় স্কন্ধদেশ এবং

আজানুলম্বী বাহুদ্বয় মোটা মোটা লোমে সমাবৃত। “মহাশয় ব্রাহ্মণ কি না” রামনারায়ণের এই প্রশ্ন শুনিয়া দীর্ঘাকার পুরুষ নিজ যজ্ঞোপবীত দক্ষিণ হস্তের বৃদ্ধাঙ্গুলির দ্বারা ধরিয়া এবং নিজ কপাল ও বক্ষঃস্থলে চন্দনচিহ্ন দেখাইয়া, “তোমার এই প্রশ্নের প্রয়োজনাভাব” বলিলেম। বিপ্র-পাদোদক ও জলপানের অভাবে শুষ্ককণ্ঠ ও কাতর হইয়াছেন বলিয়া রামনারায়ণ তাঁহার পাদোদক যাচ্ঞা করিলেন। “তোমার এই নিয়ম যদি একবারে পরিত্যাগ করিবার অঙ্গীকার কর, তাহা হইলেই বয়োবৃদ্ধ জানিয়াও পাদোদক দিতে পারি” এই কথা পুরুষপুঙ্গব স্নিগ্ধ গম্ভীর স্বরে বলিয়া উঠিলেন। রামনারায়ণ তটস্থ ও নির্ব্বাক্ ও স্তম্ভিত। তিনি যেন জলান্বেষণ করিতেছেন, ইহা বুঝিয়া সম্মুখবর্ত্তী পুরুষ নিজ দক্ষিণ হস্তে টুসকী দিয়া এবং হুঁ শব্দে তাঁহার চিত্তাকর্ষণ পূর্ব্বক দক্ষিণদিগ্‌বর্ত্তী ভূমিখণ্ডের ঈশান কোণ নির্দ্দেশ করিলেন। দ্রুত পদে রামনারায়ণ ঐ দিকে গিয়া দেখিলেন,—বৃষ্টিসম্পাত জন্য কতকটা আবিল জল সঞ্চিত রহিয়াছে। ঐ সঞ্চিত উষ্ণ জল হইতে রামনারায়ণ এক অঞ্জলি জল লইয়া উপস্থিত হইলে দীর্ঘাকার পুরুষ নিজ দক্ষিণ করপুটে কতকটা জল লইলেন এবং নিজ দক্ষিণ পাদের বৃদ্ধাঙ্গুলি ডুবাইয়া উক্ত জল রামনারায়ণের দক্ষিণ করে অর্পণ করিলেন। পানান্তে রামনারায়ণ পুরুষের পদধূলি গ্রহণ করিবার নিমিত্ত যেমন নতকায় হইলেন অমনি ঐ সমুন্নত পুরুষ তাঁহার উভয় স্কন্ধদেশের বস্ত্র উত্তোলন পূর্ব্বক, “ভট্‌চায্‌ ঠাকুর এত বাড়াবাড়ি কেন” এই কথা বলিতে বলিতে তাঁহার শরীর কয়েকবার ঝাঁকারিয়া অলোড়িত করিয়া দিলেন এবং দক্ষিণ মুখে চলিয়া গেলেন। রামনারায়ণের শুষ্ক তালু সরস, এবং সমস্ত

গাত্র যেন অমৃতরসে সিক্ত হইল। পরিশেষে তিনি ভৃত্যসহ উত্তর মুখে কয়েক পদ গিয়া পুনর্ব্বার দক্ষিণ মুখে দৃষ্টিপাত করিলেন; তখনও দীর্ঘাকার পুরুষ দক্ষিণ মুখে চলিতেছেন, দেখিতে পাইলেন। ইহার পরেই ঐ পুষ্করিণীর উত্তর পাড় দিয়া পশ্চিম মুখে তাঁহাদের গন্তব্য পথ। ঐ পথে পদার্পণ করিয়া যখন দক্ষিণ দিকে দৃষ্টিপাত করিলেন, তখন দীর্ঘাকার পুরুষকে আর দেখিতে পাইলেন না। ভৃত্য গুরুচরণ, আদিষ্ট না হইয়াও দক্ষিণ মুখে বল্মীকের পার্শ্ব পর্য্যন্ত দৌড়িয়া গেল এবং তখনই দ্রুতপদে প্রত্যাবর্ত্তন করিয়া, "তাঁহার অন্তর্ধান, চল চল ঠাকুর চল, আর দেখিতে হইবে না, বুঝা গিয়াছে" বলিয়া রামনারায়ণকে বলিল। শবদাহকারীদের নিকটবর্ত্তী হইয়া, তোমরা কেহ ঐ স্থূলকায় ব্রাহ্মণকে চেন কি না বলিয়া রামনারায়ণ জিজ্ঞাসা করিলেন; কোন ব্রাহ্মণকে তাহারা লক্ষ্য করে নাই বলিয়া সকলেই একবাক্যে বলিল। ভৃত্য গুরুচরণ বলিয়া উঠিল, "ঠাকুর এখনও তোমার সন্দেহ; চল চল, তোমার পুণ্যে আমার দেবদর্শন ঘটিল।" পরে উভয়েই চলিতে চলিতে অনতিদূরে দামোদর নদের তীরে উপস্থিত হইলেন। তখন দামোদরে যে কিছু সামান্য জল ছিল, তাহা অতি নির্ম্মল, কিন্তু ঐ জলপানে রামনারায়ণের আর প্রবৃত্তি হইল না। তিনি প্রখর রৌদ্রতাপসন্তপ্ত পাদোদক পানান্তে স্থূলকায় ব্রাহ্মণ-কর্ত্তৃক যেরূপে আলোড়িত হইয়াছিলেন তাহাতেই তাঁহার বাহ্য ও অভ্যন্তর সরস ও সবল, মন ও হৃদয় পূত ও পুলকিত এবং শরীরমধ্যে একটী অপূর্ব্ব শক্তি সঞ্চারিত হইয়াছিল, বোধ করিতেছিলেন। তিনি মনে মনে ভাবিতে লাগিলেন, গুরুচরণের অনুমান কি প্রকৃত ও গ্রহণযোগ্য? অথবা ইহা মনসারাম-

সমুদ্ভাবিত ছলনাবিলাস? মনসারামের নিকটে এরূপ আকারের কোন লোক তিনি কখন দেখেন নাই এবং কোন্ ব্যক্তিই বা এই প্রখর রৌদ্রতাপে তাঁহাকে ছলনা করিতে বাহির হইবে? ইহা ছলনাই বা কিরূপে বলিব। দীর্ঘাকার পুরুষের পথিকের কোন বেশ ত ছিলনা। দেবগণ প্রসন্ন হইলে আর্ত্ত ব্যক্তির নিকটে নরাকারেই উপস্থিত হইয়া প্রসাদ প্রদান করিয়া থাকেন, এ হতভাগ্যের পক্ষে তাহাই কি ঘটিল?

এইরূপ চিন্তা করিতে করিতে ভাঙ্গামোড়া গ্রামের এক ব্রাহ্মণের বাটীতে উপস্থিত হইয়া আতিথ্য গ্রহণ করিলেন। ব্রাহ্মণ এবং তাঁহার পুত্রদিগের নাম মনে নাই। তাঁহারা সকলেই রামনারায়ণকে বিলক্ষণ জানিতেন এবং তাঁহাদের সহিত ঐ মনসারামের জমির বিরোধ ছিল। এ দিকে ঐ বাটীর বৃদ্ধ ও অথর্ব্ব স্বামী "শাকনাড়ার ভট্টাচার্য্য মহাশয় আসিয়াছেন, বাটী পবিত্র হইল, তাঁহাকে তোমরা সকলে যত্ন কর", এই কথা গৃহাভ্যন্তর হইতে বলিয়া উঠিলেন এবং জ্যেষ্ঠ পুত্রকে সম্মুখে আনিবার নিমিত্ত ব্রাহ্মণীকে উপদেশ দিলেন। পুত্র উপস্থিত হইলে তিনি বলিলেন, "তোমরা আর মনসারামের জমি সম্পর্কে কোন বিরোধ করিও না, সমস্ত জমি তাঁহাকে ছাড়িয়া দাও এবং শাকনাড়ার ভট্টাচার্য্যকে আর এ বিষয়ে কষ্ট দিও না। এই বিষয়টী প্রতিপালন করিবার নিমিত্ত তারকেশ্বর স্বয়ং আসিয়া আমাকে কিয়ৎক্ষণ পূর্ব্বে স্বপ্নে আদেশ করিয়া গেলেন।" বস্তুতঃ তাঁহার পুত্রেরা পিতার আদেশমতে সমস্ত জমি ছাড়িয়া দিবার বিষয়ে সম্মতি দিয়া মনসারামকে পরদিন পত্র দিয়াছিলেন।

সর্ব্বভূতে সমদৃষ্টি এবং সদয় ব্যবহার করাতে রামনারায়ণ

নিজ প্রদেশে অনেকেরই বিশ্বাসভাজন হইয়াছিলেন। এই সম্বন্ধে আমরা নিম্নলিখিত অদ্ভুত ঘটনাটী বলিয়া রামনারায়ণের কথা শেষ করিব।

একদা গ্রীষ্মকালে ব্রহ্মোত্তর জমির খাজানা আদায় করিবার উদ্দেশে শাকনাড়ার দক্ষিণ অঞ্চলে ৫।৬ ক্রোশ দূরে রামনারায়ণকে যাইতে হয়। ভৃত্য গুরুচরণ রায় সঙ্গে ছিল। অপরাহ্নে বেলাশেষে পলহানপুর গ্রামে পৌছিবেন বলিয়া সঙ্কল্প ছিল, কিন্তু পথিমধ্যে অকস্মাৎ একটী ঝড় তুফান উঠায় এক ব্রাহ্মণের বাটীতে আশ্রয় লইতে বাধ্য হন। সন্ধ্যা পর্য্যন্ত ঝড় বৃষ্টি চলিতে থাকায় ঐ ব্রাহ্মণের বাটীতে রাত্রিতে ভৃত্যসহ থাকিতে হয়। সন্ধ্যার পরে সায়ংকৃত্য করিবার নিমিত্ত তিনি গৃহস্বামীর নিকট হইতে আচমন আদির জল প্রার্থনা করেন। গৃহস্বামী তাঁহার সন্ধ্যাহ্নিক সম্পাদনের নিমিত্ত পার্শ্ববর্ত্তী ঘরে স্থান নির্দ্দেশ করিয়া দিতে এবং ঐ ঘরেই তাঁহার পাক আদির অনুষ্ঠান করিয়া দিবার জন্য তাঁহার বিধবা কন্যাকে অনুমতি করিলেন। ব্রাহ্মণের সাংসারিক অবস্থা তাদৃশ স্বচ্ছল নহে বুঝিয়া, রামনারায়ণ পাক আদি করিতে অসম্মত হইলেন, কেবল ভৃত্যকে চারিটী অন্ন দিলেই কৃতার্থ বোধ করিবেন এই কথা জানাইলেন। কিন্তু ব্রাহ্মণের পত্নী তাঁহার রন্ধনের আয়োজন করিতে লাগিলেন এবং যে পার্শ্বের ঘরে সন্ধ্যাহ্নিকের স্থান করিয়া দিয়া ছিলেন, ঐ ঘরের একপার্শ্বে চুলা ধরাইয়া দিলেন। তাঁহার বিধবা কন্যা ঐ চুলাতে রামনারায়ণের অনুমত্যনুসারে একটী মালসায় জল দিয়া চড়াইলেন এবং দুইটী আলু, কিঞ্চিৎ মুগের দাইল একটী নেকড়ায় বাঁধিয়া, চাউল আদি ধুইয়া প্রস্তুত করিয়া রাখিয়া দিলেন। এই সকল

কার্য্যশেষে যেমন তিনি ঘর পরিত্যাগ করিতেছেন, অমনই একটী ইষ্টকসম্পাতে মালসাটী ভগ্ন ও মালসার জলে চুলা নির্ব্বাণ হইয়া গেল। "কিরূপ লোকটা আসিয়াছে, বাটী পবিত্র হইল, না বুঝিয়া সুঝিয়া এই সামান্য আহারের অনুষ্ঠান করিয়া দিতেছ, আমি বহুকাল তীব্র যাতনা ভোগ করিতেছিলাম এবং আমি অনেকদিন উহাঁর সন্ধানে ছিলাম, আজ পাইয়া এবং ঝড় বৃষ্টি তুলিয়া এই বাটীতে আনিয়াছি এবং ইনি সত্বরে গয়া যাইবেন জানিয়াছি" ইত্যাদি কথা ঘরের মধ্যে প্রতিধ্বনিত হইতে লাগিল। "ওমা! আজ আবার সেই পোড়া ব্রহ্মদৈত্য আসিয়াছে, মালসা ভাঙ্গিয়াছে, বোধ হয় ব্রাহ্মণকে খাইতে দিল না" ইত্যাদি কথা বলিয়া কন্যাটী চিৎকার করিয়া উঠিল। এই সকল কথা গৃহস্বামী ও রামনারায়ণ প্রভৃতি সকলেই শুনিতে পাইয়াছিলেন। সায়ংকৃত্য সম্পাদন করিয়া রামনারায়ণ গৃহস্বামীকে জিজ্ঞাসা করায়, "এ বাটিতে দুই পুরুষ পর্য্যন্ত একটী ভূতের উপদ্রব চলিতেছে, মহাশয়কে চিনিতাম না, মর্য্যাদার ক্রটিজন্য ক্ষমা প্রার্থনা করিতেছি এবং আপনি কি সত্য সত্যই গয়াধামে যাইবেন" ইত্যাদি কথা গৃহস্বামী বলিতে লাগিলেন। রামনারায়ণের পুনঃ প্রশ্নমতে গৃহস্বামী বলিলেন, তাঁহার পিতার খুড়ার অপঘাত মৃত্যু হয়, অর্থাৎ বাটীর পূর্ব্বদিকে একটী বেলগাছ কাটিবার সময় তিনি পড়িয়া মরিয়া যান, কিন্তু তিনি তাঁহার নাম আদি জানেন না। এই সকল কথা শুনিয়া রামনারায়ণ গৃহস্বামীর গোত্র ও পিতার নাম আদি লিখিয়া দিবার নিমিত্ত আদেশ করিলেন এবং তাঁহার গয়া যাইবার সঙ্কল্প আছে বলিয়া প্রকাশ করিলেন। পরে গৃহস্বামিদত্ত কাগজখানি আপনার মাথার পাগড়ীতে বাঁধিয়া লইলেন।

তৎকালে গয়াধামে যাইবার নিমিত্ত সুবিধাজনক পন্থা রেলওয়ে আদি হয় নাই। রামনারায়ণ নিজগ্রামে আসিবার কিছুদিন পরেই পার্শ্ববর্ত্তী অপরাপর গ্রামের কতকগুলি লোক সঙ্গে গয়াধামে যাত্রা করেন। পথে যাইতে যাইতে এক দিবস বেলা ৮।৯ টার সময় তাঁহার শৌচাদি কার্য্য সম্পাদন করিবার নিমিত্ত তাঁহাকে পশ্চাদ্বর্ত্তী হইতে হয়; কিন্তু তাঁহার সঙ্গীরা প্রতীক্ষা না করিয়া চলিয়া যাইতে থাকেন। জলসেকাদি করিয়া রামনারায়ণ যে অশ্বত্থ বৃক্ষের মূলে বস্ত্র ছত্র আদি রাখিয়াছিলেন, তাহা লইয়া সসম্ভ্রমে যাইতে লাগিলেন, কিন্তু তাড়াতাড়িতে পাগড়ীটী অশ্বত্থ বৃক্ষের এক শিকড়ের পার্শ্বে যে পড়িয়াছিল, তাহা লক্ষ্য করেন নাই। পথে পাগড়ীর বিষয় স্মরণ হওয়াতেই তিনি ঐ দূরবর্ত্তী অশ্বত্থ বৃক্ষের মূলে পুনর্ব্বার যাইতেছেন, এমত সময় তাঁহার সম্মুখে পাগড়ীটি বায়ুবেগে উন্নীত হইয়া তাঁহার দক্ষিণ হস্তে পড়িল। তিনি ঈষৎ হাস্য করিয়া "বুঝিয়াছি" বলিয়া সাথীদিগের সঙ্গ ধরিবার নিমিত্ত ব্যগ্রতা সহকারে যাইতে লাগিলেন। যে স্থানে কাগজ আদি সহ পাগড়ীটি তাঁহার হস্তগত হইয়াছিল, ঐ স্থানে কোন বৃক্ষ বা লোকাবাস ছিল না। সাথীদিগের সঙ্গ লইবার নিমিত্ত অবশিষ্ট পথ চলিতে তাঁহার কিছুমাত্র কষ্ট হইল না, বরং যেন তাঁহার পশ্চাৎ হইতে কোন ব্যক্তি তাঁহাকে ঠেলিয়া তুলিয়া অনুকূলতা করিতেছে, এইরূপ তাঁহার বোধ হইতে লাগিল। পরে গয়াধামে পৌহছিয়া আত্মীয়বর্গের সমুদ্ধরণের নিমিত্ত যেমন পিণ্ডদানাদি কার্য্য করিয়াছিলেন, ঐ ব্রহ্মদৈত্যের উদ্ধারের নিমিত্তও ভক্তিসহকারে সেইরূপ সমুদায় কার্য্য করিলেন। ইহার পরে গয়াতে থাকিবার সময় একরাত্রিতে তিনি স্বপ্নে

দেখিলেন, যে মাঠে ঝড় উঠায় তিনি পূর্ব্বোক্ত ব্রাহ্মণের বাটীতে আশ্রয় গ্রহণ করিতে বাধ্য হইয়াছিলেন, তিনি যেন সেই মাঠে দণ্ডায়মান এবং সম্মুখে সমুত্থিত ধূমরাশির মধ্য হইতে একটী সূক্ষ্ম দেহ উঠিতেছে। ঐ দেহটী হস্ত উত্তোলন পূর্ব্বক রামনারায়ণের নিকটবর্ত্তী হইয়া তাঁহাকে আশীর্ব্বাদ করিলেন এবং উত্থিত হইয়া ক্রমশঃ আকাশের সহিত যেন মিলিয়া গেলেন।

পরে রামনারায়ণ বাটীতে আসিয়া ঐ ব্রাহ্মণের নিকট সংবাদ পাঠাইয়া দিয়াছিলেন এবং ঐ অবধি তাঁহার বাটীতে কোন উপদ্রব হইতেছে না, ইহাও শুনিয়াছিলেন।

এই সম্বন্ধে কথাবার্ত্তার সময়, রামনারায়ণ জ্যেষ্ঠ পুত্র পণ্ডিত প্রেমচন্দ্র তর্কবাগীশকে এইরূপ কয়েকটী প্রশ্ন করিয়াছিলেন ;— প্রিয়তম পুত্র! আমাদের দেশে গয়াশ্রাদ্ধ করিলেই যে ভূত-যোনিত্ব মুক্ত হয়, এরূপ ধারণা কেন? অপর জাতীয় লোকের এইরূপ মুক্তিলাভের কি পন্থা? এ সম্বন্ধে শাস্ত্রের যুক্তিই বা কি? প্রেমচন্দ্র বলিলেন, পিতঃ! আমার পূজ্যপাদ পিতৃদেব ও মাতৃ-দেবী জীবিত থাকায়, আমি এসম্বন্ধে কোন চিন্তা করি নাই এবং গয়া-মাহাত্ম্যাদি কোন গ্রন্থ দেখি নাই, কিন্তু যতদূর বুঝিতেছি, এ বিষয়ের যুক্তি আমি এইরূপ বুঝি ;—

হিন্দু বা অন্ত জাতীয় মানব আত্মা ইহলোক বা পরলোকে স্ব স্ব প্রকৃতিজ গুণ ও কামনার দাস হইয়া কার্য্যানুবর্ত্তী হইয়া থাকে। ইহলোকে থাকিবার সময় হিন্দুমানবের আত্মা পিণ্ডদান আদি কার্য্য করিয়া বা দেখিয়া থাকেন এবং তদ্দারা স্থূল দেহের বিনিপাতে দেহান্তর প্রাপ্তিরূপ ফল শ্রবণও করিয়া থাকেন। লোকান্তরিত হইয়াও সেইরূপ কামনা বা বাসনার বশবর্ত্তী হইয়া

থাকিতে হয়। আত্মহত্যাকারী বা অপঘাতে মৃত্যুগ্রস্ত ব্যক্তির পিণ্ডোদক ক্রিয়ার কোন বিধি শাস্ত্রে না থাকায়, তাহাদের আত্মা এই ভূলোকেই ঘুরিতে ঘুরিতে বহুকাল ধরিয়া যাতনা-পরম্পরা ভোগ করিয়া থাকে। আকাঙ্ক্ষার নিবৃত্তি অথবা অভাব মোচন না হওয়ায় দুঃখ ভোগ। ঐরূপ দুরাত্মাদিগের আকাঙ্ক্ষার নিবৃত্তি হয় না বলিয়া দুঃখভোগ বহুকাল স্থায়ী। পরিশেষে শান্ত ও সাত্ত্বিক প্রকৃতির লোকের সাহায্যে সমুদ্ধরণের নিমিত্ত লোলুপ হইয়া থাকে। তবে গয়াধামে পিণ্ড প্রদানের মাহাত্ম্য বোধ হয় গদাধরের পাদপদ্মের অবস্থান জন্যই বলিতে হইবে। বিজাতীয়দিগের মধ্যে যাঁহারা পরলোক মানেন, তাঁহাদের শাস্ত্রেও এইরূপ মুক্তিলাভের বোধ হয় কোন বিধান অবশ্য থাকিতে পারে।

রামনারায়ণের দ্বিতীয়া পত্নীর গর্ভে প্রেমচন্দ্রের পরে উপর্য্যুপরি ৩টী কন্যা তৎপরে ৪টী পুত্রের জন্ম হয়। সন ১২৫৮ সালের কার্ত্তিক মাসে চিকিৎসার নিমিত্ত প্রেমচন্দ্রের মাতাকে কলিকাতায় আনিতে হয় শাকনাড়া হইতে আসিবার সময়ে অন্দর বাটীর বহির্দ্বারে প্রেমচন্দ্রের মাতা প্রেমচন্দ্রের পত্নীর দুইটী হাত ধরিয়া বলেন,—"মা! আমি গঙ্গাতীরে চলিলাম; ফিরিয়া আসিব এমন মনে লয় না; দিবার উপযুক্ত আমার কোন সামগ্রী নাই; এই উপদেশটী দিয়া যাই; আমার অনুপস্থিতিতে তুমি বাড়ীর গৃহিণী; তুমি সকলের শেষে আহার করিও; খাইতে বসিতেছ এমন সময় অতিথি-আসিল বলিয়া যদি শুনিতে পাও তবে নিজে না খাইয়া অন্নগুলি অতিথির নিমিত্ত পাঠাইয়া দিও; তোমার ছোট যা-দিগকে এইরূপ করিতে শিখাইয়া দিও; দেখ মা! যেন অতিথি বিমুখ হইয়া না যায়"।

ধন্য গৃহিণী ! ধন্য উপদেশ ! ধন্য তোমার পবিত্র ভারার্পণ ! তোমার পুণ্যে ও প্রসাদে সংসারে অন্নের অভাব নাই, অতিথিরও অভাব নাই, কিন্তু তোমার বংশীয় এখনকার গৃহিণীদের তোমার মত স্নিগ্ধ উদারভাব ও সাত্ত্বিক দান আছে কি না আমরা বলিতে প্রস্তুত নহি। অতিথি ফিরে না ইহাই পরম মঙ্গল এবং ইহা তোমারই পুণ্যফল !

অতিথিসেবার মত গো-সেবা প্রেমচন্দ্রের মাতার একটী সংকল্পিত কার্য্য ছিল। এই নিমিত্ত অন্দরবাটীর নিকটেই একটী স্থান নির্দ্দিষ্ট ছিল। তাহাতে অন্ততঃ একটী গাভী প্রতিদিন রাখিতে হইত। সাংসারিক কার্য্য করিতে করিতে প্রেমচন্দ্রের মাতা গোশালায় একবার যাইতেন এবং গাভীর পদধাবন, গাত্রমার্জ্জন, ললাটে সিন্দুর চন্দন দান এবং নব নব ঘাস ভোজন করাইয়া আত্মাকে পবিত্র জ্ঞান করিতেন। তিনি বলিতেন—স্ত্রীলোকদিগের যত্ন না থাকিলে গাভীর সেবা হয় না এবং রীতিমত গাভীর সেবা না হইলে গৃহস্থের স্বাস্থ্য, বল ও মঙ্গল সাধন হয় না—গরু গৃহস্থের অমূল্য ধন।

ভৃত্যেরা যত্নপূর্ব্বক সেবা করিত না বলিয়া প্রেমচন্দ্রের পিতা এক সময়ে কতকগুলি বৃদ্ধ ও অকর্ম্মণ্য গাভী ও হালের গরু নিজ গ্রাম ও অপর গ্রামের লোকদিগকে বিতরণ করিয়া দিয়াছিলেন। প্রেমচন্দ্রের মাতা এই কথা জানিতে পারিয়া আহার নিদ্রা পরিত্যাগ করেন ! কর্ম্মে অপটু এই বলিয়া গরুগুলি বিলাইয়া দেওয়া অতি কুদৃষ্টান্ত দেখান হইয়াছে বলিয়া স্বামীর সঙ্গে তর্ক করেন এবং বলেন আমরা উভয়েই বৃদ্ধ ও কর্ম্মে অক্ষম হইয়া পড়িয়াছি। ইহা দেখিয়া ছেলেরা একদিন

আমাদিগকে বিলাইয়া দিতে কেন সঙ্কুচিত হইবে? যে ভৃত্য বৃদ্ধ গরুগুলির সেবায় অযত্ন ও অবহেলা করে তাহার দণ্ড বা তাহার স্থানে আর একজনকে নিযুক্ত না করা বাটীর কর্ত্তার দোষ হইতে পারে কি না? ইহার পরে বৃদ্ধ গরুগুলি বাটীতে ফিরিয়া আনিতে হয় এবং যে পর্য্যন্ত সকল গরুগুলিকে গোশালায় প্রত্যাগত না দেখিলেন ততক্ষণ প্রেমচন্দ্রের মাতা জলস্পর্শ করেন নাই।

সত্যনিষ্ঠা যেমন প্রেমচন্দ্রের পিতার একটা বিশেষ গুণ ছিল, তেমনি পরনিন্দায় বিরক্তি তাঁহার মাতার এক অসামান্য গুণ ছিল। তাঁহার মুখে কখনও শত্রুরও নিন্দাবাদ শুনা যায় নাই। একবার অপরের বাটীতে নিমন্ত্রণে যাইয়া তাঁহার একটী পুত্র ভাল খাওয়া হয় নাই, ভাল রান্না হয় নাই, ছেলেদিগকে ভাল করিয়া দেয় নাই বলিয়া নিন্দা করিতেছিল, শুনিয়া তিনি তৎক্ষণাৎ পুত্রটীকে কোলে করিয়া, কি কি খাইবার সামগ্রী হইয়াছিল ইত্যাদি বিষয়ে জিজ্ঞাসা করিতে লাগিলেন এবং পুত্রের মুখেই বিলক্ষণ আয়োজনের কথা বাহির করিয়া লইয়া, বলিলেন "বাপু! গৃহস্থ ত এত সামগ্রী পত্র করিয়াছিল; ভাল রান্না অথবা পরিবেশনের ভাল বন্দোবস্ত না হওয়াতে তত দোষ কি? পরের বাটীতে খাইয়া কখন নিন্দা করিও না। এইটিতে বড় পাপ জ্ঞান করিও"। মাতার এই উপদেশ পুত্রের অন্তরে নিয়ত জাগরূক থাকিল।

এই সকল গুণে প্রেমচন্দ্রের মাতা সকলেরই ভক্তিভাজন হইয়াছিলেন। নয়নচন্দ্র প্রেমচন্দ্রের পিতা ও অন্যান্য লোকের সঙ্গে বিরোধ এবং সামান্য ছল পাইয়া মোকদ্দমা করিতেন।

মোকদ্দমা বিচারের নির্দ্ধারিত দিবসে নয়নচন্দ্র "বড় বৌ" "বড় বৌ' বলিয়া প্রেমচন্দ্রের মাতাকে আহ্বান করিতেন, তাঁহাকে খিড়্‌কীদ্বারে একবার দাঁড়াইতে অনুরোধ করিতেন এবং তাঁহার মুখ দেখিয়া যাত্রা করিলে মোকদ্দমায় জয়লাভ করিবেন বলিয়া দূর হইতে ভক্তিপূর্ব্বক প্রণাম করিয়া যাইতেন।

গ্রীষ্মকালের একদিন বেলা তৃতীয় প্রহর অতীত। প্রখর রৌদ্রতাপে সকলেই অবসন্ন। প্রেমচন্দ্রের পিতা সদরবাটীর চণ্ডীমণ্ডপের একপার্শ্বে শয়ান অবস্থায় রহিয়াছেন। নিকটে কয়েকটী বালক বালিকা শুইয়া রহিয়াছে। সম্মুখের পর্দ্দাগুলি বায়ুভরে ইতস্ততঃ চালিত হইতে দেখিয়া একটী বালক তাহা খুঁটির সঙ্গে বাঁধিয়া দিতেছে। প্রেমচন্দ্রের মাতা একটী জলপাত্র হস্তে তথায় উপস্থিত। স্বামী নিদ্রাগত ভাবিয়া কিয়ৎক্ষণ নীরবভাবে দাঁড়াইয়া থাকিলেন। পরিশেষে পদতলে বসিয়া স্বামীর পায়ে হাত বুলাইতে লাগিলেন। স্বামী তৎক্ষণাৎ জাগৃত হইলে পাদোদক লইবেন বলিয়া স্বামীকে জানাইলেন। "কি! এখন পর্য্যন্ত জলস্পর্শ হয় নাই? এখন পাদোদকের চেষ্টা? আর একটু হইলেই ত মরণ উপস্থিত হইবে, তখন একেবারেই গঙ্গাজল দিবেন—আর পাদোদকের প্রয়োজন নাই; অদ্যই এই নিয়ম পরিত্যাগ কর" বলিয়া স্বামী অনেক তিরস্কার করিতে লাগিলেন। পাদোদক পান বহুদিনের নিয়ম—অদ্য সকল কার্য্যের শেষে জল খাইতে গিয়া দেখি পাদোদকের ঘটী-মধ্যে যে সামান্য জল ছিল তাহাতে কয়েকটা আর্শলা মরিয়া রহিয়াছে—সুতরাং ঐ জল আর পান করা হয় নাই, নিকটে ছেলেরাও কেহ ছিল না বলিয়া স্বয়ং নূতন পাদোদক লইতে আসিয়াছেন বলিয়া গৃহিণী

জানাইলেন। এই রৌদ্রতাপ-সময়ে সকলেই পিপাসায় কাতর, সাংসারিক কার্য্য করিতে করিতে যথাসময়ে কি কিছু খাওয়া ও একটু জলপানের অবকাশ হয় না বলিয়া স্বামী পুনর্ব্বার বকিতে লাগিলেন। বাটীর সকল লোক, অভ্যাগত এবং ভৃত্যগণের আহারের পূর্ব্বে বাটীর গৃহিণীর আহার বা জলপান করা অনুচিত, যে স্থানে এই নিয়মের বিপরীত প্রথা প্রবেশ করিয়াছে সেই গৃহস্থের লক্ষ্মীশ্রী বেশি দিন টিকে না, সকলের আহারেই তাঁহার তৃপ্তি, এই নিয়ম পালনেই এতদিন কাটিল—জীবনের আর অল্পদিন বাকি, তিরস্কারের সময় বা বিষয় নহে, এখন প্রসন্ন মনে পাদোদক দিউন—এই কথা গৃহিণী জানাইলেন এবং তাহা গ্রহণ ও প্রণাম করিয়া বাটীর মধ্যে চলিয়া গেলেন। কি একাগ্রতা! কি কঠোরপ্রাণ! এই কথা মৃদু মন্দ ভাবে বলিতে বলিতে প্রেমচন্দ্রের পিতা নীরব হইলেন।

সন ১২৫৮ সালের ৫ই পৌষের সন্ধ্যার সময়ে নিমতলার গঙ্গার গর্ভে প্রেমচন্দ্রের মাতার মৃত্যু হয়। তাঁহার পিতা রামনারায়ণ শাকনাড়ার বাটীতে ছিলেন। তখন উক্ত রাত্রিশেষে রামনারায়ণ বাহির বাটী হইতে অন্দর-বাটীর মধ্যে গিয়া প্রেমচন্দ্রের পত্নীকে জাগরিত করিয়া বলিলেন—এই রাত্রিতে গৃহিণীর মৃত্যু হইয়াছে, প্রাতে তেঁতুল গাছ আদি কাটাইবার এবং শ্রাদ্ধের অন্যান্য আয়োজন ও বন্দোবস্ত করিবার জন্য লোকজনকে বলিয়া দাও। প্রেমচন্দ্রের পত্নী বিস্ময়ান্বিত হইয়া কলিকাতা হইতে এই বিষয়ে কোন সমাচার আসিয়াছে কি না বলিয়া জিজ্ঞাসিলেন। রামনারায়ণ বলিলেন,—গৃহিণী স্বয়ং আসিয়া এখনি আমায় এই সমাচার দিয়া গেলেন, অন্যরূপে কোন

সমাচার পাই নাই। রাত্রিশেষে দেখিলাম,—গৃহিণী পদতলে বসিয়া আমার গাত্রে হাত বুলাইতেছেন; তাঁহার মস্তকে ও কপালে অনেক সিন্দুর লেপা; একখানা আর্দ্র শাড়ী পরা, তাহাতে অনেক কালীর রেখা দাগ, বাম হস্তে খানিক তুলা. এই দেখিয়া উঠিয়া শয্যায় বসিলাম, তুলা ও আর্দ্রবস্ত্রের স্পর্শ অনুভব করিতেছি এবং গৃহিণীর এইরূপ আকার দেখিতেছি বলিয়া স্পষ্ট বোধ করিলাম। অঙ্গুলি নির্দ্দেশে একটী পথ দেখাইয়া আমি এই পথে চলিলাম তুমি আইস—এই বলিয়া গৃহিণী চলিয়া গেলেন।

পাঠক! আপনাকে আমি এই আকর্ষণীশক্তির তত্ত্ব এবং এইরূপ অলৌকিক লোমহর্ষণ ব্যাপার বুঝাইতে অক্ষম! প্রেমচন্দ্রের পিতা ও মাতা ইহা বুঝাইতে পারিতেন কি না জানি না। এখন অবিশ্বাস পরিহার করিয়া স্থিরচিত্তে আপনি স্বয়ং বুঝিবার চেষ্টা করুন। যে কয়েকটী কথার ব্যাখ্যা আবশ্যক কেবল তাহাই আমরা বলিয়া দিতেছি।

ঘটনাটী ঠিক্। প্রেমচন্দ্রের পিতা স্বপ্ন দেখেন নাই ইহাও ঠিক্। তিনি ভয় পান নাই, নিকটে যে যে লোক শয়ন করিয়াছিল তাহাদিগকে জাগাইয়া পূর্ব্বকথিত অবস্থায় গৃহিণীকে যাইতে দেখিল কি না জিজ্ঞাসিয়াছিলেন ইহাও ঠিক্। প্রেমচন্দ্রের পত্নী কেবল শ্বশুর মহাশয়ের এই কথার উপর নির্ভর করিয়াই প্রাতে কাষ্ঠ আদির আয়োজনের বন্দোবস্ত করিয়া দিয়াছিলেন ইহাও ঠিক্। পল্লীগ্রামে প্রথমতঃ কাষ্ঠের আয়োজনই প্রধান আয়োজন। প্রেমচন্দ্রের মাতাকে তীরস্থ করিবার সমাচার বাটীতে পাঠান হয় নাই; কলিকাতা হইতে শাকনাড়া দুই দিনের পথ। তখন রেলওয়ে অথবা টেলিগ্রাফের বন্দোবস্ত ছিল না।

দুই দিনের দিন এই মৃত্যুসমাচার লইয়া লোক শাকনাড়ায় পৌঁছে। তখন শ্রাদ্ধের আয়োজন আরম্ভ হইয়াছিল। প্রেমচন্দ্রের ভগিনীরা মাতার পীড়ার সময়ে শুশ্রূষা নিমিত্ত গঙ্গাতীরে উপস্থিত ছিলেন। উঁহারা পতিপুত্রবতী মাতার মুমূর্ষু সময়ে তাঁহার ললাটে ও মস্তকে অনেক সিন্দুর এবং বামকরে একটা তূলার পাঁজ দিয়াছিলেন। পাঁজ দেওয়ার কথা আমরাও তখন জানিতে পারি নাই। দাহ করিবার পূর্ব্বে যে একখানি রাঙ্গাপেড়ে কাপড় নিমতলার এক দোকান হইতে কেনা হয়, তাহাতে দোকানদার কয়লা দিয়া হাটে অন্যান্য অনেক কাপড় কিনিবার হিসাব লিখিয়াছিল। গঙ্গাজলে সিক্ত করিয়া কাপড়খানি পরিধান করাইবার সময়ে কালীর দাগ সকল দেখা যায়। প্রেমচন্দ্র এমত কালদাগওয়ালা শাড়ী খরিদ করিবার নিমিত্ত আপন চতুর্থ ভ্রাতাকে তিরস্কার করেন। অগত্যা রাত্রিতে ঐ কাপড়ই পরান হয় ও দাহাদি কার্য্য নিষ্পন্ন হয়।

এখন রামনারায়ণের প্রত্যক্ষীভূত রাত্রিকার বৃত্তান্ত মনে মনে সঙ্গতরূপে পাঠক গড়িয়া লইতে পারেন, কিন্তু প্রেমচন্দ্রের মাতা ইহলোকে হইতে যাত্রা করিবার সময়ে স্বামীর পাদস্পর্শ করিয়া যে বিদায় গ্রহণ করিয়াছিলেন, তদ্বিষয়ে তাঁহার স্বামী ব্যতীত অপর সাক্ষী ছিল না।

সন ১২৬০ সালে প্রেমচন্দ্রের পিতার পক্ষাঘাত হয়। তাঁহাকে গঙ্গাতীরস্থ করিবার উদ্দেশে শাকানাড়া হইতে প্রথমে বৈদ্যবাটীতে আনা হয়। এই বংশীয়দের পরম বন্ধু প্রসিদ্ধ ডাক্তার দুর্গাচরণ বন্দ্যোপাধ্যায় তথায় তাঁহাকে দেখিতে যান। তিনি রামনারায়ণের স্নিগ্ধ গম্ভীর, মুখমণ্ডল দেখিয়া বিস্মিত হয়েন এবং এরূপ মুখশ্রীযুক্ত ব্যক্তি সাধুতা ও বদান্যতা আদি উন্নত গুণেরই

আধার হইবেন, ইহার ব্যভিচারের সম্ভাবনা কম বলিয়া প্রকাশ করেন। আকার নিরীক্ষণ করিয়াই তিনি বলিলেন,—অল্প দিন মধ্যে ইহাঁর মৃত্যু হইবে না। গঙ্গাতীরে রাখিবার প্রয়োজন নাই। চিকিৎসা করাইবার ইচ্ছা থাকিলে কলিকাতায় লইয়া যাওয়া কর্ত্তব্য। তদনুসারে উহাঁকে কলিকাতায় আনা হয়। পরে সন ১২৬১ সালের কার্ত্তিক মাসে ৮০ বৎসর বয়সে রাম নারায়ণের মৃত্যু হয়।

দ্বিতীয় পরিচ্ছেদ।

বাল্য ও শিক্ষা।

নৃসিংহ তর্কপঞ্চানন প্রেমচন্দ্রের একটি জন্মপত্রিকা প্রস্তুত করিলেন, এবং এই বালক স্থিরবুদ্ধি, জ্ঞানী ও সুকবি হইবে বলিয়া রামনারায়ণকে বার বার বলিতে লাগিলেন। জাতচক্র ও জন্ম পত্রিকা নিম্নে লিখিত হইল।



জন্ম।

শকাব্দ ১৭২৭।০।১।৩৮।৩২।
খৃষ্টাব্দ ১৮০৬।৪।১২।

নৃসিংহ জ্যোতিষ শাস্ত্রে বিলক্ষণ ব্যুৎপন্ন ছিলেন। তিনি দেখিলেন জাতকের লগ্নে বৃহস্পতি অনুকূল। পঞ্চম মীনে অর্থাৎ বুদ্ধিস্থানে বুধ এবং শুক্রগ্রহ অবস্থিত এবং তাহাতে লগ্নাধিপ ও একাদশস্থ চন্দ্রের সম্পূর্ণ দৃষ্টি। রবি ষষ্ঠস্থানবর্ত্তী তুঙ্গী। রবি ও শুক্রগ্রহ মেষ ও মীনে অবস্থিত থাকায় সম্পূর্ণ উচ্চ যোগ ছিল। ইহাতে জাতক সৌম্যমূর্ত্তি, মধ্যাকার, ধী-শক্তিসম্পন্ন, ধার্ম্মিক, স্থিরচিত্ত, সদুপদেষ্টা, মন্ত্রজপপরায়ণ, রাজমান্য, বিদ্বান, অধ্যাপক এবং সুকবি হইবে বলিয়া স্থির করা অসঙ্গত হয় নাই। প্রেমচন্দ্রের জীবনচরিতে কোষ্ঠীর কথা আর দুই একবার বলিতে হইবে। পাঠকগণ মনে করিবেন না যে জ্যোতিষের ফলাফলে বিশ্বাস করিতে তাঁহাদিগকে অনুরোধ করিতেছি। ভারতবর্ষ জ্যোতিষশাস্ত্রের জন্মভূমি হইলেও এক্ষণে ইহার সম্যক্‌রূপ তত্ত্বানুসন্ধানের অভাব এবং লোকদিগের শ্রদ্ধার হ্রাস দেখিয়া এই বিষয়ে ভয়ে ভয়ে কথাবার্ত্তা বলিতে হইতেছে। এক সময়ে ভৃগু, পরাশর, বশিষ্ঠ, বরাহ, মিহির প্রভৃতি আর্য্যজ্যোতির্বিদ্‌গণ এবং আরিষ্টটল, টলেমি, কেপ্‌লার প্রভৃতি বিখ্যাত পাশ্চাত্য দার্শনিকগণ এই শাস্ত্রের ফলোপধায়কতা প্রত্যক্ষ করিয়া ইহার গৌরব সমর্থনে যথেষ্ট চেষ্টা করিয়াছিলেন। আজকাল অর্থলোলুপ কতকগুলি অদূরদর্শী লোকের হস্তে পড়ায় এই শাস্ত্রের ফলবত্তার প্রতি অনেকের অশ্রদ্ধা জন্মিতেছে সন্দেহ নাই। যাহা হউক, বাল্যকালে প্রেমচন্দ্রের বিদ্যাশিক্ষাবিষয়ে তত্ত্বাবধানের ভার যাঁহাদের উপর ন্যস্ত ছিল, তাঁহাদের জ্যোতিষী গণনায় সম্পূর্ণ বিশ্বাস ছিল এবং স্বয়ং প্রেমচন্দ্র নিজ কোষ্ঠীর লিখিত ফলাফলে চিরকাল দৃঢ় বিশ্বাস করিতেন এবং তাঁহার জীবনে গ্রহসূচিত কতকগুলি শুভ ও কতকগুলি অশুভ ফল যে

প্রকৃতরূপে ফলিয়াছিল তাহা অনুভব করিয়াছিলেন। রামনারায়ণ পণ্ডিত না হইলেও নৃসিংহের বচনানুসারে প্রেমচন্দ্র একজন বিদ্বান্ ও ভাগ্যবান বড় লোক হইবে এই একটী তাঁহার বলবতী ধারণা ছিল এবং এই ধারণাবশতঃ তিনি প্রেমচন্দ্রের শিক্ষাবিষয়ে প্রথমাবধি সাতিশয় যত্নবান ছিলেন। ইহাতে প্রেমচন্দ্রের এই সময়ে যে অনেকটা মঙ্গল ঘটিয়াছিল তাহাতে সংশয় নাই। গ্রহগণের অবস্থান-সূচিত ফলের তারতম্য প্রায় সর্ব্বদা দেখা যায়। ইহার কারণ অনেক। অক্ষাংশ, দেশ ও জাতিভেদে এবং পিতামাতার যোগ এবং শারীরিক ও মানসিক বৃত্তি ভেদে ফলের বৈলক্ষণ্য দৃষ্ট হয়। কবিবর লর্ড বায়রণের জাতচক্রের পঞ্চম স্থানে শনিসহচরিত শুক্রগ্রহের অবস্থান এবং প্রেমচন্দ্রের লগ্নের উক্ত পঞ্চম গৃহে শুক্র এবং বুধ দুইটী উচ্চ গ্রহের অবস্থান দৃষ্ট হয়, অথচ উভয়ের কবিত্বশক্তির অপার তারতম্য দেখা যায়। দেশ জাত্যাদি ভেদে ফলের বিভিন্নতা অপরিহার্য্য।

প্রথমতঃ পাঠশালার শিক্ষাপ্রণালী অনুসারে বর্ণজ্ঞানাদি জন্মিলে নৃসিংহ প্রেমচন্দ্রকে সংস্কৃত শিখাইবার মানসে সংক্ষিপ্তসার ব্যাকরণ পড়াইতে আরম্ভ করিলেন। চূড়াসংস্কার সময়ে উপস্থিত থাকিয়া বিধিপূর্ব্বক গায়ত্রী শিক্ষা করাইলেন। অল্প দিন মধ্যেই প্রেমচন্দ্রের বুদ্ধিমত্তা দেখিয়া নৃসিংহ তাঁহাকে যত্ন ও স্নেহের একাধার জ্ঞান করিতে লাগিলেন। কিন্তু আপন ভবিষ্যৎ বাণীর ফল প্রত্যক্ষ করা নৃসিংহের ভাগ্যে ঘটিয়া উঠিল না। প্রেমচন্দ্রের ব্যাকরণ পাঠ শেষ হইতে না হইতেই নৃসিংহের মৃত্যু হইল।

নৃসিংহের মৃত্যুর পরে প্রেমচন্দ্র ব্যাকরণের অবশিষ্ট অংশ অধ্যয়ন করিবার নিমিত্ত মাতুলালয়ে রঘুবাটী গ্রামে প্রেরিত

হয়েন। তথায় সীতারাম ন্যায়বাগীশ নামে একজন বিখ্যাত বৈয়াকরণিক অধ্যাপনা করিতেন। শাকনাড়ার অতি নিকটবর্ত্তী পাষণ্ডা গ্রামে আপন জ্ঞাতি রামদাস ন্যায়পঞ্চানন প্রভৃতির দুই খানি চতুষ্পাঠী ছিল। তথায় রামনারায়ণ প্রেমচন্দ্রকে পাঠাইলেন না। নৃসিংহের ভবিষ্যৎ বচন রামনারায়ণের হৃদয়ে জাগরূক ছিল। প্রেমচন্দ্র বিখ্যাত বিদ্বানের নিকটে উপদেশ পান ইহাই তাঁহার প্রধান উদ্দেশ্য। প্রেমচন্দ্র রঘুবাটীতে মাতুলালয়ে থাকিয়া ন্যায়বাগীশের টোলে ব্যাকরণ পড়িতে লাগিলেন। অল্প দিন মধ্যেই তীক্ষ্ণবুদ্ধির পরিচয় পাইয়া ন্যায়বাগীশ প্রেমচন্দ্রের উপর সাতিশয় সন্তুষ্ট হইলেন এবং তাঁহার শিক্ষা বিষয়ে যত্ন করিতে লাগিলেন। কিছুকাল উত্তমরূপে পড়াশুনা চলিতে লাগিল। কিন্তু মাতুলালয়ে থাকিবার সুবিধা হইবে বলিয়া তিনি যে আশা করিয়াছিলেন, তাহা ভ্রমাত্মক বলিয়া প্রতিপন্ন হইল। প্রেমচন্দ্রের মাতুলেরা বড় সজ্জন ছিলেন না। ইহারা হুগলী জিলার অন্তঃপাতী খামারপাড়া গ্রামের রায়বংশীয়। নবাব-প্রদত্ত সম্পত্তি ও মর্য্যাদা পাইয়া ইহাঁরা অত্যন্ত গর্ব্বিত হইয়াছিলেন। রঘুবাটী অঞ্চলে ইহাঁদের কতক ভূমি সম্পত্তি ছিল। ইহাঁরা দরিদ্র ভগিনীপতি রামনারায়ণ ও তাঁহার সন্তানদিগকে সস্নেহ নয়নে দেখিতেন না; বরং অবজ্ঞা করিতেন। জন্মাবধি অদীনস্বভাব প্রেমচন্দ্র এরূপ কুটুম্বদের বাটীতে অন্নদাস হইয়া বহুদিন যে থাকিতে পারিবেন, এরূপ সম্ভাবনা ছিল না। কিয়ৎকাল মধ্যেই মাতুলদিগের সহিত তিনি কলহ করিয়া বাটীতে ফিরিয়া আসিলেন।

ব্যাকরণ পাঠান্তে কাব্যশাস্ত্রের আলোচনা হয় বলিয়া তাঁহার পিতার আগ্রহ জন্মে। কাব্য ও অলঙ্কার উভয় শাস্ত্র পড়িবেন

বলিয়া প্রেমচন্দ্র ইচ্ছা প্রকাশ করেন। তৎকালে রাঢ়মধ্যে এই দুই শাস্ত্রের অধ্যয়ন ও অধ্যাপনা অতিশয় বিরল হইয়া উঠিয়াছিল। ব্যাকরণে কিছু ব্যুৎপত্তি জন্মিলে রঘুনন্দনকৃত নবস্মৃতির ২।৪ পাতা নাড়িয়া চাড়িয়া অনেকেই এক একটী চতুষ্পাঠী খুলিয়া পণ্ডিত নাম ধারণ করিতেন। পল্লীগ্রামের পণ্ডিতগণ প্রায় নিরন্ন। সম্পন্ন লোকদিগের আর্থিক সাহায্য এবং ক্রিয়াকলাপ উপস্থিত হইলে বিদায় আদি হইতে অর্থাগম ক্রমশঃই কমিয়া আসিতেছিল। নিজ ব্যয়ে বহু ছাত্র পোষণ পূর্ব্বক অধ্যাপনা অনেকের সাধ্যায়ত্ত ছিল না।

বিখ্যাত অধ্যাপক এবং থাকিবার সুবিধাজনক স্থান আদির সন্ধান করিতে করিতে যে কিছুদিন প্রেমচন্দ্রকে বাটীতে বসিয়া থাকিতে হয়, এই সময় প্রেমচন্দ্রের জীবনের অতি রমণীয় সময়। তখন তাঁহার বয়স ১৩।১৪ বৎসর। এই সময়ে তাঁহার হৃদয়ের সহজ ভাবের মধুর গীতিময় উচ্ছ্বাস স্ফুরিত এবং কবিত্বকুসুমের কোরক বিকসিত হইতে আরম্ভ হয়। এই সময়ে তিনি অলঙ্কার-পরিচ্ছদশূন্য মধুর সরলতাপূর্ণ গীতিময় কবিতা-শরীর সরল কোমল মাতৃভাষায় গড়িতে আরম্ভ করেন। তৎকালে নিজগ্রামে এবং নিকটবর্ত্তী অনেক গ্রামেই তর্জা গাওনার দল হইয়াছিল। এক্ষণে তর্জা গাওনার প্রথা লুপ্তপ্রায় হইয়া গিয়াছে। আমরা যে সময়ের কথা বলিতেছি, তখন তর্জার বড় সমাদর ছিল। দুই দলে কবিওয়ালাদের মত আড়া আড়ি ভাবে সঙ্গীত চলিত। কিন্তু কবিওয়ালাদের মত ইহারা দাঁড়াইয়া গাহিত না, আসরে বসিয়া গান করিত। কাজেই ইহাকে গ্রাম্য হাফ্ আকড়াই বলিলেও বলা যাইতে পারে। প্রেমচন্দ্র একদলের নিমিত্ত গান

বাঁধিয়া দিতেন। চাপান অপেক্ষা সুশ্রাব্য উত্তর-গান প্রস্তুত করা তাঁহার অনায়াসসাধ্য হইয়া উঠিয়াছিল। তাঁহার রচিত সরল উত্তর-গীত গাইবার সময়ে ঐ দলের লোকেরা যত বাহবা পাইত, ততই তাহাদের প্রেমচন্দ্রের উপরে অনুরাগ ও ভক্তি বাড়িত। কথিত আছে, রাত্রিকালে গ্রামান্তরে যাইতে হইলে ঐ দলের লোকেরা প্রেমচন্দ্রের পিতার অজ্ঞাতসারে তাঁহাকে মহাসমাদরে স্কন্ধে লইয়া দৌড়িত এবং আসরের অনতিদূরে কাহারও ঘরের দুয়ারে বা বৃক্ষতলে বসাইয়া উত্তর-গান রচনা করাইয়া লইত। ইহার নিমিত্ত প্রেমচন্দ্রের নিকটে আলোক, দোয়াত, কলম, কাগজের প্রয়োজন হইত না। এই উপলক্ষে প্রেমচন্দ্র মুকুন্দরাম, কবিকঙ্কণ, কীর্ত্তিবাস, কাশীরাম দাস প্রভৃতির সুসজ্জিত ভাণ্ডার সকলের সামগ্রী-পত্র দেখিয়া লয়েন। এইগুলি তিনি বয়ঃপরিণামে কালিদাস, ভবভূতি প্রভৃতির মনোহর বাজারের জাঁকজমক এবং আপন দোকানের ঘসা মাজা স্বচ্ছ জিনিসগুলি দেখিয়াও বিস্মৃত হয়েন নাই। আদিম বাঙ্গালা কবিগণের যেখানে যে ভাল ভাল জিনিষ যেমন ভাবে সাজান আছে, তাহার হিসাব তিনি মুখে মুখে দিতে পারিতেন। যাহা হউক, এইরূপে বাল্যবয়সেই প্রেমচন্দ্রের রচনাশক্তি যে বিলক্ষণ পরিচালিত হইয়াছিল তদ্বিষয়ে সন্দেহ নাই।

এই সময়ে প্রেমচন্দ্রের পিতা তাঁহাকে শাকনাড়ার দক্ষিণ পশ্চিমে পাঁচ ক্রোশ দূরে অবস্থিত হুয়াড়্‌গ্রামের জয়গোপাল তর্কভূষণের টোলে প্রবিষ্ট করাইয়া আসিলেন। হুয়াড়্‌গ্রাম অতি ক্ষুদ্র গ্রাম। তর্কভূষণ তৎকালে রাঢ়দেশে ব্যাকরণ, কাব্য, অলঙ্কার আদি শাস্ত্রে অদ্বিতীয় পণ্ডিত. ছাত্রসংখ্যা বিস্তর।

তর্কভূষণের বাটীতে স্থানাভাব। টোলে অবস্থান এবং একটী ব্রাহ্মণের বাটীতে প্রেমচন্দ্রের আহারের বন্দোবস্ত হয়। আহারের বিনিময়ে ব্রাহ্মণের দুইটী অল্পবয়স্ক পুত্রের ব্যাকরণ অধ্যাপনার ভার প্রেমচন্দ্রকে গ্রহণ করিতে হয়। টোলে প্রেমচন্দ্র ব্যাকরণের অবশিষ্টাংশ, তাহার টীকা, কাব্য ও অলঙ্কার ক্রমে পাঠ করিলেন। তর্কভূষণের শিক্ষাপ্রণালী অতি উত্তম ছিল। প্রত্যেক ছাত্রের পাঠ সম্যক্‌রূপে বুঝাইয়া দিতে তিনি নিয়ত যত্ন করিতেন। ইহা ব্যতীত তিনি যখন সাংসারিক কার্য্যে ব্যাপৃত থাকিতেন, তখন জ্ঞানবান্ ছাত্রদিগকে সঙ্গে সঙ্গে ফিরিতে বলিতেন এবং এই অবকাশে সরল সংস্কৃত ভাষায় পদ, বাক্য, কবিতাচরণ আদি পূরণ করিতে বলিতেন। এই সকল বিষয়ে প্রেমচন্দ্র অল্পদিন মধ্যেই তর্কভূষণ মহাশয়ের অতি প্রিয় ছাত্র হইয়া উঠিয়াছিলন। কোন স্থানে নিমন্ত্রণ হইলে তিনি প্রেমচন্দ্রকে সঙ্গে করিয়া লইয়া যাইতেন। চতুষ্পাঠীর অধ্যাপকদিগের এই নিয়ম ছিল, যে তাঁহারা নিমন্ত্রণে যাইবার সময়ে প্রধান প্রধান ২।১টি ছাত্রকে সঙ্গে লইয়া যাইতেন। ঐ ছাত্রেরা সভাস্থলে সমবেত অন্যান্য অধ্যাপকদিগের ছাত্রের সঙ্গে বিচার করিয়া জয়লাভ করিলে অধ্যাপকের গৌরব বৃদ্ধি হইত এবং ছাত্রেরাও কিছু কিছু বিদায়, পাইত। প্রেমচন্দ্র যেখানে যাইতেন প্রায় সর্ব্বত্র জয়ী হইয়া গুরুর আনন্দ বর্দ্ধন করিতেন। এইরূপ নিমন্ত্রণ উপলক্ষে প্রেমচন্দ্রকে গুরুর সহিত অনেক দূরতর স্থানে গমন করিতে হইত এবং অনেক বিষয়ে ক্লেশ পাইতে হইত। বয়ঃপরিণামে তিনি সময়ে সময়ে এই সকল বিষয়ের গল্প করিতেন। তিনি বলিতেন —দূরে যাইতে হইলে পথে তাঁহার পা ফুলিয়া যাইত। পথিমধ্যে

আহারাদির নানাপ্রকার অসুবিধা ও কষ্ট হইত। অধ্যাপকের সঙ্গে না গেলেও পাঠ বন্ধ হইত। বাটীতে আসিবারও সুযোগ থাকিত না, পিতা তিরস্কার করিতেন। প্রেমচন্দ্র ইহাও বলিতেন, তর্কভূষণ মহাশয়ের সঙ্গে চলিবার সময়ে পথশ্রম বিস্মৃত হইবার এক অতি চমৎকার উপায় ছিল। তিনি পথে যাইতে যাইতে যাহা দুই পার্শ্বে দেখিতে পাইতেন তাহারই সংস্কৃত ভাষায় বর্ণনা করিতে ছাত্রকে আদেশ করিতেন। ভালরূপ কোন বর্ণনীয় বিষয় দেখিতে না পাইলে বাঙ্গলাভাষায় এক একটী বাক্য বলিয়া সংস্কৃত ভাষায় অনুবাদ করিতে বলিতেন। এইরূপে গদ্যরচনায় প্রেমচন্দ্রের কিঞ্চিৎ পরিপকতা জন্মিলে তিনি তাঁহাকে মুখে মুখেই কবিতা রচনা শিখাইতে আরম্ভ করেন। প্রেমচন্দ্রের রচিত কবিতা পুনরাবৃত্তি করিয়া তর্কভূষণ মহাশয় স্থানে স্থানে এক একটী শব্দ, পদ, বাক্য ও চরণ এরূপ ভাবে পরিবর্ত্তন করিয়া দিতেন যে, প্রেমচন্দ্রের মনে আনন্দের পরিসীমা থাকিত না। তিনি বলিতেন,—টোলে বসিয়া পড়া অপেক্ষা নিমন্ত্রণের সময়ে অধ্যাপকের সঙ্গে যাওয়ায় তাঁহার সমধিক উপকার হইত। কারণ, তৎকালে কেবল তাঁহারই উপর গুরুর সম্পূর্ণ মনোযোগ পড়িত এবং প্রশ্নোত্তরচ্ছলে সমুদয় বিষয় যেমন বিশদরূপে হৃদয়ঙ্গম হইত, কেবল পুস্তক পড়িয়া তেমন হইত না।

এইরূপে অধ্যাপকের প্রিয় শিষ্য হওয়াতে প্রেমচন্দ্রের যদিও অনেক বিষয়ে সুবিধা হইয়াছিল, কিন্তু অন্যান্য বিষয়ে তাঁহার পাঠ্যাবস্থা বড় কষ্টের সময় ছিল। চতুষ্পাঠীর ছাত্রগণমধ্যে কনিষ্ঠ হইলেও পড়াশুনায় অধ্যাপক সর্ব্বাপেক্ষা তাঁহারই প্রশংসা করিতেন। ইহাতে বয়োজ্যেষ্ঠ ছাত্রেরা তাঁহার প্রতি ঈর্ষ্যা

প্রকাশ করিত। কেহ তাঁহার পুঁথির পাতা ছিঁড়িয়া রাখিত, কেহ তাঁহার রাত্রিকালে পাঠের নিমিত্ত সঞ্চিত তৈল ফেলিয়া দিত বা ভাণ্ড হইতে ঢালিয়া লইত, কেহ তাঁহার পুটুলি হইতে পয়সা কড়ি বাহির করিয়া লইত। এই সকল এবং অন্যান্য বিষয় লইয়া উহাদের সহিত বাদানুবাদ হইলে তাঁহাকেই চড়্টা চাপড়্টা সহ্য করিতে হইত। এতদ্ব্যতীত আহারের ক্লেশও একটী অপ্রতিবিধেয় যন্ত্রণার কারণ ছিল। যে ব্রাহ্মণের বাটীতে তাঁহাকে আহার করিতে হইত, তাঁহার সাংসারিক ব্যাপারে তাদৃশ সচ্ছলতা ছিল না। তাঁহার গৃহিণী আবার বিষম কৃপণস্বভাবা ছিলেন। প্রেমচন্দ্রের পিতা ঐ ব্রাহ্মণকে কিছু কিছু সাহায্য করিতে চেষ্টা করিতেন কিন্তু ব্রাহ্মণের সে বিষয়ে বিলক্ষণ অভিমান থাকায়, কিছু লইতে স্বীকৃত হইতেন না। নানা কৌশলে প্রেমচন্দ্রের পিতাকে তাহা দিতে হইত। প্রেমচন্দ্র শেষ বয়স পর্য্যন্ত মধ্যে মধ্যে এই সকল বিষয়ে অনেক হাস্যজনক গল্প করিতেন। বর্ত্তমান কালের পাঠার্থীদের ঐ গল্পসকল প্রীতিপ্রদ হইবে না বলিয়া বলিতে বিরত থাকিলাম।

তুয়াড়্ গ্রামে অধ্যয়নকালে প্রেমচন্দ্র তর্জা গাওনার কথা ভুলেন নাই। পূর্ব্ব কথিত দলের লোকেরা মধ্যে মধ্যে তাঁহার নিকটে গিয়া গান বাঁধিয়া আনিত। সংগীতরচক বলিয়া খ্যাতি প্রকাশ হইলে অনেক গ্রামের বৈষ্ণবেরা মকর ও মধুসংক্রান্তির সময়ে তাঁহার নিকট গান রচনা করাইয়া লইত। প্রথম মুদ্রণসময়ে আমরা তাঁহার রচিত কোন একটী সম্পূর্ণ সংগীত পাইবার নিমিত্ত বিস্তর চেষ্টা করিয়াছিলাম, দুর্ভাগ্যবশতঃ সে বিষয়ে বিফলযত্ন হইয়া একটীমাত্র উত্তর-গীতের এই খানিকটা পাইয়া মুদ্রিত করিয়াছিলাম।

“অপযশ কেন গাও অকারণ ?
নহে সে সেরূপ রমণী, কামিনীকুল-শিরোমণি,
অতুল মানিনী ;
আগে ছিল মুনিসুতা, হ’লো দ্রুপদ-দুহিতা.
দেবতারূপিণী :
এ নহে কাম-চপলতা. তার তপ-সফলতা
দেববরে পঞ্চ পতির বরণ ॥”

পরে অনুসন্ধানে আমরা প্রেমচন্দ্রের বাল্যরচিত আর কয়েকটী গীতের কতক কতক অংশ এবং একটী সম্পূর্ণ গীত পাইয়াছি। তন্মধ্যে সম্পূর্ণ গীতটী নিম্নে উদ্ধৃত করিলাম। প্রেমচন্দ্র যে দলের নিমিত্ত গীত রচনা করিতে গিয়াছিলেন, ঐ দলে অধিকাংশ চাষা ও তাঁতি গায়ক ছিল এবং সদ্গোপ অর্থাৎ চাষাজাতীয় এক ব্যক্তি গীতরচয়িতা ছিল। বিপক্ষদলে কলু ও কলুর ব্রাহ্মণই অধিক এবং দুইজন কলুর ব্রাহ্মণ গীত রচনা করিত। এই দলের লোকেরা প্রথমোক্ত দলের প্রথমকার হরিনামসম্পর্কীয় গীতের দোষ ধরিয়া চাষা-ভূষো লোক, হাল করা ও ক্ষেতে খাটাই অভ্যাস, হরিনামের মাহাত্ম্য কি বুঝিবে, হরিনামে চাষার অধিকার কি ? ইত্যাদি বলিয়া একটি গীত গাইতেছিল, এমৎসময়ে প্রথমোক্ত দলের কয়েক জন প্রেমচন্দ্রকে স্কন্ধে লইয়া উপস্থিত হয়। জাঁকাল আসর. বহুতর লোকের সমাগম চারিদিকে হৈ হৈ গোলমাল ও কোলাহল হইতেছিল। প্রেমচন্দ্র এক গাছতলায় বসিয়া এই উত্তর-গীতটি রচনা করিয়া দেন ;—

"চাষা অতি খাসা জাতি, নিন্দা কি তাহার
কত দিব্য-গুণাধার।
প্রেম্‌ভরে হরিরে ডাক্‌তে চাষার পূর্ণ অধিকার॥
থাকে সত্য মাঠে ঘাটে, বেড়ায় সে স্বভাবের হাটে
চতুরালি নাহি তাহার।
কুটিল সমাজ যত্নে করে পরিহার॥
স্বার্থে পরার্থে কাজ, নিজ কাজে নাহি লাজ,
ভাবে ধর্ম্ম এই তাহার।
প্রাণপণে যোগায়, চাষা জগতের আহার॥
কিবা গৃহী উদাসীন, চাষার অধীন চির দিন,
বিনে চাষা দুনিয়া আঁধার।
পেটে ভাত বিহনে ঘুরিয়ে ঘানী ফল্‌ কি ভাব
একটীবার।
মনে ভক্তি আছে যার, হরি সহায় তাহার,
এ কেবল প্রেমের কারবার॥
ভক্তবৎসল হরি ভজ্‌তে নাহি জাত-বিচার।
তোমরা ঘানীর ঘোরে সদাই ঘোর ও
বুঝবে কি ভাই! সারাসার॥*

---

* তৃতীয় মুদ্রণে এই গানটী প্রচারিত হইবার পরে, কোন সঙ্গীত-বিদ্যাভিমানী বলিয়াছিলেন, এই গানটীও সম্পূর্ণ নহে। সঙ্গীতবিদ্যায় আমাদের তাদৃশ দখল নাই। প্রেমচন্দ্রের বাল্য-সহচর গোঁসাইদাস

শুনা যায় ঐ রাত্রিতে চাষার দলই প্রেমচন্দ্রের সহায়তায় বড় বাহবা পাইয়াছিল এবং জয়ী হইয়াছিল। ফলতঃ বাল্যাবধি প্রেমচন্দ্রের লৌকিক ব্যবহারে সূক্ষ্ম দর্শন এবং রচনা বিষয়ে, ভাবতত্ত্বে ও প্রসাদগুণে বিলক্ষণ লক্ষ্য ছিল প্রতীয়মান হয়। এই গুণেই তাঁহার সংস্কৃত রচনায় ভূয়সী প্রতিষ্ঠা দেখা যায়।

এইরূপ সঙ্গীতরচনার আমোদ তর্কবাগীশের বাল্যাবসানেও বিরত হয় নাই। কলিকাতায় আসিয়া বিদ্যালয়ে প্রবিষ্ট হইবার পরেও তিনি বহুদিন পর্য্যন্ত কবি ঈশ্বর গুপ্তের সঙ্গে ওস্তাদি কবি-ওয়ালাদের লড়াই দেখিতে যাইতেন। উত্তর-গীত-রচনার সন্ধান লওয়া তাঁহার একটী ঝোঁক ছিল। সংস্কৃত বিদ্যালয়ে কর্ম্ম পাইবার পরে নিজ বাটীতে উৎসব উপলক্ষে অপর সকলে যখন "যাত্রা" "যাত্রা" বলিয়া ক্ষেপিত, তখন তিনি গোপনে আপন সহচরদিগকে পাঠাইয়া বর্দ্ধমান প্রভৃতি স্থান হইতে ওস্তাদি কবির দল আনাইয়া আসরে লাগাইয়া দিতেন। যাত্রা পাওয়া গেল না, আসর ফাঁক থাকা অপেক্ষা কবি মন্দ কি? বলিয়া সহচরেরা বলিত।

হ্রাস নামক যে ব্যক্তির নিকট হইতে আমরা এই গানটী পাইয়াছিলাম, সে ব্যক্তি তখন রোগজীর্ণ ও শীর্ণকায় ছিল। সে তৎকালে শাকনাড়া পরিত্যাগ করিয়া সপরিবারে কলিকাতার দক্ষিণে পদ্মপুকুর নামক স্থানে বাস করিত। সে অনেক চিন্তা করিয়া গানটী বলিয়াছিল। বোধ হয় কোন কোন অংশ পরিত্যক্ত হইলেও হইতে পারে। যাহা হউক, ১৩।১৪ বৎসর বয়স্ক বালক প্রেমচন্দ্রের সরল ও প্রসাদগুণযুক্ত এই গানগুলি এই মুদ্রণেও পরিত্যক্ত হইল না।

তিনিও তাহাতে সায় দিতেন। রাত্রিকালে গাওনা আরম্ভ হইলে তর্কবাগীশকে বাটীর প্রকাশ্য স্থানে কেহ খুঁজিয়া পাইত না। বাটীর মধ্যে যেখানে কম আলোক থাকিত এবং যেখানে ছোট লোকেরা নারিকেল-ছোবড়ার নুটী গেলাসের বা লণ্ঠনের জ্বলন্ত শিখায় ধরাইয়া গুড়ুক টানিত, তথায় একটী আসন পাড়াইয়া দুই চারিটী সহচর সঙ্গে তর্কবাগীশ অপ্রকাশ্যভাবে বসিতেন এবং সময়ে সময়ে উভয় দলের গীতরচকদিগকে নিকটে ডাকাইয়া কি প্রণালীতে উত্তর প্রত্যুত্তর রচিত হইতেছে তদ্বিষয়ে সন্ধান লইতেন এবং সহায়তা করিতেন। কবিগাওনা শুনা অপেক্ষা তাহার রচনাতে তাঁহার অধিক আমোদ জন্মিত। গাওনার সময়ে দুই একটী ভাবসূচক কথা শুনিয়া যখন আমোদ চড়িত, তখন মৃদুমন্দস্বরে "হাঃ সাবাস" বলিয়া উঠিতেন। কলেজে চাকরী হইবার পরেও এক বৎসর গ্রীষ্মাবকাশে বাটীতে আছেন, এই সময়ে কবিওয়ালার একদল নিকটবর্ত্তী এক গ্রামে কবি গাইতে গাইতে অপর দলের প্রশ্নের উত্তর দিতে অসমর্থ হইয়া রাত্রি আড়াই প্রহরের সময় তর্কবাগীশের নিকট হইতে উত্তর লেখাইয়া লইয়া গিয়াছিল।

সঙ্গীতরচনা ব্যতীত ছিপে মাছধরা তর্কবাগীশের অপর একটী বাল্যকালের আমোদ ছিল। ইহাতেও তাঁহার বিলক্ষণ ঝোঁক থাকার কথা শুনা যায়। তিনি একদিন ছিপ ফেলিয়া ১০।১৫টী শোলমাছের বাচ্ছা ধরেন। কোন কারণে বাচ্ছাগুলি না মারিয়া একটী হাঁড়িতে জিয়াইয়া রাখেন। খানিক পরে আর মাছ না উঠায় জলের ধারে গিয়া দেখেন যে আর বাচ্ছা নাই, ধাড়িটী এধারওধার করিয়া বাচ্ছাদিগকে খুঁজিয়া বেড়াইতেছে। ইহা দেখিয়া তাঁহার অত্যন্ত দয়া উপস্থিত হইল, এবং পূর্ব্বধৃত মৎস্যগুলি

মারিয়া ফেলেন নাই বলিয়া দৈবকে ধন্যবাদ দিতে দিতে ঐ গুলিকে ঐ স্থানের পুষ্করিণীর জলে পুনর্ব্বার ছাড়িয়া দিলেন, এবং ধাড়ি়টী ছানাগুলির সঙ্গে মিলিত হইয়া বড় আনন্দিত হইল বোধ করিলেন। সেই দিন হইতে তর্কবাগীশ মৎস্য ধরায় ক্ষান্ত হইয়াছিলেন।

প্রেমচন্দ্র জয়গোপাল তর্কভূষণের চতুষ্পাঠীতে ৭।৮ বৎসর কাল অধ্যয়ন করিয়াছিলেন। তথায় সংক্ষিপ্তসার ব্যাকরণের মূল ও টীকা সম্পূর্ণরূপে পড়িয়াছিলেন এবং উহাতে তাঁহার যে অসামান্য ব্যুৎপত্তি জন্মিয়াছিল পরে তাহার পরিচয় সর্ব্বদা পাওয়া যাইত। শেষ সময় পর্য্যন্ত ব্যাকরণের সূত্রগুলি প্রায় তাঁহার কণ্ঠস্থ ছিল। তিনি তথায় কাব্য ও অলঙ্কারের কি কি গ্রন্থ পড়িয়াছিলেন তাহা আমরা জানিতে পারি নাই; কিন্তু কলিকাতায় আসিবার পূর্ব্বেই এই দুই শাস্ত্রে তাঁহার যে অনেকটা অধিকার জন্মিয়াছিল তাহা জানা গিয়াছিল।

তর্কভূষণের চতুষ্পাঠীতে অধ্যয়ন সময়ে ১৮।১৯ বৎসর বয়ঃক্রম কালে প্রেমচন্দ্রের বিবাহ হয়। আরও কিছুকাল বিলম্বে বিবাহ দিবেন বলিয়া প্রেমচন্দ্রের পিতার সঙ্কল্প ছিল, কিন্তু কন্যাদাতার উত্তেজনায় এবং অধ্যাপক তর্কভূষণের অনুরোধক্রমে এই বিবাহে পিতাকে সম্মতি দিতে হয়।

এই স্থলে সংস্কৃত কলেজের সংক্ষিপ্ত ইতিহাস বোধ হয় অপ্রাসঙ্গিক হইবে না, কেন না প্রেমচন্দ্রের ইতিবৃত্তের সহিত এই বিদ্যামন্দিরের ইতিবৃত্ত বিশেষ ভাবে জড়িত। ১৮২৬ খৃষ্টাব্দে অর্থাৎ কলেজ স্থাপিত হইবার দুই বৎসর পরে প্রেমচন্দ্র সংস্কৃত কলেজে প্রথম প্রবেশ করেন এবং তথায় সুদীর্ঘকাল (৩৮ বৎসর)

ছাত্র ও অধ্যাপকরূপে অতিবাহিত করিয়া ইহার ভবিষ্যৎ ইতিহাস গড়িয়া তুলিয়াছিলেন।

অধ্যাপক শিরোমণি জয়গোপাল তর্কালঙ্কার মহাশয় ১৮১৩ খৃষ্টাব্দে এখন যে স্থানে সংস্কৃত কলেজ অবস্থিত সেই খানে একটী চতুষ্পাঠী খুলিলেন। প্রথমে অধ্যাপনা তিনি নিজেই করিতেন কিন্তু ছাত্র সংখ্যা ক্রমশঃ বৃদ্ধি পাওয়াতে তিনি ২।১ টী অধ্যাপককে সহযোগী লইলেন। চতুষ্পাঠীর যশঃসৌরভে আকৃষ্ট হইয়া মহামতি এইচ্, এইচ্, উইলসন্ মধ্যে মধ্যে টোল দেখিতে আসিতেন। কলিকাতায় একটী সংস্কৃত কলেজ স্থাপন করিবার বাসনা এই সময়ে তাঁহার হৃদয়ে বদ্ধমূল হইল।

উইলসন্ সাহেব মহোদয়ের ঐকান্তিক চেষ্টায় ১৮২৩ খৃষ্টাব্দে গভর্ণমেণ্ট সংস্কৃত কলেজের জন্য বার্ষিক ২৪,০০০৲ টাকা মঞ্জুর করিলেন। বিদ্যালয়ের কার্য্য পরিচালনার ভার একটী কমিটির উপর ন্যস্ত হয়, সাহেব মহোদয় এই কমিটির সেক্রেটারী হইলেন। কমিটি স্থির করেন কলেজ দুই ভাগে বিভক্ত করিয়া প্রথম ভাগে ব্যাকরণ, পদ্য ও অঙ্ক এবং দ্বিতীয় ভাগে ব্যাকরণের অবশিষ্টাংশ, জ্যামিতি, বীজগণিত, স্মৃতি ও ন্যায়শাস্ত্র পঠিত হইবে। ১২ হইতে ১৮ বৎসরের ছাত্র নিম্নশ্রেণীতে এবং ১৯ হইতে ২৪ বৎসরের ছাত্র উচ্চ শ্রেণীতে পাঠ করিতে পারিবেন। শারীরিক দণ্ড বিধান করা হইবে না, যেহেতু ব্রাহ্মণ সন্তানের দেহ পবিত্র।

১৮২৩ খৃষ্টাব্দে কলেজের জন্য একটী বাড়ী ভাড়া লওয়া হয় ও ৭ জন অধ্যাপক নিযুক্ত করা হয়। ১৮২৪ সালের ১লা জানুয়ারী হইতে শিক্ষাদান কার্য্য আরম্ভ হয়। জুন মাসে কমিটি গভর্ণমেণ্টকে ৫০টী ছাত্রের পরিবর্ত্তে ১০০টী ছাত্রকে মাসহারা

ও ২০৲ টাকার ১০টী বৃত্তি (পারদর্শিতা অনুসারে) দান করিতে অনুরোধ করেন।

১৮২৬ খৃষ্টাব্দে সংস্কৃত কলেজ গভর্ণমেণ্টের নিজ ব্যয়ে প্রস্তুত নূতন বাটীতে উঠিয়া আসিল। অদ্যাবধি এই বাটীতেই কলেজ অবস্থিত। কেবল ব্রাহ্মণসন্তানগণ সংস্কৃত কলেজে অধ্যয়ন করিতে পারিতেন। ১৮৪৬ সালে অধ্যয়ন কাল ১২ বৎসর (প্রত্যেক বিভাগে ৬ বৎসর করিয়া) হইতে ১৫ বৎসর নির্দ্ধারিত করা হয়।

প্রথম বৎসর ব্যাকরণ ও দ্বিতীয় বৎসর কাব্যপাঠ করিবার পর পরীক্ষোত্তীর্ণ ছাত্র অলঙ্কার শ্রেণীতে উন্নীত হইতেন। এই শ্রেণীতে অধ্যয়ন কাল প্রথমে ১ বৎসর, পরে ২ বৎসর নির্দ্দিষ্ট হইয়াছিল। অঙ্ক শাস্ত্রের অধ্যয়ন বাধ্যতামূলক ছিল না। বীজগণিত ও লীলাবতী পাঠ্য ছিল। ছাত্র বা অধ্যাপক কেহই গণিত শাস্ত্রের প্রতি মনোযোগী ছিলেন না। ১৮৩৫ সালে নিয়ম করা হয় যে প্রত্যেক ছাত্রকে ৩ বৎসরের কিয়দংশ কাল স্মৃতি ও অবশিষ্ট কাল ন্যায় ও মনোবিজ্ঞান পাঠ করিতে হইবে। বাঙ্গলা ভাষার উপর ১৮৩০ সালে কমিটির দৃষ্টি পতিত হয়। তখন নিয়ম করা হয় যে বাঙ্গলা হইতে সংস্কৃত ও সংস্কৃত হইতে বাঙ্গলা অনুবাদ করিতে ও বাঙ্গলা ভাষায় রচনা লিখিতে হইবে। ৪ বৎসর পূর্ব্ব হইতে আয়ুর্ব্বেদ ও পাশ্চাত্য চিকিৎসাবিজ্ঞান শাস্ত্রের অধ্যাপনা চলিয়া আসিতেছিল। ৮ বৎসর পরে অর্থাৎ ১৮৩৪ খৃষ্টাব্দে ছাত্রগণকে শিক্ষাদানকালে ইংরাজী ভাষায় বক্তৃতা দেওয়া হইবে কি না বা কেবল পাশ্চাত্য চিকিৎসাবিজ্ঞান অধ্যাপনা হইবে কি না লইয়া এক ঘোর অন্দোলন হয়। ফলে

সংস্কৃত কলেজ হইতে চিকিৎসা শাস্ত্রের অধ্যাপনা উঠিয়া যায়। কলেজের নিকট একটী গৃহে হাঁসপাতাল খোলা হইয়াছিল।

ইংরাজী শিক্ষার ব্যবস্থা ১৮২৭ খৃষ্টাব্দে হয়, কিন্তু ১৮৩৫ সালে বন্ধ হইয়া যায়; "ইংরাজী ক্লাশ" পুনরায় ১৮৪০ সালে খোলা হয়।

১৮৫৭ খৃষ্টাব্দের সিপাহী বিদ্রোহ ইতিহাস প্রসিদ্ধ। সেই সময় সংস্কৃত কলেজ গোরা সৈন্যাবাসে পরিণত হয় ও কিছু কালের জন্য বিদ্যালয়টী বহুবাজারে উঠিয়া যায়। বিদ্রোহ দমনের পর দেশে শান্তি স্থাপিত হইলে সংস্কৃত কলেজ যখন পুনঃ স্বীয় আবাসে ফিরিয়া আসে তখন কাউয়েল্ সাহেব মহোদয় এই ঘটনা উপলক্ষে নিম্নলিখিত শ্লোকটী রচনা করিয়াছিলেন :—

"বিদ্যালয়ঃ স্বালয়মেত্য সাম্প্রতং সমৃদ্ধকীর্ত্তির্ভুবনে ভবিষ্যতি
তথাহি সানৌ মলয়স্য নান্যতঃ ধ্রুবং সমারোহতি চন্দনদ্রুমঃ।"

[১৩২৯ সালের শ্রাবণ ও আশ্বিন মাসের "বঙ্গবাণী"তে শ্রীপূর্ণচন্দ্র দে, বি. এ, উদ্ভটসাগর কর্ত্তৃক লিখিত "সংস্কৃত কলেজের ইতিহাস" নামক প্রবন্ধ দ্রষ্টব্য।]

তৎকালে কলিকাতার সংস্কৃত কলেজে যে প্রণালীতে বিবিধ শাস্ত্রের অধ্যাপনা হইত এবং এই বিদ্যামন্দির বিখ্যাতনামা নিমাইচাঁদ শিরোমণি, শম্ভুনাথ বাচস্পতি, নাথুরাম শাস্ত্রী, জয়গোপাল তর্কালঙ্কার প্রভৃতি পণ্ডিতরত্নে বিভূষিত হইয়া যেরূপ গৌরবের আস্পদ হইয়াছিল, তৎসমুদয় প্রেমচন্দ্র শুনিয়াছিলেন। তথায় কিছুকাল দর্শন আদি শাস্ত্র পড়িবেন বলিয়া প্রেমচন্দ্র সাতিশয় সমুৎসুক হয়েন। পরিশেষে পিতার উৎসাহে ও প্রযত্নে (১৭৪৮ শকে) ১৮২৬ খ্রীষ্ট অব্দের নভেম্বর মাসে কলিকাতায় আসিয়া

সংস্কৃত কলেজে প্রবিষ্ট হয়েন। তখন তাঁহার বয়স ২১।২২ বৎসর। মিষ্টার হোরেস্ হেম্যান উইলসন্ সাহেব মহোদয় তৎকালে এই বিদ্যামন্দিরের সেক্রেটারীর পদে নিযুক্ত ছিলেন। গৃহে প্রবিষ্ট হইবামাত্র প্রেমচন্দ্রের প্রশস্ত ললাটদেশ এবং মস্তকের আকার দেখিয়াই সাহেব মহোদয়,—এই বালক স্থিরচিত্ত ও কবিত্বশক্তি-সম্পন্ন হইবে বলিয়া সিদ্ধান্ত করেন এবং শাস্ত্রে কতদূর অধিকার জন্মিয়াছে তদ্বিষয়ে প্রশ্ন করিতে করিতে তাঁহাকে কবিতা রচনা করিতে বলেন। প্রেমচন্দ্র অমনি প্রস্তুত। তিনি কাগজ কলম লইয়া বসিয়া গেলেন এবং অল্পক্ষণ মধ্যে উইলসন্ সাহেবের সংস্কৃত-শাস্ত্রে অনুরাগ, ঐ শাস্ত্রের উন্নতিসাধনে চেষ্টা এবং কলেজের তত্ত্বাবধান সম্পর্কে তাঁহার প্রতিষ্ঠা বিষয়ে নিম্নলিখিত ৪টী শ্লোক* রচনা করিলেন।

ভবান্ ধন্যঃ শ্রীহোরেস উইল্সন সরস্বতি।
লক্ষ্মীবাণী চিরদ্বন্দ্বং ভবতৈব নিরাকৃতং॥

শ্রীহোরেস্ উইল্সন্ স্বরস্বতী তুমি
ধন্য ধন্য ধন্য তুমি,—বুঝিলাম আমি।
লক্ষ্মী স্বরস্বতী,—দুয়ে শত্রু বারমাস,
একত্র, তোমারি গুণে, করিছেন বাস!

শ্রীসংস্কৃত কলেজস্য ভিত্তিস্তং শ্রীউইল্সন
শ্রীগোপাল নিমাই শম্ভুনাথ পম্ভু চতুষ্টয়ম্॥
গঙ্গাধর যোগধ্যান হরনাথা ইমেঃ ত্রয়ঃ
[illegible]দাঃ সুনির্ম্মিতা নিত্যং চতুঃ স্তম্ভোপরি স্থিতাঃ॥

সংস্কৃত কলেজের ভিত্তি উইল্‌সন্,
তদুপরি চারি স্তম্ভ স্থিত সর্ব্বক্ষণ,—
শ্রীজয় গোপাল নিমাই চাঁদ মহামতি,
নাথুরাম শাস্ত্রী, শম্ভুচন্দ্র বাচস্পতি।
যোগধ্যান, হরনাথ, আর গঙ্গাধর,—
এই তিন ছাদ চারি স্তম্ভের উপর

কোম্পানেরখিলক্ষমাতলভৃতঃ সম্মানিতো বিশ্রুতঃ
শ্রীযুক্তো জগতীতলে বিজয়তামুইল্‌সনঃ সাহবঃ
যস্যানন্তগুণাবলী বিলসিতঃ প্রেক্ষাবতাং প্রীতিদম্
মন্যে মন্থরতাং ব্রজন্তি ভণিতুং বাচোঽপি বাচস্পতেঃ ॥

এই পরিদৃশ্যমান নিখিল ধরণী
যার অধিপতি ' ইষ্ট ইণ্ডিয়া কোম্পানী'।
এই কোম্পানীর সদা সম্মানিত অতি,
হোরেস হেম্যান্ উইল্‌সন্ মহামতি।
তাঁহার অসীম গুণ কি কহিব আর
জয় জয় জয় তাঁর জয় অনিবার।
বর্ণিতে তাঁহার গুণ দেব বৃহস্পতি
থতমত খেয়ে যান,—হেন মোর মতি !

---

* উক্ত প্রথম তিনটী শ্লোক শ্রীপূর্ণচন্দ্র দে উদ্ভটসাগর ৺ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর মহাশয়ের নিকট প্রাপ্ত হইয়াছিলেন শ্লোক চতুষ্টয়ের সুললিত পদ্যানুবাদের জন্য আমি উদ্ভটসাগর মহাশয়ের নিকট ঋণী। শ্রীকৃষ্ণ চট্টোপাধ্যায়।

রচনা বিষয়ে তৎপরতা ও ব্যাকরণে পরিপক্কতা দেখিয়া উদারচরিত উইল্‌সন্ সাহেব মহোদয় চমৎকৃত হইলেন এবং তদবধি প্রেমচন্দ্রকে সস্নেহ নয়নে দেখিতে লাগিলেন। কাব্যালঙ্কারের প্রশ্নোত্তর শুনিয়া সাহেব মহোদয় বলিলেন,—পল্লীগ্রামে কাব্যালঙ্কার পাঠনার রীতি অপেক্ষা তাঁহার বিদ্যালয়ের রীতি পদ্ধতি উৎকৃষ্ট; একবারে ন্যায়শাস্ত্রের শ্রেণীতে না গিয়া সাহিত্য শ্রেণীতে অধ্যয়ন আরম্ভ করিলে ভাল হয় বলিয়া প্রেমচন্দ্রকে উপদেশ দিলেন। প্রেমচন্দ্র এই বন্দোবস্তে সম্মত হইলেন।

এই সময়ে জয়গোপাল তর্কালঙ্কার মহাশয় নিকটে উপস্থিত ছিলেন। কোন্ অধ্যাপকের নিকট পড়াশুনা হইয়াছে প্রশ্ন করায় প্রেমচন্দ্র নিম্নলিখিত শ্লোকটী রচনা পূর্ব্বক প্রশ্নের উত্তর স্বরূপ তর্কালঙ্কার মহাশয়ের হস্তে অর্পণ করিলেন :—

গোপালৌ দ্বৌ জয়ৌ দ্বৌ চ দ্বাবেব তর্কমণ্ডনৌ।
মথুরাধিপ একোহি বৃন্দাবনাধিপোহপরঃ॥

দুইটী "গোপাল" পুনঃ দুইটীই "জয়",
দুইটীই জানি "তর্কমণ্ডন" নিশ্চয়।
একটী 'গোপাল' মোর মথুরা-ভুবনে
অন্য যে 'গোপাল' মোর তিনি বৃন্দাবনে!

পূর্ব্ব গুরুর ও কলেজের সাহিত্য শ্রেণীর অধ্যাপকের নাম-সাদৃশ্য থাকিলেও অর্থাৎ উভয়েই জয় গোপাল নামে অভিহিত হইলেও এবং উভয়ের শ্লোক ব্যাখ্যা সম্বন্ধে যাথার্থ্য-ব্যক্তির সৌসাদৃশ্য থাকিলেও টোলের জয় গোপালকে কতক পরিমাণে

কঠোর শব্দ-রাজ্যের কুলপতি এবং কলেজের জয় গোপালকে মধুর ভাবরাজ্যের অধিপতি বলিয়া নির্ণয় করিতে তিনি বাধ্য হইয়াছিলেন।

সাহিত্য শ্রেণীতে প্রবিষ্ট হইবার ২।৩ দিবস মধ্যেই প্রেমচন্দ্র পিতার প্রযত্নের সফলতা, উইলসন্ সাহেব মহোদয়ের উপদেশের সারবত্তা এবং নিজের কৃতার্থতা বোধ করিতে সমর্থ হইলেন। তৎকালে সহৃদয়তার অবতার জয়গোপাল তর্কালঙ্কার সাহিত্যশ্রেণীর অধ্যাপক ছিলেন। প্রেমচন্দ্র দূর হইতে তর্কালঙ্কার মহোদয়ের যশঃসৌরভের কথা শুনিয়াছিলেন। সম্প্রতি সাক্ষাৎ সম্বন্ধে তাহা অনুভব করিয়া মনে মনে অপার প্রীতিলাভ করিতে লাগিলেন। তৎকালে এই শ্রেণীতে যে সকল গ্রন্থের পাঠনা হইতেছিল তন্মধ্যে অনেকগুলি প্রেমচন্দ্র পূর্ব্বে টোলে পড়িয়াছিলেন। ফলতঃ প্রেমচন্দ্রের মতে তর্কালঙ্কার মহাশয়ের শিক্ষা প্রণালীতে মার্জ্জিত প্রতিভার ভূয়িষ্ঠ চিহ্ন লক্ষিত হইত। তিনি বলিতেন—তর্কালঙ্কারের পাঠ বিষয়ে বর্ণ-বিশুদ্ধি, ব্যাখ্যা-বিষয়ে সূক্ষ্মভাব-ব্যক্তি, প্রিয়দর্শন মুখমণ্ডল ও কর্ণায়ত সমুন্নত সজীব লোচনযুগলের ভাবভঙ্গী এবং গদ্যপদ্য-রচনায় অসাধারণ শক্তি শুশ্রূষু ছাত্রের মনকে একেবারে মাতাইয়া তুলিত এবং তাহার হৃদয়কন্দর অকস্মাৎ আলোকিত করিত। ফলতঃ এই সকল গুণেই মুগ্ধ হইয়া উইলসন্ সাহেব মহোদয় তর্কালঙ্কার মহাশয়কে পরিণত বয়সেও বহুযত্নে কাশী হইতে কলিকাতায় আনিয়াছিলেন এবং দর্শন ও অলঙ্কার আদির অধ্যাপনার ন্যায় কাব্যশাস্ত্রের অধ্যাপনার উৎকর্ষ সাধন করিয়া আপনার কলেজের গৌরব বর্দ্ধন করিয়াছিলেন। শাস্ত্রবিশেষের অধ্যাপনা নিমিত্ত যথোপযুক্ত অধ্যাপক নির্ব্বাচন

বিষয়ে সাহেব মহোদয়ের অসাধারণ বিচক্ষণতা ছিল সন্দেহ নাই। অল্পদিন মধ্যেই তর্কালঙ্কার পাঠ ও রচনা আদি বিষয়ে প্রেমচন্দ্রের বুদ্ধিমত্তা ও গুণবত্তার পরিচয় পাইয়া সাতিশয় প্রীত হইয়াছিলেন।

এই সময়ে একদিবস উইলসন্ সাহেব মহোদয় সাহিত্যশ্রেণীতে আসিয়া ইতস্ততঃ চক্ষু নিক্ষেপ করিতেছিলেন। ইত্যবসরে "কাহার অন্বেষণ করিতেছেন" বলিয়া তর্কালঙ্কার মহাশয় জিজ্ঞাসিলে "সেই নবাগত টোলের যুবা বন্ধুটীকে খুঁজিতেছি" বলিয়া সাহেব মহোদয় উত্তর দিলেন। তখন প্রেমচন্দ্র দাঁড়াইয়া উঠিলেন। সাহেব উহাঁকে নির্দ্দেশ করিয়া "এই ছাত্রটী এই শ্রেণীতে ইচ্ছুক ছিলেন না, ইহাঁর ভালরূপে পরীক্ষা করা হইয়াছে কি না" বলিয়া জিজ্ঞাসিলেন। তখন প্রেমচন্দ্র সাগ্রহে বলিয়া উঠিলেন—মতিভ্রমই ইহার কারণ—এই শ্রেণীতে না আসিলে কাব্যপাঠের প্রকৃত আনন্দ লাভে চিরদিনের জন্য বঞ্চিত থাকিতেন। তর্কালঙ্কার বলিলেন,—কালেজের নিম্নশ্রেণী হইতে এইরূপ ছাত্র প্রায় পাওয়া যায় না, প্রকৃতপক্ষে ইনি ছাত্র নহেন—পণ্ডিতকল্প সন্দেহ নাই. শাস্ত্রে ইহাঁর বিলক্ষণ অধিকার জন্মিয়াছে।

এই সকল কথোপকথন সংস্কৃত ভাষাতেই সম্পন্ন হইয়াছিল। সাহেব মহোদয় অধ্যাপকদিগের সঙ্গে সংস্কৃত ভাষাতেই কথাবার্ত্তা কহিতেন। সংস্কৃতভাষায় প্রেমচন্দ্রের বাক্‌শক্তি দেখিয়া উভয়েই সাতিশয় প্রীতিলাভ করিয়াছিলেন বলিয়া তাঁহার ধারণা হইয়াছিল। তদবধি তিনি দ্বিগুণিত উৎসাহ সহকারে নির্দ্ধারিত পাঠ্যপুস্তক ব্যতীত অন্যান্য অপঠিত কাব্যালঙ্কারের গ্রন্থ সকল আয়ত্ত করিতে যত্নবান্ হইয়াছিলেন।

তৃতীয় পরিচ্ছেদ।

প্রেমচন্দ্র—অধ্যাপক—তর্কবাগীশ।

কালের স্রোত অবারিতরূপে চলিতে লাগিল। কলেজে প্রবিষ্ট হইবার পর দেখিতে দেখিতে ন্যূনাধিক ছয় বৎসর কাল গড়াইয়া গেল। এই বয়োবৃদ্ধির সঙ্গে সঙ্গে প্রেমচন্দ্রের জ্ঞান-ভাণ্ডারের সমুন্নতি হইতে লাগিল। তিনি ১৮২৬ খৃঃ অব্দের নবেম্বর মাস হইতে ১৮২৮ অব্দের ডিসেম্বর পর্য্যন্ত সাহিত্য, ১৮৩০ অব্দের জানুয়ারি পর্য্যন্ত অলঙ্কার, এবং ১৮৩১ অব্দের ডিসেম্বর পর্য্যন্ত ন্যায়শাস্ত্র অধ্যয়ন করিলেন এবং পরীক্ষায় আশানুরূপ ফল পাইতে লাগিলেন। জীবনের এই কয়েক বৎসর সময় তিনি বহুমূল্য বলিয়া বোধ করিলেন। জ্ঞানোন্নত বিখ্যাত গুরু ও বিভিন্ন-রুচি-বুদ্ধি-সম্পন্ন সহাধ্যায়িবর্গের সংসর্গে প্রেমচন্দ্র আপন চরিত্রের সর্ব্বাবয়ব সুগঠিত করিয়া তুলিলেন। তিনি পল্লীগ্রামের এক পবিত্র বংশের জনৈক ধর্ম্মপরায়ণ দুঃখী ব্রাহ্মণের জ্যেষ্ঠ পুত্র, তাঁহার জ্ঞানার্জ্জন বিষয়ে পিতৃদেবের ঐকান্তিক যত্ন এবং তিনি এক দিন জ্ঞানী ও মানী হইবেন এই বিষয়গুলি প্রেমচন্দ্রের হৃদয়ে উজ্জ্বল অক্ষরে অঙ্কিত ছিল। মাতা পিতার সত্যনিষ্ঠা, বাঙ্‌নিষ্ঠা ও ধর্ম্মনিষ্ঠার কথাগুলিও তিনি চিরদিন মনে রাখিয়াছিলেন; তিনি বাল্যাবধি মিতভাষী, স্থিরচিত্ত এবং উন্নতমনা ছিলেন; বাচালতা ও চটুলতা জানিতেন না। পাঠ শ্রবণ সময়ে যে দুই

একটী কথা জিজ্ঞাসিতেন, তাহাতেই তাঁহার চিন্তাভিনিবেশ এবং শাস্ত্রতত্ত্বে প্রবেশের পরিচয় পাইয়া অধ্যাপকগণ অতিশয় প্রীতিলাভ করিতেন। এই সময় তাঁহার বয়স ২৭।২৮ বৎসর হইয়াছিল। অবলম্বিত কার্য্যে অভিনিবেশ, ধীরতা এবং উজ্জ্বলকান্তি ও গাম্ভীর্য্যপূর্ণ মুখমণ্ডল দেখিলেই সকলেই তাঁহাকে অতি প্রবীণ বলিয়া গ্রহণ করিতেন।

অলঙ্কারশাস্ত্রের অধ্যাপক নাথুরাম শাস্ত্রী ১৮৩১ অব্দের জুলাই মাস হইতে ছয় মাসের অবকাশ লয়েন। তখন প্রেমচন্দ্র ন্যায়-শ্রেণীতে অধ্যয়ন করিতেন। উইলসন সাহেব মহোদয় একদিন ন্যায়শ্রেণীতে আসিয়া নাথুরাম শাস্ত্রীর প্রতিনিধিস্বরূপে অলঙ্কারের অধ্যাপনা করিবার নিমিত্ত প্রেমচন্দ্রকে আদেশ করিলেন। ইহাতে তাঁহার সহাধ্যায়ীরা আনন্দভরে কোলাহল করিয়া উঠিলেন এবং অধ্যাপক নিমাইচাঁদ শিরোমণির সঙ্কেতমতে রামগোবিন্দ শিরোমণি প্রভৃতি কয়েকজনে প্রেমচন্দ্রকে ক্রোড়ে করিয়া অলঙ্কারশ্রেণীর অধ্যাপকের আসনে বসাইয়া দিলেন। পরিশেষে নাথুরাম শাস্ত্রীর মৃত্যু হইলে ১৮৩২ অব্দের জানুয়ারি মাসে প্রেমচন্দ্র অলঙ্কারের অধ্যাপকপদে স্থায়ীরূপে নিযুক্ত হইলেন। এই পদের নিমিত্ত প্রার্থনাকারীর সংখ্যা কম ছিল না, কিন্তু উইলসন্ সাহেব মহোদয় উদ্যমশীল প্রেমচন্দ্রের শাস্ত্রজ্ঞানের পরিণাম ও স্থিরচিত্ততা আদি গুণে মুগ্ধ হইয়া তাঁহাকেই এই পদে স্থিরতর রাখিলেন। অতঃপর প্রেমচন্দ্র রাঢ়দেশীয় শূদ্রযাজী ব্রাহ্মণ, তাঁহার নিকটে গঙ্গাতীরবাসী ভাল ভাল ব্রাহ্মণেরা পাঠ স্বীকার করিবেন না বলিয়া কয়েক ব্যক্তি ঈর্ষ্যাপরবশ হইয়া তাঁহার বিরুদ্ধে দরখাস্ত দিয়াছিলেন। ইহাতে সাহেব মহোদয় বলিয়াছিলেন—“আমি প্রেমচন্দ্রকে কন্যাদান

করিতেছি না, তাঁহার গুণের পুরস্কার করিয়াছি; ঈর্ষ্যাকুল কয়েকজন অধ্যয়ন না করিলে বিদ্যালয়ের কোন ক্ষতি হইবে না।"

অলঙ্কারের অধ্যাপক হইবার পরেও প্রেমচন্দ্র অধ্যয়নে বিরত হয়েন নাই। প্রতিনিধি থাকা সময়ে ছয়মাস কাল ত নূতন পাঠসময়ে ন্যায়শ্রেণীতে গিয়া অধ্যয়ন করিয়া আসিতেন এবং অলঙ্কারশ্রেণীর ছাত্রদিগকে কোন প্রকার রচনা আদি কার্য্যে ব্যাপৃত রাখিয়া যাইতেন। তৎপরে সায়ংকালে ও প্রাতঃকালে যে সময় পাইতেন তাহাতে নিমাইচাঁদ শিরোমণি, শম্ভুনাথ বাচস্পতি, হরনাথ তর্কভূষণ প্রভৃতি অধ্যাপকদিগের বাসায় গিয়া ন্যায়, বেদান্ত, স্মৃতি আদি পড়িতেন। ন্যায়শ্রেণী হইতে অধ্যাপক হওয়ায় পণ্ডিতেরা প্রথমে প্রেমচন্দ্রকে ন্যায়রত্ন বলিয়া ডাকিতেন। পরিশেষে এড়ুকেশন্ কমিটী হইতে যে সার্টিফিকেট প্রদত্ত হয় তাহাতে "তর্কবাগীশ" এই উপাধি লিখিত ছিল। সুতরাং এই শেষোক্ত উপাধিতেই তিনি চিরদিন খ্যাত হইয়াছিলেন।

১৮৩৬ খৃষ্টাব্দে লর্ড মেকলে সংস্কৃতকলেজ উঠাইয়া দিবার জন্য কৃতসঙ্কল্প হয়েন। কলেজ উঠিয়া যাইবার আশঙ্কায় ম্রিয়মাণ হইয়া জয়গোপাল তর্কালঙ্কার মহাশয় দুঃখিত চিত্তে নিম্নলিখিত স্বরচিত শ্লোকটী কলেজের প্রতিষ্ঠাতা শ্রীহোরেস হেমান্ উইলসন্ সাহেবের নিকট অক্সফোর্ডে পাঠাইয়াছিলেন :—

অস্মিন্ সংস্কৃত পাঠসদ্মসরসি ত্বৎস্থাপিতা যে সুধী
হংসাঃ কালবশেন পক্ষরহিতা দূরং গতে তে ত্বয়ি।
তত্তীরে নিবসন্তি সংহিতশরা ব্যাধাস্তদুচ্ছিত্তয়ে
তেভ্যস্ত্বং যদি পাসি পালক তদা কীর্ত্তিশ্চিরং স্থাস্যতি॥

হে সাহেব উইল্‌সন্‌! করি নিবেদন,
কৃপা করি তুমি ইহা করহ শ্রবণ,—
সংস্কৃত পাঠশালা রম্য জলাশয়,
নির্ম্মাণ করিয়া তাহা ওহে মহাশয়!
সুপণ্ডিত হংস গণে রেখেছ পুষিয়া,
তাঁদের দুর্গতি আজ দেখহ আসিয়া।
বহুদূরে গিয়া তুমি করিছ বিরাজ,
কালবশে পক্ষহীন তাঁরা সবে আজ।
হায়রে কয়েকজন দুষ্ট ব্যাধ আসি
লইয়া শাণিত শর তীরে আছে বসি'।
সেই সুধী-হংসগণে বধিবার তরে
তাহাদের অভিলাষ হয়েছে অন্তরে।
সেই হংসগণে রক্ষা করিয়া এখন
রেখে দাও নিজকীর্ত্তি; ওহে উইল্‌সন্‌!

উইল্‌সন্‌ সাহেব প্রত্যুত্তরে তর্কালঙ্কার মহাশয়ের নিকট নিম্নলিখিত শ্লোকগুলি পাঠাইয়া ছিলেন :—

(ক)

বিধাতা বিশ্বনির্ম্মাতা হংসাস্তৎ প্রিয়বাহনং
অতঃ প্রিয়তরত্বেন রক্ষিষ্যতি স এব তান্‌॥

যাহা কিছু নিরীক্ষণ কর এই ভবে,
ব্রহ্মার সৃষ্টির মধ্যে জেনো সেই সবে।
হংস ও হইল তবে ব্রহ্মার রচন,
পুনশ্চ ব্রহ্মার তাহা হইল বাহন।

তাইত ব্রহ্মার হংস দেখি প্রিয়তর
ব্রহ্মা রক্ষা করিবেন তাঁরে নিরন্তর!

(খ)

অমৃতং মধুরং সম্যক্ সংস্কৃতং হি ততোঽধিকম্।
দেবভোগ্যমিদং যস্মাৎ দেবভাষেতি কথ্যতে ॥

অমৃত মধুর বস্তু জানিও সতত,
তা হ'তে মধুরতর ভাষা সংস্কৃত।
তাই ত দেবতাগণ পরম আদরে,
সংস্কৃত ভাষারস পিয়ে প্রাণ ভ'রে।
এই কথা মনে তুমি রেখো অবিরাম,
সংস্কৃত পাইয়াছে 'দেবভাষা' নাম!

(গ)

ন জানে বিদ্যতে কিং তন্মাধুর্য্যমত্র সংস্কৃতে।
সর্ব্বদৈব সমুন্মত্তা যেন বৈদেশিকা বয়ম্।

না জানি বা সংস্কৃত ভাষার কি রস,
এ রস করিলে পান সবাই অবশ।
আমরা বিদেশী লোক বিদেশে থাকিয়া,
এই রস পান করি উন্মত্ত হইয়া!

(ঘ)

যাবদ্ ভারতবর্ষং স্যাদ্ যাবদ্ বিন্ধ্যহিমাচলৌ।
যাবৎ গঙ্গা চ গোদা চ তাবদেব হি সংস্কৃতম্ ॥

থাকিবে ভারতবর্ষ যতকাল ধরি',
থাকিবেক যত কাল বিন্ধ্যহিমগিরি,

গঙ্গা গোদাবরী নদী যত কাল রবে
ততকাল 'সংস্কৃত' জীবিত রহিবে।

প্রেমচন্দ্র ও তাঁহার প্রাণপ্রিয় সংস্কৃত কলেজের ব্যাধহস্তে নিপীড়ন অবলোকনে ব্যথিত হৃদয়ে নিম্নলিখিত স্বরচিত শ্লোকটী অক্সফোর্ডে সাহেব মহোদয়ের নিকট পাঠাইয়া ছিলেন।

গোলশ্রীদীর্ঘিকায়া বহুবিটপিতটে কলিকাতানগর্য্যাম্
নিঃসঙ্গো বর্ত্ততে সংস্কৃত পঠন গৃহাখ্যঃ কুরঙ্গঃ কৃশাঙ্গঃ।
হন্তুংতংভীতিচিত্তং বিধৃতখরশরো 'মেকলে'-ব্যাধরাজঃ
সাশ্রু ব্রূতে স ভো ভো উইলসন মহাভাগ মাং রক্ষ রক্ষ ॥

কলিকাতা নগরীতে গোলদীঘি তীরে
বহুবিধ বৃক্ষগণ রহে থরে থরে।
"সংস্কৃত পাঠশালা"—নামক কুরঙ্গ
কৃশাঙ্গ হইয়া তথা রহিছে নিঃসঙ্গ।
"মেকলে সাহেব" নামে এক ব্যাধ-রাজ
লইয়া শাণিত শর করিছে বিরাজ।
কুরঙ্গ প্রাণের ভয়ে ব্যাকুল হইয়া
কহিতেছে অশ্রুজল নিক্ষেপ করিয়া,—
হায় হায় প্রাণ যায় ওহে উইল্‌সন্!
কৃপাময়! কৃপা করি রক্ষহে এখন!

প্রেমচন্দ্রের শ্লোকটীর উত্তরে সাহেব মহোদয় নিম্নলিখিত শ্লোকটী সতীর্থের নিকট পাঠাইয়াছিলেন :—

নিষ্পিষ্টাপি পরং পদাহতিশতৈঃ শশ্বদ্ বহুপ্রাণিনাম্
সন্তপ্তাপিকরৈঃ সহস্রকিরণে নাগ্নিস্ফুলিঙ্গোপমৈঃ।

ছাগাদৈশ্চ বিচর্ব্বিতাপি সততং মৃষ্টাপি কুদ্দালকৈ
দূর্ব্বা ন ম্রিয়তে কৃশাপি নিতরাং ধাতুর্দয়া দুর্ব্বলে ॥

কি দুর্ব্বল দূর্ব্বাঘাস ভাব এক বার,
সহিতেছে দিবানিশি কত অত্যাচার !
তাহার উপর দিয়া শত শত প্রাণী
মাড়াইয়া যাইতেছে দিবস-যামিনী ।
অগ্নিসম করজাল বিস্তার করিয়া
দিতেছে প্রচণ্ড সূর্য্য তাহা ঝলসিয়া ।
মুড়াইয়া খাইতেছে ছাগাদির পাল,
চাঁচিয়া ফেলিছে লোকে লইয়া কোদাল ।
দূর্ব্বার অদৃষ্টে হায় কত কষ্ট রয় ।
তথাপি তাহার মৃত্যু দেখ নাহি হয় ;
পৃথিবীতে দুর্ব্বলের না আছে সম্বল,
একমাত্র বিধাতাই দুর্ব্বলের বল !

প্রেমচন্দ্রের পিতা রামনারায়ণের সরল অন্তরে লোকান্তরিত নৃসিংহের বচনগুলি নিয়ত জাগরূক ছিল। তিনি কলিকাতায় প্রেমচন্দ্রের উন্নতির বার্ত্তা শুনিয়া এই সকল নৃসিংহের অকপট আশীর্ব্বাদের ফল বলিয়া তাঁহাকে নিয়ত ধন্যবাদ দিতেন। সহায়সম্পত্তিশূন্য রাঢ়দেশীয় দরিদ্র ব্রাহ্মণসন্তান রাজধানীতে রাজপ্রতিষ্ঠিত বিদ্যামন্দিরে অধ্যাপক হইলেন বলিয়া সহর্ষচিত্তে প্রেমচন্দ্রের শুভাকাঙ্ক্ষা করিতেন। পদপ্রাপ্তির পরে বাটীতে উপস্থিত হইলে “কুলতিলক” হইবে বলিয়া প্রণত প্রেমচন্দ্রের মুখ ও মস্তক চুম্বন পূর্ব্বক আশীর্ব্বাদ করিলেন এবং অনুজদিগের জ্ঞানশিক্ষার

ভার গ্রহণ করিতে বলিলেন। কয়েক বৎসর কলিকাতায় অবস্থান করিয়া প্রেমচন্দ্র ইংরাজী শিক্ষাদান বিষয়ে গভর্ণমেণ্টের যত্নের বিষয় অবগত ছিলেন এবং মধ্যম সহোদর শ্রীরামকে ইংরাজী শিক্ষা দিতে ইচ্ছা করেন বলিয়া পিতা মাতার অভিপ্রায় জানিতে চাহিলেন। ইংরাজী বিদ্যার ফলাফল বিষয়ে তাঁহার কিছুমাত্র জ্ঞান নাই, বরং হিন্দুকলেজের ছাত্রেরা যথেচ্ছাচারী হইতেছেন এইরূপ নিন্দাবাদের কথা শুনিতে পান বলিয়া রামনারায়ণ বলিলেন। ইংরাজী পড়িলে মদ্য ও অখাদ্য খাইবে এবং খৃষ্টান হইয়া এই পবিত্র কুলে কালী দিবে বলিয়া প্রেমচন্দ্রের মাতা শঙ্কা করিতে লাগিলেন। ইংরাজের রাজ্য, কালে ইংরাজী বিদ্যারই সমধিক প্রচলন হইতে চলিল;—ইংরাজী শিক্ষা বিতরণে রাজপুরুষদিগের সদুদ্দেশ্যই দেখা যায়;—ইংরাজী পড়িলেই যে সকলে ভ্রষ্টাচার হয় ইহা অমূলক; ইংরাজীতে প্রকৃত জ্ঞানলাভ করিলে এদেশীয়েরা উন্নতমনা ও সমাজমান্য হইবেন, ও অর্থোপার্জ্জনে এবং স্বদেশের হিতসাধনে সমর্থ হইতে পারিবেন ইত্যাদি কথোপকথনের পর পিতামাতা উভয়েই এই বিষয়ের কর্ত্তব্য অবধারণের ভার প্রেমচন্দ্রের উপরেই অর্পণ করিলেন। বুদ্ধির প্রবণতা দেখিয়া প্রেমচন্দ্র মধ্যম সহোদর শ্রীরামকে ইংরাজী শিক্ষা ও তৃতীয় সহোদর সীতারামকে ব্যাকরণ পাঠান্তে দর্শন শাস্ত্রের শিক্ষা দিবার কল্পনা করিলেন। ধীশক্তির প্রাখর্য্য দেখিয়া সীতারামকে প্রসিদ্ধ নৈয়ায়িক করিবেন ও দেশে টোল করিয়া দিবেন বলিয়া সঙ্কল্প জানাইলে পিতামাতা উভয়েই ইহাতে লোকান্তরিত মুনিরামের বংশোচিত কার্য্য করা হইবে বলিয়া অপার আনন্দ লাভ করিলেন। প্রেমচন্দ্রের অভিলষিত এই দুইটী সঙ্কল্প মধ্যে

প্রথমটী কার্য্যে পরিণত হইল; দ্বিতীয়টী আর সিদ্ধ হইল না। সীতারাম কলিকাতায় অধ্যয়ন সময়ে তরুণ বয়সেই বিসূচিকা রোগে কালগ্রাসে পতিত হইলেন। মধ্যম সহোদর শ্রীরাম প্রথমতঃ মিষ্টর্ ডেভিড্ হেয়ার* সাহেবের স্কুলে পাঠ সময়ে বুদ্ধিকৌশলে ও পবিত্র চরিত্র-বলে তাঁহার প্রিয়পাত্র ও স্নেহপাত্র হয়েন, পরিশেষে সাহেব মহোদয়ের প্রযত্নে হিন্দুকলেজে পাঠ সমাপ্তির কিছু পূর্ব্বেই পাইকপাড়া ইষ্টেটের ভাবী উত্তরাধিকারী প্রতাপচন্দ্র সিংহ ও ঈশ্বরচন্দ্র সিংহের শিক্ষক ও তত্ত্বাবধায়করূপে নিযুক্ত হয়েন। এই অবকাশে তিনি জমিদারী সম্পর্কীয় কার্য্য-

*ডেভিড হেয়ার (১৭৭৫—১৮৪২)

১৭৭৫ সালে স্কটল্যাণ্ডে ইঁহার জন্ম হয়। ১৮০০ খৃষ্টাব্দে ঘড়ি প্রস্তুতকারক রূপে কলিকাতায় আসেন। ১৮১৪ সালে তাঁহার বন্ধু রাজা রামমোহন রায়কে তিনি কলিকাতায় একটী ইংরাজী স্কুল স্থাপন করিবার প্রস্তাব করেন। পরে, কতিপয় বাঙ্গালী বন্ধু এবং সার এডওয়ার্ড ইষ্ট্‌এর সাহায্যে ১৮১৭ খৃষ্টাব্দে ২০শে জানুয়ারী হিন্দু কলেজ স্থাপন করেন। ১৮১৮ খৃষ্টাব্দে তিনি কলিকাতা স্কুলবুক সোসাইটী স্থাপন করেন। ভারতীয় শ্রমজীবিদের বিদেশ গমনের বিরুদ্ধে, প্রেস আইনের বিরুদ্ধে আন্দোলন দ্বারা আমাদের উপকার করিয়া যান। ১৮৩৮ খৃষ্টাব্দে গভর্ণমেণ্ট কর্ত্তৃক কলিকাতা কোর্ট অব্ রিকোয়েষ্টের একজন জজ্ নিযুক্ত হন। ১৮৪২ খৃষ্টাব্দের ১লা জুন কলেরাতে তিনি প্রাণত্যাগ করেন। প্রেসিডেন্সী কলেজ ও হেয়ার স্কুলের মধ্যে তাঁহার একটী প্রস্তরমূর্ত্তি সাধারণের চাঁদায় স্থাপিত হইয়াছে।

প্রণালী ও পারস্য ভাষায় বিলক্ষণ পারদর্শিতা লাভ করেন। অনন্তর ইঁহারই অসাধারণ যত্ন ও বুদ্ধিকৌশলে পাইকপাড়া ইষ্টেটের যথেষ্ট শ্রীবৃদ্ধি হইয়াছিল এবং রাজদ্বারে ও লোকদরবারে রাজা প্রতাপচন্দ্র সিংহ ও ঈশ্বরচন্দ্র সিংহের অসীম সম্মান, সমৃদ্ধি ও সামাজিক সমুন্নতি সাধিত হইয়াছিল। উদারচেতা এই দুইটী ভ্রাতা অকালে কালগ্রাসে পতিত না হইলে এবং প্রতিজ্ঞাপালনে যত্নপর হইলে শ্রীরাম চট্টোপাধ্যায় একজন বড় ধনী লোক হইতে পারিতেন।

অনুপম রূপগুণসম্পন্ন তৃতীয় সহোদরের অকালমৃত্যুতে প্রেমচন্দ্র সাতিশয় মর্ম্মাহত হইলেন এবং অপর সহোদরদিগের বিদ্যাশিক্ষা বিষয়ে এক প্রকার বীতরাগ হইয়া পড়িলেন। চতুর্থ সহোদর রামময় পল্লীগ্রামে টোলে পূর্ব্বারব্ধ ব্যাকরণ পাঠ করিতে লাগিলেন, কিন্তু কনিষ্ঠ সহোদর রামাক্ষয়ের কোন প্রকার জ্ঞান শিক্ষার উপায় করা হইল না। তৎকালে পল্লীগ্রামে গুরু মহাশয়ের পাঠশালা ব্যতীত অন্য কোন প্রকার স্কুল আদি সংস্থাপিত ছিল না। কনিষ্ঠ ভ্রাতাকে কলিকাতায় আনিলে পুত্রশোকাতুরা মাতার মনে বড়ই কষ্ট হইবে এবং আবার কোন প্রকার বিপদ ঘটনা হইলে মাতার শোকাপনোদনে সমর্থ হইবেন না ভাবিয়া প্রেমচন্দ্রের চিত্ত নিয়ত দোলায়মান হইতে থাকিল। পরিশেষে ১৪।১৫ বৎসর বয়স সময়ে রামাক্ষয় স্বয়ং একদিন অকস্মাৎ কলিকাতার বাসায় আসিয়া উপস্থিত হইলেন এবং কোন স্কুলে পড়িবেন বলিয়া জ্যেষ্ঠের নিকটে ইচ্ছা প্রকাশ করিলেন। পিতামাতার অনুমতি লইয়া আসিয়াছেন শুনিয়া প্রেমচন্দ্র হৃষ্টচিত্তে কনিষ্ঠ সহোদরকে সংস্কৃত কলেজে প্রবিষ্ট করাইয়া দিলেন। টোলে ব্যাকরণ পাঠ শেষ হইলে চতুর্থ

সহোদর রামময়কেও উক্ত কলেজের সাহিত্যশ্রেণীতে প্রবেশ করাইলেন। কিছুকাল পরেই কলেজের নিয়মিত পরীক্ষায় উভয় ভ্রাতার প্রতিপত্তি ও প্রথম বৃত্তি প্রাপ্তির কথা জানিতে পারিয়া একদিন প্রেমচন্দ্র প্রীতিপ্রফুল্লমুখে বলিলেন—আজ আমার আনন্দপ্রস্রবণ দ্বিগুণিত বেগে বহিতেছে। এতদিন পরের ছেলেদের জ্ঞানোন্নতিতে আনন্দ অনুভব করিতাম, আজ ঘরের ছেলেরাও যশস্বী ও অপর প্রতিষ্ঠাপন্ন বালকের মধ্যে পরিগণিত হইয়াছেন জানিয়া বড়ই সুখী হইয়াছি। রামাক্ষয়কে যথাসময়ে অধ্যয়নার্থ আনি নাই বলিয়া অন্তরে যে একটা বিষাদের ভার ছিল, তাহা দুর করিতে সমর্থ হইয়াছি। আশা করি, ভ্রাতারাও লব্ধপ্রতিষ্ঠ হইয়া অধস্তন বালকদের জ্ঞানশিক্ষা বিষয়ে যত্ন করিবেন। বয়োবৃদ্ধদের যত্ন না থাকিলে কনিষ্ঠদের সম্যক্ জ্ঞানার্জ্জন হয় না। জ্ঞানবান্ না হইলে কোন পুরুষ পিতার বা কর্ত্তার সমুচিত কার্য্য সম্পাদনে সমর্থ হয় না প্রত্যেক পিতা বা তত্ত্বাবধায়ক পুরুষোচিত কার্য্যে যত্নবান্ না হইলে সমাজের কল্যাণ হয় না এবং জাতীয় গৌরব বর্দ্ধিত হয় না। প্রেমচন্দ্রের এই জ্ঞানগর্ভ উপদেশ নিষ্ফল হয় নাই। তাঁহার অনুজেরা অধস্তন বালকদিগের জ্ঞানার্জ্জন বিষয়ে যত্ন করিতে কখন ত্রুটি করেন নাই। এবং যত্নের ফললাভে বঞ্চিত হয়েন নাই।

সংস্কৃত কলেজে প্রবিষ্ট হইবার ২।৩ বৎসর মধ্যে বঙ্গকবি ঈশ্বরচন্দ্র গুপ্তের সহিত প্রেমচন্দ্রের বন্ধুত্ব হয়। উভয়েই বঙ্গভাষার উন্নতি সাধন বিষয়ে যত্নবান্ হয়েন, কিন্তু অর্থসংস্থান সম্বন্ধে দুই জনেরই অবস্থা তখন সমান। সন ১২৩৭ সালে (১৮৩০ খৃঃ অঃ) বাবু যোগেন্দ্রনাথ ঠাকুরের উৎসাহে ও আনুকুল্যে ঈশ্বরচন্দ্র যখন

"সংবাদ প্রভাকর" নামে সমাচারপত্রের প্রচার আরম্ভ করেন, তখন তিনি প্রেমচন্দ্রের সাহায্য অতি মূল্যবান জ্ঞান করেন। ইহার পূর্ব্বে ৫।৬ খানি বাঙ্গলা সমাচারপত্র প্রচারিত হইত। তন্মধ্যে "সমাচারচন্দ্রিকা" নামে কাগজখানি অনেক ভদ্রলোকে পাঠ করিতেন। "সংবাদকৌমুদী" নামে আর একখানি ব্রাহ্মদলের কাগজ ছিল। "চন্দ্রিকার" প্রচার বিষয়ে বাবু ভবানীচরণ বন্দ্যোপাধ্যায় বিশেষ সাহায্য করিতেন এবং রাজা রামমোহন রায়ের পারিষদ সংস্কৃত বিদ্যালয়ের অন্যতম পণ্ডিত রামচন্দ্র বিদ্যাবাগীশ সংবাদকৌমুদীর প্রচার বিষয়ে যত্ন করিতেন। এই উভয় কাগজের লেখায় অত্যন্ত জেঠামী থাকিত বলিয়া প্রেমচন্দ্র বড় চটা ছিলেন। এই সমস্ত সমচারপত্রের গৌরব হ্রাস করিতে হইবে বলিয়া প্রেমচন্দ্র ও ঈশ্বরচন্দ্র উভয়ে প্রতিজ্ঞারূঢ় হয়েন এবং অল্প দিন মধ্যে রচনাচাতুর্য্য দ্বারা আপনাদের কাগজখানির উন্নতি সাধনে কৃতকার্য্য হয়েন। রাজপুরুষদিগের কার্য্যপ্রণালীর পর্য্যালোচনা করিতে এবং প্রস্তাবিত কোন বিধিনিয়মের বৈধাবৈধতা বিষয়ে নরম গরম দুই এক কথা বলিতে ইহারাই প্রথমে অগ্রসর হয়েন। ইঁহাদের যত্নে ও উৎসাহে জয়গোপাল তর্কালঙ্কার, গৌরীশঙ্কর তর্কবাগীশ প্রভৃতি অনেক কৃতবিদ্য ও বড় বড় লোক এই কার্য্যে যোগ দেন। পূর্ব্বকার সমস্ত কাগজ বিশেষতঃ সমাচার চন্দ্রিকার উপরে কটাক্ষ করিয়া প্রেমচন্দ্র প্রভাকরের প্রভা সমধিক সমুজ্জ্বল করিবার উদ্দেশ্যে নিম্নলিখিত দুইটী শ্লোক রচনা করেন,—

"সতাং মনস্তামরস-প্রভাকরঃ
সদৈব সর্ব্বেষু সম প্রভাকরঃ

উদেতি ভাস্বৎসকলাহ্প্রভাকরঃ
সদর্থসংবাদনবপ্রভাকরঃ ॥

নক্তং চন্দ্রকরেণ ভিন্নমুকুলেষ্বিন্দীবরেষু ক্বচিৎ
ভ্রামং ভ্রামমতন্দ্রমীষদমৃতং পীত্বা ক্ষুধাকাতরাঃ।
অদ্যোদ্যদ্বিমলপ্রভাকরকরপ্রোদ্ভিন্নপদ্মোদরে
স্বচ্ছন্দং দিবসে পিবন্তু চতুরাঃ স্বান্তদ্বিরেফা রসম্ ॥”

চন্দ্রিকার উপরেই দ্বিতীয় শ্লোকটীর বিশেষ লক্ষ্য। বাস্তবিকই প্রভাকরের প্রভাবে চন্দ্রিকার রূপ অল্পদিন মধ্যেই মলিন ও বিলীন হইয়াছিল।

সময়ে সময়ে প্রভাকরের সাহায্য করিয়া তৃপ্তিলাভ না হওয়ায় গৌরীশঙ্কর তর্কবাগীশ স্বয়ং “সংবাদভাস্কর” নামে একখানি কাগজ প্রচার করিতে আরম্ভ করিলেন। ইহার শিরোভাগ বিভূষিত করিবার নিমিত্ত প্রেমচন্দ্র এই কবিতাটী রচনা করিয়া দেন,—

“ভ্রাতর্বোধসরোজ ! কিং চিরয়সে মৌনস্থ নায়ং ক্ষণো
দোষধ্বান্ত ! দিগন্তরং ব্রজ ন তেঽবস্থানমত্রোচিতম্।
ভো ভোঃ সৎপুরুষাঃ ! কুরুধ্বমধুনা সৎকৃত্যমত্যাদরাদ্
গৌরীশঙ্কর-পূর্ব্ব-পর্ব্বতমুখাদুজ্জৃম্ভতে ভাস্করঃ॥”

তৎকালে বঙ্গভাষায় যে সকল সমাচার কাগজ বাহির হইত, তাহার শিরোভাগে এক একটী সংস্কৃত কবিতা দেওয়ার প্রথা প্রচলিত হইয়াছিল। এইরূপ কবিতা রচনা করাইবার নিমিত্ত অনেকেই তর্কবাগীশের নিকটে আসিতেন। তাঁহার রচিত এইরূপ

কবিতাসকল মধ্যে "কলিকাতা-বার্ত্তাবহ" নামক কাগজখানির শিরোভাগে "কিং চান্দ্রী বিশদপ্রভা কিমথবা প্রাভাকরী চাতুরী" ইত্যাদি মর্ম্মে যে কবিতাটী তর্কবাগীশ রচনা করিয়া দেন তাহা অতি শ্রুতিসুখকর হইয়াছিল মনে হয়। দুর্ভাগ্যক্রমে সমগ্র কবিতাটী সংগ্রহ করিতে অক্ষম হইয়াছি।

তখনকার সমাজের অবস্থা স্মরণ করিয়া কথিত কবিতাগুলি মনোযোগপূর্ব্বক পাঠ করিলে তর্কবাগীশের রচনাচাতুর্য্য এবং বঙ্গভাষার উন্নতিসাধন-চেষ্টার পরিচয় পাওয়া যায়। সমাচার কাগজের সংখ্যাবৃদ্ধিতে তাঁহার আনন্দবৃদ্ধি দেখা যাইত। তিনি বলিতেন—উপযুক্ত সম্পাদক, প্রকৃত সমাজসংস্কারক এবং নিপুণ উপদেশক অপেক্ষা সমধিক প্রতিষ্ঠাভাজন।

"প্রভাকর" প্রথমে সাপ্তাহিক পরে দৈনিক পত্ররূপে প্রচারিত হইত। এই উভয় সময়েই প্রেমচন্দ্র প্রভাকরের ক্ষুদ্র কলেবরকে শোভমান করিতে যত্ন করিতেন। উন্নত ভাবে ঈশ্বরচন্দ্রের বড় লক্ষ্য থাকিত না জানিয়া প্রেমচন্দ্র অনেক গুরুতর বিষয় সম্বন্ধে স্বয়ং তেজস্বিনী ভাষায় লিখিতেন। প্রেমচন্দ্রের লিখিত কোন প্রবন্ধবিশেষের উল্লেখ করা এখন আমাদের পক্ষে সহজ ব্যাপার নহে। ঈশ্বরচন্দ্র গুপ্ত সময়ে সময়ে বৈশাখের প্রভাকরে লেখকদের নাম উল্লেখ করিতেন। সন ১২৫৩ সালের ১লা বৈশাখের প্রভাকরে প্রেমচন্দ্র তর্কবাগীশ প্রভৃতি লেখকগণের নাম নির্দ্দেশ করিয়া ঈশ্বরচন্দ্র এইরূপ লেখেন,—"শ্রীযুক্ত প্রেমচাঁদ তর্কবাগীশ যিনি এক্ষণে সংস্কৃত কলেজের অলঙ্কারশাস্ত্রের অধ্যাপক, তিনি লিপিবিষয়ে বিস্তর সাহায্য করিতেন। তাঁহার রচিত সংস্কৃত শ্লোকদ্বয় অদ্যাবধি প্রভাকরের শিরোভূষণ রহিয়াছে"।

ঈশ্বরচন্দ্রের সঙ্গে প্রেমচন্দ্রের প্রণয় জন্মিলে কাগজের লেখা সম্বন্ধে সময়ে সময়ে পরস্পরের যে কথোপকথন হওয়া জানা গিয়াছিল, তাহার মধ্যে দুই একটা কথা এই স্থানে বলিলে অসঙ্গত হইবে না।

একদা প্রেমচন্দ্র ঈশ্বরচন্দ্রকে বলেন,—গুরুতর বিষয়ে হাত দিয়া অবসানে ছেব্‌লামিতে পরিণত হইতে দাও কেন? ইহাতে যে বড় রসভঙ্গ হয়? ঈশ্বরচন্দ্র বলিলেন,—চেষ্টা করিলেও আমি গম্ভীরভাবধারী অশেষ শক্তিমান্ ঈশ্বর বলিয়া পরিচিত হইতে পারিব না, কিন্তু এইরূপ ছেবলামি করিলে অন্ততঃ "ফচ্‌কে ঈশ্বর" রূপে নামটা জারি করান আমার পক্ষে সহজ হইবে, তাই এইরূপ করি।

আর এক সময়ে ঈশ্বরচন্দ্রের এক বিষয়ে কয়েকটী পদ্য উল্লেখ করিয়া প্রেমচন্দ্র বলিলেন,—"এই পর্য্যন্ত লিখিয়া ক্ষান্ত হইলে ভাল হইত. ইহাতে কবিতাগুলির গূঢ়ভাব অব্যাহত থাকিত ও অলঙ্কারসঙ্গত হইত। শেষের এই কয়েক পংক্তিতে এই ভাব একেবারে ঘাঁটা ছরকটা হইয়া পড়িয়াছে"। ইহা শুনিয়া ঈশ্বরচন্দ্র উত্তর করিলেন,—"আপনি এখন অলঙ্কারের অধ্যাপক, অলঙ্কার পরিচ্ছদ আপনার দোকানের মাল। সাজান গোজান আপনার পক্ষে সহজ, কিন্তু আমি কবিতা-কামিনীর অঙ্গ প্রত্যঙ্গ খোলা রাখিতে ও দেখিতে বড় ভালবাসি"।

ক্রমে ঈশ্বরচন্দ্রের সঙ্গে প্রেমচন্দ্রের ঘনিষ্ঠতা হ্রাস হইয়া আসিতে লাগিল। ঈশ্বরচন্দ্র কলিকাতার বড় বড় লোকের ছেলেদের দলে মিশিলেন এবং পবিত্র চরিত্রটী কলুষিত হইতে দিতে লাগিলেন। রাত্রিকালে দুইজনে গোপনে ওস্তাদি কবিদলের

গাওনা শুনিতে দৌড়িতেন। প্রেমচন্দ্র এই রোগটী একেবারে পরিত্যাগ করিলেন ; কিন্তু ঈশ্বরচন্দ্রে কখন প্রেমচন্দ্রের অনুরাগ হ্রাস হয় নাই। তিনি সর্ব্বদা তাঁহার কবিত্বশক্তির প্রশংসা করিতেন। ঈশ্বরচন্দ্র গুপ্ত ও গুড়্গুড়ে (গৌরীশঙ্কর) ভট্টাচার্য্যের কবি-লড়াই-সময়ে প্রেমচন্দ্র তর্কবাগীশ আক্ষেপ করিয়া বলিয়াছিলেন,—বঙ্গসাহিত্য এই উন্নতির পথে আরোহণ করিতেছিল, কিন্তু ইহারা দুজনে যেরূপ কলম ধরিয়াছেন, দেখ্ছি সব মাটি হলো—কাগজ-পাঠে ভদ্রলোকের আর রুচি থাকিল না। তখনও ঈশ্বরের কবিত্বশক্তি সম্বন্ধে প্রেমচন্দ্র বলিয়াছিলেন,—"এ গুপ্ত খনি অক্ষয়া"।

সময়ের স্রোতে তর্কবাগীশের চিত্তের পরিবর্ত্তন উপস্থিত। তিনি বাঙ্গলারচনায় যেমন লেখনী সংযত করিলেন, অমনি সংস্কৃতরচনার দিকে তাঁহার দৃষ্টি পড়িল। কলেজে অধ্যাপনাকার্য্য নিয়মিতরূপে সম্পাদন করিয়া প্রাতে ও সায়ংকালে যে অবকাশ পাইতেন তাহা সংস্কৃতরচনায় নিয়োজিত করিতে লাগিলেন। তৎকালে রঘুবংশ প্রভৃতি কয়েকখানি মহাকাব্যের মল্লিনাথকৃত টীকা বঙ্গদেশে প্রচলিত ছিল না। এই নিমিত্ত মিষ্টর্ উইলসন্ সাহেব নিয়ত-পাঠ্য রঘুবংশের সংক্ষিপ্ত টীকা রচনা করিতে আদেশ করেন। তদনুসারে প্রথমে রামগোবিন্দ পণ্ডিত পরে নাথূরাম শাস্ত্রী রঘুবংশের কয়েক সর্গের টীকা করিয়া লোকান্তরিত হয়েন। পরে প্রেমচন্দ্র অবশিষ্ট কয়েক সর্গের টীকা রচনা করেন। টীকাসহ সমগ্র কাব্যখানি বিদ্যালয়ে পাঠনার নিমিত্ত মুদ্রিত হয়। সংস্কৃতরচনায় প্রেমচন্দ্রের এই প্রথম উদ্যম। কিন্তু তিনি এই টীকাতে তাঁহার অধ্যাপক নাথুরাম শাস্ত্রী প্রভৃতির অবলম্বিত

মার্গ পরিত্যাগপূর্ব্বক নূতন পন্থা অবলম্বন করেন, এবং এই পন্থাই যে কাব্যের গূঢ়ার্থ-ব্যাখ্যার বিষয়ে সমীচীন ছিল, তাহা সর্ব্ববাদিসম্মত। অতঃপর সংস্কৃতরচনায় আগ্রহ জন্মিলে তিনি "পূর্ব্ব নৈষধ" ও "রাঘবপাণ্ডবীয়" এই দুরূহ মহাকাব্যদ্বয়ের টীকা রচনা করেন। প্রেমচন্দ্রের টীকাসহ পূর্ব্ব নৈষধ প্রথমে এসিয়াটিক সোসাইটী হইতে মুদ্রিত ও প্রকাশিত হয়। পরে ১৮৫৪ অব্দে তিনি নিজ ব্যয়ে নিজকৃত টীকাসহ "পূর্ব্ব নৈষধ" ও "রাঘবপাণ্ডবীয়" মুদ্রিত ও প্রচারিত করেন। আজ কাল "রাঘবপাণ্ডবীয়ের" পাঠ ও পাঠনা প্রায় দেখা যায় না, প্রেমচন্দ্রের টীকাসহ "পূর্ব্ব নৈষধের" সমাদর পূর্ব্ববৎ রহিয়াছে। ইহা দেখিয়া তাঁহার মধ্যম পুত্র শ্রীপ্রাণকৃষ্ণ সম্প্রতি ইহার তৃতীয় সংস্করণ প্রচারিত করিয়াছেন।

কালিদাসকৃত কুমারসম্ভবের সপ্তম সর্গ পর্য্যন্ত এদেশে প্রচলিত ছিল। সমুদায় গ্রন্থ পাওয়া যাইত না। পরে কাপ্তেন মার্সেল সাহেব ও স্বর্গীয় ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের যত্নে অষ্টমাদি সর্গ-সহ সম্পূর্ণ গ্রন্থ পশ্চিম দেশ হইতে আনীত হইলে তর্কবাগীশ উহার টীকা রচনা করিতে প্রবৃত্ত হয়েন; এই টীকাসহ অষ্টম সর্গ মুদ্রিত ও প্রচারিত করেন। আদর্শখানি অপরিশুদ্ধ এবং নবম আদি সর্গের রচনাপ্রণালী দৃষ্টে কালিদাসপ্রণীত কি না সন্দেহ করিয়া অবশিষ্ট অংশে হস্তার্পণ করেন নাই। পরে প্রেমচন্দ্র খণ্ডকাব্য "চাটুপুষ্পাঞ্জলি," "মুকুন্দমুক্তাবলী" এবং "সপ্তশতী" নামক গ্রন্থের টীকা করিয়া মুদ্রিত ও প্রচারিত করেন।

এদেশে পূর্ব্বে সংস্কৃত নাটকগুলি মুদ্রিত না হওয়ায় সাধারণের পাঠ ও পাঠনার নিতান্ত অসুবিধা ছিল। এই অসুবিধা দূর করিবার উদ্দেশ্যে তর্কবাগীশই সর্ব্বপ্রথমে অগ্রসর হয়েন, এবং

১৭৬১ শকে (১৮৩৯।৪০ খৃঃ অঃ) মহাকবি কালিদাসপ্রণীত "অভিজ্ঞানশকুন্তল" বঙ্গাক্ষরে মুদ্রিত করেন। অনন্তর ১৭৮১ শকে (১৮৬০ খৃঃ অঃ) সংস্কৃত কলেজের পূর্ব্বতন অধ্যক্ষ ই, বি, কাউএল্ সাহেব মহোদয়ের আদেশ অনুসারে গৌড়দেশ-প্রচলিত এবং দেশান্তরে মুদ্রিত কয়েকখানি আদর্শ অবলম্বন করিয়া তর্কবাগীশ সংক্ষিপ্ত ব্যাখ্যা সহিত "অভিজ্ঞানশকুন্তলের" দ্বিতীয় সংস্করণ প্রচারিত করেন।

ইহার অল্প দিবস পরে ১৭৮২ শকে (১৮৬০।৬১ খৃঃ অঃ) মুরারিমিশ্র-বিরচিত "অনর্ঘ্যরাঘব" নাটকখানি ঐরূপ ব্যাখ্যাসহিত মুদ্রিত এবং প্রচারিত করেন।

এইরূপে ১৭৮৩ শকে (১৮৬১'৬২ খৃঃ অঃ) তর্কবাগীশ গৌড়দেশ-প্রচলিত কবিবর ভবভূতি-বিরচিত "উত্তররামচরিত" নাটকখানি বারাণসী এবং অন্ধ্রদেশ হইতে সমানীত আদর্শপুস্তকের সহিত মিলন ও সংশোধন করিয়া ব্যাখ্যাসহিত মুদ্রিত ও প্রচারিত করেন।

ইহার পরে তর্কবাগীশ একটী বৃহৎ কার্য্যে ব্যাপৃত হয়েন। মহাকবি আচার্য্য দণ্ডী প্রণীত "কাব্যাদর্শ" নামক প্রসিদ্ধ অলঙ্কার গ্রন্থখানি এদেশে একেবারে লুপ্তপ্রায় হইয়াছিল। এতদ্দেশে প্রচলিত "সাহিত্যদর্পণ" প্রভৃতি অলঙ্কার গ্রন্থসকল অপেক্ষা কাব্যাদর্শের গুণালঙ্কার প্রভৃতির প্রণয়নপ্রণালী অতি উৎকৃষ্ট। বিদ্যোৎসাহী কথিত কাউএল্ সাহেব মহোদয়ের সাহায্যে পশ্চিম দেশ হইতে সমানীত কয়েকখানি আদর্শ অবলম্বন করিয়া তর্কবাগীশ বহু পরিশ্রমে এই জীর্ণোদ্ধার করেন এবং অতি বিস্তৃত ও বিশদ টীকা করিয়া ১৭৮৫ শকে (১৮৬৪ খৃষ্ট অব্দে) ইহা প্রচারিত

করেন। মুদ্রিত পুস্তকগুলি অল্পদিন মধ্যে পর্য্যবসিত হইলে তাঁহার বংশীয়েরা ১৮৮১ খৃষ্ট অব্দে এই পুস্তকের পুনর্মুদ্রণ করিয়াছেন। কাব্যাদর্শে তর্কবাগীশ কীদৃশ কবিত্ব ও পাণ্ডিত্য প্রকটিত করিয়াছেন তাহা সহৃদয় ব্যক্তি পাঠমাত্রেই অবগত হইতেছেন।

এতদ্ভিন্ন কয়েকখানি নূতন গ্রন্থ প্রণয়নে তর্কবাগীশ হস্তার্পণ করিয়াছিলেন। প্রথম—"পুরুষোত্তম-রাজাবলীর" বর্ণনা উপলক্ষে উজ্জয়িনীরাজ বিক্রমাদিত্য ও শালিবাহনের চরিত। ইহার ৪র্থ সর্গ পর্য্যন্ত রচিত হইয়াছিল। সম্পূর্ণ হইলে এইখানি এক মহাকাব্য হইত।

দ্বিতীয়—"নানার্থসংগ্রহ" নামক এক অভিধান। ইহাতে অকারাদি ক্রমে মকার আদি শব্দ পর্য্যন্ত সংগৃহীত হইয়াছিল।

তৃতীয়—একখানি নূতন অলঙ্কার গ্রন্থ। ইহাতে রস ও গুণ আদির নিরূপণপ্রণালী যেরূপ বিশদ ভাবে রচিত হইয়াছিল, সম্পূর্ণ হইলে গ্রন্থখানি পণ্ডিতসমাজে বিলক্ষণ সমাদৃত হইত সন্দেহ নাই। এই গ্রন্থগুলি সম্পূর্ণ হইতে না হইতে প্রেমচন্দ্রের জীবন শেষ হয়।

কলেজে অধ্যাপনাসময়ে সংস্কৃতমিশ্র পালী প্রভৃতি ভাষায় খোদিত তাম্রশাসন, প্রস্তরফলক প্রভৃতির সুসঙ্গত পাঠ স্থির করা প্রেমচন্দ্রের একটী কার্য্য ছিল। এই বিষয়ে প্রাবীণ্য বশতঃ তিনি এসিয়াটিক সোসাইটীর তাৎকালিক প্রেসিডেণ্ট জেমস্ প্রিন্সেপ্* সাহেব মহোদয়ের নিকটে বিশেষ প্রতিষ্ঠালাভ করিয়াছিলেন।

---

*(জেম্‌স্ প্রিন্সেপ্ ১৭৯৯-১৮৪০)

১৭৯৯ খৃষ্টাব্দে ২০শে আগষ্ট ইঁহার জন্ম হয়। ১৮১৯ খৃষ্টাব্দে কলিকাতা টাকশালে এসিষ্টাণ্ট 'এসে মাষ্টার' পদে নিযুক্ত হইয়া

মগধ, পূর্ব্ববঙ্গ, কলিঙ্গ প্রভৃতি দেশ হইতে সমানীত অনেক তাম্রপট্ট ও প্রস্তরফলক আদি প্রেমচন্দ্র বহু পরিশ্রমে সঙ্গতরূপে পাঠ করিতে সমর্থ হওয়ায় অনেক ঐতিহাসিক বৃত্তান্ত আবিষ্করণ বিষয়ে প্রিন্সেপ সাহেব মহোদয় কৃতকার্য্য হইয়াছিলেন, এবং এই প্রত্নতত্ব নির্ণয়ে প্রেমচন্দ্রের সাহায্য বহুমূল্য জ্ঞান করিয়াছিলেন। তিনি এবং প্রোফেসর উইলসন্ সাহেব মহোদয় স্বদেশে প্রত্যাগমন করিয়াও প্রেমচন্দ্রকে বিস্মৃত হয়েন নাই। শাস্ত্রতত্ত্বনির্ণয় বিষয়ে সময়ে সময়ে উভয়েই প্রেমচন্দ্রকে প্রশ্ন জিজ্ঞাসা করিয়া পাঠাইতেন এবং উত্তর পাইয়া সম্মান প্রকাশ করিতেন।

ভারতবর্ষে আসেন। পরে তিনি বেনারস্ এবং কলিকাতা টাকশালে 'এসে মাষ্টার' পদে নিযুক্ত হন। অধিক মানসিক পরিশ্রমের জন্য মস্তিষ্ক রোগে ১৮৪০ খৃষ্টাব্দে ২২শে এপ্রিল তারিখে প্রাণত্যাগ করেন। বেনারসে তিনি একটী নূতন টাকশাল এবং গির্জ্জা স্থাপন করিয়াছিলেন; কর্ম্মনাশা নদীর উপর একটী সেতু নির্ম্মাণ করেন এবং বহুবিধ জনহিত কার্য্যে ব্যাপৃত থাকেন। কলিকাতায় তিনি "গ্লীনীংস অব্ সায়েন্স" (পরে জার্ণাল অব্ দি এসিয়াটিক সোসাইটী অব্ বেঙ্গল) পত্রিকার সম্পাদক হন। কলিকাতায় হুগলী নদী ও সুন্দরবন সংযোজক খাল তিনি কাটাইয়া দেন। তিনি রসায়ন ও খনিজ শাস্ত্রে ভারতীয় প্রাচীন শিল্প ও কলা বিদ্যায় বিশেষ অনুরক্ত ছিলেন। ভারতবাসীদের সম্বন্ধে তাঁহার মত দুইটী পুস্তকে প্রকাশিত হইয়াছিল। কলিকাতা ফোর্ট উইলিয়মের দক্ষিণে তাঁহার স্মরণার্থ একটী 'ঘাট' কলিকাতাবাসী কর্ত্তৃক স্থাপিত হইয়াছিল।

৫৭ বৎসর বয়স অতীত হইল। চিত্তের চাঞ্চল্য লক্ষিত হইতে লাগিল। বৈষয়িক কার্য্যে বিরাগ প্রকাশ হইতে থাকিল। প্রেমচন্দ্র প্রথমতঃ ছয় মাসের অবকাশ লইলেন। গয়া, বারাণসী ও প্রয়াগ তীর্থে গমন এবং শাস্ত্রানুমোদিত শ্রাদ্ধাদি ক্রিয়া সম্পন্ন করিলেন। পূর্ব্ব সঙ্কেত অনুসারে এক সাধুর অন্বেষণে কয়েকদিন কাটাইলেন। বোধ হয় তাঁহার দর্শন পাইলেন না। অবকাশের শেষে নিজকার্য্যে উপস্থিত হইলেন। কয়েক মাস নিয়মিত কার্য্যের অনুষ্ঠান করিতে করিতে প্রেমচন্দ্র অকস্মাৎ জাগরিত হইলেন। মোহ-আবরণ অপসারিত হইল। চিত্ত বিচলিত হইল। সাংসারিক ব্যাপারে তিনি একেবারে বীতরাগ ও চিরশান্তিসুখের নিমিত্ত সমুৎসুক হইলেন। বিদ্যালয়ের যে অলঙ্কারের আসন ন্যূনাধিক ৩২ বৎসর অলঙ্কৃত করিয়াছিলেন, তাহা পরিত্যক্ত হইল। ১৮৬৭ সালের জানুয়ারি মাসে পেন্সনের নিমিত্ত প্রার্থনা করা হইল। গার্হস্থ্যাশ্রম পরিত্যক্ত হইল। বন্ধুবাক্য অবধীরিত হইল। তিনি বলিলেন,—আমি তীর্থ ভ্রমণে যাইব না, পবিত্র আত্মাই পরম তীর্থ, তীর্থে তীর্থে পরিভ্রমণ নিস্ফল; কিন্তু গৃহেও আর বাস করিব না, গৃহে আর জনক জননী নাই, গৃহস্থের কার্য্য যথাসাধ্য সম্পাদন করা হইয়াছে। এক্ষণে গৃহে চিত্তবিক্ষেপের বহুতর কারণ উপস্থিত হইয়াছে। চরম সময় অনতিদূরবর্ত্তী। সংসার অপেক্ষা অধিকতর প্রীতিপ্রদ বস্তুর সন্ধানে অবশিষ্ট সময় অতিবাহিত করিবার এবং গঙ্গাতীরে বাস করিবার বড় ইচ্ছা। বারাণসী গঙ্গা ও গঙ্গাধরের পুণ্যতীর্থ, তথায় এই পার্থিব পিণ্ড পরিত্যক্ত হয় এইটী মনের বাসনা। এই বলিয়া সকলের নিকটে অনমুতপ্ত হৃদয়ে বিদায় গ্রহণ করিলেন এবং কাশীধামে গিয়া অবস্থান করিতে

লাগিলেন। তথায় প্রায় ৪ বৎসর জীবিত ছিলেন। এই সময় অকারণে যাপিত হয় নাই। জ্ঞানানুশীলন, যোগসাধন, সাধুভাবের উদ্দীপন, বিদ্যাবিতরণ আদি কার্য্যে এই কয়েক বৎসর ব্যয়িত হইয়াছিল। প্রেমচন্দ্রের প্রশান্ত সৌম্যমূর্ত্তি, লাবণ্যপূর্ণ আকৃতি, ধর্ম্মনিষ্ঠা, স্থিরচিত্ততা এবং মিষ্টভাষিতা আদি গুণে সমাকৃষ্ট হইয়া অনেকগুলি হিন্দুস্থানীয় ছাত্র তাঁহার নিকটে পাঠ স্বীকার করিয়াছিলেন। পীড়া-সঞ্চারের পূর্ব্বদিবস পর্য্যন্ত তিনি অনেকগুলি ছাত্রের পাঠনাকার্য্য সমাদরে সম্পাদন করিয়া প্রীতিলাভ করিয়াছিলেন। ১২৭৩ সালের ১০ই চৈত্র শনিবারে তাঁহার ওলাউঠা হয়। ১২ই চৈত্র সোমবার (২৫শে এপ্রিল, ১৮৬৭ খৃঃ অঃ) প্রাণবিয়োগ হয়। চরম সময় পর্য্যন্ত তাঁহার জ্ঞান অবসন্ন ও মুখবর্ণ বিশীর্ণ হয় নাই। ওষ্ঠাধর অপরিস্ফুটস্বরে কি মন্ত্রজপে নিযুক্ত ছিল।

কাশীতে পীড়াসময়ে পত্নী ব্যতীত প্রেমচন্দ্রের অপর আত্মীয়েরা কেহ নিকটে ছিলেন না। গুণানুরক্ত তত্রত্য ছাত্রেরাই পীড়াসময়ে শুশ্রূষা ও প্রাণান্তে অন্ত্যেষ্টিক্রিয়া আদি পরম যত্নে সম্পন্ন করিয়াছিলেন। প্রেমচন্দ্রের পত্নী* বহুদিন কাশীতে বাস করিয়াছিলেন। তিনি বলিতেন—ওলাউঠা রোগ হইয়াছিল, কিন্তু রোগীকে মলমূত্র ক্লেদে কোন কষ্ট পাইতে হয় নাই। শেষ সময় পর্য্যন্ত তিনি উঠিয়া স্বয়ং মলত্যাগ আদি করিতে সমর্থ ছিলেন। অন্যের সাহায্য লইতে অনিচ্ছা প্রকাশ করিতেন। বিরক্তি প্রকাশ করিলেও আমি অনন্যকর্ম্মা হইয়া নিকটেই থাকিতাম। বিদেশ ও দূরবন্ধু বলিয়া আমাকেও কোন কষ্ট অনুভব করিতে হয় নাই। রোগী সম্বন্ধে আমার কর্ত্তব্য কার্য্যে ছাত্রেরা আগ্রহ পূর্ব্বক আসিয়া পড়িত, বিদ্যাসাগরের

---

* ১৮৯৬ খৃষ্ট অব্দের আগষ্ট মাসে তাঁহার ৺কাশীলাভ হইয়াছে।

স্বর্গীয় পিতা মহাশয়ও নিয়ত তত্ত্বাবধান করিতেন। ক্রমে অবসাদ বৃদ্ধি হইতে থাকিলে সকলের অনুপস্থিতিসময়ে শয্যাপার্শ্বে কে রহিয়াছে ফিরিয়া দেখিবার কালে আমায় দেখিয়াই অমনি মুখ ফিরাইলেন—বলিলেন, তোমার সঙ্গে এখানকার সম্বন্ধ বোধ হয় শেষ হইল—সম্মুখে আসিয়া আর মমতা বাড়াইও না, কোন চিন্তা নাই, তুমি পুত্র কন্যার মাতা, পুত্র ও আত্মীয়গণ দ্বারা ঈশ্বর তোমার তত্ত্বাবধান করিবেন, আর কিছু বলিবার কথা নাই, একটীমাত্র অনুরোধ আছে এইটী আমার শেষ অনুরোধ—রক্ষা করিবে—দেখিবে—আমি যদি জ্ঞানশূন্য হই, অমৃত বাবু আসিয়া যেন আমায় ডাক্তারখানার কোন জলীয় ঔষধ না খাওয়ান, গঙ্গাজল ব্যতীত কোন পানীয় আমার কণ্ঠায় যেন না যায়।

সার রাজা রাধাকান্ত দেব* বাহাদুরের জামাতা অমৃতলাল মিত্র মহাশয় প্রেমচন্দ্রের মধ্যম ভ্রাতার পরম হিতৈষী বন্ধু এবং প্রেমচন্দ্রের প্রতি বড়ই ভক্তিমান্ ছিলেন। স্বাস্থ্য নিমিত্ত তিনি তখন সিক্‌রোলে বাস করিতেছিলেন। কাশীতে বাঙ্গালীটোলায় প্রেমচন্দ্রের পীড়া শুনিয়া অবিলম্বে তাঁহার শয্যাপার্শ্বে উপস্থিত হয়েন এবং হোমিওপ্যাথিক ঔষধ খাওয়াইবার নিমিত্ত যত্ন করেন।

---

* সার রাজা রাধাকান্ত দেব (১৭৮৪-১৮৬৭)

লর্ড ক্লাইভের পারস্য-কর্ম্মচারী ও দেওয়ান, মুন্সী মহারাজ নবকৃষ্ণ দেবের প্রপৌত্র এবং রাজা গোপীমোহন দেবের পুত্র সার রাজা রাধাকান্ত দেব, ইংরাজী ১৭৮৪ সালের ১১ই মার্চ্চ তারিখে কলিকাতায় জন্মগ্রহণ করেন। তিনি কামিং সাহেবের 'কলিকাতা একাডেমীতে', সংস্কৃত, আরবী ও পারসীভাষায় বিদ্যালাভ করিয়া জীবনব্যাপী বিদ্যানুশীলন এবং বিদ্যা প্রচারে রত ছিলেন।

প্রেমচন্দ্রের পত্নী তাঁহার শেষ আজ্ঞার মর্ম্ম জানাইলে অমৃত বাবু বলিলেন—কোন প্রকার জলীয় ঔষধ দেওয়া যাইবে না – গুঁড়া ঔষধ খাওয়াইবার কোন বাধা নাই, অধর্ম্মও নাই। এই বলিয়া তিনি কি কি গুঁড়া ঔষধ দেন, কিন্তু কোন ফল দর্শে নাই। রোগের তীব্রতা দেখিয়া অমৃতলাল বাবু তারযোগে কলিকাতায় সমাচার পাঠাইয়া দেন। প্রেমচন্দ্রের চতুর্থ ভ্রাতা রামময় তর্করত্ন ও তৃতীয় পুত্র শ্রীমান্ হরেকৃষ্ণ অবিলম্বে যাত্রা করেন, কিন্তু উহাঁরা কাশীতে মণিকর্ণিকার ঘাটে উপস্থিত হইবার সময়ে দাহাদি কার্য্য প্রায় শেষ হইয়াছিল। বিদ্যাসাগর মহাশয়ের পিতা স্বর্গীয় ঠাকুরদাস বন্দ্যোপাধ্যায় তখন কাশীতে বাস করিতেছিলেন, তিনি প্রেমচন্দ্রের পীড়া ও অন্ত্যেষ্টিকার্য্য সময়ে যথেষ্ট সহায়তা করিয়াছিলেন।

৬১ বৎসর ৩ দিবসের দিন অবিমুক্ত বারাণসীক্ষেত্রে অশেষগুণচন্দ্র প্রেমচন্দ্রের পবিত্র জীবনপ্রবাহ অনন্ত সময়-সাগরে বিলীন হইল। এইটী তাঁহার চিরাভিলষিত বাসনা ছিল, পূর্ণ হইল, পূর্ণ হইবার কথাও ছিল। প্রেমচন্দ্রের জন্মলগ্নে অর্থাৎ বৃশ্চিক

আধুনিক হিন্দুদিগের মতে তিনিই প্রথম দেশীয় স্ত্রীশিক্ষা সম্বন্ধে ইচ্ছা প্রকাশ করেন, আগ্রহ সহকারে কতকগুলি দেশীয় বিদ্যালয় স্থাপন করেন এবং ছত্রিশ বৎসরে একটী বিশদ সংস্কৃত অভিধান প্রণয়ন করেন। ধর্ম্মে তিনি বিশেষ অনুরক্ত ছিলেন। তিনি হিন্দু কলেজের সদস্য এবং স্কুল বুক সোসাইটীর সদস্য ছিলেন। ১৮৫৫ সালে তিনি কলিকাতায় ম্যাজিষ্ট্রেট্ ছিলেন ও বহুবিধ জনহিতকর কর্ম্মে সাহায্য করিয়াছিলেন। ১৯শে এপ্রিল ১৮৬৭ খৃষ্টাব্দে, তিনি বৃন্দাবনে প্রাণত্যাগ করেন

রাশিতে বৃহস্পতির অবস্থান। তাহা চর রাশি মেষের অষ্টম স্থান এবং অষ্টমাধিপতি বুধ সেই বৃহস্পতির গৃহে অর্থাৎ মীনেতে অবস্থিত হইয়া ধর্ম্মস্থানকে সম্পূর্ণরূপে দৃষ্টি করিতেছিলেন। ইহাতে পবিত্র তীর্থস্থানে তাঁহার জীবন শেষ হইবার কথা ছিল। এই মহাপুরুষের জীবন বিশ্বাস বা আভ্যন্তরীণ পবিত্র ভাবের দৃঢ় ভিত্তিতে সংস্থাপিত ছিল। ধর্ম্মের পথে তিনি কখন ডাইনে বা বামে হেলেন নাই এবং অপরের যুক্তি প্রমাণের অপেক্ষা রাখেন নাই। ফলতঃ ধর্ম্মভাবে তাঁহার মনের গঠন অতি সমুন্নত ও সত্যালোকে সমুদ্ভাসিত ছিল। জ্ঞানবলে ও যোগবলে বলীয়ান্ হইলেও প্রেমচন্দ্র পূর্ব্বপুরুষদের মত পরিণত বয়স পর্য্যন্ত পার্থিব সুখভোগে সমর্থ হইতে পারেন নাই। অপেক্ষাকৃত অল্প বয়সেই মানবলীলা সম্বরণ করায় তাঁহার আত্মীয় স্বজন ও পরিচিত জন অপার বিষাদে মগ্ন হইয়াছিলেন। বিষাদের বিশিষ্ট কারণও ছিল। জ্ঞানীর জীবন—পবিত্র জীবন—দীর্ঘ হইলেই জগতের মঙ্গল ও গৌরবস্থল। প্রেমচন্দ্রের জীবনপ্রবাহ দূরদেশে বিলীন হইতে হইতেও বহুতর হৃদয়ক্ষেত্র প্লাবিত ও সংস্কৃত করিয়াছিল। বিলুপ্ত হইলে, শাকনাড়ার অবসথী বংশের পাণ্ডিত্য-প্রস্রবণ শুষ্কপ্রায় হইয়া উঠিল। প্রেমচন্দ্রের পরবর্ত্তীদিগের মধ্যে তাঁহার চতুর্থ ভ্রাতা রামময় তর্করত্ন ব্যতীত আর কেহই প্রকৃত পণ্ডিত-পদ প্রাপ্ত হইতে পারেন নাই।

রামময় তর্করত্ন সংস্কৃত কালেজের সাহিত্যশ্রেণীতে প্রবিষ্ট হইবার পরে, কাব্য, অলঙ্কার, স্মৃতি, ন্যায়, গণিত আদি বিদ্যায় যথেষ্ট প্রতিষ্ঠালাভ এবং কয়েক বৎসর ধরিয়া উচ্চ শ্রেণীর বৃত্তিভোগ করিয়াছিলেন। ইং ১৮৬০-৬১ খৃষ্ট অব্দে, ল-কমিটির পরীক্ষায়

অর্থাৎ হিন্দু-লয়ের পরীক্ষায় সমাগত পণ্ডিতগণের মধ্যে সর্ব্বোচ্চ স্থান অধিকার করায় তিনি ঢাকা সিবিল কোর্টের ল-পণ্ডিতের পদে মনোনীত হয়েন। ন্যূনাধিক এক বর্ষকাল পরেই বঙ্গদেশের সর্ব্বত্রই ঐ পদের কার্য্য সরকার বাহাদুরের দরকার না হওয়ায়, উঁহাকে ঐ কর্ম্ম হইতে অবসর পাইতে হয়। কিন্তু উঁহাকে নিষ্কর্ম্মা হইয়া বসিয়া থাকিতে হয় নাই। সংস্কৃত কালেজের তাৎকালিক অধ্যক্ষ প্রসন্নকুমার সর্ব্বাধিকারী মহাশয়, রামময় তর্করত্নকে কাব্য পাঠনার কর্ম্মে নিযুক্ত করেন। ৺প্রেমচন্দ্র তর্কবাগীশ পেন্সন্ লইয়া বিদায় গ্রহণ করিবার কালে অধ্যক্ষের প্রশ্নমতে নিজ ভ্রাতা রামময় তর্করত্নকে ব্যাকরণ, কাব্য, অলঙ্কার ও স্মৃতি আদি শাস্ত্রে বিশিষ্টরূপ ব্যুৎপন্ন জানিয়াও, তিনি মহেশচন্দ্র ন্যায়রত্নকেই তাঁহার পদে মনোনীত করিতে অভিপ্রায় প্রকাশ করেন। তিনি জানিতেন, ন্যায়রত্ন ন্যায়দর্শনে যেরূপ প্রতিপন্ন হইয়াছিলেন, তাহাতে তাঁহাকেই ঐ পদে মনোনীত করিলে পদের গৌরব সম্যক্‌রূপে পরিরক্ষিত হইবে এবং তাহাই ঘটিয়াছিল।

এই জীবনচরিতের দ্বিতীয় সংস্করণ আরম্ভ হইবার পরে শারীরিক অসুস্থতা নিবন্ধন আমায় উত্তরপশ্চিমাঞ্চলে যাইতে হইয়াছিল। তথায় মির্জাপুরে শ্রীযুক্ত বাবু অভয়ানাথ ভট্টাচার্য্যের সহিত অকস্মাৎ সাক্ষাৎ ও আলাপ পরিচয় হয়। ইনি সম্প্রতি মির্জাপুরের জজকোর্টের ইংলিস্ ক্লার্ক। ইতিপূর্ব্বে ইনি বেনারস সংস্কৃত কলেজে এবং কিছুকাল ৺ তর্কবাগীশের নিকটে অধ্যয়ন করিয়াছিলেন। ইঁহার সহিত আলাপে তর্কবাগীশ সম্বন্ধে নিম্নলিখিত বিষয়গুলি জানিতে পারিয়াছিলাম। যেরূপ জানিয়াছিলাম

তাহাতে অভয়ানাথ বাবু তর্কবাগীশের ছাত্রমাত্র ছিলেন না; সুস্থ সময়ে তাঁহার অদ্বিতীয় সহায় এবং পীড়া সময়ে প্রকৃত বন্ধু ছিলেন।

তর্কবাগীশ পেন্সন্ লইয়া কাশীতে অবস্থান করিবার কিছুদিন পরেই তথাকার সংস্কৃত কলেজের অধ্যক্ষ পণ্ডিতবর রালফ্ এইচ্ গ্রিফিৎ* সাহেব মহোদয়ের সঙ্গে সাক্ষাৎ করিতে যান। কলেজের মধ্যে কোন্ ঘরে সাহেব মহোদয় বসিয়া থাকেন ইত্যাদি বিষয় সন্ধান লইবার নিমিত্ত তিনি ইতস্ততঃ দৃষ্টি নিক্ষেপ করিতেছেন, এই সময়ে অভয়ানাথ তাঁহার সম্মুখে পড়েন। তর্কবাগীশের মধুর মূর্ত্তি দেখিয়া অভয়ানাথ যেমন মুগ্ধ হইলেন, তেমন তাঁহার ধুতি, উড়ানী, চটিজুতা মাত্র পরিচ্ছদ দেখিয়া ও উদ্দেশ্য শুনিয়া উন্মনা হইলেন, বলিলেন—"এইরূপ পরিচ্ছদ বিশেষতঃ জুতাসহ তথাকার কোন পণ্ডিতের সহিত সাহেব মহোদয় সাক্ষাৎ করেন

***রাল্‌ফ্ টমাস্ হর্টকিন্ গ্রিফিথ (১৮২৬—)**

ইনি ১৮২৬ সালে ২৫শে মে জন্মগ্রহণ করেন। ইনি অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ে অধ্যয়ন করেন। তিনি বোডিন্ বিশ্ববিদ্যালয়ে সংস্কৃত পড়িয়াছিলেন। ১৮৫৪ হইতে ৬২ পর্য্যন্ত তিনি বেনারস্ কলেজের ইংরাজী অধ্যাপক হইয়াছিলেন এবং পরে ঐ কলেজের অধ্যক্ষ হন। ১৮৭৮ হইতে ১৮৮৫ সাল পর্য্যন্ত উত্তর পশ্চিম প্রদেশের ডিরেক্টার অফ পাব্লিক্ ইনষ্ট্রাক্শান্ ছিলেন। তিনি ১৮৮৫ খৃষ্টাব্দে অবসর গ্রহণ করেন। তিনি বেদ, রামায়ণ প্রভৃতি বিষয়ে নানাবিধ গ্রন্থ প্রণয়ন করেন এবং "পণ্ডিত" নামক সংস্কৃত মাসিক পত্রিকার স্থাপয়িতা ও ৮ বৎসর যাবৎ তাহার সম্পাদক ছিলেন

না এই তাঁহার নিয়ম"। "জুতা ছাড়িয়া যাইতে চাহেন না, বোধ হয় কলিকাতা সংস্কৃত কলেজের অধ্যক্ষ শ্রীযুক্ত কাউয়েল সাহেব তাঁহার বিষয়ে লিখিয়া থাকিবেন" বলিয়া তর্কবাগীশ প্রকাশ করিলে, অভয়ানাথ সাগ্রহে সাক্ষাৎকারের তদ্বির করিয়া দেন। এত্তেলা দিবামাত্র গ্রিফিৎ সাহেব মহোদয় বিনা ওজরে ও অতি সমাদরে তর্কবাগীশের সঙ্গে সাক্ষাৎ এবং বহুক্ষণ ধরিয়া শাস্ত্রীয় আলাপ করিয়া অতিশয় সন্তোষ প্রকাশ করেন।

এদিকে এই সমাচার পাইয়া কলেজের পণ্ডিতবর্গ বেলাবসানে কলেজ বন্ধ হইলেও একত্র মিলিত হইয়া তর্কবাগীশের প্রতীক্ষা করেন এবং তাঁহার প্রগাঢ় পাণ্ডিত্য প্রভৃতি বিষয়ে বক্তৃতা করিয়া বহুমানপূর্ব্বক তাঁহার অভ্যর্থনা করেন। এই ঘটনার পরদিন অভয়ানাথ পাঠার্থী হইয়া তর্কবাগীশের বাসায় উপস্থিত হয়েন। বহুকালের পর এইরূপ কার্য্য হইতে একবারে অবসর লইয়া কাশীতে অজ্ঞাতভাবে আসিয়াছেন, পাঠনাকার্য্যে আবার লিপ্ত হইবার ইচ্ছা নাই বলিয়া তর্কবাগীশ প্রকাশ করেন। স্থানান্তরিত হইলেও জ্ঞানীর জ্ঞানপ্রভা বিশীর্ণ হয় না; সদ্গুরুর সান্নিধ্য ও জ্ঞানালোকে সমাকৃষ্ট শিষ্য বিমুখ হইয়া ফিরিলে ক্ষোভের পরিসীমা থাকিবে না; যেমন মধুর বাক্য শুনা যাইতেছে, সেইরূপ মধুর শাস্ত্রব্যাখ্যা শুনিবার বাসনায় আসিয়াছেন, ফিরিতে পারিবেন না বলিয়া অভয়ানাথ বলিতে থাকিলে, তর্কবাগীশ কিয়ৎক্ষণ নীরব থাকিয়া বলিলেন,—"ভাল! তুমি যাহা অধ্যয়ন করিতে চাহ, অধ্যয়ন করাইব" বলিয়া অধ্যাপনা স্বীকার করিলেন। ইহার পর দিবস আর ৫।৬টী নূতন ছাত্র আসিয়া যুটিল। "অভয়! তুমিই এই সকল গোলমাল বাধাইলে এবং ইহাদিগকে সঙ্গে

আনিলে” তর্কবাগীশ বলিতে লাগিলেন। “না মহাশয়! আমার কোন দোষ নাই, আপনার নামের দোষ বা গুণই ইহার কারণ” অভয়ানাথ বলিলেন। এইরূপে ছাত্রসংখ্যা ক্রমে বৃদ্ধি হইতে হইতে শেষে ৪৫।৪৬ জনায় দাঁড়াইল। তর্কবাগীশ পীড়ার পূর্ব্বদিবস পর্য্যন্ত এই সকল ছাত্রের অধ্যাপনাকার্য্য আহ্লাদপূর্ব্বক সম্পাদন করিয়াছিলেন। এই ছাত্রমধ্যে একজন নেপালী, চারি জন পঞ্জাবী, ৫।৬ জন বাঙ্গালী, অবশিষ্ট সমস্ত দ্রাবিড় ও হিন্দুস্থানের লোক ছিলেন। তন্মধ্যে তথাকার কলেজের ৮।৯ জন ছাত্র এবং দুইজন অধ্যাপক তর্কবাগীশের নিকটে পাঠ স্বীকার করিয়াছিলেন। সাংখ্যের অধ্যাপক বেচন তেওয়ারী এবং অলঙ্কারের অধ্যাপক শীতলপ্রসাদ তেওয়ারী প্রতিদিবস আসিতে পারিতেন না, অবসর পাইলেই মধ্যে মধ্যে অধ্যয়নার্থ আসিতেন। ইঁহারা উভয়েই সুপণ্ডিত ও সুকবি ছিলেন এবং স্থানীয় “পণ্ডিত” নামক জর্ণেলের মুদ্রণবিষয়ে সহায়তা করিতেন। কাব্য, নাটক, অলঙ্কার, বেদান্ত, সাংখ্য, পাতঞ্জল এই সকল শাস্ত্রের অধ্যাপনা হইত। প্রাতঃকালে পাঠনা বন্ধ থাকিত। এই সময়ে পূজা ও জপাদিতে ব্যস্ত থাকিতেন বলিয়া কেহই তর্কবাগীশের সাক্ষাৎ পাইতেন না। বেলা দ্বিতীয় প্রহরের পর পাঠনাকার্য্য আরম্ভ হইত এবং রাত্রি ৮।৯টা পর্য্যন্ত চলিত। কথিত শাস্ত্র সকলের যে কোন গ্রন্থের পাঠনা হউক না কেন, তর্কবাগীশ মুখে মুখেই তাহা পড়াইতেন, কখন পুস্তক ধরিয়া পড়াইতেন না বলিয়া কি পণ্ডিত কি ছাত্র সকলেই বিস্ময়াপন্ন হইতেন। ছাত্রেরা পর্য্যায়ক্রমে পাঠ্যগ্রন্থের কিয়দংশ আবৃত্তি করিত এবং তিনি শুনিয়া মুখে মুখেই তাহার ব্যাখ্যা করিয়া যাইতেম। এই তাঁহার পাঠনার প্রণালী ছিল। অন্যান্য

বহুতর পণ্ডিত সত্ত্বেও পাঠার্থী হইয়া তাঁহার নিকটে আসা তত্রত্য লোকের একটা সখ বলিয়া যখন বুঝিলেন, তখন তর্কবাগীশ একটী নিয়ম নির্দ্ধারিত করিলেন, বলিলেন—এক এক গ্রন্থের কয়েকটা শ্লোক বা কিয়দংশ দিনান্তে পড়িলে গ্রন্থ সমাপ্তি হইতে বহুকাল লাগিবে এবং তাঁহার নিকটে পড়িতে আসিবার বিশিষ্ট ফল অনুভূত হইবে না, এই ভাবিয়া তিনি প্রথমতঃ পাঠ্য গ্রন্থের একটী সংক্ষিপ্ত বিবরণ লেখাইয়া দিতেন; এবং তাহার বহুতর অংশ পূর্ব্বাহ্ণে গৃহে পড়িয়া আসিতে সকলকে উপদেশ দিতেন; ইহাতে ঐ অংশে সকলের একপ্রকার ধারণা জন্মিত। পাঠনা সময়ে এক এক ছাত্র পর্য্যায়ক্রমে আবৃত্তি করিতেন এবং তর্কবাগীশ কঠিন অংশের অর্থ করিয়া যাইতেন; অপরাংশমধ্যে কোন স্থান কাহারও দুর্বোধ থাকিলে তাহারও ব্যাখ্যা করিতেন। এই নিয়মে এক এক দিন কাব্যের এক এক সর্গ, নাটকের এক এক অঙ্ক এবং গ্রন্থান্তরের বিশিষ্ট ভাগের ব্যাখ্যা শেষ হইত। অধ্যাপক কোন্ ছাত্রকে কোন্ অংশ আবৃত্তি করিতে বলিবেন নিশ্চয় না থাকায় সকলেই মনোযোগপূর্ব্বক তাহা গৃহে পড়িয়া আসিতেন। এই নিয়মের ফলোপধায়কতা অনুভব করিয়া সকলেই সন্তোষলাভ করিতেন। ফললাভও বোধ হয়, সামান্য হয় নাই। তর্কবাগীশের পাঠনার পারিপাট্যের কথা বলিতে বলিতে অভয়ানাথ সম্প্রতি ভিন্নব্যবসায়ী হইয়াও নৈষধাদি গ্রন্থের অনেক স্থান মুখে মুখেই আবৃত্তি ও ব্যাখ্যা করিতে গিয়া যেরূপ আমোদ ও প্রাবীণ্য প্রকাশ করিলেন, তাহাতে ছাত্রদিগের অসামান্য অভিনিবেশ জিগীষা ও এক-মন-প্রাণতা এবং অধ্যাপকের যত্নশীলতার বিলক্ষণ পরিচয় পাওয়া গেল।

এইরূপ নিত্য পাঠনার নিয়ম প্রতিপালন করিয়াও তর্কবাগীশ গ্রন্থরচনায় বিরত হয়েন নাই। অভয়ানাথ বলেন,—তিনি তর্কবাগীশের হস্তলিখিত নূতন অলঙ্কারগ্রন্থের তিন শতের অধিক পৃষ্ঠা পর্য্যন্ত দেখিয়াছিলেন বিলক্ষণ স্মরণ রহিয়াছে। এই গ্রন্থের কোন কোন অংশ সময়ে সময়ে পাঠ করিয়া তর্কবাগীশ তথাকার বিচক্ষণ পণ্ডিতদিগকে শুনাইতেন এবং তাহা প্রচলিত অলঙ্কার গ্রন্থসকল অপেক্ষা সমধিক সুরুচিসম্পন্ন, সরল ও সমীচীন হইয়াছিল বলিয়া সকলে মুক্তকণ্ঠে স্বীকার করিতেন। পরিতাপের বিষয় এই যে, তর্কবাগীশের লোকান্তর গমনের পরদিবস দপ্তরসহ ঐ গ্রন্থখানি আর দেখিতে পাওয়া যায় নাই। তাঁহার গুণপক্ষপাতী ছাত্রদিগের সন্ধানে ঐ গ্রন্থখানি স্থানান্তরিত হওয়ার বিষয়ে বৈদ্যজাতীয় একটী ছাত্রের উপরে সকলের সন্দেহ নিপতিত হয়। ছাত্রটীও আকস্মাৎ কলিকাতায় চলিয়া আইসেন। উহার পিতৃব্যের সহায়তায় অনেক সন্ধান হইয়াছিল; বিশেষ ফল দর্শে নাই। এইরূপ উৎকৃষ্ট গ্রন্থখানি বেনামীতে প্রচারিত হইলেও সাধারণের মঙ্গল হইত বলিয়া অনেকের আশা ছিল।

তর্কবাগীশ ধর্ম্মসম্বন্ধে বাগ্‌বিতণ্ডায় পার্য্যমানে লিপ্ত হইতে ইচ্ছা করিতেন না, বরং সান্ত্বনাবাক্যে বিবাদ নিষ্পত্তি করিতে যত্নবান্ হইতেন। তিনি একদিন প্রাতে স্নানান্তে কেদারেশ্বর দর্শনে যান এবং তথায় দুইজন বৃদ্ধ ব্রাহ্মণের ধর্ম্মবিষয়ে তুমুল বিবাদ দেখিতে পান। বিবাদকারীরা এবং উপস্থিত দর্শকেরা তর্কবাগীশকে দেখিয়াই মধ্যস্থতা করিতে অনুরোধ প্রকাশ করেন। তর্কবাগীশ দেখিলেন,—বিবাদকারীরা উভয়েই নিজ নিজ মতের সমর্থন নিমিত্ত একবারে মোহান্ধ ও ক্রোধান্ধ এবং যজ্ঞসূত্র ছিঁড়িতে ও

অভিশাপ দিতে সমুদ্যত; বলিলেন—কোন তর্কের মীমাংসা করা ও তাহা গ্রহণ করা স্থিরচিত্ততার কার্য্য; কিন্তু তৎকালে উভয়পক্ষ যেরূপ চড়িয়া উঠিয়াছেন তাহাতে উঁহাদের ক্রোধসম্বাধ হৃদয়ে কোন প্রকার যুক্তিবাক্য হয়ত প্রবেশলাভই করিবে না; সময়ান্তরে ধীরতা অবলম্বনে আর একটী সদস্ত সাক্ষাতে এই তর্কের মীমাংসা করিতে চেষ্টা করিবেন। এইরূপ বলিয়া তখন চলিয়া আসিলেন।

আর এক সময়ে কয়েক ব্যক্তি মিলিত হইয়া বলেন—দেখা যাইতেছে ধর্ম্ম বিভিন্ন; ধর্ম্মের পন্থাও নানা এবং জাতিভেদে ধর্ম্মের আচরণপদ্ধতিও বিভিন্ন; প্রচলিত ধর্ম্ম মধ্যে কোনটী শ্রেষ্ঠ? প্রাচীন হিন্দুধর্ম্মের শ্রেষ্ঠতা লইয়া আজকাল আন্দোলন চলিতেছে; কোন্ কোন্ অংশেই বা ইহার শ্রেষ্ঠতা? এবং কিরূপেই বা সেই সনাতন হিন্দুধর্ম্মের পুনরাবির্ভাব হইবে, ইত্যাদি বিষয়ে প্রশ্ন করেন। প্রশ্নকারীদের মধ্যে ইংরাজীতে কৃতবিদ্য বাবু অমৃতলাল মিত্র প্রভৃতি কয়েক জন বিচক্ষণ ব্যক্তি উপস্থিত ছিলেন।

তর্কবাগীশ বলিলেন—"প্রশ্নগুলি গুরুতর, ইহার বিষয়ে চিন্তা না করিয়া তখনি যে ঐগুলির পর্য্যাপ্ত উত্তর দানে সমর্থ হইবেন, তাহা বোধ করেন না, এবং শ্রোতারাও যে উত্তর শুনিয়া তৃপ্তিলাভ করিবেন গুদ্বিষয়ে আশা কম। যাহা হউক, এ কথা বলা যাইতে পারে প্রচলিত প্রত্যেক ধর্ম্মের অভ্যন্তরে যুক্তির মধুর মূর্ত্তি এবং উন্নতভাবের স্ফূর্ত্তি দেখিতে পাওয়া যায়। তবে সকল দিকে দৃষ্টিপাত করিলে হিন্দুধর্ম্মই সর্ব্বাপেক্ষা শ্রেষ্ঠ বলিয়া প্রতিপন্ন হয়। এই ধর্ম্ম দিব্যজ্ঞানশালী মহর্ষিগণের আধ্যাত্মিক যোগশক্তির অপূর্ব্ব ফল। ইহারা সত্ত্বগুণ ও সাধনাবলে কামনা বিসর্জ্জন, দিব্যজ্ঞানবলে

জড়জগৎমধ্যে অধ্যাত্মজগতের প্রতিপাদন, সমদর্শনবলে বহুরূপ মধ্যে একরূপ—চৈতন্যস্বরূপের দর্শন করিয়া মনুষ্যজন্মদুর্লভ অপার আনন্দলাভ করিতে সমর্থ হইয়াছিলেন। এখন সেই মহর্ষিগণ অন্তর্হিত হইয়াছেন, যুগযুগান্তর অতীত হইয়াছে, প্রাচীন সমাজ বিপর্য্যস্ত হইয়াছে, কিন্তু সেই ধর্ম্মের গম্ভীর নাদ অদ্যাপি দিগ্‌দিগন্তে প্রতিধ্বনিত হইতেছে।

ধর্ম্মের পথ বিবিধ ও দুর্গম। উপাসকদিগের রুচি ও সামর্থ্যের বৈচিত্র্যবশতঃ পন্থা বিভিন্ন হইয়া পড়িয়াছে। এইটীই অতি গূঢ় রহস্য। সকলেই গতানুগতিক ন্যায়মতে এক পথে চলিলে তত্ত্বানুসন্ধানে এরূপ যত্ন হইত না। যে পথেই যাও, অধ্যবসায়বলে গন্তব্যস্থানে উপস্থিত হইতে পারিবে। মোহাবরণবশতঃই পথের দুর্গমতা লক্ষিত হইয়া থাকে; রাজপথের মত ইহা সোজা নহে। কোন্ পথ অবলম্বন করিয়া অগ্রসর হওয়া যায় এইরূপ সংশয় জন্মিলে পূর্ব্ববর্ত্তী মহাজন যে পথে গিয়াছেন তাহাই অবলম্বনীয়। ইহাতেও সংশয় থাকিলে পথভ্রষ্টের কষ্ট অনিবার্য্য। বস্তুতঃ জ্ঞানালোকের অভাবেই পথের দুর্গমতা বোধ হইয়া থাকে। আলোক ব্যতিরেকে অন্ধকারের প্রতীতি হয় না। অল্প আলোকে পরিমিত স্থানের অন্ধকার নষ্ট হয়। এই আলোকিত পরিমিত স্থানের বাহিরে অন্ধকারের সান্দ্রতা বোধ হয়। মনুষ্য আপন প্রকৃতি-সম্ভূত গুণ ও বিকারভাব পরিবর্জ্জন করিতে সমর্থ না হইলে এই আলোকিত পথ দেখিতে পায় না, অর্থাৎ ত্রিগুণাতীত হইতে পারিলেই সব একাকার আলোকময় দেখিতে পায়, মোহান্ধকার দূরে যায়।

প্রাচীন হিন্দুধর্ম্মের পুনরাবির্ভাবের যে কথা বলিতেছেন তদ্বিষয়ে আশা অতি ক্ষীণ। এই ধর্ম্ম জ্ঞানমূলক ও বর্ণাশ্রমনিষ্ঠ ছিল।

এক্ষণে শ্রেষ্ঠবর্ণ বিশীর্ণ ও সঙ্কীর্ণ হইয়াছে। জ্ঞানকর্ম্মযোগাদি শিক্ষা নিমিত্ত যে বিরাট বিশ্ববিদ্যালয়স্বরূপ আশ্রমচতুষ্টয় ছিল, তাহা বিনষ্ট হইয়াছে। পরিবর্ত্তিত অবস্থানুরূপ অভিনব সমাজ সমুত্থিত হইতেছে। সাধনবিষয়ে বৈদেশিক আদর্শের অনুকরণ চলিতেছে। কাজেই আধ্যাত্মিক ভাবের অভাব দৃষ্ট হইতেছে। সত্ত্বগুণাবলম্বী, নিস্পৃহ ব্রাহ্মণগণ দ্বারা ধর্ম্মের পুনরুত্থাপনের যে একটী আশা ছিল, তাহা বিলুপ্তপ্রায় হইতেছে। ব্রাহ্মণেরা এখন ক্ষীণবীর্য্য। বেদ প্রায় পরিত্যক্ত। জীবনযাত্রা নির্ব্বাহ নিমিত্ত ব্রাহ্মণেরা কার্য্যান্তরে ব্যাপৃত এবং লুব্ধ বলিয়া পরিগণিত। বৈদেশিক বিজ্ঞানের সমুন্নতি এবং যন্ত্রাদির সমক্ষে বৈদিক মন্ত্র তন্ত্র আজ্ঞাসিদ্ধ হইলেও একবারে পরাভূত। নিকৃষ্ট বর্ণের সমুন্নতি হইতেছে। ব্রাহ্মণেরা নেতৃত্ব হারাইতেছেন। ধর্ম্মের পুনরুত্থাপনের আন্দোলনমাত্র হইতেছে। ইহাও মঙ্গলের বিষয় সন্দেহ নাই। ফলে—মুখে ধর্ম্ম ধর্ম্ম করিলেই ধর্ম্মের সাধন বা প্রকৃত উন্নতি হইবে না, পবিত্র মনই ধর্ম্মের মন্দির। বিশুদ্ধ সাত্ত্বিকভাব, ভক্তি, শ্রদ্ধা, কামকল্পনার বিসর্জ্জন আদি আত্মজ্ঞান-সাধনের অঙ্গ। আত্মজ্ঞানসাধনই ধর্ম্ম। এইগুলি ব্রাহ্মণেতর বর্ণে সম্যক্‌রূপে সম্ভাবিত নহে। ব্রাহ্মণ্যের অভিমানবশতঃ এই কথাগুলি বলা হইল জ্ঞান করা না হয়। বস্তুতঃ সে অভিমান নাই। হিন্দুধর্ম্ম কেবল বিশ্বাসের উপরে সংস্থাপিত নহে, জ্ঞানমূলক বলিয়া উল্লিখিত হইয়াছে। আত্মজীবনে জ্ঞানের প্রকৃতরূপ প্রস্ফুরণ ব্রাহ্মণেই সম্ভাবিত। এখন ব্রাহ্মণের অধঃপতন অতি গুরুতর। এইরূপ পরিণাম, সময়ের মাহাত্ম্য এবং একান্ত শোচনীয়। চিন্তা করিলে চিত্ত বিক্ষুব্ধ হইয়া পড়ে। এখন সত্বরে সরিয়া পড়িতে পারিলেই মঙ্গল।”

শেষ সময় পর্য্যন্ত তর্কবাগীশের চিত্তচাঞ্চল্য লক্ষিত হয় নাই। কর্ত্তব্যজ্ঞান অব্যাহত ছিল তর্কবাগীশের ছাত্র মধ্যে মহামহোপাধ্যায় পণ্ডিত আদিত্যরাম ভট্টাচার্য্য, এম্, এ, এক্ষণে এই কাশীধামে অবস্থান করিতেছেন। তাঁহার নিকটে এই সম্বন্ধে প্রকৃত অবস্থা জানিবার বিশেষ সুযোগ ঘটিয়াছে। তিনি বলেন,—পীড়া সম্বন্ধে কলিকাতায় তার-যোগে সংবাদ দিবার কথা শুনিয়াই "ছেলেরা আসিতেছে, কোন্ ঘরে থাকিবে, কি খাইবে" ইত্যাদি বিষয়ে প্রেমচন্দ্র কথাবার্ত্তা কহিতে এবং বন্দোবস্ত করিতে লাগিলেন। এমত অবস্থায় রোগীর সহসা প্রাণবিয়োগের আশঙ্কা না করিয়া আদিত্যরাম যথাসময়ে কালেজে যান; বেলা ৩টার সময় কালেজ হইতে প্রত্যাবৃত্ত হইয়া যখন শুনিলেন, প্রেমচন্দ্রের প্রাণবিয়োগ হইয়াছে, তখন তিনি একেবারে মণিকর্ণিকায় উপস্থিত হয়েন এবং দেখেন যে প্রেমচন্দ্রের পার্থিব দেহ কাষ্ঠচিতায় সংস্থাপিত হইয়াছে। তৎপত্নী অবগুণ্ঠনবতী শিরোদেশে বসিয়া আছেন এবং ছাত্র প্রভৃতি বহুতর লোক বিষণ্ণবদনে দণ্ডায়মান রহিয়াছে। ফলতঃ এই অন্ত্যেষ্টিক্রিয়া সময়ে ছাত্র ব্যতীত তথাকার এত বিজ্ঞ ও বৃদ্ধ ব্যক্তি আগ্রহপূর্ব্বক আসিয়া সহায়তায় উন্মত হইয়াছিলেন যে একজন সমৃদ্ধিশালী বড় লোকের চরম সময়ে তত লোকসমারোহ সর্ব্বদা দৃষ্টিগোচর হয় না। চিতাগ্নির শুভ্র জ্যোতি উঠিলে "পণ্ডিতজীর পবিত্রদেহের" পাবক-শিখা দেখিবে বলিয়া অনেক বৃদ্ধ লোক বহুক্ষণ পর্য্যন্ত মণ্ডলাকারে দণ্ডায়মান ছিল। এই শোকাবহ সমাচার শুনিয়া গ্রিফিত্ সাহেব মহোদয় পর্য্যাকুলিত চিত্তে আক্ষেপ করিয়া তথাকার সংস্কৃত কালেজ এক দিবস বন্ধ রাখিয়াছিলেন।

ধন্য পুণ্যশীল প্রেমচন্দ্র! তুমি জন্মগ্রহণ করিয়া রাঢ়দেশ উজ্জ্বল করিয়াছ, জ্ঞানালোক বিতরণ করিয়া রাঢ় বঙ্গ আলোকিত করিয়াছ, দূরে অস্তগমনকালে পবিত্র চিতাগ্নি-জ্যোতিতে শ্মশানদেশ সমুজ্জ্বল এবং দর্শকমণ্ডলীর মন প্রাণ প্রেমভাবে পুলকিত করিয়াছ। তুমি সকল দেশ, সকল সমাজ, সকলে সম্প্রদায় পবিত্র প্রেমভাবে আপনার করিয়া লইয়াছ। তোমার জীবনে সৎ জন্ম, সৎ কর্ম্ম, সৎ জ্ঞান, সৎ সঙ্গ, সৎ মনন, সৎ সাধন, সৎ মরণ দেখিতে পাই। তুমি সত্যের সন্ধানে, পরতত্ত্বের বিজ্ঞানে জীবন যাপন করিয়াছ, তুমি বংশের আদর্শ পুরুষ। তোমায় নমস্কার! তুমি জ্ঞানবান্, চরিত্রবান্ ও ভক্তিমান্ ছিলে, আশা করি, ঈশ্বর তোমার আত্মার শান্তি ও স্বস্ত্যয়ন বিধান করিবেন।

এই প্রকাণ্ড জ্ঞানরাশি প্রেমচন্দ্রের সঙ্গে সঙ্গেই কবিত্ব ও সহৃদয়তা বঙ্গভূমি হইতে অন্তর্হিত হইতে বসিয়াছে বলিলে বেশী বলা হইল বোধ হইবে না। চারিদিকে দৃষ্টিপাত করিতেছি, প্রেমচন্দ্রের সমকক্ষ সহৃদয় বঙ্গমধ্যে দেখিতে পাইতেছি না।

প্রথম মুদ্রণের পর কয়েক জন কৃতবিদ্য এই পুস্তকের সমালোচনা করিয়াছেন। ইঁহাদের মধ্যে এক বিচক্ষণ ব্যক্তি উপরি লিখিত কয়েকটী কথা অতিশয়োক্তি-দোষে দূষিত বলিয়া আক্ষেপ প্রকাশ করিয়াছেন। ইংরাজীতে কৃতিবিদ্য মহোদয়দিগের সমক্ষে অতিশয়োক্তি-দোষ বড় দোষ বলিয়া লক্ষিত হইবে সন্দেহ নাই। বিশেষতঃ যাঁহারা সাক্ষাতে প্রেমচন্দ্রের এই গুণবত্তাবিশেষের পরিচয় পান নাই, তাঁহারা আমার এই কয়েকটী কথায় বিস্মিত হইবেন সন্দেহ নাই। আমিও এই কয়টী কথা তখন অনুদ্ধত ভাবেই বলিয়াছিলাম এবং যে ধারণাপরবশ

হইয়া উহা বলিয়াছিলাম সেই ধারণার অন্যথাভাব অদ্যাপি লক্ষিত হইতেছে না বলিয়া বিশেষ পরিবর্ত্তন করিলাম না। প্রতিভাশালী কবির নিকটে সহৃদয়তার অভাব নাই সত্য, কিন্তু ভাবে কয় জন? ভাবের মাধুরীতে মত্ত হয় কত জন? আমরা কিছুকাল স্বর্গীয় জয়গোপাল তর্কালঙ্কারের এবং বহুদিন ধরিয়া প্রেমচন্দ্রের সহৃদয়তা প্রকাশের যে সকল অকপট লক্ষণ দেখিয়াছিলাম তাহা এখন আর অন্যে প্রায় দেখিতে পাইতেছি না। মৃদঙ্গধ্বনি সঙ্গে হরিনাম সঙ্কীর্ত্তনে গৌরাঙ্গের যেরূপ প্রেমভাবের আবেশ লক্ষিত হইত, সেইটী তাঁহারই নিসর্গসম্ভূত ভাববিকাশ; তাহা অপ্রেমিকের অনুকরণযোগ্য নহে। আমরা দেখিয়াছি কোন স্থানে ভাবব্যঞ্জক নূতন কবিতা, অথবা কোন ছাত্রের রচনায় কবিত্বসূচক পদসমুচ্চয় দেখিতে পাইয়া তাহা রসিকশিরোমণি প্রেমচন্দ্রকে শুনাইবার নিমিত্ত তর্কালঙ্কার ভাবগদ্গদচিত্তে, স্খলিত পদে অলঙ্কারশ্রেণীতে দৌড়িতেছেন, স্কন্ধের চাদর অলক্ষিত ভাবে বারাণ্ডায় লম্বমান হইয়া পড়িয়াছে, সংজ্ঞা নাই। প্রেমচন্দ্রও খাঁটি ভাবসূচক দুই চারিটী পদ শুনিলেই হা! সাবাস! বলিয়া নৃত্যোন্মুখ হইতেন, প্রেমানন্দে ভাসিতে ভাসিতে ভাবরসোদ্দীপক শব্দবিন্যাসের ব্যাখ্যায় বিদগ্ধতা প্রকাশ করিতেন ও কবিহৃদয়ের বিচিত্র সৌন্দর্য্য দর্শন এবং উৎসাহ বর্দ্ধন করিতেন।

অধ্যাপনার সময় তাঁহার মাঝে মাঝে ভাবোচ্ছ্বাস হইত; "তিনি কুমার সম্ভব যখন পড়িতেন:—

ত্রিভাগ শেষাসু নিশাসু চ ক্ষণং
নিমীল্য নেত্রে সহসা ব্যবুধ্যত।

ক্ব নীলকণ্ঠ ব্রজসীত্যলঙ্কাবাক্
অসত্য কণ্ঠার্পিত বাহু বন্ধনা ॥

তখনই আহা, হা করিয়া উঠিতেন, তাঁহার ভাব লাগিয়া যাইত, আমাদেরও সেদিনকার মত পাঠ বন্ধ হইত।"

৺শিবনাথ শাস্ত্রী দুই বৎসর অলঙ্কার শ্রেণীতে তর্কবাগীশের নিকট অধ্যয়ন করিয়াছিলেন। তাঁহার নিকট শুনিয়াছি যে পার্ব্বতী নামক একটী ছাত্রের সমস্যা পূরণের কবিতাটী পড়িয়া তাঁহার এত ভাবোচ্ছ্বাস হইয়াছিল যে তাঁহার হস্ত হইতে কখন যে হুঁকা পড়িয়া যায় তাহা তিনি জানিতে পারেন নাই।

এইগুলি উঁহাদের অস্থিমজ্জাগত গুণ বা ভাবময় হৃদয়প্রসূন বলিয়া বুঝা যাইত। "একঃ শব্দঃ সুপ্রযুক্তঃ স্বর্গে লোকে চ কামধুগ্ ভবতি" এই শ্লোকের মর্য্যাদা উঁহাদের নিকটেই রক্ষিত হইত। উঁহাদের নিকটেই ভাবের আদর দেখিতাম এবং উঁহাদের হৃদয় ভাবময় দেখিতাম। হৃদয় লইয়াই সকল কথা। হৃদয়স্পর্শী দৃশ্যেই দর্শকের মন আবর্জ্জিত হয়। এইরূপ হৃদয়বান্ মহাপুরুষদ্বয়ের প্রযত্নেই কিছুদিন সংস্কৃত সাহিত্যের মৌলিক শক্তির স্ফূর্ত্তি এবং ছাত্রবৃন্দের মানসিক সমুন্নতি দেখা গিয়াছিল। উঁহাদের এই স্বাভাবিক গুণের ছায়া কাব্যরসপ্রিয় ৺মদনমোহন তর্কালঙ্কারে কিয়ৎপরিমাণে প্রতিফলিত হইয়াছিল সন্দেহ নাই। এক্ষণে সেইরূপ বিশুদ্ধ তানলয়ের বিলয় হইতে বসিয়াছে বলিলে অত্যুক্তি হইবে বোধ হয় না। সংস্কৃত সাহিত্যে লোকের সম্যক্রূপ আস্থা না জন্মিলে বঙ্গভাষার শ্রীবৃদ্ধি সাধন হইবে না, এবং জাতীয় ভাষার পুষ্টিসাধন না হইলে জাতীয় গৌরবের আশা নাই—এই কথা প্রেমচন্দ্র সর্ব্বদাই

বলিতেন এবং বলিয়াই নিশ্চিন্ত থাকেন নাই; স্বয়ং বদ্ধপরিকর হইয়া এই বিষয়ে সর্ব্ব প্রথমে পথপ্রদর্শক হইয়াছিলেন এবং নিজ গুরু জয়গোপাল তর্কালঙ্কারকেও এই পথে আনিয়াছিলেন।

মৃত্যুর তিন মাস পূর্ব্বে মধ্যম ভ্রাতার অনুনয় ও অনুরোধ-সূচক পত্র সকলের উত্তরে প্রেমচন্দ্র লিখিয়াছিলেন—বিসূচিকা রোগে তাঁহার জীবন শেষ হইবে। ইতিপূর্ব্বে যৌবনে দুইবার এই রোগ হইয়াছিল, পরিত্রাণও হইয়াছিল। আগামী বৈশাখের পূর্ব্বে যে এই রোগ ঘটিবে তাহার পরিণাম দেখিয়া একবার বাটীতে যাইবার ইচ্ছা রহিল। প্রেমচন্দ্রের গণনার ফল অব্যর্থ। এই ফল অবগত হইয়া তিনি ৫৭ বৎসর বয়স হইতে চরম সময়ের নিমিত্ত নিয়ত প্রস্তুত ছিলেন। এক দিনের নিমিত্ত তাঁহাকে বিষণ্ণ বা শোকদুঃখে ম্লান দেখা যায় নাই। শেষাবস্থায় দেখিলে তাঁহাকে সর্ব্বদা প্রসন্নাত্মা ও সমাহিতচিত্ত বোধ হইত। সমীপস্থ ব্যক্তির সহিত কথোপকথন কালে প্রতি বাক্যাবসানেই তাঁহাকে আবার তখনি মৌনী, নাসাগ্রদৃষ্টি ও ধ্যানপরায়ণ দেখা যাইত।

প্রেমচন্দ্রের পত্নী বলিতেন—"কর্ত্তা জীবনের শেষভাগ যে ভাবে যাপন করিয়া সংসারলীলা সমাপন করিয়া গিয়াছেন, তাহা এখন ভাবিলে তাঁহাকে দেবতুল্য জ্ঞান করিতে হয়। সকল কার্য্যে ও বাক্যে সরলতা, সাধুতা, উদারতা ও চিন্তাশীলতা দেখা যাইত। ভয়, ক্রোধ, বিদ্বেষভাব বা বিরক্তির কোন চিহ্ন দেখা যাইত না। কেবল অধ্যাপনা সময়ে তাঁহার হাস্যালাপ শুনা যাইত ও সন্তোষানুভূতির লক্ষণ দেখা যাইত, কিন্তু গৃহে তাঁহার মুখমণ্ডল ভিন্ন মূর্ত্তি ধারণ করিত। সর্ব্বদাই তাঁহার মুখে প্রশান্ত ভাব ও চিন্তাগাম্ভীর্য্যের চিহ্ন দেখিয়া পত্নীভাবে যাওয়ার কথা দূরে থাকুক, পরিচারিকা

ভাবেও নিকটে যাইতে মনে শঙ্কা হইত। পাছে তাঁহার আন্তরিক চিন্তা বা ধ্যান ধারণার বিঘ্ন হয় এইরূপ আশঙ্কা জন্মিত। ফলে এই সময়ে তাঁহাকে অনুরাগশূন্য, ভয়শূন্য, ক্রোধশূন্য এবং পলায়নের নিমিত্ত যেন নিয়ত উদ্যত বলিয়া বোধ হইত। কাশীতে অবস্থান সময়ে তাঁহার স্বাস্থ্যসুখ বা ক্ষুধার অভাব দেখা যায় নাই। মধ্যাহ্নে যে অন্নব্যঞ্জন ও রাত্রিতে যে ফল মূল আদি দেওয়া হইত, প্রায় তাহার অবশেষ থাকিত না। ইচ্ছাপূর্ব্বক খাদ্যের অল্প বা বেশী পরিমাণ দিয়া পরীক্ষা করা হইত; তাহাতেও কোন কথা বলিতেন না। যে কিছু খাদ্য দেওয়া হইত, তাহা একেবারেই দিতে হইত। আহারে বসিবার পরে কোন সামগ্রী দেওয়ার নিষেধ ছিল। শীত গ্রীষ্ম আদি সকল সময়ে রাত্রি ৩।৪ টার মধ্যে তিনি শয্যা ত্যাগ করিয়া নিত্যকর্ম্ম সম্পাদন করিতেন; পরে জপের ঘরে প্রবেশ করিতেন এবং প্রভাতসময়ে স্নানার্থে গঙ্গাতীরে যাইতেন। কোন কোন রাত্রিতে একজন সন্ন্যাসী বা সাধু আসিতেন এবং উভয়ে জপের ঘরে প্রবেশিয়া ধ্যান আদি করিতেন। সাধুটী কোন্ দেশীয় কি প্রকার লোক বলিতে পারি না। দিবাভাগে কখন তাঁহাকে দেখিতে পাই নাই। তিনি বেশী কথা কহিতেন না এবং যাহা কিছু বলিতেন তাহাও বুঝিতে পারিতাম না। তিনি রাত্রিতে দ্বারদেশে উপস্থিত হইয়া দণ্ডকাষ্ঠের শব্দ করিতেন এবং সঙ্কেত বুঝিয়া কর্ত্তা দ্বার খুলিয়া দিতেন। এক রাত্রিতে কর্ত্তার নিত্যক্রিয়া সমাপনের পূর্ব্বে আসিয়া সাধু প্রথমতঃ দণ্ডকাষ্ঠের শব্দ পরে কি এক ভাষায় শব্দ করিতে থাকায় আমি দ্বার খুলিতে যাইতেছিলাম, তখন কর্ত্তা কি বলিয়া উত্তর দেন এবং সাধুর সম্মুখে যাইতে আমায় নিষেধ করেন। তদবধি আমি তাঁহার সাক্ষাতে

বাহির হইতাম না। অন্তরাল হইতে দুই চারিবার তাঁহাকে যে দেখিয়াছিলাম তাহাতে তাঁহার মাহাত্ম্য আদির বিষয় কিছুই বুঝিতে পারি নাই। আমি অজ্ঞ স্ত্রীলোক। এরূপ লোকের কার্য্যকলাপ বা প্রকৃত তত্ত্ব কি বুঝিব? সর্ব্বশুদ্ধ তিনিও পাঁচ সাতবারমাত্র বাসায় আসিয়াছিলেন মনে হয়। মধ্যাহ্নভোজনের পূর্ব্বে কিছু দান করা কর্ত্তার একটী নিত্যকর্ম্ম ছিল। প্রাতে স্নান করিয়া আসিবার সময়ে কোন কোন দিন যথাশক্তি দান করিয়া আসিতেন এবং কোন কোন দিন ভোজনের পূর্ব্বে দানের নিমিত্ত রাস্তায় যাইতেন এবং কখন কখন বিলম্বও করিতেন। উপযুক্ত পাত্র পান নাই বলিয়া বিলম্বের কারণ বলিতেন। কিরূপ উপযুক্ত পাত্রে তাঁহার দান ছিল বলিতে পারি না। পীড়ার পূর্ব্বে এক রাত্রিতে অনিদ্রাব্যতীত অন্য কোন অনিয়মের কথা স্মরণ হয় না"।

প্রেমচন্দ্রের লোকান্তর গমন সময়ে তাঁহার চারিটী পুত্র ও তিনটী কন্যা জীবিত ছিলেন। পুত্রগণ কালগতিতে পণ্ডিতের পদবী ও ব্যবসায় অবলম্বন করেন নাই সত্য, কিন্তু সকলেই শাস্ত্রজ্ঞানাপন্ন, বিশ্ববিদ্যালয়ের পরীক্ষোত্তীর্ণ, সুশিক্ষিত এবং বিনীত। ভ্রাতুষ্পুত্র, পৌত্র, দৌহিত্রের সংখ্যাও কম নহে এবং তাহাদেরও জ্ঞানার্জ্জন বিষয়ে ন্যূনতা দৃষ্ট হয় না, কিন্তু এখনকার পড়ুতা পৃথক্ ও শিক্ষাপ্রণালী পৃথক্। বিশ্ববিদ্যালয়ের ছাত্রগণের পাশাপাশি চলিতে থাকায় কেহ আর সূক্ষ্ম-শাস্ত্রার্থদর্শী মহাজ্ঞানী হইবার বাসনা রাখেন না।

চতুর্থ পরিচ্ছেদ।

প্রেমচন্দ্রের প্রকৃতি ও ধর্ম্ম।

প্রেমচন্দ্রের অবয়বসংস্থান সুগঠিত ছিল। তিনি কিছু খর্ব্বাকৃতি ও কমনীয়কান্তি ছিলেন। ললাটদেশ দীর্ঘ ও উন্নত এবং মুখমণ্ডল মধুর ও গাম্ভীর্য্যপূর্ণ ছিল। আকার দেখিলেই তাঁহাকে শান্তিপ্রিয়, স্থিরচিত্ত এবং বিনীত ও প্রতিভাসম্পন্ন বোধ হইত। বিনয়ের সঙ্গে তাঁহার বিলক্ষণ তেজস্বিতা ছিল। কথোপকথনকালে তিনি বালকের সঙ্গে বালকের ন্যায়, কৃষিজীবীর সঙ্গে কৃষকের ন্যায় এবং পণ্ডিতের সঙ্গে পণ্ডিতের ন্যায় আলাপ ও ব্যবহার করিতেন। শাস্ত্রব্যবসায়ী হইলেও বৈষয়িক কার্য্যে তাঁহার বিলক্ষণ বিচক্ষণতা লক্ষিত হইত। কয়েকটী জটিল ও গুরুতর বৈষয়িক কার্য্যে তাঁহার এই বিচক্ষণতার পরিচয় পাওয়া গিয়াছিল।

কোন ছাত্রের পাঠ শৈথিল্য তাঁহার নিকট অমার্জ্জনীয় অপরাধ স্বরূপে পরিগণিত হইত। কৃতী ছাত্রের উদাহরণ দিয়া তিনি সদাই ছাত্রদিগকে উৎসাহিত করিতেন। ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর, মদনমোহন তর্কালঙ্কার, [redacted], [redacted], মহেশচন্দ্র ন্যায়রত্ন, গিরিশচন্দ্র বিদ্যারত্ন, রামনারায়ণ তর্করত্ন, কৃষ্ণকমল ও তাঁহার অগ্রজ রামকমল ভট্টাচার্য্য, নীলাম্বর মুখোপাধ্যায়, শিবনাথ শাস্ত্রী, নীলমণি মুখোপাধ্যায়, নৃসিংহ মুখোপাধ্যায় ও তারাকুমার কবিরত্ন প্রভৃতি কৃতী ও যশস্বী ছাত্রবর্গ তর্কবাগীশের অধ্যাপনার স্থায়ী কীর্ত্তি।

ছাত্রগণ তাঁহাকে ভয় ও ভক্তি করিত। তিনি সকল ছাত্রকে সমভাবে সস্নেহ নয়নে দেখিতেন। ছাত্রসঙ্গে কেবল পাঠনামাত্র সম্বন্ধ ছিল এমত নহে, তাহাদের জ্ঞানোন্নতি ও চিত্তোন্নতি বিষয়ে তাঁহার যত্ন ছিল। সংস্কৃত ভাষায় রচনা করিবার শিক্ষা দান বিষয়ে তাঁহার নিরতিশয় আগ্রহ ছিল। তিনি বলিতেন,—সংস্কৃত-রচনায় ইদানীন্তনদিগের ঐকান্তিক যত্ন ও প্রাবীণ্য না জন্মিলে এই মৃতকল্প ভাষার পুনরুজ্জীবনের আশা নাই। কোনও ছাত্রের রচনায় ভাবব্যঞ্জক ললিত পদাবলী দেখিতে পাইলে তাঁহার আনন্দের পরিসীমা থাকিত না। তাহা অন্য ছাত্রগণকে পড়িয়া শুনাইতেন এবং উৎসাহ বর্দ্ধন করিতেন। রচনা-শিক্ষা-সম্পর্কে তাঁহার প্রিয় ও প্রধান ছাত্র স্মরণীয় ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর যাহা কিছু লিখিয়াছিলেন, তাহা এই স্থানে সন্নিবেশিত না করিয়া থাকিতে পারিলাম না। সংস্কৃতভাষায় রচনা করা দুরূহ, এজন্য পরীক্ষার সময় উপস্থিত হইলে পলায়ন করিতেন বলিয়া বিদ্যাসাগর এইরূপ লিখিয়াছিলেন :—

"১৮৩৮ খৃষ্টীয় শকে এই নিয়ম হয়—স্মৃতি, ন্যায়, বেদান্ত এই তিন উচ্চ শ্রেণীর ছাত্রদিগকে বার্ষিক পরীক্ষার সময়ে গদ্যে ও পদ্যে সংস্কৃত রচনা করিতে হইবেক; যাহার রচনা সর্ব্বাপেক্ষা উৎকৃষ্ট হইবে, সে গদ্যে একশত টাকা ও পদ্যে একশত টাকা পারিতোষিক পাইবেক। এক দিনেই উভয়বিধ রচনার নিয়ম নির্দ্ধারিত হয়; দশটা হইতে একটা পর্য্যন্ত গদ্য-রচনা, একটা হইতে চারিটা পর্য্যন্ত পদ্য-রচনা। গদ্য পদ্য পরীক্ষার দিবসে দশটার সময়ে সকল ছাত্র পরীক্ষাস্থলে উপস্থিত হইয়া লিখিতে আরম্ভ করিলেন। অলঙ্কারশাস্ত্রের অধ্যাপক পূজ্যপাদ প্রেমচন্দ্র

তর্কবাগীশ মহাশয় আমায় অতিশয় ভাল বাসিতেন। তিনি পরীক্ষাস্থলে আমায় অনুপস্থিত দেখিয়া বিদ্যালয়ের তৎকালীন অধ্যক্ষ চিরস্মরণীয় কাপ্তেন জি, টি, মার্শল সাহেব মহোদয়কে বলিয়া বলপূর্ব্বক আমায় তথায় লইয়া গিয়া একস্থানে বসাইয়া দিলেন। আমি বলিলাম,—আপনি জানেন,—সংস্কৃতরচনায় প্রবৃত্ত হইতে আমার কোনও মতে সাহস হয় না; অতএব কি জন্য আপনি আমায় এখানে আনাইয়া বসাইলেন? তিনি বলিলেন,—যাহা পার কিছু লিখ; নতুবা সাহেব অতিশয় অসন্তুষ্ট হইবেন। আমি বলিলাম,—আর সকলে দশটার সময় লিখিতে আরম্ভ করিয়াছে; এখন এগারটা বাজিয়াছে, এই অল্প সময়ে আমি কত লিখিতে পারিব। এই কথা শুনিয়া সাতিশয় বিরক্তি প্রকাশ করিয়া তিনি যা ইচ্ছা কর বলিয়া চলিয়া গেলেন।

"সত্যকথনের মহিমা গদ্যরচনার বিষয় ছিল। আমি এগারটা হইতে বারটা পর্য্যন্ত বসিয়া রহিলাম, কিছুই লিখিতে পারিলাম না। পূজ্যপাদ তর্কবাগীশ মহাশয় আমি কি করিতেছি দেখিতে আসিলেন; এবং কিছুই না লিখিয়া বিষণ্ণ বদনে বসিয়া আছি ইহা দেখিয়া নিরতিশয় রোষ প্রকাশ করিলেন। আমি বলিলাম,—মহাশয়! কি লিখিব কিছুই স্থির করিতে পারিতেছি না। তিনি বলিলেন,—"সত্যং হি নাম" এই বলিয়া আরম্ভ কর। তদীয় আদেশ অনুসারে "সত্যং হি নাম" এই আরম্ভ করিয়া অনেক ভাবিয়া এক ঘণ্টায় অতি কষ্টে কতিপয় পংক্তিমাত্র লিখিতে পারিলাম। আমি স্থির করিয়া রাখিয়াছিলাম পরীক্ষক মহাশয়েরা আমার রচনা ও রচনার মাত্রা দেখিয়া নিঃসন্দেহ উপহাস করিবেন। কিন্তু আশ্চর্য্যের বিষয় এই—আমিই পদ্যরচনায় পুরস্কার পাইলাম।

"পারিতোষিক বিতরণের পর পূজ্যপাদ তর্কবাগীশ মহাশয় আমায় বলিলেন,—দেখ! তুমি কোনও মতে রচনার পরীক্ষা দিতে সম্মত ছিলে না। আমি পীড়াপীড়ি করিয়া পরীক্ষা দিতে বসাইয়াছিলাম, তাহাতেই তুমি একশত টাকা পারিতোষিক পাইলে। তোমার রচনা দেখিয়া সকলে সন্তুষ্ট হইয়াছেন। অতঃপর রচনা বিষয়ে আর তুমি পরাঙ্মুখ হইও না। এই সকল কথা শুনিয়া আমার কিঞ্চিৎ সাহস ও উৎসাহ হইল। তৎপরে আর আমি রচনাবিষয়ে পরাঙ্মুখ হইতাম না।"

তর্কবাগীশের অন্যতম ছাত্র ৺মদনমোহন তর্কালঙ্কার সংস্কৃত বিদ্যালয়ে সাহিত্য শাস্ত্রের অধ্যাপক হইলে তিনিও তর্কবাগীশের প্রণালী অনুসারে সংস্কৃত-রচনা-শিক্ষা বিষয়ে যত্নবান্ হইয়াছিলেন। একদা মধ্যাহ্ন সময়ে পূর্ব্বপরিচিত একটী ভদ্রলোক সাহিত্যের শ্রেণীতে আসিয়া কোনও এক বিষয়ে একটী ভাল কবিতা রচনা করিয়া দিতে তর্কালঙ্কার মহাশয়কে অনুরোধ করিলেন। তর্কালঙ্কার মহাশয় বলিলেন,—"মহাশয়! যখন আপনি এখান পর্য্যন্ত আসিয়াছেন, তখন আমার কবিতায় আর কাজ কি? আমার পূজ্যপাদ গুরুর সমীপে একবার চলুন" এই বলিয়া তাঁহাকে অলঙ্কারের শ্রেণীতে তর্কবাগীশের নিকটে লইয়া রাখিয়া আসিলেন। কিয়ৎক্ষণ পরেই ঐ ব্যক্তি একখানি কাগজ হস্তে আসিয়া তাহা তর্কালঙ্কারকে দেখাইলেন। তর্কালঙ্কার দেখিলেন,—তর্কবাগীশ দীর্ঘচ্ছন্দে তিনটী কবিতা রচনা করিয়া দিয়াছেন। কবিতাগুলি তিনি উচ্চৈঃস্বরে আবৃত্তি করিলেন এবং বলিলেন, "আমি তিন দিবস যত্ন করিলেও এইরূপ মনোহারিণী কবিতা রচনা করিতে পারিতাম কি না সন্দেহ। আমি জানিতাম,—তর্কবাগীশ

মহাশয়ের মস্তকরূপ মুচি নিয়ত তাওয়ান আছে, ভাবরূপ স্বর্ণ ফেলিয়া দিলেই গল্ গল্ করিয়া বাহির হইয়া পড়ে; এই নিমিত্ত আপনাকে আসল খনিতে লইয়া গিয়াছিলাম।”

একদা বীরভূম জেলার অন্তর্গত হেতমপুরের রাজবাটীতে কলিকাতার সংস্কৃত বিদ্যালয়ের প্রধান প্রধান অধ্যাপকগণের সঙ্গে প্রেমচন্দ্রের নিমন্ত্রণ হয়। এই সময়ে নবদ্বীপ, ভাটপাড়া, বাঁশবেড়ে প্রভৃতি স্থানের বড় বড় পণ্ডিতগণ আহূত হয়েন। বঙ্গদেশ মধ্যে কোনও স্থানে এক সময়ে এতগুলি প্রধান প্রধান পণ্ডিতের সমাগম ও শ্রাদ্ধক্রিয়ার এরূপ সমারোহ দেখা যায় নাই। সংস্কৃত বিদ্যালয়ের অন্যতম পণ্ডিত স্মরণীয় ৺তারানাথ তর্কবাচস্পতি কলিকাতা অঞ্চলের পণ্ডিতগণের পক্ষে অধ্যক্ষতা করিয়াছিলেন। রাজবাটীর মনোনীত রামসুন্দর দরবেশ নামে একজন পণ্ডিত প্রধান অধ্যক্ষের পদে অধিষ্ঠিত ছিলেন। রামসুন্দর দরবেশ দিগ্‌গজ পণ্ডিত। সর্ব্বশাস্ত্রে তাঁহার প্রগাঢ় অধিকার। ধর্ম্মে বামাচার এবং স্বয়ং দাম্ভিকতার একাধার। তাঁহার বয়স অশীতি বর্ষের অধিক হইয়াছিল। আহূত পণ্ডিতমণ্ডলীর মধ্যে যিনি যত বড় পণ্ডিত হউন না কেন, বিদায়ের পরিমাণ ধার্য্য হইবার পূর্ব্বে দরবেশ শাস্ত্রীর নিকটে তাঁহার পরিচয় দিবার নিয়ম নির্দ্ধারিত হইয়াছিল। এই পরীক্ষা সময়ে রামসুন্দরের অসুন্দর ব্যবহার, নিজ দাম্ভিকতা বিস্তার এবং মর্ম্মভেদী ব্যঙ্গোক্তিতে অনেক পণ্ডিতকে জড় সড় হইতে হইয়াছিল, এবং কাহাকে কাহাকেও অশ্রুজল বিসর্জ্জন করিতে করিতে আসিতে হইয়াছিল। প্রেমচন্দ্রের পূর্ব্বে অনেক পণ্ডিতের বিদায় হইয়া গিয়াছিল। উপস্থিত হইবার পরদিন প্রাতেই তিনি দরবেশ

শাস্ত্রীর নিকট উপস্থিত হয়েন, এবং "অলঙ্কারশাস্ত্রের অধ্যাপনা করেন, পূর্ব্বনৈষধের টীকা করিয়াছেন" বলিয়া ৺তারানাথ তর্কবাচস্পতি তাঁহার পরিচয় দেন। তৎকালে দরবেশ শাস্ত্রী আপন বাসায় ৬।৭টী বামায় পরিবেষ্টিত হইয়া বসিয়াছিলেন, এবং এক বামা তাঁহাকে তত প্রাতেই অন্ন ব্যঞ্জন আহার করাইতেছিলেন। আহারান্তে দরবেশ শাস্ত্রী প্রেমচন্দ্রের প্রতি সুতীক্ষ্ণ কটাক্ষ নিক্ষেপ পূর্ব্বক বলিলেন,—"নৈষধের টীকাকারক এ আস্পর্দ্ধার পরিচয় দেওয়ার প্রয়োজনাভাব; তিনি উল্লিখিত টীকা দেখেন নাই; দর্শনশাস্ত্রের সহায়তা ব্যতীত কেহ নৈষধের টীকা করিতে পারে তাঁহার বিশ্বাস নাই এবং নৈষধের প্রকৃত ব্যাখ্যা করিতে সাহসী এরূপ কোনও পণ্ডিত বঙ্গমধ্যে আছে কি না জানেন না"। এই বলিয়া রামসুন্দর নৈষধের কয়েক স্থান আবৃত্তি করিয়া প্রেমচন্দ্রকে অর্থ করিতে বলেন। কবিতামধ্যে পূর্ব্ব নৈষধের তৃতীয় সর্গের ৭৮ সংখ্যক—

"মদ্বিপ্রলভ্যং পুনরাহ যস্ত্বাং
তর্কঃ স কিং তৎফলবাচি মূকঃ।
অশক্যশঙ্কব্যভিচারহেতু-
র্বাণী ন বেদা যদি সন্তু কে তু॥"

এই শ্লোকটীর ব্যাখ্যাকালে বিচার করিতে করিতে ২।৩ ঘণ্টা সময় অতিবাহিত হইয়াছিল। বিচারসময়ে রামসুন্দরের মুখভঙ্গী ও ব্যঙ্গোক্তিতে প্রেমচন্দ্র বিচলিত হয়েন নাই সত্য, কিন্তু মুখমণ্ডলের অনৈসর্গিক রক্তিমা ও বিস্ফারিত লোচনযুগলের

জ্যোতি দেখিয়া তাঁহার আভ্যন্তরিক চিত্তক্ষোভ এবং দরবেশ শাস্ত্রীর দাম্ভিকতা দমনে ঐকান্তিক চেষ্টার চিহ্ন বিলক্ষণরূপে লক্ষিত হইয়াছিল। পরিশেষে যখন তাঁহার স্থিরচিত্ততা ও বিশদ ব্যাখ্যা শুনিয়া সমাগত পণ্ডিতগণ ভূয়সী প্রশংসা করিতেছিলেন। এই সময়ে রামসুন্দর অকস্মাৎ উঠিয়া, বলা নাই কহা নাই, আপন দক্ষিণ চরণ উত্তোলন পূর্ব্বক প্রেমচন্দ্রের মস্তকে বুলাইয়া দিলেন এবং বলিলেন,—“অনেক ব্যাটাকে দেখিলাম, তোর ব্যাকরণ ও দর্শন আদিতে জ্ঞান ও কাব্যের ব্যাখ্যা বিষয়ে প্রবীণতা দেখিয়া বড়ই প্রীতিলাভ করিলাম, দীর্ঘজীবী হও”। প্রেমচন্দ্র রামসুন্দরের অদম্য দাম্ভিকভাব এবং অদ্ভুত অশিষ্টাচার দেখিয়া যেমন বিস্মিত হইলেন, তাঁহার সন্তোষ সমুৎপাদনে সমর্থ হইয়া নিস্তার পাইলেন বলিয়া মনে মনে তেমনি প্রীতিলাভ করিলেন। মস্তকে পদাঘাত বিনীতভাবে সহ্য করিলেন। এই বিচারকালে ৺তারানাথ তর্কবাচস্পতি ব্যতীত সংস্কৃত কলেজের অদ্বিতীয় নৈয়ায়িক ৺জয়নারায়ণ তর্কপঞ্চানন মহাশয় সভায় উপস্থিত ছিলেন ও বিচারের বিষয় সবিস্তর বলিয়াছিলেন।

একদা সৌরাষ্ট্রদেশীয় একজন পণ্ডিত কলিকাতার সংস্কৃত বিদ্যালয়ে আসিয়া ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের সঙ্গে কথোপকথন করিতে করিতে পূর্ব্ব নৈষধের টীকাকারক প্রেমচন্দ্র তর্কবাগীশ বঙ্গদেশের কোন্ স্থানের লোক ছিলেন? উত্তর ভাগের টীকা সমাপন না করিয়া তাঁহার লোকান্তরিত হওয়া অতি পরিতাপের বিষয়, ইত্যাদি বলিয়া আক্ষেপ করিতেছিলেন, এমন সময়ে ঈশ্বরা ব্যস্ত হইয়া বলিলেন,—“আপনি আমার পূজ্যপাদ গুরু প্রেমচন্দ্রকে সুস্থশরীরে জীবিত থাকিতে থাকিতে স্বর্গীয় বলিয়া

কেন গণনা করিতেছেন? পণ্ডিতজী বলিলেন,—কি প্রেমচন্দ্র জীবিত? এবং তিনি তোমার গুরু! রচনাপ্রণালী দেখিয়া আমি তাঁহাকে লোকান্তরিত প্রাচীন সম্প্রদায়ের একজন পণ্ডিত বলিয়া স্থির করিয়াছিলাম"। ইচ্ছা হইলে এখনি আপনার সঙ্গে তাঁহার সাক্ষাৎ করাইতে পারি বলিয়া ঈশ্বরচন্দ্র বলিলেন। "এইক্ষণে হইলে দ্বিতীয় ক্ষণের প্রতীক্ষা করি না, এই বিদ্যালয়ের পুস্তক দেখিবার ইচ্ছা ছিল, তাহা এখন সংযত করিলাম" বলিয়া পণ্ডিতজী কহিতে লাগিলেন। অবিলম্বে উভয়ের সম্মিলন হইলে শাস্ত্রীয় নানা বিষয়ে কথোপকথন চলিল। পরিশেষে, "উত্তর নৈষধের টীকা এপর্য্যন্ত কেন মুদ্রিত করেন নাই? এই নিমিত্ত গুজরাটের পণ্ডিতগণের নিকটে আপনি কৈফীয়ৎ দিতে বাধ্য," বলিয়া পণ্ডিতজী আক্ষেপ করিয়াছিলেন।

স্বদেশেও তিনি পণ্ডিতাগ্রগণ্যরূপে সম্মানিত হইয়াছিলেন। পুরাতত্ত্ববিদ্ প্রসিদ্ধ ডাক্তার ৺রাজেন্দ্র লাল মিত্র মহাশয় তর্কবাগীশের অশেষ গুণে মুগ্ধ হইয়া প্রায় প্রত্যহ তাঁহার সহিত সাক্ষাৎ করিতে সংস্কৃত কলেজে আসিতেন। পণ্ডিত মহাশয়ের কৃত একটী দুরূহ শ্লোকের ব্যাখ্যা তাঁহার এত মনোমুগ্ধকর হইয়াছিল যে তিনি ব্যাখ্যাসহ শ্লোকটী ফ্রেমে বাঁধাইয়া তাঁহার বৈঠকখানা ঘরে রাখিয়াছিলেন। ঘটনাটী সামান্য হইলেও তদানীন্তন বিদ্বন্মণ্ডলীর তর্কবাগীশের প্রতি আন্তরিক শ্রদ্ধার পরিচায়ক। দুঃখের বিষয় শ্লোকটী বা উহার ব্যাখ্যা আমরা সংগ্রহ করিতে পারি নাই।

প্রেমচন্দ্র যে সময়ে সংস্কৃত বিদ্যালয়ের পদ পরিত্যাগ করেন, তখন এই বিদ্যালয়ের সমুন্নত প্রৌঢ়াবস্থা বলিতে হইবে। তখন

দর্শনবিভাগে অশেষবিদ্যাপঞ্চানন জয়নারায়ণ তর্কপঞ্চানন, স্মৃতিবিভাগে স্মার্ত্তশিরোমণি ভরতচন্দ্র শিরোমণি, ব্যাকরণবিভাগে গীষ্পতিপ্রতিম তারানাথ তর্কবাচস্পতি প্রভৃতি পণ্ডিতগণ এবং অধ্যক্ষের পদে ডাক্তার ই, বি, কাউয়েল* সাহেব মহোদয় অধিষ্ঠিত থাকিয়া বিদ্যালয়ের গৌরব বিস্তার করিতেছিলেন। এই পণ্ডিত

---

* এড্‌ওয়ার্ড বাইল্‌স কাওয়েল (১৮২৬—১৯০৩)

জন্ম ২৩শে জানুয়ারী ১৮২৬ সাল। ইনি স্যার ডব্‌লিউ জোন্স মহাশয়ের সংস্কৃত গ্রন্থ সমূহের প্রতি বাল্যাবস্থায় আকৃষ্ট হন ও পারস্যভাষা অধ্যয়ন করেন। ১৮৫৪ সালে অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ের পরীক্ষায় তিনি প্রথম শ্রেণীতে উত্তীর্ণ হন। ১৮৫৩ সাল হইতে ১৮৫৬ সাল পর্য্যন্ত এইচ্‌ এইচ্‌ উইল্‌সন্‌ সাহেবের নিকট তিনি সংস্কৃত অধ্যয়ন করেন। ১৮৫৬ সালে ইতিহাস ও অর্থনীতির অধ্যাপক হইয়া তিনি কলিকাতায় প্রেসিডেন্সী কলেজে আসেন। দুই বৎসর পরে সংস্কৃত কলেজের অধ্যক্ষ হন। ১৮৬৭ সালে তিনি কেম্ব্রিজ্‌ বিশ্ববিদ্যালয়ের সর্ব্বপ্রথম সংস্কৃতাধ্যাপক নিযুক্ত হন। তাঁহার এই কর্ম্মে নিযুক্ত হইবার পর কেম্ব্রিজে প্রাচ্যভাষা সমূহের চর্চ্চা বৃদ্ধি পায়। তিনি সংস্কৃত, ভারতীয় দর্শন, তুলনামূলক ব্যাকরণ (Comparative philology), পারসি, পালি এবং জেন্দ ভাষাসমূহ শিক্ষা দিতেন। তিনি বহুগ্রন্থের প্রণেতা। তাৎকালিক মাসিক পত্রিকাসমূহে তিনি পারস্যদেশীয় কবিতা, হিন্দুনাটক প্রভৃতি বিষয়ে প্রবন্ধ লিখিতেন। কলিকাতায় এবং কেম্ব্রিজে অবস্থানকালে তিনি বহু সংস্কৃত গ্রন্থ

মহোদয়গণ যে যে শাস্ত্রের অধ্যাপনা করিতেন, তাহাতে উঁহারা অদ্বিতীয় বা উচ্চদরের পণ্ডিত ছিলেন, এইমাত্র বলিলে শাস্ত্রতত্ত্বে উঁহাদের সর্ব্বতোমুখী প্রতিভার সঙ্কোচমাত্র করা হয়। বস্তুতঃ জ্ঞান বিজ্ঞান বিষয়ে উঁহাদের অগাধতা, গুণবত্তা, ও গুণগ্রাহিতা ও উদারতা আদি স্মরণ করিলে এবং আজকালের অবস্থার সঙ্গে তুলনা করিলে স্বর্গ মর্ত্তের প্রভেদ জ্ঞান আসিয়া অন্তরকে বড়ই ব্যাকুলিত করে। এক একটী করিয়া এই সকল রত্ন যেমন খসিয়াছে, সেই পরিমাণে বিদ্যালয় মলিনপ্রভ হইয়া পড়িয়াছে সন্দেহ নাই। ভারতের এই শোচনীয় ভাব দাঁড়াইয়াছে। যেমন যাইতেছে—তেমন আর হইতেছে না।

কাউয়েল সাহেব মহোদয় উইলসন্ সাহেব প্রভৃতির ন্যায় প্রেমচন্দ্রের গুণপক্ষপাতী হইয়াছিলেন এবং তাঁহার প্রতি বড় শ্রদ্ধাবান্ ছিলেন। তর্কবাগীশ যখন অলঙ্কার শ্রেণীতে অধ্যাপনা করিতেন, তখন কাউয়েল্ সাহেব কলেজের অধ্যক্ষ হইয়াও ছাত্রদিগের সঙ্গে একত্র বসিয়া পাঠ শ্রবণ ও গ্রহণ করিতেন। সাহেব মহোদয়, প্রেমচন্দ্র বিদায় লইয়া যাইবার সময়ে দুঃখসূচক এই কবিতাটী রচনা করিয়াছিলেন,—

> “আশাঃ সর্ব্বাস্তিমিরবলিতা অস্তলীনোঽংশুমালী-
> ত্ব্যৎকণ্ঠাধোমুকুঁলিতদৃশোঽপ্যাকুলায়া নলিন্যাঃ।
> অন্তঃপুষ্পং প্রতিনিধিরভূৎ স্বর্ণবর্ণাভরেণু-
> শ্চিন্তারূঢ়া বিরহিহৃদয়ে প্রোষিতস্যেব মূর্ত্তিঃ” ॥

অনুবাদ ও সম্পাদন করেন। তিনি ডি, সি, এল্ প্রভৃতি বহুবিধ উপাধিতে ভূষিত ছিলেন।

সমাবৃত অন্ধকারে আশা * সব একেবারে
অস্তগামী দেখি দিনমণি ;
পর্য্যাকুলা প্রিয়-শোকে আঁখি মুদি অধোমুখে
ভাবিতেছে নলিনী রমণী।
কুসুম-কোটর-স্থিত পীত পরাগ যত
প্রকটিল ভানুর আকৃতি ;
ভাবি নিত্য গুণ রাজে বিরহি-হৃদয়-মাঝে
যথা পান্থ জনের মুরতি।

প্রেমচন্দ্র তর্কবাগীশ, জয়নারায়ণ তর্কপঞ্চানন, ভরতচন্দ্র শিরোমণি ও তারানাথ তর্কবাচস্পতি—এই চারজন পণ্ডিতকে কাউয়েল্ সাহেব সংস্কৃত কলেজের ৪টি স্তম্ভ নির্দ্দেশ করিয়াছেন। তাঁহার রচিত শ্লোকটী এই :—

শ্রীতর্কবাগীশস্তর্কপঞ্চানন শিরোমণিঃ
তর্কবাচস্পতিঃ শ্রীমানিতি স্তম্ভচতুষ্টয়ম্॥

তর্কবাগীশ মহাশয়ের নাম সর্ব্বপ্রথমে উল্লেখ করিয়া তাঁহার অসাধারণ পাণ্ডিত্যের ও নিজের গুণগ্রাহিতার পরিচয় কাউয়েল সাহেব দিয়াছেন।

প্রেমচন্দ্রের লোকান্তর গমনের বার্ত্তা শুনিয়া পরিতাপিত হৃদয়ে সাহেব মহোদয় বিলাত হইতে যে এক পত্র লিখিয়াছিলেন এবং প্রথম মুদ্রিত জীবনচরিত পাইয়া যাহা কিছু লিখিয়াছিলেন তৎসমুদায় পরিশিষ্টে—সন্নিবেশিত করা হইল।

আশা – দিক এবং মনোবাসনা

কলুটোলানিবাসী কৃষ্ণমোহন মল্লিক মহোদয় তর্কবাগীশের প্রতি বড় শ্রদ্ধা প্রকাশ করিতেন। তিনি তর্কবাগীশের নিকট শ্রীমদ্ভাগবতের পাঠ ও উঁহার কৃত ব্যাখ্যা শুনিতে আসিতেন। তাঁহার নিকটে তর্কবাগীশ কিছুকাল নিয়মিতরূপে সেক্সপীয়র প্রভৃতি প্রসিদ্ধ পাশ্চাত্য কবিগণের প্রণীত ভাল ভাল কাব্যগ্রন্থের ব্যাখ্যা শুনিতেন। হ্যাম্‌লেটের পাগ্‌লামীর পারিপাট্য, ভারতবর্ষীয় ডাইন ও কামরূপী ভূত দানবাদির মত ম্যাকবেথ্‌ ও টেম্পেষ্টে প্রদর্শিত ডাইন প্রভৃতির কার্য্যপ্রণালী এবং মন্ত্র তন্ত্রের ঘনিষ্ঠ সৌসাদৃশ্য, মার্চেণ্ট অব্‌ ভিনিসে ছদ্মবেশধারিণী ব্যবহার-কুশলিনী পোরসিয়ার অদ্ভুত তর্কচাতুর্য্য প্রেমচন্দ্রের বড় বিস্ময় উৎপাদন করিয়াছিল। তিনি বলিতেন, পাশ্চাত্য কবিগণের নাটকে যথাস্থানে মানবজাতির শারীরিক ও মানসিক বৃত্তি সকলের যেরূপ পূর্ণবিকাশ এবং বস্তুস্বভাবের যে প্রকার সর্ব্বাঙ্গীণ স্ফূর্ত্তি দেখিতে পাওয়া যায়, তাহাতে উহাদের দৃশ্য কাব্যগুলি সংস্কৃত নাটকাবলির ন্যায় এক সময়ে উৎকর্ষের চরম সীমায় উপস্থিত হইয়াছিল সন্দেহ নাই। কিন্তু, এই দৃশ্য কাব্যগুলি অনেক বিষয়ে আমাদের অলঙ্কারশাস্ত্রের নিয়ম-সঙ্গত নহে রঙ্গমধ্যে বধ ও যুদ্ধাদির অভিনয় শিষ্টাচার ও রুচির বিরুদ্ধ। তিনি ইহাও বলিতেন, সংস্কৃত নাটকগুলি পাশ্চাত্য নাটক সকল অপেক্ষা সমধিক প্রাচীন। পূর্ব্বতন মুনিগণপ্রণীত নটসূত্র আদি ইদানীন্তনদিগের দুর্ব্বোধ হইয়া উঠিয়াছে পাশ্চাত্য নাটক সকলের এখনও সে অবস্থা হয় নাই।

আচার ব্যবহার ও কথোপকথন আদি বিষয়ে কোনও ছাত্রের সাহেবি ধরণ বুঝিতে পারিলে তর্কবাগীশ নিরতিশয় বিরক্তি প্রকাশ

করিতেন। তিনি একবার কয়েকটী ছাত্রকে লক্ষ্য করিয়া বলিয়াছিলেন,—ইংরাজদিগের যেমন কতকগুলি অসাধারণ গুণ আছে, তেমন কতকগুলি অসামান্য দোষও লক্ষিত হইয়া থাকে। যে জাতীয় লোক ব্যবসায়কুশল ও দাক্ষিণ্যশূন্য দোকানদার, যাহাদের প্রকাশ্য ও গূঢ়রূপ দুইটী চরিত্র; যাহাদের পশ্চাতে একরূপ এবং সম্মুখভাগে অন্যরূপ পরিচ্ছদ, তাহাদের অনুকরণচেষ্টা কেন? দেশের অবস্থানুসারে আমরা সকল বিষয়ে যখন খাঁটি সাহেব হইতে পারিব এরূপ আশা নাই, যখন সর্ব্বজাতি সমক্ষে আর্য্যসন্তান বলিয়া, মুনিগণসঞ্চিত রত্নরাশির উত্তরাধিকারী বলিয়া পরিচিত থাকিলে আমাদের অতুল গৌরব; যখন আমরা কোনও বিষয়ে আকণ্ঠ অভাবগ্রস্ত নহি, তখন এরূপ অনুকরণলালসার প্রয়োজন কি? অনুকরণ-লোলুপ ব্যক্তিগণ ইংরাজদিগের কেবল দোষগুলিরই অনুকরণ করিতেছেন, গুণগ্রামের পক্ষপাতী নহেন কেন? চতুর্দ্দিকে বহুতর প্রলোভনের সামগ্রী বর্ত্তমান; দিন দিন পাশ্চাত্য প্রথার প্রাদুর্ভাব হইতে চলিল, সর্ব্বদা সকলেরই সাবধান থাকা আবশ্যক দাঁড়াইতেছে। ফলতঃ তর্কবাগীশের অনুশাসন প্রায় নিষ্ফল হইত না।

“সাহিত্যদর্পণ” নামক অলঙ্কার গ্রন্থের রামচরণকৃত টীকা তৎকালে মুদ্রিত হয় নাই পূর্ব্বে বলা হইয়াছে। তর্কবাগীশের নিজের যে একখানি হস্তলিখিত টীকা ছিল, তাহা ছাত্রদের ব্যবহার নিমিত্ত অলঙ্কারশ্রেণীতে রাখিতেন। ছাত্রেরা পুথির এখানকার সেখানকার পাতা বাহির করিয়া আপন আপন বাসায় লইয়া যাইতেন। অধ্যাপনা সময়ে কখন কখন দেখিবার আবশ্যক হইলে পত্র মিলিত না। এই নিমিত্ত পুথির পাতাসকল কেহ আপন

বাসায় লইয়া যাইতে পারিবেন না বলিয়া তর্কবাগীশ নিষেধ করিয়াছিলেন ।

এই নিষেধ-আজ্ঞার অল্প দিন পরেই এক দিবস অপরাহ্নে নিয়মিত সময়ের কিছু পূর্ব্বে তর্কবাগীশ বিদ্যালয় হইতে বহির্গত হইয়া যান । এই সময়ে ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর ঐ পুথির কতকগুলি পাতা লইয়া আপন বাসায় যাইতেছিলেন । তৎপূর্ব্বেই প্রবলবেগে এক পস্‌লা বৃষ্টি হওয়ায় পথিমধ্যে পদস্খলন হওয়ায় ঈশ্বরচন্দ্র পড়িয়া যান এবং নিজের পরিধেয় বস্ত্র ও অন্যান্য পুস্তকের সঙ্গে পুথির পাতাগুলিও ভিজিয়া যায় । ঈশ্বরচন্দ্র শশব্যস্ত হইয়া একজন ভুনোওয়ালার দোকানে প্রবেশপূর্ব্বক তাহার উত্তপ্ত দীর্ঘ চুলার একপার্শ্বে আপনার আর্দ্র চাদরখানির কিয়দংশ বিস্তৃত করিয়া তাহার উপর সর্ব্বাগ্রে অধ্যাপকের পুথির পত্রগুলি শুষ্ক করিতেছেন, এমন সময়ে তর্কবাগীশ ঐ পথ দিয়া নিজ বাসায় ফিরিয়া আসিতেছিলেন ; ঈশ্বরচন্দ্র পূর্ব্বোক্ত অবস্থায় তাঁহার নয়নপথে পতিত হইলেন । “একি ঈশ্বর” ? বলিয়া তর্কবাগীশ জিজ্ঞাসিলেন । ঈশ্বরচন্দ্র একেবারে তটস্থ । পরিশেষে আপন পর্য্যাকুলতা সংযত করিয়া যাহা ঘটিয়াছিল তাহা বলিলেন এবং গুরুর আজ্ঞা লঙ্ঘনের হাতে হাতে ফল বলিয়া অনুতাপ প্রকাশ করিলেন । “দেখিতেছি তুমি আদ্র বস্ত্রে অনেকক্ষণ আছ, পীড়া হইবে, এইখানি পরিধান কর” বলিয়া তর্কবাগীশ আপন উত্তরীয়খানি ঈশ্বরচন্দ্রের গাত্রে ফেলিয়া দিলেন । ঈশ্বরচন্দ্র কোনমতে তাহা পরিধান করিতে সম্মত হইলেন না । অবশেষে ইতস্ততঃ অন্বেষণ করিয়া তর্কবাগীশ একখানি গাড়ী সংগ্রহ করিলেন ও ঈশ্বরচন্দ্রকে সঙ্গে করিয়া আপন বাসায় আসিলেন,

এবং আর্দ্র বস্ত্র ত্যাগ করাইয়া বিশ্রান্ত ও আশ্বস্ত করিলেন। পরদিন বিদ্যালয়ে উপস্থিত হইয়া ঈশ্বরচন্দ্র অতঃপর আর গুরুর আজ্ঞার অবমাননা করিবেন না বলিয়া স্বয়ং প্রতিজ্ঞা করিলেন এবং সহাধ্যায়ীদিগকে প্রতিজ্ঞা করাইলেন।

বিদ্যাসাগর যখন কলেজের প্রিন্সিপাল, তখন একদিন রচনা আদি বিষয়ক কাগজ দেখিতে দেখিতে তর্কবাগীশ একখানি কাগজ লইয়া অকস্মাৎ দ্রুতপদে অপর এক পণ্ডিতের ঘরে উপস্থিত হইয়া রাগভরে বলিলেন,—"এই দেখ! তোমার এমন্ পুত্র একবারে মাটি! (কাশীস্থিতগবাং) লিখিয়াছে, আর যাহারা ব্যাকরণে পাকা, তাহাদের মধ্যে অনেকেই (কাশীস্থিতগবানাং) লিখিয়াছে—উপক্রমণিকায় সব মাটি হলো দেখ্‌ছি"। ঐ পণ্ডিতটী তর্কবাগীশের ভূতপূর্ব্ব ছাত্র মধ্যে একজন বিখ্যাত ছাত্র। তিনি তখন অপর শ্রেণীতে পণ্ডিত নিযুক্ত হইয়াছিলেন। তাঁহার জ্যেষ্ঠ পুত্রটী তখন অলঙ্কারশ্রেণীতে পড়িতেছিলেন।* তর্কবাগীশ ঐ বালকটীকে বিলক্ষণ বুদ্ধিমান্ ও যত্নশীল বলিয়া জানিতেন। উপক্রমণিকা ব্যাকরণ পাঠ করায় কাঁচা বুনিয়াদ হইতেছে, ঘরে তাহাকে কেন মুগ্ধবোধ ব্যাকরণ আদি পড়ান হয় না—বলিয়া পণ্ডিতটীকে উপদেশ দিতেছেন, ইত্যবসরে বিদ্যাসাগর তথায় অকস্মাৎ উপস্থিত। তর্কবাগীশ বলিয়া উঠিলেন—"ঈশ্বর! কলেজটা মাটি করুলে—ছেলেগুলির মাথা খেলে বাপু!" বিদ্যাসাগর সবিস্তর শুনিয়া বলিলেন—"না মহাশয়! আর ভয়

---

* ৺গিরীশচন্দ্র বিদ্যারত্ন এবং তৎপুত্র শ্রীমান্ হরিশ্চন্দ্র কবিরত্ন সম্পর্কে এই কথোপকথন হইয়াছিল।

নাই—এইবার "ব্যাকরণকৌমুদী" বাহির হইয়াছে, ইতঃপর আপনার শ্রেণীতে ব্যাকরণে পরিপক্ক বালকেরই আমদানি দেখিতে পাইবেন।"

তর্কবাগীশের নিকট ব্যাকরণে ভ্রমপ্রমাদের মার্জ্জনা ছিল না। উল্লিখিত পণ্ডিতের পুত্র অর্থাৎ শ্রীহরিশ্চন্দ্র কবিরত্ন তর্কবাগীশের গুণানুকরণে যত্নপর ছিলেন, এক্ষণে প্রকৃত কবিত্বশক্তিবলে প্রতিষ্ঠাভাজন হইয়াছেন। তাঁহার প্রথম রচনা দেখিয়াই তর্কবাগীশ তাঁহাকে স্বভাবসিদ্ধ কবিত্বশক্তিসম্পন্ন বোধ করিয়া "কবিরত্ন" এই উপাধি দিয়াছিলেন। এই উপাধিতেই তিনি এ পর্য্যন্ত বিখ্যাত।

উপাধি বিতরণের ঘটনাটী এই—তর্কবাগীশ "কথমুদ্যমন্তে" এই সমস্যাটী পূরণ করিবার জন্য ছাত্রদিগকে দিয়াছিলেন। ছাত্রদের কৃত সমস্যাপূরণ দেখিতে দেখিতে হরিশ্চন্দ্রের কবিতাটী তাঁহার নয়নগোচর হয়। ইহাতে রচয়িতার কবিত্বশক্তির নিদর্শন পাইয়া নিরতিশয় আনন্দে হরিশ্চন্দ্রকে তর্কবাগীশ "কবিরত্ন" উপাধি দিয়াছিলেন। কলেজে পাঠ সাঙ্গ হইলে কলেজ হইতে কৃতী ছাত্রদিগকে উপাধি বিতরণ করা হইত। হরিশ্চন্দ্র কলেজের সর্ব্বোচ্চ পরীক্ষায় উত্তীর্ণ হইয়াও অন্য উপাধি গ্রহণ করিতে স্বীকৃত হয়েন নাই। উল্লিখিত কবিতাটি এই :—

খদ্যোত ! তে দ্যুতিরিয়ং তিমিরে প্রগাঢ়ে,
যৎ দ্যোততে তদপি তে বহুমাননীয়ং ।
মার্ত্তণ্ডচণ্ড কিরণ প্রতিসারণীয়
ঘোরান্ধকারদমনে কথমুদ্যমস্তে ॥

সময়ে সময়ে বিদ্যালয়ের অনাথ ও অসহায় ছাত্রেরা তর্কবাগীশের বাসায় অবস্থান করিতেন। একদা রাঢ়শ্রেণীর একটী ছাত্র প্রস্রাব ত্যাগ করিয়া জল ব্যবহার করিলেন না দেখিতে পাইয়া তর্কবাগীশ তাঁহার প্রতি অতিশয় বিরক্তি প্রকাশ করেন এবং বাসার নিয়মাবলীর বিপরীত কার্য্য করিয়াছেন বলিয়া কিছুদিন তাঁহাকে আপন পূজার উপকরণ ও কোন প্রকার খাদ্য সামগ্রী স্পর্শ করিতে দেন নাই।

আর এক সময় বৈদিকশ্রেণীর একটী ছাত্র, তর্কবাগীশ বাসায় নাই জানিয়া জলপাত্র গ্রহণ না করিয়াই প্রস্রাব ত্যাগ করিতে বসিয়াছেন, এমন সময় সদর দ্বারের নিকটে তর্কবাগীশের চটি জুতার শব্দ তাঁহার কর্ণগোচর হইল। যে স্থানে তিনি বসিয়াছিলেন, তাড়াতাড়ি উঠিলেও বিনা জলপাত্রে তথা হইতে আসিয়া তর্কবাগীশের সম্মুখেই পড়িবেন ও তিরস্কৃত হইবেন ভাবিয়া অমনি খানিক প্রস্রাব নিজ দক্ষিণ করপুটে ধরিয়া লইলেন। তখন প্রায় সন্ধ্যা হইয়াছিল। তর্কবাগীশ ছাত্রের হস্তে জলগণ্ডুষ বলিয়া জ্ঞান করিলেন, কিন্তু বলিলেন, অনতিদূরে কূপের নিকটে জলপাত্র ছিল, তাহা লইয়া বসিলেই ভাল ছিল। অতঃপর তাহাই করিবেন বলিয়া ছাত্রটী অঙ্গীকার করিলেন এবং অল্পে অল্পেই মহা বিপদ্ হইতে নিস্তার পাইলেন। এই উভয় ছাত্রই পরিণামে খ্যাতি ও প্রতিপত্তি লাভে সমর্থ হইয়াছিলেন।

প্রেমচন্দ্র আত্মনিষ্ঠ ও কুলপাবন ছিলেন। গুরুজনে তাঁহার অচলা ভক্তি ছিল। নিয়ত সদাচারনিরত হইয়া তিনি পিতৃলোকের তৃপ্তি নিমিত্ত যথাসময়ে পূপাষ্টকা, মাংসাষ্টকা আদি সমুদায় শ্রাদ্ধকার্য্য বিধিপূর্ব্বক সম্পাদন করিতেন। পিতামাতাকে

প্রত্যক্ষ দেবতা জ্ঞানে তাঁহাদের চরণ পূজা ও ভক্তিভরে সেবা করিতেন। কলিকাতা হইতে গৃহে প্রত্যাগমন করিলে পিতা মাতা যথায় যে অবস্থায় থাকিতেন, তথায় উপস্থিত হইয়া তিনি দণ্ডবৎ সাষ্টাঙ্গ প্রণিপাত পূর্ব্বক বিনীতভাবে আশীর্ব্বাদ ও আদেশ প্রতীক্ষা করিতেন। তাঁহাদের আদেশ প্রতিপালনে ও প্রিয় কামনা পূর্ণকরণে সর্ব্বদা যত্নশীল থাকিতেন। গুরুনিন্দা তাঁহার অসহ্য ছিল। তাঁহার কলিকাতার বাসায় স্বদেশস্থ একটী বয়োবৃদ্ধ ব্রাহ্মণ বহুকাল হইতে থাকিতেন, তিনি সংস্কৃত পুস্তক লেখকের কার্য্য করিতেন। এক সময়ে ঐ ব্রাহ্মণটী কথায় কথায় তর্কবাগীশের পূজনীয় গুরু নিমাইচাঁদ শিরোমণির পারিবারিক ব্যাপার সম্বন্ধে নিন্দা করিয়াছিলেন। ইহাতে তর্কবাগীশ এরূপ পরিতাপিত ও ক্রোধান্বিত হয়েন, যে, ঐ ব্রাহ্মণটীকে বাসা হইতে তৎক্ষণাৎ বাহির করিয়া দেন, এবং স্বয়ং অভুক্ত অবস্থায় রাত্রি যাপন করিয়া পরদিন প্রাতে গঙ্গাস্নান করেন। কিছুকাল অতীত হইলে, অপর অধ্যাপক স্মরণীয় ৺হরনাথ তর্কভূষণের আদেশ ও অনুরোধক্রমে ঐ বৃদ্ধ ব্রাহ্মণকে পুনর্ব্বার বাসায় থাকিতে স্থান দেন।

হুয়াড়গ্রামের অধ্যাপক জয়গোপাল তর্কভূষণের টোলে পড়িবার সময়ে অধ্যাপকের পিতার একোদ্দিষ্ট শ্রাদ্ধোপলক্ষে এক হাট হইতে ফলমূল তরকারি আদি খরিদ করিবার নিমিত্ত প্রেমচন্দ্র আদিষ্ট হইয়াছিলেন। জিনিসপত্রগুলি বহিয়া আনিবার নিমিত্ত অধ্যাপক মহাশয় যে ব্যক্তিকে বলিয়াছিলেন, সে প্রেমচন্দ্রকে চিনিত না ও তাঁহার সঙ্গেও যায় নাই। প্রেমচন্দ্র স্বয়ং জিনিসের বোঝা মস্তকে করিয়া আনিতেছিলেন; পথিমধ্যে পতিত হইয়া আঘাতপ্রাপ্ত হয়েন। অপর এক পথিক প্রেমচন্দ্রের সাহায্য

নিমিত্ত অগ্রসর হইয়াছিল, কিন্তু প্রেমচন্দ্র তাঁহাকে চিনিতেন না; পাছে গুরুর দ্রব্যের অপচয় হয় এই আশঙ্কায় প্রেমচন্দ্র কাহাকেও বোঝাটী দেন নাই। কাতর অবস্থায় স্বয়ং মস্তকে করিয়া জিনিসগুলি আনিয়া গুরুর সমীপে উপস্থিত করিয়াছিলেন।

শাস্ত্রানুমোদিত হিন্দুধর্ম্মে তর্কবাগীশের নিরতিশয় নিষ্ঠা ছিল ধর্ম্ম বিষয়ে কপটাচার তিনি সহ্য করিতে পারিতেন না। তিনি বলিতেন,—ধর্ম্ম বিষয়ে কপটাচারী আত্মাপহারী, সত্যার্জ্জববিহীন,—এরূপ ধর্ম্মধূর্ত্ত ব্যক্তি পার্শ্বস্থ লোকদিগকে বঞ্চনা করিতে গিয়া দেবতার সঙ্গে চাতুরী খেলেন, ইহার ফল অতি শোচনীয়! ধর্ম্মতত্ত্ব অতীব গহন। জ্ঞানযোগে যিনি যে প্রকার ধর্ম্ম অবলম্বন করুন না কেন, শুদ্ধসত্ত্ব হইয়া তাহাতে বিশ্বাস স্থাপন করুন; নচেৎ সকলই তাঁহার নিষ্ফল। ধর্ম্ম বিষয়ে বিশ্বাসহীন ব্যক্তি ছিন্নমূল তরুতুল্য। কখন্ কোন্ দিকে ঢলেন নিশ্চয় থাকে না।

এক সময়ে কলিকাতা মলঙ্গানিবাসী কায়স্থবংশীয় বিদ্যাবুদ্ধিসম্পন্ন এক যুবা পুরুষ* ইংরাজীতে কৃতবিদ্য সমবয়স্ক আর

---

*লোকান্তরিত রাজেন্দ্রনাথ দত্ত†। ইনি তর্কবাগীশের মধ্যম ভ্রাতার পরম হিতৈষী বন্ধু ছিলেন।

রাজেন্দ্র দত্ত (১৮১৮—১৮৮৯)

১৮১৮ সালে কলিকাতায় ইহার জন্ম হয়। কিছুকাল হিন্দু কলেজে পড়িবার পর তিনি কলিকাতা মেডিক্যাল কলেজে ভর্ত্তি হন। ডাক্তার দুর্গাচরণ বন্দ্যোপাধ্যায় মহাশয়ের সাহায্যে তিনি এলোপ্যাথী মতে চিকিৎসা আরম্ভ করেন। হিন্দু কলেজের

কয়েকটী ব্রাহ্মণ যুবক সঙ্গে তর্কবাগীশের বাসায় আইসেন। উহাঁরা সকলে তর্কবাগীশের মধ্যম সহোদরের বন্ধু বা পরিচিত ছিলেন। উহাঁদিগকে তর্কবাগীশের নিকটে বসাইয়া মধ্যম ভ্রাতা কার্য্যান্তর ব্যপদেশে বাসার মধ্যে অন্য ঘরে যান। এদিকে অন্যান্য কথাপ্রসঙ্গে এক ব্রাহ্মণ যুবক তর্কবাগীশকে জিজ্ঞাসা করিলেন—"মহাশয়! যতদূর বুঝা যায় ব্রাহ্মণদের গায়ত্রীটী ত সূর্য্যদেবের উপাসনার মন্ত্র; তবে ইহা শূদ্রের দৃষ্টি ও শ্রুতিপথ হইতে সংগোপনে রাখিবার নিমিত্ত ব্রাহ্মণদের এত আঁটাআঁটির আড়ম্বর কেন? এবং শূদ্রের প্রতি ব্রাহ্মণদের এত অশিষ্টাচরণ কেন? কোন দেশের কোন ধর্ম্মযাজক সম্প্রদায়ের এরূপ একচেটে ধর্ম্ম কর্ম্ম দেখা যায় না।" তর্কবাগীশ বলিলেন—"এই প্রশ্নটী আপনার মুখ হইতে বাহির হইতেছে দেখিতেছি, কিন্তু বোধ হইতেছে ইটী প্রকৃতপক্ষে ইঁহার (কায়স্থ যুবককে দেখাইয়া) প্রশ্ন। যাহা হউক, এ সকল আদিকালের কথা; এখন আর ইহা তুলিবার প্রয়োজন কি?" "জিজ্ঞাসুর ভ্রম দূর করা ও কুতূহল নিবারণ করা পণ্ডিতের কর্ত্তব্য; জানিবার নিমিত্তই আমরা আপনার নিকটে আসিয়াছি" বলিয়া সকলে বলিতে লাগিলেন। প্রেমচন্দ্র

শাসন শৈথিল্যের প্রতিবাদ স্বরূপ তিনি হিন্দু মেট্রোপলিটান্ কলেজ স্থাপন করেন। হোমিওপ্যাথী চিকিৎসা বিজ্ঞানের প্রতি আকৃষ্ট হইয়া এবং পরে এই শাস্ত্রের বিশেষ ব্যুৎপত্তি লাভ করিয়া দত্ত মহাশয় একটী হোমিওপ্যাথী ঔষধালয় স্থাপন করেন এবং বিখ্যাত ডাক্তার মহেন্দ্রলাল সরকার মহাশয়কে হোমিওপ্যাথী মূলমন্ত্রে দীক্ষিত করেন। ইনি বিশেষ সদাশয় ছিলেন।

বলিলেন—"এই সকল কথা লইয়া ইংরাজীওয়ালারা নানা কুতর্ক তুলিতেছেন ও ব্রাহ্মণদিগকে গালি দিতেছেন ; আমার মত ব্রাহ্মণ পণ্ডিত এইরূপ প্রশ্নের পর্য্যাপ্ত উত্তর দিতে সমর্থ কিনা জানি না ; এই সম্বন্ধে বিচার বিতণ্ডার ইচ্ছা থাকিলে কোন কথা না বলাই ভাল।" এই সময়ে তাঁহার মধ্যম ভ্রাতা তথায় আসিলে সকলে মুখ তাকাতাকি করিতে লাগিলেন। তর্কবাগীশ ভাবিলেন,—উঁহারা সকলে যোট বাঁধিয়া আসিয়াছেন। একটু ভাবিয়া আবার বলিলেন—"তবে এই বিষয়ে আমার যে ধারণা তাহা বলিলে আপনাদের মনস্তুষ্টি জন্মিবে বলিয়া বোধ হয় না।" "আপনার যে ধারণা তাহা জানিলেই আমাদের পর্য্যাপ্ত উপদেশ হইবে" বলিয়া সকলে প্রকাশ করিলেন।

তর্কবাগীশ বলিলেন—"গায়ত্রীটী মন্ত্র বটে ব্রাহ্মণদের পূজ্য পদার্থ বেদসকলও মন্ত্রমূলক। ঋক্ শব্দের অর্থই মন্ত্র। এক এক ঋকের এক বা অনেক দেবতা আছেন। সেই দেবশক্তির উপাসনার নিমিত্ত মন্ত্র। গায়ত্রীটী কেবল দ্যোতমান সূর্য্যের উপাসনার মন্ত্র বলিয়া জানি না। বাবু রাজেন্দ্রলাল মিত্র প্রভৃতি যাঁহারা পাশ্চাত্য পণ্ডিতদিগের মতের অনুমোদন করেন, তাঁহারা বলেন—আর্য্যঋষিরা সূর্য্য, অগ্নি, বায়ু আদির উপাসনা করিতে করিতে ক্রমে জ্যোতিঃস্বরূপ পরব্রহ্মে উপনীত হইয়াছিলেন। আজ কাল যাঁহার যে ইচ্ছা বলিতেছেন, প্রতিবাদের অবকাশ দেওয়া হয় না ও প্রয়োজন দেখি না। মহর্ষিগণ যে কখন জড় সূর্য্যের ও জড় অগ্নি আদির উপাসনায় ব্যাপৃত ছিলেন, এরূপ বোধ করিবার কোন কারণেরই উপলব্ধি হয় না। জড় বস্তুর অনুশীলনের এরূপ উৎকৃষ্ট পরিণাম হইতে পারে না।

পৃথিবীর সমস্ত জাতিমধ্যে মহর্ষিগণ মনুষ্যের মঙ্গল নিমিত্ত প্রথমাবধি দৈবী শক্তি বা দেবতাতত্ত্ব এবং আধ্যাত্মিক তত্ত্বের গবেষণা লইয়া শুদ্ধ বিজ্ঞানস্বরূপের উপাসনার অধিকারী হইয়াছিলেন। বিশেষতঃ যখন গায়ত্রী মন্ত্রটী রচিত হয়, তখন মহর্ষিগণ প্রাথমিক অবস্থায় পড়িয়াছিলেন না। গায়ত্রীটী ভগবান্ বিশ্বামিত্র ঋষির রচনা বলিয়া জান যায়। এই ঋষির সময় মহানুভব আর্য্যগণের পরমোন্নতির সময়। গায়ত্রীটী, সাবিত্রী বা ব্রহ্মগায়ত্রী নামে অভিহিত। সবিতা শব্দে সূর্য্য, বিষ্ণু বা জগৎপ্রসবিতা বলা যায়। মহামতি সায়নাচার্য্য সবিতা শব্দে সর্ব্বান্তর্যামী সর্ব্বোৎপাদক বা সর্ব্বপ্রেরক বলিয়া অর্থ করিয়াছেন। দ্বিজেরাই অর্থাৎ ব্রাহ্মণ, ক্ষত্রিয় ও বৈশ্যেরাই সায়ং প্রাতর্ম্মধ্যাহ্নে পাপধ্বংশ ও সদ্‌বিদ্যা, সদ্ধর্ম্ম আদি কামনায় এই স্তোত্রদ্বারা জ্যোতিঃস্বরূপ ব্রহ্মের বরণীয় তেজের ধ্যান করিবেন বলিয়া শাস্ত্রে বিধি দেখা যায়। এই বিধানে শূদ্রের পরিগণনা নাই। আমার বিবেচনায় তাৎকালিক শূদ্রের আকণ্ঠ অজ্ঞতাই ইহার কারণ বলিয়া প্রতীয়মান হয়। শূদ্র হইতে এই সকল স্তোত্র গোপন করিবার সম্বন্ধে বেদে কোন নিষেধ বিধি দেখিয়াছি এমৎ স্মরণ হইতেছে না, কিন্তু বৈদিক তান্ত্রিকদের মতে এই সকল বিষয় অতি গুহ্য বলিয়া নির্দ্দিষ্ট হইয়াছে। বেদে চাতুর্ব্বর্ণের বিধান দেখা যায়। গুণবত্তা ও কর্ম্মের তারতম্য অনুসারে বর্ণবিভাগ ব্যবস্থা হইয়াছিল এবং তৎকালে তমোমোহান্ধ শূদ্রের অবস্থা অতি হীন ছিল বলিয়া বুঝা যায়। সমাজের প্রাথমিক অবস্থায় সকল বিষয়ে সাম্যনীতির প্রত্যাশা করা যায় না। নতুবা বর্ণবিশেষের প্রতি অনিষ্টাচরণ উদ্দেশে এইরূপ ব্যবস্থা করা হইয়াছিল এরূপ বোধ হয় না।

এখন এই দোষ দিয়া ব্রাহ্মণদিগকে যে তিরস্কার করা হয় তাহা অসঙ্গত। এখনকার কথা ছাড়িয়া দিউন, আমাদের মত ব্রাহ্মণদের কথা ছাড়িয়া দিউন, সত্ত্বগুণাবলম্বী উন্নতমনা পূর্ব্বতন ব্রাহ্মণদের অসীম আধিপত্যের কথা স্মরণ করুন—দেখিবেন—তাঁহাদের প্রতি এরূপ দোষারোপ করিবার কারণের একান্ত অভাব। স্বার্থসাধন চেষ্টা থাকিলে ব্রাহ্মণেরা ক্ষত্রিয়দিগকে বিশাল আধিপত্য দিতেন না, আপনারাই তাহা যথেচ্ছরূপে সম্ভোগ করিতেন। কালক্রমে বর্ণসাঙ্কর্য্যে গুণসাঙ্কর্য্য ঘটিয়াছে। শ্রেষ্ঠ বর্ণের অধঃপতন হইয়াছে। সত্ত্বগুণচ্যুতিতে ব্রাহ্মণেরা পুরাতন উন্নত ভাব হারাইতেছেন। শূদ্র শব্দের অর্থই অজ্ঞ। প্রকৃত সংস্কারবিহীন ব্রাহ্মণও শূদ্রপদবাচ্য। শূদ্র বলাতে এই বর্ণের প্রতি কোন অনিষ্টাচরণ করা হয় নাই। অজ্ঞতাস্থলে বিজ্ঞতা লাভ করায় এক্ষণে শূদ্রের যথেষ্ট উন্নতি হইয়াছে সন্দেহ নাই। তবে এখনকার শূদ্রেরা শাস্ত্রের দুই চারি পাতা অথবা বেদাদির অনুবাদ পড়িয়াই পূর্ব্বতন ব্রাহ্মণদের সেই অনুপম সাত্ত্বিকভাব প্রাপ্ত হইয়াছেন ইহা স্বীকার করিতে প্রস্তুত নহি। আজ কাল ব্রাহ্মণেরাই ঘোর অন্ধকারে পড়িয়া কষ্ট পাইতেছেন, সত্যালোকের স্ফুলিঙ্গও দেখিতে পাইতেছেন কি না সন্দেহ।

প্রেমচন্দ্র যোগবেত্তা ছিলেন। প্রতিদিন সন্ধ্যাবন্দনাদি নিত্য কার্য্য সমাপন করিয়া ঘরের দ্বার রুদ্ধ করিয়া কিয়ৎক্ষণ প্রাণায়াম সাধন করিতেন। কলিকাতায় অবস্থান সময়ে সদ্‌গুরুর উপদেশ পাইয়া ক্রমে তিনি আসন সাধন, প্রাণায়াম সাধন ও প্রত্যাহার সাধনে সমর্থ হইয়া ধারণা অভ্যাস করিয়াছিলেন। এই বিষয়ে যোগবিৎ গুরুর উপদেশ প্রাপ্তি সম্পর্কে একটী সুযোগ ঘটিয়াছিল।

সংস্কৃত বিদ্যালয়ে পদপ্রাপ্তির কিছুদিন পরে একবার ফাল্গুন মাসে সূর্য্যগ্রহণ হয়। সর্ব্বগ্রাস হওয়ায় গ্রহণকাল বিস্তীর্ণ ও মধ্যাহ্নকাল অন্ধকারাচ্ছন্ন হয়। প্রেমচন্দ্র বড়বাজারের নিকটবর্ত্তী গঙ্গাতীরে স্নান ও জপ সমাপন করিয়া লোকের দানাদি কার্য্য দেখিতেছিলেন এবং অধ্যাপক হরনাথ তর্কভূষণের প্রতীক্ষা করিতেছিলেন। তর্কভূষণ মহাশয় পুরশ্চরণ করিতে বসিয়াছিলেন। তাঁহার অনতিদূরে একটী বিষয়ী লোক বেগুনেরঙের একখান পট্টবস্ত্র দ্বারা আপন মস্তক ও দেহের অধিকাংশ আচ্ছাদিত করিয়া জপে বসিয়াছিলেন। এই সময়ে পাগলের মত এক ভিক্ষুক তথায় আসিল এবং আপন ছিন্ন বস্ত্রখণ্ড মেলিয়া ভিক্ষালব্ধ শশা, শাকআলু প্রভৃতি ফলমূল আহার করিতে লাগিল। শশায় কামড় দিবার তৃপ্তিকর আঘ্রাণ পাইয়া ঐ বাবুটী বিচলিতচিত্তে ক্রোধভরে "মলো ব্যাটা পাগ্‌লা! আর জায়গা পেলেনা, সম্মুখে এসে খেতে বস্‌লো, দূর হ" বলিয়া উঠিলেন। ইহা শুনিয়া ফলাহারী ভিক্ষুক আর একটা শশায় কামড় মারিয়া কচ্ কচ্ চিবাইতে চিবাইতে সমীপবর্ত্তী প্রেমচন্দ্র প্রভৃতি কয়েক ব্যক্তির দিকে ভ্রূক্ষেপ পূর্ব্বক দৃষ্টিপাত করিয়া কহিতে লাগিল,—"আমি পাগল! বাবুটী জপে মগ্ন। কি জপ কচ্চেন জান? কাল, কুঠী হ'তে ফিরে যাবার বেলায় জোড়াশাঁকোর বাজারে এক জোড়া জুতা কিনিবার চেষ্টা করিয়াছিলেন, দরে বনে নাই, আর দুই আনা বেশী দিয়া ঐ জোড়াটী আজ লয়ে যাবেন এই জপ কচ্চেন"। এই বলিতে বলিতে ভিক্ষু আপন ছিন্নবস্ত্রস্থিত ফলমূলগুলি বাঁধিতে বাঁধিতে উঠিয়া চলিল। বাবুটী অকস্মাৎ বেগুনেরঙের গাত্রবস্ত্রখানি আসনে ফেলিয়া ভিক্ষুকের পাছে পাছে দৌড়িলেন এবং তাহার পায়ে ধরিবার চেষ্টা করিতে

লাগিলেন। ভিক্ষু এক একবার তাঁহাকে পদাঘাত করিতে করিতে দৌড়িতে লাগিল। মনের কথা টানিয়া বলিয়াছে, বাবুটীর প্রাণে আঘাত লাগিয়াছে, আর কি তিনি স্থির থাকিতে পারেন? প্রেমচন্দ্র কৌতূহলাক্রান্ত হইয়া ভিক্ষুর পার্শ্বে পার্শ্বে বেগে চলিলেন। ক্রমে হাটখোলার বাঁধাঘাটের নিকটে উপস্থিত। তথায় এক স্থানে নর্দ্দামার মাটি ও আবর্জ্জনা রাশীকৃত ছিল। ভিক্ষু তাড়াতাড়ি ঐ ময়লারাশির উপরে আরোহণ করিল, এবং মুটো মুটো ময়লা লইয়া বাবুটীর মুখে ও গাত্রে নিক্ষেপ করিতে লাগিল। পরিশেষে প্রেমচন্দ্রের দিকে দৃষ্টিপাত করিয়া মুখভঙ্গী দ্বারা বাবুটীকে বিরত ও স্থানান্তরিত করিতে সঙ্কেত করিল। "পাগলের সঙ্গে আর এরূপ কেন"? বলিয়া সকলে কহিতে থাকায়, এবং ভিক্ষু তাঁহার প্রতি অসীম ঘৃণা প্রকাশ করায় বাবুটী ক্ষান্ত হইয়া ফিরিলেন, কিন্তু তাঁহার মন অলক্ষিতভাবে পশ্চাতে দৌড়িতে লাগিল। লোকে ভিক্ষুককে পাগল বলিতে লাগিল, কিন্তু বাবুটী তাহাকে অন্তর্যামী যোগী বোধ করিলেন। প্রেমচন্দ্রের চিত্তও দোলায়মান, তিনি, বাবু ও ভিক্ষু উভয়ের তাৎকালিক অবস্থা সম্পূর্ণরূপে পর্য্যবেক্ষণ করিয়াছিলেন। ভিক্ষুকে সিদ্ধ মহাত্মা বোধে তাঁহার সঙ্গ ও শিক্ষা লাভের নিমিত্ত লোলুপ হইলেন। ফিরিয়া আসিয়া অধ্যাপক তর্কভূষণ মহাশয়ের সঙ্গে মিলিত হইলেন এবং এই বৃত্তান্ত বলিলেন। গোপনে ভিক্ষুর সন্ধান লওয়া ও সাক্ষাৎকার লাভের চেষ্টা করা নিতান্ত আবশ্যক বলিয়া তর্কভূষণ বলিলেন। প্রেমচন্দ্র সায়ং প্রাতে দৌড়াদৌড়ি করিয়া, হাটখোলার বাঁধাঘাটের এক পার্শ্বে পাগল কয়েক দিবস হইতে রহিয়াছে,—এইমাত্র সন্ধান জানিয়া আসিলেন। একদিন সূর্য্যাস্ত সময়ে তর্কভূষণ মহাশয়কে সঙ্গে লইয়া প্রেমচন্দ্র

উক্ত ঘাটের নিকটে উপস্থিত হইলেন। উভয়ে দূর হইতে দেখিলেন,—সায়ংকালীন স্নানক্রিয়া সমাপন করিয়া ভিক্ষু আর্দ্র কৌপীন পরিবর্ত্তন করিতেছেন। দেহ পবিত্র কান্তিপূর্ণ। গঙ্গা-সলিলসিক্ত শরীরে সন্ধ্যাকালীন পাশ্চাত্য মেঘের রক্তিমা লাগিয়া আরও সমুজ্জল হইয়াছে। বদনমণ্ডল প্রেমানন্দপূর্ণ। কোনও ব্যক্তি তাঁহাকে একদৃষ্টে দেখিতেছে বুঝিতে পারিলে ভিক্ষু অমনি হস্ত পদাদির পরিচালনা বিশেষ দ্বারা পাগলামি প্রকাশ করিয়া থাকেন। তর্কভূষণ ও প্রেমচন্দ্র অলক্ষিতভাবে ভিক্ষুর প্রতি লক্ষ্য রাখিতে লাগিলেন। ক্রমে চারিদিক্ অন্ধকারাচ্ছন্ন হইল। ইঁহারা উভয়ে ঘাটের স্তম্ভের অন্তরাল হইতে দেখিলেন,—ভিক্ষু পদ্মাসনে সমাসীন হইয়া প্রাণায়াম করিতেছেন। পরে জপ করিতে করিতে একটী ভগ্ন ভাণ্ড হইতে মটর কলাই লইয়া অপর পাত্রে জপসংখ্যা রাখিতেছেন। তর্কভূষণ ও প্রেমচন্দ্র ঐ যোগীর সঙ্গে কথোপকথন করিবেন ভাবিয়া ক্রমে তাঁহার পার্শ্বে ও সম্মুখে দাঁড়াইলেন। যোগী তখনি জপ ও পদ্মাসন ভঙ্গ করিয়া পদ দ্বারা ভাঁড় টাটি প্রভৃতি ছড়াছড়ি করিয়া দিলেন এবং পাগ্‌লামি আরম্ভ করিয়া এলোমেলো বকিতে লাগিলেন। দোকানদারদিগের দীপমালার যে আলোক আসিয়া ঘাটের চাঁদনীতে পতিত হইতেছিল তাহাতে ভিক্ষু প্রেমচন্দ্রের মুখপানে বারংবার চাইতে লাগিলেন, এবং তর্জ্জনী অঙ্গুলী তুলিয়া ৩।৪ বার নাড়িলেন। কোনও কথা কহিলেন না, বরং উহাঁরা নিকটে থাকায় বিরক্তি প্রকাশ করিতে লাগিলেন। উহাঁরা উভয়ে চলিয়া আসিলেন। প্রেমচন্দ্র ভাবিলেন,—তাঁহার মুখ দেখিয়া ভিক্ষু বোধ হয় তাঁহাকে চিনিতে পারিয়াছে,—একাকী আসিলে কথাবার্ত্তা হইতে পারিবে, এই আশায় তিনি ভিক্ষুর

নিকটে যাতায়াত করিতে লাগিলেন। একদিন প্রেমচন্দ্র বিনীতভাবে পার্শ্বে দণ্ডায়মান আছেন, ভিক্ষু তাঁহার দিকে দৃষ্টিপাত করিয়া “কি উদ্দেশ্য” বলিয়া সহাস্য বদনে জিজ্ঞাসা করিলেন। “আপনি যোগবিৎ জ্ঞানী, সর্ব্বতাপশান্তি কামনায় শিষ্যভাবে প্রতীক্ষা করিতেছি”—এই বলিয়া প্রেমচন্দ্র উত্তর করিলেন। “তুমি গৃহী ও যুবা, এ মুনিবৃত্তির আকাঙ্ক্ষা কেন?” বলিয়া যোগী কহিলেন। “জ্ঞানাভ্যাস ও ধ্যান ধারণায় গৃহী অনধিকারী ইহা জানি না ও কখনও শুনি নাই” বলিয়া প্রেমচন্দ্র উত্তর করিলে, যোগী তাঁহার সঙ্গে কিয়ৎক্ষণ কথোপকথন করিলেন। পরিশেষে বলিলেন, “দেখিতেছি তুমি শাস্ত্রবিৎ ও শান্তচিত্ত, মহুপদিষ্ট নিয়ম প্রতিপালন কর, আগামী মাঘীপূর্ণিমার সময়ে এই স্থানে অথবা বরাহনগরের বাগানে আমায় দেখিতে পাইবে।” এই বলিয়া যোগী আসনসাধন আদি বিষয়ে কি কি উপদেশ দিয়া প্রেমচন্দ্রকে তখন বিদায় দিলেন। যোগসাধন শিক্ষায় এই তাঁহার প্রথম দীক্ষা। কলিকাতায় অবস্থান সময়ে প্রেমচন্দ্র তিনবার ঐ যোগীর সাক্ষাৎকার পাইয়া কি যেন হারাণ ধন বা কাম্য বস্তু পাইবেন ভাবিয়া উন্মনা হইয়া উঠিলেন। এই সময়ে কালু ঘোষের বাগান-অঞ্চলবাসী ভগবান্ ঘোষ নামক এক বয়োবৃদ্ধ কায়স্থ এবং কালীঘাটের হালদারদিগের পুরোহিত রামধন ঘটকের সঙ্গে প্রেমচন্দ্রের মিলন হয়। উহাঁরা উভয়েই যোগী ও জপসিদ্ধ ছিলেন। সময়ে সময়ে উহাঁরা তর্কবাগীশের কলিকাতার চাঁপাতলার বাসায় আসিয়া মিলিত হইতেন এবং নির্জ্জন গৃহে বসিয়া যোগসাধন বিষয়ে যে আলাপ ও যে সকল আসনবন্ধন আদি প্রক্রিয়া করিতেন তাহা অন্তরাল হইতে অনেকে শুনিত এবং

দেখিতে পাইত। কাশীধামে যাত্রা করিবার পূর্ব্বে প্রেমচন্দ্র প্রাণায়াম সাধন বিষয়ে অনেকদূর উন্নতি লাভ করিয়াছিলেন। অনেকক্ষণ ব্যাপিয়া কুম্ভক করিতে করিতে শরীরে এরূপ লঘুতা জন্মিত যে কয়েকবার কুশাসন সহ কখন বা আসন পরিত্যাগ করিয়া কিঞ্চিৎ উর্দ্ধে উঠিয়া পড়িয়াছিলেন শুনা গিয়াছিল। এই স্থান পাঠ করিয়া কলিকাতা মেডিকেল কালেজের পরীক্ষোত্তীর্ণ ছাত্র এবং তর্কবাগীশের আত্মীয় এক ব্যক্তি বলিয়াছিলেন, কুম্ভক করিলে যে উর্দ্ধে উঠা যায়, ইহা তাঁহাদের অবলম্বিত শাস্ত্র বিরুদ্ধ। কিন্তু যোগশাস্ত্রে তাঁহার দৃষ্টি না থাকায়, তাঁহার মত অবলম্বনপূর্ব্বক এই মুদ্রণে এই স্থানের কোনরূপ পরিবর্ত্তন করিলাম না। যোগশাস্ত্রের নিয়ম অনুসারে প্রাণায়াম করিতে করিতে যোগীর বায়ু সিদ্ধি হয়, তখন যোগী পদ্মাসনস্থ হইয়াও ভূতল ত্যাগ পূর্ব্বক শূন্যে অবস্থান করিতে সমর্থ হয়েন। এই সম্বন্ধে শিব-সংহিতার ৫০।৫১ সংখ্যক শ্লোক দুইটী উদ্ধৃত করিলাম :—

"দ্বিতীয়ে হি ভবেৎ কম্পো দার্দ্দুরো মধ্যমে মতঃ।
ততোঽধিকতরাভ্যাসাদ্গগনে চর সাধকঃ॥
যোগী পদ্মাসনস্থোঽপি ভুবমুৎসৃজ্য বর্ত্ততে।
বায়ুসিদ্ধিস্তদা জ্ঞেয়া সংসারধ্বান্তনাশিনী"॥

গৃহত্যাগের পূর্ব্ব হইতে প্রেমচন্দ্র সর্ব্বদা সদ্গুরুর সঙ্গ কামনা করিতেন। কলিকাতায় অবস্থান সময়ে গঙ্গাতীরে আর একবার এক দীর্ঘাকার বয়োবৃদ্ধ সাধুকে দেখিতে পাইয়া চাঁপাতলার বাসায় আনিয়া অভ্যর্থনা করেন। সাধুর বর্ণ রক্তগৌর, মূর্ত্তি সৌম্যগম্ভীর, মস্তক বিশাল, লোচনযুগল সজীব ও সমুজ্জ্বল, ললাটদেশ বিস্তৃত

ও সমুন্নত, বামস্কন্ধে রজতনির্ম্মিত যজ্ঞোপবীত, কটিদেশে কৌপীনের উপরিভাগে কতকখানা মলমল থান জড়ান। মুখমণ্ডল দেখিলেই তাঁহাকে উত্তরপশ্চিম দেশীয় পুরুষপুঙ্গব বলিয়া অনুমান করা যাইত, কিন্তু এই প্রকার রৌপ্য উপবীত কোন দেশীয় কোন বর্ণে কখন দৃষ্টিগোচর হইয়াছিল কি না স্মরণ হয় না। তিনি সংস্কৃত ভাষাতেই সমস্ত কথাবার্ত্তা কহিতেন, সুতরাং প্রেমচন্দ্র ব্যতীত বাসার অপর কেহ সমস্ত কথা সম্যক্‌রূপে হৃদয়ঙ্গম করিতে পারিতেন না। তাঁহার মুখ হইতে সংস্কৃত কথা অনর্গলভাবে বিনির্গত হইত এবং তাহা অতি মধুর বোধ হইত। যতদুর বুঝা গিয়াছিল তাহাতে দর্শন ও ধর্ম্ম সম্বন্ধে আলাপ হইয়াছিল মনে হয়। এইরূপ বক্তা ও শ্রোতার নিকটে কিয়ৎক্ষণ থাকিবার পরে যেন পূর্ব্বতন মহর্ষিগণের প্রশান্ত আশ্রমে পবিত্র আলাপ শ্রবণোন্মুখ হইয়া রহিয়াছি বোধ হইয়াছিল। সিংহলদ্বীপ হইতে হ্যাট্ কোটধারী কৃষ্ণকায় পণ্ডিত ও দ্রাবিড় দেশের ব্রহ্মচারিগণ শাস্ত্রতত্ত্ব নির্ণয় নিমিত্ত সময়ে সময়ে প্রেমচন্দ্রের বাসায় আসিতেন ও সংস্কৃত ভাষায় কথোপকথন করিতেন শুনিতাম, কিন্তু এই সাধুর মত মধুরভাষী পণ্ডিত দেখি নাই। এই সাধু তিন বার প্রেমচন্দ্রের বাসায় আসিয়াছিলেন ও এক এক রাত্রি মাত্র অবস্থান করিয়াছিলেন। দিবাভাগে তিনি আতপ চাউল, মুগ, তরকারি, ঘৃত, সৈন্ধবাদি সমস্ত দ্রব্য একত্রে গঙ্গাজল সহ একহাঁড়িতে দিয়া পাক করিতেন। সিদ্ধ অন্ন লইয়া চুলার অগ্নিতে তিনবার আহুতি প্রদান করিতেন এবং অবশিষ্ট অন্ন ভোজন করিতেন। এক দিবস চুলীতে হাঁড়ি বসাইয়া সাধু আর খানিক গঙ্গাজল চাহিলেন। ভৃত্য জালা হইতে যে জল আনিয়া দিল তাহা অতি ঘোলা ও অপবিত্র দেখিয়া সাধু তাহা

গ্রহণ করিলেন না। আর জল ছিল না, ভারী জল আনিতে গিয়াছে আসিয়া পৌছে নাই, এই কথা ভৃত্য সঙ্কেত দ্বারা জানাইলে সাধু পিতলের একটা বড় কলস লইয়া দ্রুতপদে নীচের তলায় নামিয়া গেলেন। নিকটবর্ত্তী পুষ্করিণী হইতে জল আনিতে গেলেন বলিয়া ভৃত্য মনে করিল। প্রেমচন্দ্র তখন অন্য গৃহে পূজা করিতেছিলেন। পূজাশেষে উঠিয়া তিনি নিকটবর্ত্তী দীঘীর ঘাটে লোক পাঠাইলেন, সাধুকে তথায় পাওয়া গেল না। এদিকে চুলীর অন্নে জলাভাব হইল। প্রেমচন্দ্র ও বাসার সকলে ব্যস্ত হইয়া পড়িলেন। ইত্যবসরে সাধু এক কলস গঙ্গাজল সহ অকস্মাৎ উপস্থিত হইলেন। চাঁপাতলা হইতে নিকটবর্ত্তী গঙ্গার ঘাট যাতায়াতে এক ক্রোশের অধিক সন্দেহ নাই। গাড়িতে যাতায়াত করিলেও তত অল্প সময় মধ্যে গঙ্গার ঘাট হইতে প্রত্যাবর্ত্তন অসম্ভব। অন্যে এই বিষয়ের রহস্য বুঝিতে পারিলেন না। প্রেমচন্দ্র হাস্যবদনে নীরব রহিলেন এবং সাধুর প্রতি সমধিক ভক্তি প্রদর্শন করিতে লাগিলেন। কলসে যে গঙ্গাজলই আনীত হইয়াছিল, পুষ্করিণীর জল ছিল না, তাহা সকলের পরীক্ষায় সাব্যস্ত হইয়াছিল। এই সাধুর সঙ্গলাভে প্রেমচন্দ্রের কি মঙ্গল সাধন হইয়াছিল তাহা জানা যায় নাই। শেষবার বিদায় গ্রহণ সময়ে সাধু দক্ষিণ হস্ত তুলিয়া অন্য শুভাশংসা সঙ্গে "দীর্ঘজীবী হও" বলিয়া আশীর্ব্বাদ করিলে, প্রেমচন্দ্র সসম্ভ্রমে বলিলেন—"আশীর্ব্বাদের ফল অমোঘ হইলেও যখন মর্ত্ত্যভূমিতে আসিয়াছি, তখন মৃত্যুর ভয় ঘুচিবে না বুঝিতেছি,—জীবনের উৎপত্তি ও সমাপ্তি নিশ্চিত, কিন্তু পথ অতি দুর্গম ও প্রকৃতির লীলারহস্য দুর্ব্বোধ জ্ঞানে চিন্তাকুল—দীর্ঘজীবনের আকাঙ্ক্ষী নহি; পবিত্র জীবন এবং আধিব্যাধি-ভয়-রাহিত্যের বাসনায় শরণাপন্ন।"

ইহা শুনিয়া সাধু "যথাসময়ে উপস্থিত হইবেন" বলিয়া চলিয়া গেলেন।

কাশীতে অবস্থান সময়ে প্রেমচন্দ্র সদাই সদ্‌গুরুর অন্বেষণ করিতেন। সারনাথে একবার এক বিচক্ষণ সন্ন্যাসী দেখিতে পান এবং কয়েক দিবস ধরিয়া ছাত্রগণ মধ্যে তাঁহার বেদান্ত পাঠনা শ্রবণ করেন। পবিত্র উপদেশ শুনিয়া এবং মনোমুগ্ধকর বাহ্যাকার দেখিয়া ঐ সন্ন্যাসীর আধ্যাত্মিক জীবন ঐরূপ পবিত্র হইবে ভাবিয়া তাঁহার নিকটে দীক্ষা গ্রহণ করিবেন মনে মনে সংকল্প করিয়া নিকটস্থ হয়েন, কিন্তু ঐ দিবস পাঠনা সময়ে সন্ন্যাসী মহোদয় এক স্থানে অর্থবিকার ঘটাইতেছেন বুঝিয়া বিস্মিত ভাবে প্রতিবাদ করিতে থাকেন এবং বিচার সময়ে দাম্ভিকতা ও ক্রোধপরবশতা দেখিয়া তাঁহাকে আড়ম্বরপ্রিয় ও অন্তঃসার শূন্য অবধারণ করিয়া বিরত হয়েন। প্রেমচন্দ্র সর্ব্বদা বলিতেন—নিপুণ আচার্য্যের উপদেশ ব্যতীত সম্যক্‌রূপে জ্ঞানচক্ষুর উন্মীলন হয় না এবং উপদেশ মত সাধনা করিতে না পারিলে আত্মজ্ঞানে উপনীত হওয়া যায় না। আজকাল এইরূপ শ্রেষ্ঠ উপদেষ্টা দুর্লভ এবং কেবল জ্ঞানচক্ষু দ্বারা আত্মদর্শনও সুদুর্লভ। মনুষ্যের ক্রমোন্নতির কথা লইয়া অনেকে মত্ত, কিন্তু তত্ত্বজ্ঞান বিষয়ে ভারতের ব্রাহ্মণ-বংশ অধঃপতনের চরম সীমায় উপনীত বোধ হইতেছে।

যে সাধু প্রেমচন্দ্রের কাশীর বাসায় কয়েকবার আসিয়াছিলেন, তিনি তাঁহার পূর্ব্বপরিচিত কথিত দীর্ঘাকার সাধু অথবা হাট খোলার ঘাটে পূর্ব্বদৃষ্ট সেই সিদ্ধ পুরুষ কিনা এবং যোগসাধন বিষয়ে তাঁহার কতদূর উন্নতি হইয়াছিল এই সম্বন্ধে প্রকৃত কথা সকল জানিতে পারা যায় নাই।

দারুণ বিসূচিকা ব্যতীত জ্বর প্রভৃতি সামান্য রোগে প্রেমচন্দ্র কখনও উদ্বেজিত হয়েন নাই। শরীরের জড়তা বোধ করিলে তিনি প্রাতে মুখ প্রক্ষালন সময়ে জলসিক্ত অঙ্গুলিদ্বয় দিয়া নাসাদণ্ড এবং কর্ণমূল কয়েকবার ঘসিয়া কণ্ঠনালী দিয়া রাশি রাশি শ্লেষ্মা অনায়াসে বাহির করিয়া ফেলিতেন এবং প্রাণায়াম করিয়া সুস্থ বোধ করিতেন। প্রাণায়ামই সামান্য রোগের প্রকৃত ঔষধ জ্ঞান করিতেন। মাতৃবিয়োগের পর হইতে হবিষ্যাশী হইয়াছিলেন। দিনান্তে একবার খাইতেন। ক্ষুধাবোধ করিলে রাত্রিতে ফলমূল ও দুগ্ধ খাইতেন। প্রায় তাঁহার ক্ষুধার অভাব দেখা যায় নাই। মধ্যাহ্নে উৎকৃষ্ট আতপ তণ্ডুলের অন্ন, গব্য ঘৃত, মুদ্গ প্রভৃতি খাইতেন। আহারসামগ্রীর আয়োজনে যত্ন ছিল না, কেবল তণ্ডুল নির্ব্বাচন বিষয়ে তিনি বড় খুঁৎখুঁতে ছিলেন। পরিষ্কৃত লম্বা দানাদার আতপ চাউল ভাল বাসিতেন। উৎকৃষ্ট চাউল না পাইলে কষ্ট বোধ করিতেন। ফলমূলে বিশিষ্ট তৃপ্তি অনুভব করিতেন। তিনি বলিতেন,—ফল মূলাদি মনুষ্যের সাত্ত্বিক ও স্বাভাবিক ভোজন। যে প্রদেশে কৃষিলভ্য খাদ্যের অসদ্ভাব, তথায় প্রকৃতির নিয়মানুসারে এইরূপ ফলমূলাদি প্রচুর পরিমাণে জন্মিয়া থাকে। মধুর ফলমূল পাইলে তাহা তৎক্ষণাৎ আহার্য্যরূপে পরিণত করিতে ভোক্তার যেমন সুবিধা, ভক্ষণেও তেমন তৃপ্তি জন্মিয়া থাকে। মৎস্য, মাংস খাদ্যরূপে পরিণত করিতে যে সকল কার্য্য করিতে হয়, তাহাতে তৃপ্তির কথা দূরে থাকুক, প্রতি পদে বীভৎস রসেরই উদয় হইয়া থাকে।

সার্ রাজা রাধাকান্ত দেব বাহাদুর প্রেমচন্দ্রের প্রতি অতিশয় শ্রদ্ধাবান্ ছিলেন। কোনও জটিল শাস্ত্রার্থের মীমাংসা সময়ে

প্রেমচন্দ্রের মত না পাইলে তাঁহার মনস্তুষ্টি হইত না। তিনি সর্ব্বদা বলিতেন,—প্রেমচন্দ্র তর্কবাগীশ তাঁহার সম্প্রদায় মধ্যে উন্নতমনা, তেজস্বী, অতলস্পর্শ লোক। আপনা হইতেই তাঁহার প্রতি শ্রদ্ধা জন্মিয়া থাকে।

প্রথম বিধবাবিবাহের অনুষ্ঠান সময়ে কিছুদিন ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর নিরত ব্যস্ত থাকিতেন। সংস্কৃতবিদ্যালয়ের নিতান্ত প্রয়োজনীয় কার্য্য করিতে যে সময় পাইতেন তাহার মধ্যে সুবিধা-মতে এক দিন তর্কবাগীশ বিদ্যাসাগরের সঙ্গে সাক্ষাৎ করিয়া বলেন,—ঈশ্বর! বিধবাবিবাহের অনুষ্ঠান হইতেছে বলিয়া প্রবল জনরব। কতদূর কি হইয়াছে জানি না। এক্ষণে জিজ্ঞাসা এই যে, দেশের বিজ্ঞ ও বৃদ্ধমণ্ডলীকে স্বমতে আনিতে কৃতকার্য্য হইয়াছ কি না? যদি না হইয়া থাক তবে অপরিণামদর্শী নব্যদলের কয়েক জন মাত্র লোক লইয়াই এইরূপ গুরুতর কার্য্যে তাড়াতাড়ি হস্তক্ষেপ করিবার পূর্ব্বে বিশেষ বিবেচনা করিবে। বিদ্যাসাগর বলিলেন,—"মহাশয়! আপনার প্রশ্নভঙ্গীতে আমার উদ্যমভঙ্গের আশঙ্কা দেখিতেছি;—আপনাকে অন্তরের সহিত শ্রদ্ধা করিয়া থাকি, নচেৎ আপনাকে"—তর্কবাগীশ তাঁহার কথা শেষ না হইতেই বলিলেন—নচেৎ আমাকে এই আসন হইতে এখনি উঠাইয়া দিতে। ঈশ্বর! তুমি এই কার্য্যে যেরূপ দৃঢ়সংকল্প এবং একাগ্রচিত্ত হইয়াছ তাহাতে আমি এইরূপ উত্তর পাইব বলিয়া প্রস্তুত হইয়া আসিয়াছি। ইহাতে অনুমাত্র ক্ষুব্ধ নহি। বিদ্যাসাগর বলিলেন,—আমি তত সাহসের কথা বলিতেছিলাম না। আপনি,—বিজ্ঞ ও বৃদ্ধমণ্ডলী বলিয়া যাহা কহিতেছেন, ইহাতে কলিকাতার রাধাকান্ত দেব বাহাদুর প্রভৃতি আপনার লক্ষ্য কি

না? আমি উহাঁদের অনেক উপাসনা করিয়াছি, অনেককেই নাড়িয়া চাড়িয়া দেখিয়াছি, সকলেই ক্ষীণবীর্য্য ও ধর্ম্মকঞ্চুকে সংবৃত বলিয়া নিশ্চয় করিয়াছি। যাঁহারা মুক্তকণ্ঠে সহানুভূতি প্রকাশ করিয়াছিলেন, এখন তাঁহাদের আচরণ দেখিয়া নিতান্ত বিস্মিত হইয়াছি। মহাশয়! আমি অনেকদূর অগ্রসর হইয়াছি, এখন আমায় আর প্রতিনিবৃত্ত করিবার কথা বলা না হয়।” তর্কবাগীশ বলিলেন,—“ঈশ্বর! বাল্যাবধি তোমার প্রকৃতি ও অদম্য মানসিক শক্তির প্রতি আমার লক্ষ্য রহিয়াছে, তোমায় ভগ্নোদ্যম ও প্রতিনিবৃত্ত করা আমার সংকল্প নহে। তুমি যে কার্য্যটীকে লোকের হিতকর বলিয়া জ্ঞান করিতেছ এবং যাহার অনুষ্ঠান বিষয়ে প্রগাঢ় চিন্তা করিয়াছ, সেই কার্য্যের মূলবন্ধন সম্যক্‌রূপে দৃঢ়তর হয় এবং তাহা অর্দ্ধসম্পন্ন হইয়াই বিলীন না হয়—ইহাই আমার উদ্দেশ্য। কেবল কলিকাতার কয়েকটী বৃদ্ধ আমার লক্ষ্য নহে। উত্তরপশ্চিম প্রদেশে, বোম্বে, মান্দ্রাজ প্রভৃতি স্থানে যথায় হিন্দুধর্ম্ম প্রচলিত—ততদূর দৌড়িতে হইবে, ধর্ম্মবিপ্লব ও লোকমর্য্যাদার অতিক্রম করা হইতেছে বলিয়া যাঁহারা মনে করিতেছেন, তাঁহাদিগকে সম্যক্‌রূপে বুঝাইতে হইবে; সকলকে বুঝান সহজ নহে সত্য; প্রধান প্রধান স্থানের সমাজপতিদিগকে অন্ততঃ স্বমতে আনিতে হইবে। এইরূপে সমাজসংস্কার করা কেবল রাজার সাধ্য। অন্য লোকে এরূপ কার্য্যে হাত দিতে গেলে বিপুল অর্থ ও লোকবল আবশ্যক। বিজাতীয় রাজপুরুষ দ্বারা এইরূপ সংস্কারের সম্ভাবনা নাই। বিধবাগর্ভজাত সন্তান দায়ভাক্ হইবে বলিয়া যে বিধি হইয়াছে তাহাই পর্য্যাপ্ত জ্ঞান করিতে হইবে। যখন তুমি রাজপুরুষদের

সাহায্যে এই বিধি প্রচলিত করাইতে সমর্থ হইয়াছ, তখন পূর্ব্বকথিত দেশবিভাগের সমাজপতিদিগের সহায়তা লাভে যে কৃতকার্য্য হইবে তদ্বিষয়ে সন্দেহ জন্মিতেছে না। ইহাতে যেমন কালবিলম্ব ঘটিবে, তেমন সময়ের স্রোত তোমারই অনুকূলে বহিবে। লোকবলের নিকটে অর্থাভাব অনুভূত হইবে না। ত্বরার প্রয়োজন দেখি না। হিন্দুসমাজ এ পর্য্যন্ত অনেক সম্প্রদায়ে বিভক্ত হইয়াছে। দুই চারিটী বিধবাবিবাহ দিলে আর একটী থাক বাড়ান মাত্র হইবে; সমাজবন্ধন এইরূপে আরও শিথিল করিবার প্রয়োজন নাই। ঈশ্বর! যাহা বক্তব্য বলিলাম। তুমি বড় ব্যস্ত দেখিতেছি, চলিলাম, বিবেচনা করিও।”

প্রেমচন্দ্র তর্কবাগীশ অতি স্থিরমতি ও গম্ভীর প্রকৃতি ছিলেন। সারমর্ম্ম গ্রহণ না করিয়া তিনি কোনও বিষয়ে হঠাৎ মতামত প্রকাশ করিতেন না, চিরসেবিত নিজের মত প্রকাশ করিতে গিয়া কাহারও অন্তরে ক্লেশ দিতেন না। পাইকপাড়ার রাজবাটীতে যখন রত্নাবলী নাটকের অভিনয় হয়, তাহার কিছু পূর্ব্বে নাটকমধ্যে সন্নিবেশিত করিবার নিমিত্ত গুরুদয়াল চৌধুরী নামক তর্কবাগীশের একটী ছাত্র বাঙ্গালাভাষায় কয়েকটী সঙ্গীত রচনা করিয়া দেন। গীতগুলি শুনিয়া সকলে অত্যন্ত প্রশংসা করেন এবং রাজা প্রতাপচন্দ্র সিংহ রচয়িতার সমুচিত পুরস্কার প্রদানের প্রস্তাব করেন। এই রচনায় তাঁহার গুরুর মনস্তুষ্টি হইল কি না অগ্রে না জানিয়া তিনি কাহারও প্রশংসার সম্মান করেন না বলিয়া গুরুদয়াল বাবু অভিপ্রায় প্রকাশ করেন, এবং গীতগুলি তর্কবাগীশকে দেখাইয়া লইয়া যান। ইহার কিছু দিন পরে

বঙ্গকবি *মাইকেল মধুসূদন দত্ত শর্ম্মিষ্ঠানাটক মুদ্রিত করিতে আরম্ভ করিলে রাজা প্রতাপচন্দ্র সিংহের অভিপ্রায় অনুসারে নাটকখানি তর্কবাগীশকে একবার দেখাইবার প্রস্তাব হয়। দত্ত মহোদয় এই নাটকের কয়েক ফর্ম্মা একটী বন্ধুর হস্তে তর্কবাগীশের নিকটে পাঠাইয়া দেন। তর্কবাগীশ তাহা মনোযোগপূর্ব্বক পাঠ করিয়া ফেরত দেন। "মহাশয়! আপনি যে দেখিলেন তাহার কোনও চিহ্ন রহিল না" বলিয়া বাবুটী কহিতে থাকিলে তর্কবাগীশ বলিলেন, "মহাশয়! চিহ্ন রাখিতে হইলে অনেক চিহ্ন থাকিয়া যাইবে, তদপেক্ষা যেরূপ আছে তদ্রূপ

***মাইকেল মধুসূদন দত্ত (১৮২৪—১৮৭৩)**

১৮২৪ সালের ২৫শে জানুয়ারীতে ইহার জন্ম হয়। ইনি হিন্দুকলেজে "ডিবোজিও" সাহেবের নিকট অধ্যয়ন করেন। তাঁহার বিবাহের প্রস্তাব হইলে তিনি বাটী হইতে পলাইয়া ১৮৪৩ সালে খৃষ্টধর্ম্মে দীক্ষিত হন। বিশপ্স্ কলেজে কিছুকাল অধ্যয়ন করিবার পর মাদ্রাজে গিয়া তিনি অত্যন্ত দুরবস্থায় পড়েন। মাইকেল বাঙ্গালা ভাষায় অমিত্রাক্ষর ছন্দের স্রষ্টা ও প্রবর্ত্তয়িতা। ১৮৬৮ খৃষ্টাব্দে তিনি কলিকাতায় ব্যারিষ্টারি করিতে আরম্ভ করেন। কিন্তু তাঁহার পশার হয় নাই। তিনি জাতীয় নাটক ও রঙ্গালয়ের উন্নতি বিধানে বিশেষ চেষ্টা করিয়াছিলেন। তিনি অনেকগুলি অতীব চমৎকার নাটক, প্রহসন ও কবিতার রচয়িতা। তিনি প্রাচ্যের এবং প্রতীচ্যের বহুভাষায় সুপণ্ডিত ছিলেন। অদূরদর্শিতা ও উচ্ছৃঙ্খলতা তাঁহার উজ্জ্বল ভবিষ্যৎ তমসাচ্ছন্ন করিয়াছিল। ১৮৭৩ সালে জানুয়ারীতে তিনি একটী দাতব্য চিকিৎসালয়ে প্রাণত্যাগ করেন।

থাকিলে কোনও হানি নাই।" বন্ধুমুখে এই কথা শুনিয়া দত্ত মহোদয় তর্কবাগীশকে নিরতিশয় আত্মাভিমানী দাম্ভিক বলিয়া বোধ করেন। পরিশেষে রাজা প্রতাপচন্দ্র সিংহের অভিপ্রায় অনুসারে তর্কবাগীশের সঙ্গে এক দিবস সাক্ষাৎ ও কথোপকথন করিয়া কবিবর দত্ত মহোদয় অতিশয় প্রীতিলাভ করেন এবং আপনার পূর্ব্বসিদ্ধান্ত তৎক্ষণাৎ দূর করেন। "সাক্ষাৎকারের ফল কি হইল" বলিয়া রাজাবাহাদুর জিজ্ঞাসিলে দত্ত মহোদয় বলেন,—"টিকিধারী মধ্যে জন্‌সনের মত এরূপ প্রকাণ্ড বিচক্ষণ লোক আছে বলিয়া আমার ধারণা ছিল না; যে স্থল অভ্রান্ত বলিয়া বোধ ছিল, তাহা ভ্রমসঙ্কুল বলিয়া বুঝিতে বাধ্য হইয়াছি; সংস্কৃতভাষার অলঙ্কার গ্রন্থ না পড়িয়া বাঙ্গালায় নাটক লেখার চেষ্টা বিড়ম্বনা হইয়াছে; অধিকাংশ স্থলে ইংরাজী ধরণ হইয়াছে; নাটকমধ্যে গর্ভাঙ্কশব্দের প্রকৃত অর্থই বুঝা হয় নাই; উপমান উপমেয় প্রভৃতির সৌসাদৃশ্য ও স্থায়ী ভাব প্রভৃতির সূক্ষ্ম সম্বন্ধ জানা হয় নাই; চিত্রে বিভিন্ন রঙ্‌ সাজাইবার প্রণালীর মত নাটকে যথাস্থানে বিভিন্ন রসের সঙ্গতরূপ অবতারণার প্রতি তাদৃশ লক্ষ্য রাখা হয় নাই। এখন সমুদয় ছাঁচ না বদ্‌লাইলে তর্কবাগীশের সঙ্গে সাক্ষাৎ করিতে আর সাহস হয় না। তবে এইমাত্র সাহস যে, এই সকল বিষয়ে তাঁহার ন্যায় সূক্ষ্মদর্শী লোক বোধ হয় অতি বিরল এবং ব্যবহার ও রুচির পরিবর্ত্তন অনুসারে বাঙ্গালা দৃশ্যকাব্যে এই সকল দোষ তাদৃশ ধর্ত্তব্য হইবে না বলিয়া তর্কবাগীশ বারবার বলিয়া দিয়াছেন। ইহাই এখন আমার পক্ষে যথেষ্ট।"

প্রেমচন্দ্রের অনুপম ভ্রাতৃস্নেহ ছিল। তিনি অনুজগণকে পুত্রাধিক স্নেহ করিতেন, অনুজেরাও তাঁহার নিতান্ত অনুরক্ত ও

বশম্বদ ছিলেন, তাঁহাকে দেবতার ন্যায় ভক্তি ও সেবা করিতেন। কেহ কখনও তাঁহার আজ্ঞা লঙ্ঘন করিতেন না। সংস্কৃত বিদ্যালয়ে রঘুবংশ পড়াইবার সময়ে রাম লক্ষ্মণ আদির ভ্রাতৃস্নেহের দৃষ্টান্তস্থলে পণ্ডিতেরা সময়ে সময়ে প্রেমচন্দ্র ও তাঁহার অনুজদিগের দৃষ্টান্ত দেখাইতেন।

একদা কলিকাতা সংস্কৃত কলেজের অন্যতম অধ্যাপক মফঃস্বলের দুই জন প্রসিদ্ধ পণ্ডিত সঙ্গে তর্কবাগীশের চাঁপাতলার বাসায় উপস্থিত হয়েন। অন্যান্য কথা প্রসঙ্গে তর্কবাগীশ কত টাকা সঞ্চয় ও কত গবর্ণমেণ্টের কাগজ করিতে সমর্থ হইয়াছেন বলিয়া প্রশ্ন হয়। তর্কবাগীশ তৎক্ষণাৎ উহঁাদিগকে আর এক গৃহে আনয়ন করিয়া আপনার দুইটী কনিষ্ঠ সহোদর ও পুত্র প্রভৃতিকে দেখাইয়া বলিলেন, এই সকল তাঁহার জীবন্ত ধনসম্পত্তি ও গবর্ণমেণ্টের কাগজ, মরা কাগজে তাঁহার আকাঙ্ক্ষা নাই। আত্মীয়বর্গ ব্যতীত বিদ্যার্থী বিদেশীয় ছাত্রগণকে বাসায় রাখিয়া পড়াইতে হইত। ফলতঃ তর্কবাগীশের আয় এই সকল কার্য্যে পর্য্যাপ্ত হইত না। সময়ে সময়ে মধ্যম ভ্রাতার সাহায্য লইতে হইত।

পিতা রামনারায়ণের ন্যায় প্রেমচন্দ্র দয়ার্দ্রচিত্ত ছিলেন। সাধ্যানুসারে পরের দুঃখ মোচনে নিয়ত জাগরূক থাকিতেন। ইং ১৮৬৬ অব্দে দেশে দুর্ভিক্ষের সমাচার পাইয়া প্রেমচন্দ্র কাশী হইতে সসম্ভ্রমে মধ্যম সহোদরকে লিখিয়াছিলেন—"দেশে অন্নাভাবের সংবাদে যার পর নাই চিন্তাকুল হইয়াছি, গ্রামের লোকগুলি অন্নের নিমিত্ত স্থানান্তরে এবং অন্নার্থীরা বাটী হইতে বিমুখ হইয়া না যায়, ইহার বন্দোবস্ত করিবে এবং পৈতৃক ধর্ম্ম ও কর্ম্ম স্মরণ করিবে।"

এদিকে উহাঁর মধ্যম সহোদরও নিশ্চিন্ত ছিলেন না। দেশে হাহাকার রব উঠিবার সমকালেই তিনি গোলা হইতে ধান্য বাহির করিয়া গ্রামের দুঃস্থ লোকদিগকে বিতরণ করিতে আরম্ভ করিয়াছিলেন। বুভুক্ষাকাতর অন্নার্থীর সংখ্যা বৃদ্ধি হইতে থাকায় কয়েক মাসের নিমিত্ত রীতিমত অন্নছত্র খুলিয়াছিলেন। দেশে পুনরায় অন্নসংস্থান হইলে পরিশোধ করিবে বলিয়া যাহারা ধান্য লইয়াছিল, তাহাদের নিকট হইতেও সমস্ত ধান্য গ্রহণ করেন নাই। এই বন্দোবস্তে প্রেমচন্দ্র অতিশয় প্রীতিলাভ করিয়াছিলেন।

কলের জল ব্যবহার বিষয়ে আন্দোলন হইলে তর্কবাগীশ বলিয়াছিলেন,—কলিকাতায় দিন দিন যেরূপ জনতা বৃদ্ধি হইতেছে, ইহাতে এই সহরটীর চতুর্দ্দিক্ ভাগীরথীপরিবেষ্টিত হইলে সাজিত ও সুবিধা হইত। কলের জলে সাধারণের অনেক উপকার সাধিত হইবে সন্দেহ নাই। কিন্তু যে প্রণালীতে জল উত্তোলিত ও বিতরিত হইবে বলিয়া শুনা ও অনুমান করা যাইতেছে, তাহাতে এই জল ব্যবহার আরম্ভ হইবার পূর্ব্বে তাঁহার মৃত্যু অথবা কলিকাতা পরিত্যাগ করা ঘটিলেই ভাল হইবে। বস্তুতঃ এই চিন্তায় তর্কবাগীশ বড় ব্যাকুলিতচিত্ত এবং কলিকাতা পরিত্যাগ করিবার নিমিত্ত ত্বরান্বিত হইয়াছিলেন।

এক সময়ে প্রেমচন্দ্রের অন্যতম ভ্রাতা পারিবারিক এক দুর্ঘটনা উপলক্ষে কাশীতে পত্র লিখিলে, তিনি তদুত্তরে লিখিয়াছিলেন,— এই প্রকার শোকজনক সংবাদে আমায় আর পর্য্যাকুল করিও না। বাটীর অপরেও যেন এইরূপ সমাচার না লেখেন বলিয়া দিও। এরূপ মানসিক দুঃখ মোচনের নিমিত্ত আমার বিবেক এখনও প্রচুর হয় নাই। ইহলোক অবিচ্ছিন্ন সুখশান্তির স্থান নহে এবং শোক

হইতে কেহ উত্তীর্ণ হইতে পারেন নাই জানিও। ইহা ব্যতীত অন্য সান্ত্বনাবাক্য নিষ্ফল জানিও।

শেষাবস্থায় প্রেমচন্দ্র নিজের শারীরিক অবস্থার বিষয়ে কোন কথা কাহাকেও লিখিতেন না এবং পারিবারিক অশুভ সমাচার শুনিতেও ভাল বাসিতেন না। পুরীতে অবস্থান সময়ে এক নিশাশেষে উহাঁর কনিষ্ঠ ভ্রাতা অকস্মাৎ জাগৃত ও চকিত হইয়া উঠিলেন এবং মস্তক প্রদেশে প্রেমচন্দ্রকে দেখিবেন ভাবিয়া নিদ্রাজড় লোচনযুগল সতৃষ্ণভাবে নিক্ষেপ করিতে লাগিলেন। গৃহে আলোক সত্ত্বেও কিছুই দেখিতে পাইলেন না। স্বপ্নে দেখিলেন—তাঁহার শিরোভাগে তক্তাপোষের উপরে দক্ষিণ পদ তুলিয়া এবং কতকখানি ফালি কাপড় ধরিয়া প্রেমচন্দ্র শক্তভাবে পুলটিস্ বাঁধিয়া দিবার নিমিত্ত কনিষ্ঠ সহোদরকে সঙ্কেত করিতেছেন। ঐ রাত্রিতে আর তাঁহার নিদ্রা হইল না। পরদিন তিনি কাশীতে এক পত্র লিখিলেন এবং জিজ্ঞাসিলেন—আপনার কটিদেশের অধোভাগে কোন স্থানে কোন প্রকার ক্ষত হইয়াছে কি না ও তাহাতে পুল্টিস্ লাগান হইতেছে কি না? কল্য রাত্রিতে স্বপ্নানুভূত একটী বিষয়ের যাথার্থ্য জানিবার নিমিত্ত এই জিজ্ঞাসা। এ প্রশ্নের অন্য উদ্দেশ্য নহে জানিবেন। ইহার উত্তরে প্রেমচন্দ্র কনিষ্ঠ সহোদরকে এইরূপ লিখিয়াছিলেন—"দেখিতেছি তোমার স্বপ্নটী অতি অদ্ভুত। সত্যই আমার দক্ষিণ উরুর অধোভাগে একটী বড় ফোড়া হইয়াছে। বড়বধূ ভালরূপে পুল্টিস্ বাঁধিতে পারেন না। বিশেষতঃ কথিত রাত্রিতে পুলটিস্টী মনোমত ভাবে বাঁধা না হওয়ায় তাহা টিপিয়া ধরিয়া তাকিয়ার উপরে হেলিয়া পড়ি এবং মাতৃবিয়োগের পরে বাম উরুতে এইরূপে যে

এক ফোড়া হইয়াছিল, তাহাতে পুল্‌টিস্ আদি বাঁধিয়া তুমি যথোচিত সুশ্রূষা করিয়াছিলে, এক্ষণে নিকটে থাকিলে বিশেষ যত্ন করিতে, এইরূপ ভাবিতে ভাবিতে নিদ্রিত হই। ইহাই তোমার স্বপ্ন দর্শনের কারণ জানিবে। বোধ হয়, সব কথা বিশদরূপে বলা হইল না। প্রকৃত তত্ত্ব আমি এইরূপে বুঝি—তুমি সমস্ত দিন আপন কার্য্যে ব্যাপৃত; হয় ত দিবাভাগে বা রাত্রিতে শয়নকালে আমার বিষয়ে তোমার কোন চিন্তাই ছিল না; কাজেই আমার পীড়ার বিষয় স্বপ্নযোগে জানিবার কোন সম্ভাবনা ছিল না, কিন্তু তোমার স্মরণ করিতে করিতে আমি নিদ্রিত হই ও আমার ব্যাকুলিত অন্তরাত্মা তড়িৎবেগে অতি দূরে উপনীত হইয়া আপন অবস্থা তোমার আত্মার নিকটে বিজ্ঞাপন করিয়াছে; তুমি অকস্মাৎ জাগৃত হইয়া আত্মোপদেশ উপলব্ধি করিতে সমর্থ হইয়াছ। আমরা উভয়েই তখন বাহ্যত্যাগে স্বপ্নাবস্থা অনুভব করিতেছিলাম। আত্মার এই অদ্ভুত গতি ও তত্ত্ব ঐন্দ্রজালিক ব্যাপারবৎ বিস্ময়জনক বোধ হয়। পরিমিত ইন্দ্রিয়ধারী মানবের জ্ঞানও পরিমিত। কাজেই বিস্ময়ও পদে পদে জন্মিয়া থাকে। অনন্ত ব্রহ্মের অংশ আত্মারূপে জীবশরীরে বিদ্যমান, এই জ্ঞান থাকিলে আত্মার গতি ও শক্তিতে বিস্মিত হইতে হয় না। যদি তুমি দেহাত্মবাদী হও, তবে আমার কথা সম্যক্‌রূপে বুঝিতে পারিবে না। কারণ দেহাত্মদর্শী, দেহের সহিত আত্মার দর্শন করিয়া অপার ভ্রমে পতিত হইয়া থাকেন। বিশুদ্ধচিত্ত জ্ঞানীগণ আত্মাকে দেহে নির্লিপ্তভাবে অবস্থান করিতে দেখিয়া থাকেন। স্বপ্নে বা স্থূলদেহাত্যয়ে আত্মার গতি ও শক্তি সংহৃত হয় না। এই শক্তিবলে তুমি দূরবর্ত্তী হইয়াও আমার শারীরিক অবস্থা জানিতে

সমর্থ হইয়াছ। স্বপ্নসকল অমূলক চিন্তার ফল বলিয়া লোকে বলিয়া থাকেন; কিন্তু আমার ধারণা অন্যরকম। পীড়িত বা পর্য্যাকুলিতচিত্ত ব্যক্তির স্বপ্নানুভূত বিষয়ের ব্যভিচার ঘটিয়া থাকে। কিন্তু নিশাশেষে অনুভূত স্নিগ্ধমস্তিষ্ক ব্যক্তির স্বপ্নে অন্তরাত্মার সংশ্লেষ থাকিলে প্রায় তাহা ব্যর্থ হয় না।

কাশীতে অবস্থান সময়ে স্বদেশীয় এক বয়োবৃদ্ধ বিচক্ষণ* ব্যক্তি প্রেমচন্দ্রের সঙ্গে সাক্ষাৎ করিয়া প্রশ্ন করিয়াছিলেন,—মরণের প্রতীক্ষায় এইরূপে এক স্থানে দীর্ঘকাল বসিয়া থাকার প্রয়োজন কি? যদি এই স্থানে থাকাই স্থির হয়, তবে শাস্ত্রান্তর পরিত্যাগ করিয়া এখানেও আবার ছাত্রগণ লইয়া কাব্যালঙ্কারের

---

* এই সম্পর্কে কথাবার্ত্তাগুলি মহাত্মা ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের স্বর্গীয় পিতা ঠাকুরদাস বন্দ্যোপাধ্যায়ের সঙ্গে হইয়াছিল। তর্কবাগীশ ৺ঠাকুরদাস বন্দ্যোপাধ্যায়কে বড় একরোকা ও আত্মাভিমানী বলিয়া জানিতেন। তিনি উহাঁর মনঃ-প্রীতির নিমিত্ত প্রশ্নগুলির যথোচিত উত্তর দিবার চেষ্টা করিয়াছিলেন, কিন্তু কৃতকার্য্য হইয়াছিলেন বোধ হয় না। প্রেমচন্দ্রের লোকান্তর গমনের পরে তাঁহার অতি আদরের জিনিস পাকা বেতের একটী ছড়ি লইয়া উহাঁর তৃতীয় পুত্র শ্রীযুক্ত হরেকৃষ্ণ চট্টোপাধ্যায় উক্ত বন্দ্যোপাধ্যায় মহাশয়ের ব্যবহার নিমিত্ত অর্পণ করিয়াছিলেন। বন্দ্যোপাধ্যায় মহাশয় তাহা গ্রহণ করেন নাই, বলিয়াছিলেন—তর্কবাগীশ কাব্যরসিক বিলাসী বাবু পণ্ডিত ছিলেন; এই ছড়িটী তাঁহার হাতেই বেশ সাজিত; আমি সাদাসিদে লোক, এই ছড়ি হাতে করিলে পাছে বিলাসী হইয়া পড়ি মনে এই ভয়।

আলোচনা ও নায়ক নায়িকার রূপ আদি বর্ণনায় মত্ত থাকা কেন ?

প্রেমচন্দ্র বলিলেন—প্রশ্নগুলি সাধারণ জনের মত করা হইল। কাব্যরসজ্ঞ হইলে এরূপ প্রশ্ন করিতেন না। আমার মরণ-কামনা বা জীবন-বাসনা নাই। সময় সমাগত জানিয়া মর্ত্ত্যভূমির অগ্রবর্ত্তী এই এক পান্থশালায় আসিয়াছি। স্বগৃহ এবং এই স্থানের মধ্যে বৈলক্ষণ্য জ্ঞান নাই। এখানে স্বচ্ছন্দচিত্তে সদা অপ্রমত্ত অবস্থায় আছি। সঙ্কেতমাত্রে প্রফুল্লচিত্তে যাত্রা করিব। যাত্রাকালে কাহারও সাহায্য বা পার্থিব কোনও পাথেয়ের অপেক্ষা রাখি নাই। আত্মনির্ভরই আমার সম্বল। প্রথমাবধি তীর্থভ্রমণের অভিলাষ রাখি নাই। আপনি সকল তীর্থে পর্য্যটন করিয়াছেন। এক স্থানে থাকা আপনার মনঃপূত হইতেছে না। চিত্তশুদ্ধির উদ্দেশে পবিত্র তীর্থে গমন আবশ্যক। যদি এক তীর্থে বসিয়া ইন্দ্রিয়সংযম দ্বারা চিত্তশুদ্ধি ও জ্ঞানবৈশদ্য জন্মে, তাহাতেই তীর্থপর্য্যটনের ফল লাভ হইতে পারে, তদ্বিষয়ে যত্ন করিতেছি। বিশুদ্ধ মন ও বিশুদ্ধ জ্ঞানই পবিত্র তীর্থ।

অদ্যাপি কাব্যালঙ্কারের অধ্যাপনা কোন প্রকার পার্থিব ভোগতৃষ্ণার তৃপ্তি নিমিত্ত নহে। এই প্রকার প্রবৃত্তিস্রোত একবারে পরিশুষ্ক। সমস্ত জগতের নায়ক নায়িকায় আর চিত্তবিনোদ হয় না। বাল্যাবধি যাহা শিখিয়াছিলাম, তাহা আমরণ অন্যকে শিখান উদ্দেশ্য। ইহাই পণ্ডিতের পক্ষে প্রশস্ত দান। বিতরণ নিমিত্ত অন্য ধন সঞ্চয় করি নাই। ফলে কাব্যানুশীলনের অনেক উৎকৃষ্ট উদ্দেশ্য। কাব্যমধ্যে বেদ, দর্শন, বিজ্ঞান, রাজনীতি, অর্থনীতি, ইতিহাস আদি সকল শাস্ত্রই সুসংশ্লিষ্ট ভাবে প্রবিষ্ট

হইয়া রহিয়াছে। কাব্যের দিব্যালোকেই সমস্ত জগৎ এইরূপ মনোহর মূর্ত্তি ধারণ করিয়াছে। কাব্যামৃতরসাস্বাদেই মনুষ্যসমাজের আভ্যন্তরীণ প্রকৃতির এইরূপ কমনীয় উন্নতি সাধিত হইয়াছে। কাব্যবলেই বাল্মীকি, ব্যাস, কালিদাস, ভবভূতি প্রভৃতি কবিগণ লোকসমাজে উচ্চ আসন পাইয়াছেন। কাব্যই ভারতীয় আর্য্য জাতির অতুল বল ও গৌরবস্থল। ভারতীয় ক্ষত্রিয়বংশের বীর্য্য ও ঐশ্বর্য্যের অন্তর্ধানে এবং জাতীয় স্বাধীনতার অপগমেও ভারতীয় আর্য্যজাতি এখনও পৃথিবীর সভ্যজাতির মধ্যে যে পরিগণিত হইতেছে, তাহা কেবল সংস্কৃত কাব্যালঙ্কারের মাহাত্ম্য জানিবেন। যে দেশের সাহিত্য শাস্ত্রের দোষ গুণ আদির সমালোচনা নিমিত্ত এরূপ উৎকৃষ্ট ও পূর্ণাবয়ববিশিষ্ট অদ্ভুত অলঙ্কারশাস্ত্র প্রণীত হইয়াছিল, সে দেশের সাহিত্যশাস্ত্রের উৎকর্ষের পরিচয় দিবার প্রয়োজনাভাব। বস্তুতঃ সংস্কৃত সাহিত্য ভারতীয় আর্য্যজাতির উন্নত জীবনের প্রকৃত চিত্র অদ্যাপি উজ্জ্বল বর্ণে প্রকটিত করিতেছে এবং মধুর ঝঙ্কারে সমস্ত সাধু সমাজকে মাতাইয়া তুলিতেছে। এইরূপ কাব্যালঙ্কারে আপনার বিরাগের কারণ বুঝিতে পারিতেছি না। বোধ হয় বৈষ্ণবকুলোদ্ভূত কবিগণের কলুষিত কাব্য পড়িয়াই সমুদায় কাব্যশাস্ত্রের উপরে আপনার এরূপ বিতৃষ্ণা জন্মিয়াছে। ফলে সংস্কৃত কাব্যালঙ্কারে যত দিন লোকের অনাস্থা থাকিবে, ততদিন বঙ্গদেশ ও বঙ্গভাষার উন্নতিসাধন হইবে না জানিবেন। কাব্যালঙ্কারের অনুশীলন ও উন্নতিসাধন করিতে করিতে জীবন শেষ হয় বড়ই বাসনা।

ইহাই ঘটিয়াছিল। এই মহাপুরুষের পবিত্র জীবন এইরূপ জ্ঞানানুশীলন ও জ্ঞান বিতরণ কার্য্যেই পর্য্যবসিত হইয়াছিল।

তর্কবাগীশের সঙ্গে কাব্যশাস্ত্র সম্বন্ধে বাদানুবাদের আর একটী সুযোগ ঘটিয়াছিল। একবার গ্রীষ্মাবকাশে কলিকাতা হইতে শাকনাড়ার বাটীতে যাওয়া হয়। দুইটী ছাত্র, দুই সহোদর ও পুত্র প্রভৃতি তর্কবাগীশের সমভিব্যাহারে যাইতেছিলেন। সাঁকুটিগড় ষ্টেশনে নামিয়া দামোদর নদের দক্ষিণ পার্শ্বে মোহনপুর গ্রামের বাঁধের নিকটে বসিয়া সকলে কিয়ৎক্ষণ বিশ্রাম করেন। গ্রীষ্মসময়ে দামোদরের জল অতি নির্ম্মল ও মধুর হয়। নিকটবর্ত্তী দহের সুশীতল জল ও ছায়াবহুল বৃক্ষতল বিশ্রাম করিবার নিমিত্ত পথিকদিগকে যেন আহ্বান করিতেছিল। নিকটে একটী দেবালয়। তাহার আশে পাশে কতকগুলি রক্তাশোক এবং পাটল বা পারুল গাছে ফুল ফুটিয়াছিল। ঘননীল পত্রাবলির মধ্যে রক্তাশোকের গুচ্ছ অতি মনোহর দৃশ্য। পারুল গাছগুলি বড় বড়। তাহার ফুল খসিয়া ইতস্ততঃ পড়িতেছিল। তর্কবাগীশ একটী পারুল ফুল লইয়া বলিলেন, এই "ফুল বসন্ত সময়ে প্রচুর পরিমাণে ফুটিয়া থাকে; কবিরা ইহাকে কন্দর্পের তূণ বলিয়া যে বর্ণনা করিয়াছেন, তাহা প্রকৃত। বোধ হয়, তোমরা কেহই পূর্ব্বতন যোদ্ধাদিগের চর্ম্মনির্ম্মিত তূণ দেখ নাই; তাহার গঠন ঠিক্ এই ফুলের মত; ইহার পশ্চাদ্ভাগ ও সম্মুখবর্ত্তী পর্দ্দা এবং উভয় পার্শ্বে উন্নতানতভাবে যে তারতম্য রহিয়াছে, এইরূপ ঢেউখেলান গোচ তারতম্য বিশিষ্ট বাণাধার পৃষ্ঠদেশে বাঁধিলে যুদ্ধসময়ে ইচ্ছামত বাণ টানিয়া লইবার সুবিধা হইত।" সকলেই এক এক বা ততোঽধিক পারুল ফুল হাতে লইয়া তর্কবাগীশের ব্যাখ্যার মর্ম্ম গ্রহণ করিতে সমর্থ হইলেন। এই সময়ে উহাঁর অন্যতর ভ্রাতা বলিলেন,—"কতকগুলি ফুল ও স্ত্রীলোকের বর্ণনা লইয়া এদেশের কবিগণ যে সময় নষ্ট করিয়াছেন, তাহার অর্দ্ধাংশ

উন্নত বিষয়ের বর্ণনায় ব্যয় করিলে সমধিক মঙ্গলসাধন হইত।" ইহা শুনিবামাত্র তর্কবাগীশ কিছু বিরক্তচিত্তে বলিয়া উঠিলেন—"দেশান্তরের কবি সঙ্গে স্বদেশীয় কবিগণের তুলনা করিবার নিমিত্ত তোমার কিরূপ সামর্থ্য জন্মিয়াছে জানি না। পাঠশালার নিয়মিত পরীক্ষার উপযোগী শাস্ত্রজ্ঞান এবং প্রকৃত শাস্ত্রতত্ত্ব সম্বন্ধে মতামত প্রকাশ করিবার বিশিষ্ট জ্ঞান মধ্যে অনেক বৈলক্ষণ্য আছে,—সংস্কৃত-সাহিত্যের সংখ্যা অনেক, সমস্ত গ্রন্থের সার মর্ম্ম অবগত না হইয়া বিজাতীয় কাব্যসঙ্গে তুলনায় ইহার উৎকর্ষাপকর্ষ বিষয়ে সিদ্ধান্ত করা সাহসের কার্য্য; তবে জগতের ললামভূত দুইটী পদার্থ অর্থাৎ কুসুম ও কামিনীর বর্ণনায় এতদ্দেশীয় কবিরা কৃতিত্ব প্রকাশ করিয়া গিয়াছেন বলিয়া যে প্রশংসা করা হইল, ইহাই তাঁহাদের পক্ষে যথেষ্ট শ্লাঘা মানিতে হইবে।" এই সময়ে ছাত্রমধ্যে একজন কনিষ্ঠ ভ্রাতার পক্ষ অবলম্বন করিয়া বলিলেন—"ইংরাজী কাব্যের স্থানে স্থানে যে সকল সাহিত্যোচিত উচ্চভাব দেখিতে পাইয়াছেন এবং সংস্কৃতকাব্যের স্থানে স্থানে যে সকল অশ্লীলতা দোষ লক্ষ্য করিয়াছেন, তাহা স্মরণ করিয়াই বোধ হয়, ইনি এইরূপ বলিতেছেন; এই ফুলটীকে কন্দর্পের তূণরূপে বর্ণনা আদি আজ কালের মার্জ্জিত রুচির বিরুদ্ধ, মহাকাব্যে মহোচ্চভাবের প্রত্যাশা করা যায়; ইহাতেই কবির মহত্ত্ব ও প্রতিভা জানা যায় ও কাব্যের প্রকৃত মূল্য বৃদ্ধি হইয়া থাকে; গ্রাম্য, অশ্লীলতা আদি দোষ এই সকল উন্নতভাবের অন্তরায়।" ইহা শুনিয়া তর্কবাগীশ বলিলেন—"ভালই হইয়াছে. তোমরা সকলেই এক দলের লোক দেখিতেছি—বেলা অবসন্ন হইতেছে, আইস পথে যাইতে যাইতে এই বিষয়ে আমার বক্তব্য কয়েক কথা বলিতেছি—তোমরা সকলেই

অলঙ্কার গ্রন্থ সকলে রস, ভাব ও কাব্য আদির লক্ষণ পড়িয়াছ ও স্মরণ করিতেছ ; অলঙ্কার শাস্ত্রসঙ্গত কাব্য যদি রসের উৎস বলিয়া স্বীকার করিতে হয়, তবে কবিসৃষ্ট নায়কনায়িকার চরিত্রই সেই রসের আধার বলিতে হইবে ; নায়ক নায়িকার সুসঙ্গত চরিত্রের গঠন, মনুষ্যজীবনের সকল অবস্থার এবং বস্তুস্বভাবের বা জগৎতত্ত্বের যথাবদ্‌বর্ণনই কবির গুণপণা ; ইহাতেই ভাবের স্ফূর্ত্তি ও রসের উৎপত্তি ; ভূপৃষ্ঠে রমণী একটী মনোহর দৃশ্য ; প্রেমই জগতের জীবসৃষ্টির পরম মঙ্গলসাধন ; এই সকল উপাদান পরিত্যাগ করিলে কবি একান্ত দরিদ্র ; যে স্ত্রী ধর্ম্মকামার্জ্জনে সঙ্গিনী বলিয়া উল্লিখিত, সংসার-মরুস্থলীতে যিনি স্নেহময়ী আহ্লাদিনী অমৃত-স্রোতস্বিনী, সেই স্ত্রীর রূপ গুণ বর্ণনে কাব্য অপবিত্র, ইহা শুনিয়া বিস্মিত হইতে হয় ; শ্রব্যকাব্যে এরূপ বর্ণনে কবি দোষার্হ নহেন ; দৃশ্যকাব্যে লজ্জাকর কতকগুলি বিষয়ের বর্ণন অলঙ্কার-নিয়ম-বিরুদ্ধ সন্দেহ নাই ; প্রাচীন মহাকবিদিগের সকলপ্রকার কাব্য মধ্যে সমুদ্রতীরে স্ত্রীলোলুপ রাক্ষসরাজের অন্তঃপুরেই দেখ, অথবা গঙ্গা, যমুনা দৃষদ্বতী, সরস্বতী, সরযূ, শিপ্রা, মালিনীতীরে, রাজন্যগণের শুদ্ধান্তমধ্যে এবং মুনিগণের আশ্রমপদেই দেখ, সর্ব্বত্রই বিশুদ্ধ দাম্পত্য-সুখ ও স্ত্রীচরিত্রের যে পবিত্রপরিচয় পাওয়া যায়, তাহা জগতের কোনও জাতির মধ্যে খুঁজিয়া পাওয়া যায় কি না সন্দেহ। এখন সেই স্ত্রী-চরিত্র বিষয়ক গুণগান অরুচিকর ও অপ্রীতিকর ইহা কম বিস্ময়ের বিষয় নহে ; বুঝিলাম এ সকলই সময় ও রুচির পরিবর্ত্তনের ফল ; ফলে লোকের আভ্যন্তরীণ দৌর্ব্বল্য ও সমাজবন্ধনের শৈথিল্যই ইহার কারণ ; দিন দিন লোকের চরিত্রের পবিত্র তেজ ও ধর্ম্মভাবের হ্রাস হইতেছে ; সকল বিষয়েই সেই

সাত্ত্বিকভাব ও সাত্ত্বিক প্রেমানন্দের অভাব দেখা যাইতেছে; আধ্যাত্মিক চিন্তাশীলতা লুপ্তপ্রায় হইয়া আসিতেছে। সংস্কৃত সাহিত্যে যে একটা ধর্ম্মভাবের আভাস ছিল তাহা ক্রমেই মলিন হইয়া পড়িতেছে; সকল বিষয়েই বাড়াবাড়ি অমঙ্গলের কারণ; পরবর্ত্তী বৈষ্ণব কবিরা সস্তা দরে প্রেম বিলাইতে গিয়া বাজার একেবারে খারাপ করিয়া দিয়াছেন; এখন ব্যাকরণের অঙ্গ ক্ষত বিক্ষত; মহাকাব্য খণ্ডিত হইয়া খণ্ডকাব্যে পরিণত; ইহাতেই যদি বাবুদের "মরাল" শিক্ষা হয়, হউক; আজকাল অনেকে স্তন্য দুগ্ধ বলেন, কিন্তু "স্তনমণ্ডল" নাম শুনিলেই মুখ বাঁকাইয়া থাকেন; অশ্লীলতাপূর্ণ বাইবেলের কদর্য্য অংশ পাঠ করেন, কিন্তু অঙ্গপ্রত্যঙ্গের বর্ণনা আছে বলিয়া শক্তিদেবীর ধ্যান মুখে আনেন না; জাতীয় স্বাধীনতার অভাবে সংস্কৃত সাহিত্যের অবসান সময় সমাসন্ন ভাবিয়া শঙ্কিতচিত্ত ও নিরুৎসাহ হইতেছি।"

পরিচ্ছদ বিষয়ে প্রেমচন্দ্র সর্ব্বদাই পরিস্কৃত ও পরিচ্ছন্ন থাকিতেন। গ্রীষ্মে উত্তম ধূতি ও উড়ানী, শীতকালে এক শাল এবং পীতবর্ণের পা-গেলী চটি জুতা এইমাত্র তাঁহার পরিচ্ছদ ছিল। মধুর মূর্ত্তি বলিয়া ইহাতেই তাঁহাকে বেশ দেখাইত। কেহ কখন তাঁহাকে মলিন বেশে দেখিয়াছিলেন এ কথা বলিতে পারিবেন না। ধুতি উড়ানীর সংখ্যা বিস্তর ছিল এবং তাহা নিয়ত পরিস্কৃত থাকে এই বিষয়ে তাঁহার বিশেষ দৃষ্টি ছিল।

হারা নামে একটী প্রাচীন ধোপা তর্কবাগীশের কাপড় ধোলাই করিত। সে কাপড় অতি পরিস্কাররূপে ধোলাই করিত এবং াপড়ের ধাৎ রাখিতে পারিত, এমন কি খুব পুরাতন কাপড় ও াপের পরে নূতন বলিয়া বোধ হইত; কিন্তু সে কাপড়

আনিতে বড় বিলম্ব করিত। মাতৃপীড়া ও মাতৃবিয়োগ আদি বিলম্বের ওজর হারার মুখে বাঁধা গৎ ছিল। অনেক দিন বিলম্বের পরে একদা গ্রীষ্মকালের মধ্যাহ্ন সময়ে তর্কবাগীশ আহারান্তে আচমন করিতেছেন, এমন সময়ে কাপড়ের বস্তা ফেলিবার মত একটা শব্দ তাঁহার কর্ণগোচর হইল। ধোপা কাপড় আনিয়াছে ভাবিয়া চাকরকে উদ্দেশ করিয়া তর্কবাগীশ বলিয়া উঠিলেন, "ওরে কাপড় গণেগেঁতে লয়ে হারাকে দূর করে দে, আর কাপড় চোপড় দিস না"। হারা অক্ষুব্ধ। সে এক থামের অন্তরালে বসিয়া চাদরের এক পাশ ধরিয়া মুখে ও মাথায় বাতাস করিতে করিতে জনান্তিকে কহিতে লাগিল,—"আজ কাল ধোপার ব্যবসা ভাল! যার বাড়ী যাই, জামাই আদর পাই; সকলেই খড়্গহস্ত! তবে পণ্ডিতের মুখে এইরূপ রাগের কথা ভাল লাগে না। দেখিতেছি এই দুনিয়াতে "সর্ব্বস্কন্ধীর" হাত হইতে কাহারও নিস্তার নাই, অথবা পণ্ডিতের অগোচর কিছুই নাই। না-না, কেমন কোরেই বা পণ্ডিতের দোষ দি? পণ্ডিত যাহাকে একবার পাঠ দেন, সে পোড়ো অম্‌নি গোলাম; পথে ঘাটে যেখানে তাঁরে দেখে, অম্‌নি গুরু বলে ভূমিষ্ঠ হয়ে প্রণাম করে, একেই ত বলে ওস্তাদি। কিন্তু ধোপা, দর্জি ও যাত্রাওয়ালার সাকরেদ্ যে সেরূপ নয়, পণ্ডিতের এ জ্ঞানটুকু নাই। যারে একবার ধরণ ধারণ বলে দিলাম, ইস্ত্রি ধর্ত্তে শিখালাম, সে অমনি মিস্ত্রি হয়ে দাঁড়ালো। আলাহিদা ব্যবসা খুলে বস্‌লো, হয়ত আবার দুঘর খদ্দের ভাঙ্গাইয়া নিলো। তেমনি, খলিফার নিকটে এক রকম কাট্-ছাট্ শিখ্‌লো, অম্‌নি দর্জি হয়ে চৌমাথায় এক নূতন দোকান ফাঁদ্‌লো। যাত্রার দলের প্রধান বালক দূতী সেজে অধিকারীর সঙ্গে গোটাদুই আসর যদি ফির্‌লো, অম্‌নি সে নূতন

দল বেঁধে বস্‌লো। এসব লোকের সাক্‌রেদ যে ওস্তাদ্ বলে মানে না! নচেৎ আজ আমার ভাবনা কি? আমার সাক্‌রেদ কত! গঙ্গার এ পারে এই হারার কাছে কাজ শিখে নাই, এমন ধোপাই নাই, আমারও আজ এক কালেজ পড়ো বল্‌লে চলে, কিন্তু হলে হয় কি, কাজের সময়ে কাহাকেও পাওয়া যায় না!”

হারা ধোপার এই সকল কথা শুনিতে শুনিতে তর্কবাগীশ তাহার নিকটে আসিয়া দাঁড়াইলেন এবং বলিলেন,—তোমার কথার মধ্যে “সর্ব্বস্কন্ধীর” অর্থ বুঝিতে পারিলাম না। হারা-ধোপা বলিল, “মহাশয়! পিপাসার্ত্ত এক পথিক ব্রাহ্মণ পথিমধ্যে বৃক্ষতলে ভদ্র সন্তান মত এক ব্যক্তিকে দেখিয়া “তুমি কি জাতি” বলিয়া জিজ্ঞাসা করিলেন। সে বলিল,—“আমি সর্ব্বস্কন্ধী”। ইহাতে ব্রাহ্মণ রাগ করিয়া বলিলেন, “সর্ব্বস্কন্ধী”! তুই বেটা কি সকলের কাঁধে চড়িস্ নাকি? সে ব্যক্তি বলিল, “আজ্ঞে হাঁ আমি সকলের কাঁধে চড়িয়াই ত থাকি।” ইহা শুনিয়া ব্রাহ্মণ সমধিক রাগ করিয়া বলিলেন, “কি বেটা! তুই ব্রাহ্মণেরও কাঁধে চড়িস্”! সে ব্যক্তি বলিল, “আপনি ব্রাহ্মণ হইলেও, আপনার কাঁধে ত অগ্রেই চড়িয়া বসিয়া আছি, এবং সময় পাইলে, ব্রহ্মা, বিষ্ণু, মহেশ্বর আদি দেবগণেরও কাঁধে চড়িয়া থাকি।” তখন ব্রাহ্মণের চৈতন্য জন্মিল এবং তাহাকে ‘চণ্ডাল’ বলিয়া বুঝিতে পারিলেন। রাগ চণ্ডাল মানুষের ঘাড়ে চড়িলে জ্ঞানাজ্ঞান থাকে না।” ইহা শুনিয়া তর্কবাগীশ বলিলেন,—“হারান্! তুমি যে এরূপ জ্ঞানী ও বহুদর্শী তাহা জানিতাম না, আজ হইতে আমি তোমার সাক্‌রেদ হইলাম; কাপড় কাচিতে পারিব না, কিন্তু তোমার ওস্তাদ্ বলিয়া মানিতে থাকিব; আজ তুমি আমার

বড় জ্ঞানের পাঠ দিলে, তুমি, এই যাহার কিছুই অগোচর নাই বলিয়া কহিতেছিলে, সে তোমার নিকটে এখনও অতি অজ্ঞ। আমি আর কয়েক সুট কাপড় বেশী করিব, বিলম্ব করিলেও তোমার আর তিরস্কার করিব না। রৌদ্রে তুমি বড় ক্লান্ত হইয়াছ, প্রথমে তোমার মুখ দেখিলে কোন দুর্ব্বাক্য বলিতাম না; যাহা বলিয়াছি, তাহার নিমিত্ত মনে বড় কষ্ট পাইতেছি; কাপড় আনিতে পার বা না পার, মাসকাবার হইলেই তোমার বেতন লইয়া যাইও।" ইহার পর তর্কবাগীশ হারাকে ওস্তাদজী বলিয়া ডাকিতেন। তাহার মৃত্যুর পরেও তাহার কন্যাদিগকে ডাকাইয়া কাপড় ধোলাই করাইয়া লইতেন এবং অঙ্গীকৃত বেতন অপেক্ষা কিছু কিছু বেশী দিতেন।

কলেজে অধ্যাপনা সময়ে তর্কবাগীশ চাঁপাতলা বা মির্জাপুরের দীঘির নিকটবর্ত্তী কয়েকটী বাটীতে ক্রমে বহুকাল বাস করিয়াছিলেন। ঐ চাঁপাতলার দীঘির দক্ষিণ দিকে তৎকালে যে তিনটী সারি সারি দ্বিতল বাটী ছিল, তন্মধ্যে সর্ব্ব পূর্ব্বধারের বাটীতে প্রেমচন্দ্র ও মধ্যের বাটীতে কালেজের অপর পণ্ডিত রামগোবিন্দ শিরোমণি বাস করিতেন। কিছু দিন পরে রামগোবিন্দ শিরোমণি এ বাটী পরিত্যাগ করিলে, উহা বর্দ্ধমানের রাজা জাল প্রতাপচন্দ্রের জন্য গৃহীত হয়। জাল প্রতাপচন্দ্রের কথা বোধ হয় তাৎকালিক লোকমাত্রেই অবগত আছেন। তিনি বর্দ্ধমানের রাজ্যপদ পাইবার বিষয়ে ব্যর্থযত্ন হইয়া পরিশেষে কলিকাতার কয়েক স্থানে বাস করিতে থাকেন। এই চাঁপাতলায় থাকিবার সময়ে তিনি কল্কী অবতার রূপে অবতীর্ণ বলিয়া খ্যাত হইয়াছিলেন। প্রেমচন্দ্রের বাসার পার্শ্বে বাসা নির্দ্ধারিত হওয়ায়, এই জাল রাজার সংসর্গ ও

সংঘর্ষণে প্রেমচন্দ্রকে একবার বিপদ্‌গ্রস্ত হইতে হইয়াছিল বলিয়া এই কথার অবতারণা অসঙ্গত বোধ করিলাম না।

প্রেমচন্দ্র ও জাল প্রতাপচন্দ্রের বাটীর মধ্যে একটী প্রাচীর মাত্র ব্যবধান ছিল। জাল রাজা পশ্চিমধারের বাটীতে উপরিতলার প্রশস্ত গৃহে বাস করিতেন, কিন্তু সর্ব্বদা অপ্রকাশভাবেই থাকিতেন। ঐ ঘরে আসবাবের অভাব ছিল না। সম্মুখে একটী প্রকাণ্ড টেবিলের উপর রৌপ্যকোষযুক্ত একটী বৃহৎ তরবারি, স্বর্ণমণ্ডিত মুরলী ও তীর ধনু আদি বিভিন্ন অবতারের চিহ্নস্বরূপ কতকগুলি দ্রব্য এবং রৌপ্যনির্ম্মিত প্রকাণ্ড ফর্শী বা আলবোলা আদি যথাস্থানে সাজান থাকিত। নিম্নতলে বহুতর প্রহরী থাকিত। প্রহরী মধ্যে দমদমার সিপাহীদলের কয়েক জন সিপাহী এবং শিবদয়াল নামক জনৈক দৃঢ়কায় অধিনায়ক এই কল্কী অবতারের কুহকে মুগ্ধ হইয়া তথায় পড়িয়া থাকিত। সায়ংকালে এই কল্কী অবতারের আরতি কার্য্য সমারোহে সম্পাদিত হইত। এই সময়ে নিম্নতলে দামামা, শিঙ্গা, শঙ্খ, তুরী, ভেরী আদি বাদ্য যন্ত্রের তুমুল শব্দ সমুদিত হইত। দর্শনার্থে বহুতর লোক উপস্থিত হইত, কিন্তু রাজার অনুমতি ব্যতীত বাটীর মধ্যে কেহই যাইতে পারিত না। স্ত্রীলোকদের পক্ষে এ নিয়ম ছিল না। তাহাদের জন্য দ্বার সর্ব্বদা অবারিত থাকিত। ভদ্রবংশীয় স্ত্রীলোকেরা আরতি দর্শনের নিমিত্ত আসিলে, আর নিজ বাটীতে প্রায় ফিরিয়া যাইত না বলিয়া প্রকাশ। এক দিবস সন্ধ্যার সময়ে স্বর্গীয় ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের মধ্যম ভ্রাতা দীনবন্ধু ন্যায়রত্ন এবং পণ্ডিত গিরীশচন্দ্র বিদ্যারত্ন রাজার সহিত সাক্ষাৎ করেন এবং প্রতিবেশী পণ্ডিত প্রেমচন্দ্রের কথা উল্লেখ করায়, রাজা

বাহাদুর প্রেমচন্দ্রের সহিত সাক্ষাৎ করিবার নিমিত্ত আগ্রহ প্রকাশ করেন। তদনুসারে এক সায়ংকালে কথিত দীনবন্ধু ন্যায়রত্ন প্রভৃতির সমভিব্যাহারে গিয়া প্রেমচন্দ্র রাজার সহিত সাক্ষাৎ এবং অনেকক্ষণ পর্য্যন্ত কথোপকথন করেন। পরে বাসায় ফিরিয়া আসিলে, ন্যায়রত্নের প্রশ্নের উত্তরে তর্কবাগীশ বলেন, "এই লোকটা প্রচ্ছন্নকাম, গভীর কৌটিল্যনীতি পরায়ণ! ইহাঁর মৌনী ভাব স্বভাবসিদ্ধ নহে; ইনি কপটাচার দ্বারা আমাদের দেশের অনেকগুলি ভদ্রলোকের চক্ষে ধূলিমুষ্টি প্রদান করিতে যে এ পর্য্যন্ত সমর্থ হইয়াছেন, ইহা কম বিস্ময়ের বিষয় নয়!" দীনবন্ধু ন্যায়রত্ন বলিলেন, "প্রকৃত বিচক্ষণ ভদ্রপদবাচ্য কোন লোক ইহাঁর চাতুরীতে যে ভুলিয়াছেন তাহা তিনি জানেন না, কিন্তু যে কয়েকজন ধনী ইহাঁর সহায়তা করিয়াছিলেন, তাঁহাদের অভিপ্রায় ভিন্ন ছিল। ইনি রাজপদ পাইতে কৃতকার্য্য হইলে, তাঁহারাও একহাত মারিবেন বলিয়া কোমর বাঁধিয়াছিলেন।"

কিছুদিন পরে এক রাত্রি ৯।১০ টার সময় অকস্মাৎ জাল রাজার অন্দর হইতে একটী স্ত্রীলোকের আর্ত্তস্বর সমুত্থিত হইল। বোধ হইল যেন কেহ তাহার গলা টিপিয়া মারিতেছে। প্রেমচন্দ্র তখন প্রিয়নাথ শর্ম্মা প্রভৃতি কয়েকটী ছাত্রকে নিজ বাসায় "রত্নাবলী" নাটক পড়াইতেছিলেন। তিনি সত্বরে উঠিয়া, "মহাশয়! এ ব্যাপার কি? স্ত্রীলোকের প্রতি এরূপ অত্যাচার কেন"? এই কথা জাল রাজাকে উদ্দেশ করিয়া বলিলেন। উহাঁর শব্দ শুনিয়া "পণ্ডিত মহাশয়! আমায় মারিয়া ফেলিল, র-র-র—ক্ষা—এইরূপ কথা আবদ্ধ মুখ হইতে অপরিস্ফুটরূপে সমুত্থিত হইল। জাল রাজা বলিলেন, "পণ্ডিত মহাশয়!

ভূতগ্রস্ত, অন্য আশঙ্কা করিবেন না।” “ভূতগ্রস্ত বা প্রহারগ্রস্ত ইহা পুলিস আসিলেই জানা যাইবে” বলিয়া প্রেমচন্দ্র বলিলেন। পরে ঐ স্ত্রীলোকটির মুখ টিপিয়া কেহ যেন টানিয়া দক্ষিণের প্রস্থে লইয়া যাইতেছে বোধ হইল। কিন্তু ঐ রাত্রিতে ঐ স্ত্রীলোকটীর আর কোন সাড়া শব্দ পাওয়া গেল না। ইহার ফলভোগ অচিরে করিতে হইবে এবং এরূপ প্রতিবেশীর নিকট বাস করা অনুচিত বলিয়া প্রেমচন্দ্র বলিতে ও চিন্তা করিতে লাগিলেন।

এই ঘটনার ন্যূনাধিক এক মাস মধ্যে বেলা দশটার সময় প্রেমচন্দ্র নিজগৃহে আহার করিতে বসিয়াছিলেন এবং ভ্রাতা ও ছাত্রেরা আপন আপন পুস্তকাদি লইয়া কেহ কালেজে গিয়াছিল এবং কেহ কেহ বা যাইতেছিল, এমত সময়ে দেখা গেল রাজবাটীর দ্বারে ও সম্মুখস্থ রাস্তায় কতকগুলি গোরা সৈন্য অকস্মাৎ দণ্ডায়মান এবং দুইজন সাহেব জাল রাজার গলদেশ ধরিয়া সমানীত ঘোড়ার গাড়ীতে পূরিতেছেন। অবিলম্বে ঐ গাড়ী হাঁকান হইল এবং সৈন্যেরাও সঙ্গে সঙ্গে চলিয়া গেল। কয়েকজন সাহেব পুলিশের পাহারাওয়ালা সহ পশ্চাতে থাকিয়া গেলেন। তন্মধ্যে দুইজন সাহেব বাটীর মধ্যে প্রবেশ করায়, অসহায়া স্ত্রীলোকেরা অত্যাচার ভয়ে দক্ষিণ প্রস্থের প্রাচীর উত্তীর্ণ হইয়া প্রেমচন্দ্রের বাসাবাটীর মধ্যে লম্ফ দিয়া পড়িতে লাগিল দেখিয়া একজন সাহেব তাড়াতাড়ি তর্কবাগীশের বাসার মধ্যে আসিয়া পৌছিলেন; তাঁহার অন্যতম ভ্রাতা সাহেবের সঙ্গে সঙ্গে উপরিতলায় আসিলেন এবং প্রেমচন্দ্রের আহারের ব্যাঘাত না হয় বলিয়া সাহেবকে ঐ ঘরে প্রবেশ করিতে নিষেধ

করিলেন। প্রেমচন্দ্রকে রাজার দাওয়ান বা কর্ম্মচারী ভাবিয়া, সাহেব সকল ঘরে প্রবেশপূর্ব্বক জিনিস পত্র অনুসন্ধান করিতে লাগিলেন। এদিকে রাজবাটী হইতে পলাতক স্ত্রীলোকদিগের মধ্যে কেহ কেহ প্রেমচন্দ্রের বাসার কয়েকখানি ঘরে প্রবেশ করিয়া গোপন ভাবে রহিল এবং কেহ কেহ পূর্ব্বদিকের দরজা খুলিয়া পলাইতে লাগিল, তৎপ্রতি সাহেবের ততটা লক্ষ্য রহিল না। সাহেবটী প্রেমচন্দ্রের শয়নঘরের পার্শ্বে যে আলমারি এবং পুথি রাখিবার র‍্যাক্ ছিল, তাহা এবং কাগজ পত্র অনুসন্ধান করিতে লাগিলেন। প্রেমচন্দ্র গবর্ণমেণ্ট সংস্কৃত কালেজের অধ্যাপক বলিয়া তাঁহার ভ্রাতা পরিচয় দিতে থাকিলেন। ইত্যবসরে প্রেমচন্দ্র আসিয়া সাহেবের সম্মুখে উপস্থিত হইলেন, কিন্তু সাহেব মহোদয়, র‍্যাকের উপরিভাগে বাসার জমা খরচ আদির যে একটী দপ্তর ছিল, তাহা লইয়া গেলেন, প্রেমচন্দ্রের কোন প্রতিবাদ শুনিলেন না। তাঁহার সহোদর সাহেবের সঙ্গে সঙ্গে গিয়া অনেক অনুনয় বিনয় পূর্ব্বক জমাখরচের রোকড় এবং যে কয়েকটী কান্ ফোড়া খাতা ছিল, তাহার সংখ্যাযুক্ত একটী রসিদ লিখাইয়া আনিলেন। সাহেবের সহিত কথাবার্ত্তার সময়ে স্ত্রীলোকেরা সকল ঘর হইতে পলাইয়া গিয়াছে ভৃত্যেরা জানিয়া বলিতে থাকিল।

এদিকে অপরাহ্ণ ৪টার পরে কালেজ হইতে প্রত্যাগত প্রিয়নাথ শর্ম্মা নামক জনৈক ছাত্র যেমন পাইখানা মধ্যে প্রবেশ করিতেছেন, এমত সময় তথায় দুইটী স্ত্রীলোকের চীৎকার শব্দে ভীত হয়েন; পরে প্রকৃত বৃত্তান্ত বুঝিয়া এবং বুঝাইয়া অনুনয়-পূর্ব্বক উহাদিগকে বাহির করিতে সমর্থ হয়েন। এই সময়ে

প্রেমচন্দ্র কালেজ হইতে আসিয়া উপস্থিত হয়েন এবং স্ত্রীলোক দুইটীকে অভয়দান পূর্ব্বক স্নানান্তে জলযোগ করাইয়া বিদায় করিয়া দেন।

রাজবিদ্রোহাচরণের উদ্যোগ করিবার অপরাধ জাল প্রতাপচন্দ্রের উপর আরোপিত হইয়াছিল। ঘোর কলিযুগ, কল্কী অবতাররূপে প্রকাশ হইবার সময় উপস্থিত ভাবিয়া, তিনি নাকি শিবদয়াল নামক প্রহরীর যোগে কয়েকজন মাত্র সিপাহীর সাহায্য পাইলেই নিজ মন্ত্রতন্ত্রবলে ক্ষীণবীর্য্য ব্রিটিশ গবর্ণমেণ্টকে উৎসন্ন করিয়া দিতে সমর্থ হইবেন বলিয়া দমদমার পল্টনের হাওয়ালদারকে সংবাদ দেন। কিন্তু খয়ের খাঁ হাওয়ালদার নিজ পল্টনের অধ্যক্ষ সাহেবকে বলিয়া দেওয়ায় জাল রাজা শেষে নিজ কূটজালেই আবদ্ধ হয়েন।

দপ্তরটি ফিরিয়া পাইতে নিরীহ প্রেমচন্দ্রকে অনেক কালবিলম্ব এবং উদ্বেগ সহ্য করিতে হয়। তিনি নিজ বাসাবাটী পরিত্যাগ করিতে ব্যগ্র হয়েন। এমত্ সময়ে একদিন তাঁহার মধ্যম ভ্রাতা শ্রীরাম পাইকপাড়া রাজবাটী হইতে আইসেন এবং ঐ বাসাবাটী এক্ষণে পরিত্যাগ করা হইবে না, প্রেমচন্দ্র প্রভৃতি জালরাজার বাটীতে নিযুক্ত পুলিশের পর্য্যবেক্ষণে রহিয়াছেন এবং তিনি কিরূপ চরিত্রের লোক তাহা জানিবার নিমিত্ত তাঁহার স্বদেশের অর্থাৎ নিজ জেলা বর্দ্ধমানের পুলিশ আদিষ্ট হইয়াছে, কিন্তু পণ্ডিতের কোন ভয়ের কারণ নাই—ইত্যাদি কথা পাইকপাড়া ষ্টেটের হিতৈষী এবং বাঙ্গালীদিগের গুণপক্ষপাতী সাহেব ব্যারিষ্টার (বোধ হয় ব্যারিষ্টার মণ্ট্রিও সাহেব) উপদেশ দিয়াছেন বলিয়া প্রেমচন্দ্রকে বলিয়া যান।

ধন্য ব্রিটিশ ভারতীয় পুলিশ! অদ্ভুত তোমাদের ভূতানুসরণপ্রণালী। পরিপুষ্ট মিষ্ট কুল কামড়াইয়া অকারণে তাহাতে পোকা পাড়াইতে তোমাদের যে অদ্ভুত কেরামত, ইহা কম বিস্ময়ের বিষয় নয়।

পরে যে সময়ে কথিত দিঘীর নিজ পূর্ব্বদক্ষিণ কোণের বাটীতে তর্কবাগীশের বাসা ছিল, তখন তাঁহার বাল্যবন্ধু ও টোলের সহাধ্যায়ী রামব্রহ্ম বন্দ্যোপাধ্যায় নামে এক পণ্ডিত সাক্ষাৎ করিতে আইসেন। তখন তিনি কথকের ব্যবসায় অবলম্বন করিয়াছিলেন। তর্কবাগীশ ঐ পণ্ডিতের যথোচিত অভ্যর্থনা করিলেন। কথক পণ্ডিত মহাশয়ও কয়েকটী উত্তম গীত গাইয়া সকলের আনন্দ উৎপাদন করিলেন। পরে সাংসারিক বিষয়ের কথোপকথন কালে তর্কবাগীশকে মাসে মাসে ২৪৲ টাকা ঐ বাসার ভাড়া দিতে হয় শুনিয়া পল্লীগ্রামের পণ্ডিত মহাশয় সাতিশয় বিস্ময়াপন্ন হইলেন। যে ঘরে বসিয়া কথাবার্ত্তা হইতেছিল, ঐ ঘরের দক্ষিণের ও উত্তরের জানালা খোলা ছিল। পশ্চিমের জানালাটী বন্ধ ছিল। কথক স্বয়ং উঠিয়া পশ্চিমের জানালাটী খুলিলেন এবং—“ও তর্কবাগীশ! এই খানেই যে মজা, এই জানালার মূল্যই যে চব্বিশ টাকা দেখ্‌চি” বলিয়া উঠিলেন। তখন দিবাবসান ও সূর্য্য অস্তগত হইয়াছিল। ঐ জানালা দিয়া দীঘির দক্ষিণের বাঁধাঘাট, শাদ্বলপূর্ণ পাড় এবং পাড়ার জেলে মালা আদি ইতর লোকের সালঙ্কারা স্ত্রীলোকেরা কলস কক্ষে উঠিতেছে ও নামিতেছে দেখা যাইতেছিল। কথক মহাশয়ের আমোদ চড়িবার প্রকৃত কারণ বুঝিতে পারিয়া তর্কবাগীশ যেখানে বসিয়া তামাক খাইতেছিলেন তথায় বসিয়াই গম্ভীরভাবে বলিলেন—

এইটী পশ্চিমের জানালা—অপরাহ্নে প্রায় খোলা হয় না রাত্রিতে শয়নকালে যখন এই জানালা খোলা হয়, তখন কয়েক খণ্ড কাষ্ঠফলকের মূল্য অপেক্ষা উহার এত বেশী মূল্য থাকে না। ইহা শুনিয়া কথক মহাশয় ঈষৎ হাসিয়া নীরব হইলেন।

তর্কবাগীশের এক পৌত্র শ্রীযুক্ত হেমচন্দ্র চট্টোপাধ্যায় বীরভূম জিলার অন্তর্গত রামপুর হাটে ওকালতী করিতেন। একদা দুইজন সন্ন্যাসী অতিথিরূপে হেমচন্দ্রের বাসায় উপস্থিত হয়েন। হেমচন্দ্র যত্নপূর্ব্বক উঁহাদের অভ্যর্থনা করেন। সংস্কৃত ভাষায় সন্ন্যাসীদের পরস্পর আলাপ বুঝিয়াই হেমচন্দ্র উঁহাদের আহার্য্য বস্তুর আয়োজন করিতেছেন ইহা যখন বুঝিলেন, তখন তাঁহার পরিচয় লইয়া বয়োবৃদ্ধ সন্ন্যাসী বিস্মিত ও প্রীত হইলেন—বলিলেন—কাশীতে অবস্থান সময়ে প্রেমচন্দ্রের সঙ্গে তাঁহার কয়েকবার সাক্ষাৎ ও শাস্ত্রালাপ হইয়াছিল এবং একটি দণ্ডীর সঙ্গে প্রেমচন্দ্রের বিচারসময়ে—তিনি উপস্থিত ছিলেন—বিচার অন্তে দণ্ডী বলিয়াছিলেন,—আলঙ্কারিক প্রায় ক্ষীণদর্শন, কিন্তু প্রেমচন্দ্রে ইহার ব্যভিচার। তাৎপর্য্য এই যে, আলঙ্কারিকের—সেকরার-চক্ষু প্রায় খরিয়া যায় এবং অলঙ্কারশাস্ত্রব্যবসায়ীর প্রায় দর্শন-শাস্ত্রে দৃষ্টি থাকে না—কিন্তু প্রেমচন্দ্রে তাহার বৈলক্ষণ্য দেখা গেল।

কাশীবাসসময়ে একদা অপরাহ্নে ছাত্রদিগের অধ্যাপনার শেষে প্রেমচন্দ্র বসিয়া তামাক খাইতেছেন এবং বিভিন্ন দেশীয় ১৫।২০ জন ছাত্র পঠিত বিষয় সকল আলোচনা করিতেছেন, এমত সময়ে একজন লম্বাচোড়া দীর্ঘাকার টিকিধারী বঙ্গদেশীয় পণ্ডিত আসিলেন এবং প্রেমচন্দ্র তর্কবাগীশ কাহার নাম? তাঁহার শাস্ত্রপাঠনা

শুনিবার নিমিত্ত তিনি আসিয়াছেন বলিয়া প্রকাশ করিলেন। প্রেমচন্দ্র সত্বরে গাত্রোত্থান পূর্ব্বক "আসিতে আজ্ঞা হউক", বলিয়া সমুচিত অভ্যর্থনা করিয়া তাঁহাকে বসাইলেন। ছাত্রমধ্যে শ্রীযুত জয়রাম বেদান্তবাগীশ নামক জনৈক ছাত্র ঈষৎ হাস্যমুখে যেন উপহাসচ্ছলে, "আপনি কোন্ শাস্ত্রের অধ্যাপনা শুনিতে চাহেন" ? বলিয়া উহাঁকে জিজ্ঞাসিলেন এবং অদ্যকার পাঠনাকার্য্য শেষ হইয়াছে, সময়ান্তরে আসিলে ভাল হয় ইত্যাদি কথা বলিতে লাগিলেন। প্রেমচন্দ্র সম্মাননা পূর্ব্বক তাঁহার সহিত কতকক্ষণ কথাবার্ত্তা কহিবার পরে অন্য দিন যথাসময়ে আসিবেন বলিয়া পণ্ডিতটি চলিয়া গেলেন। শ্রীযুত জয়রাম প্রভৃতি কয়েকজন ছাত্র বলিলেন, "মহাশয়! আপনার মত পূজ্য ব্যক্তির এরূপ অপদার্থ লোকের এই প্রকার অভ্যর্থনায় তাঁহারা বিস্মিত ও লজ্জিত হইয়াছেন। লোকটা যদিও বঙ্গদেশীয় কোন অভিনব পণ্ডিতের বংশীয়, কিন্তু নিজে নিরক্ষর, ছত্রভোজী ভিক্ষুক ও অপদার্থ। আপনার মত লোকের পক্ষে ইহাঁর এরূপ অভ্যর্থনা অনুচিত হইয়াছে।

প্রেমচন্দ্র কতকক্ষণ নীরব ভাবে পূর্ব্ববৎ তামাক খাইতে লাগিলেন, পরে বলিলেন, "লোকটাকে আমি চিনিতাম না "আকারসদৃশপ্রজ্ঞ," "যেমন আকার সেইরূপ প্রজ্ঞাবান্ হইবেন" ভাবিয়া আমি ইহাঁর অভ্যর্থনা করিয়াছি, ইহাতে মন্দকার্য্য করিয়াছি বলিয়া আমি বোধ করি না। অভ্যাগত পূজার্হ ব্যক্তির অভ্যর্থনা না হইলে যেরূপ অবমাননা হয়, "পূজ্যবৎ" ব্যক্তির অনভ্যর্থনাতেও সেইরূপ দোষ ঘটিবার সম্ভাবনা। বাহ্যাকারই মনুষ্যের পূজার চিহ্ন, অভ্যন্তরের গুণগ্রাম চর্ম্মাবৃত থাকায় তাহা আপাততঃ পরিজ্ঞেয় হইতে পারে না। এই লোকটার শাস্ত্রজ্ঞান না থাকিলেও

ইঁহার যেরূপ দর্শনীয় আকৃতি ও বাক্‌শক্তি দেখা গেল, তাহাতে ইনি আমাদের মধ্যে পুরুষপুঙ্গব এবং অভ্যর্থনাযোগ্য বলিয়া গৃহীত হইতে পারেন। কারণ ;—

"যদ্ যদ্বিভূতিমৎ সত্বং শ্রীমদূর্জ্জিতমেব বা।
তত্তদেবাবগচ্ছ ত্বং মম তেজোঽংশসম্ভবম্॥"

নিজের জগদ্ব্যাপিত্ব ও বিভূতিমত্তার বিষয় অর্জ্জুনের নিকটে সবিস্তর বর্ণনা করিতে করিতে পরিশেষে স্বয়ং ভগবান্ শ্রীকৃষ্ণ গীতায় এইরূপ বলিয়াছেন,—"জগৎমধ্যে সুশ্রী এবং ঐশ্বর্য্য এবং অসামান্য বলাদি গুণোপেত যে কোন বস্তু দেখিবে, তাহা আমার অতুল তেজোরাশির অংশ সম্ভূত বলিয়া তুমি জানিবে"।

"এই দীর্ঘাকার লোকটী যেরূপ কমনীয় কান্তিযুক্ত দর্শনীয় দেহ পাইয়াছেন, তাহা ঈশ্বরদত্ত বলিয়া অনুমান করিবার যথেষ্ট কারণ রহিয়াছে। এরূপ ব্যক্তির অভ্যর্থনায় গৃহী দোষার্হ হইতে পারেন না। ইহাতে তিনি লোকের নিকটে অভ্যর্থনাকারী গৃহীর উদারতা আদি গুণের যথেষ্ট প্রশংসা করিবেন সন্দেহ নাই। যদি তিনি অভ্যর্থিত না হইয়া, স্থানান্তরে তোমাদের গুরুর নিন্দাবাদ করিতেন, তাহা হইলে, সেটা তোমাদের কতদূর অসহ্য হইত, তাহা একবার ভাবিয়া দেখা উচিত।

"এই উপলক্ষে অধুনাতন ছাত্রদলের মধ্যে অভ্যাগতের প্রতি যে অসৌজন্য ব্যবহার হইয়া থাকে, তৎসম্বন্ধে কয়েক কথা বলা উচিত বিবেচনা করিতেছি। আজকাল দেখা যায়, কোন উদাসীন ব্যক্তি আসিলে, নব্যদল "আসুন মহাশয়! কি উদ্দেশ্যে আপনার আসা হইয়াছে" ইত্যাদি কোন অভ্যর্থনাবাক্য না

বলিয়া তাঁহার প্রতি একদৃষ্টে চাহিয়া থাকেন। এই গুলি যে আশ্রমধারী গৃহস্থের পক্ষে মনুপ্রণীত-শাস্ত্র-নির্দ্দিষ্ট নিয়মাবলীর বহির্ভূত ও দোষাবহ তদ্বিষয়ে সন্দেহ নাই। গার্হস্থ্যধর্ম্মের উল্লেখ করিবার সময়ে মনু বলিয়াছেন—

"তৃণানি ভূমিরুদকং বাক্ চতুর্থী চ সূনৃতা।
এতান্যপি সতাং গেহে নোচ্ছিদ্যন্তে কদাচন॥"

আর্য্য গৃহস্থের গৃহে অভ্যাগতের নিমিত্ত মিষ্ট কথা, এক আঁটি তৃণ বা ভূমি এবং পাদ ও মুখ প্রক্ষালনার্থ জল, এই চারিটী জিনিসের কদাচ অভাব হয় না। বিলাসিতার উপযোগী অন্য বস্তুর অভাব থাকিলেও আর্য্য গৃহস্থের গৃহে তৃণাদির যে অভাব হয় না, ইহার গূঢ় অর্থ ও উদার ভাবের বিষয় বোধ হয় তোমরা সকলেই হৃদয়ঙ্গম করিবে"।

এক্ষণে নিজের কাশীবাস সময়ে প্রেমচন্দ্রের জীবনচরিতের এইবারকার মুদ্রণের তত্ত্বাবধান কার্য্য এখান হইতেই সম্পন্ন হইতেছে। কাজেই এই সম্বন্ধে যে কিছু অসম্পূর্ণতা ছিল, তাহা পূরণ করিবার অবকাশও ঘটিয়াছে।

প্রেমচন্দ্রের লোকান্তর গমনের পর এখানকার "পণ্ডিত" নামক সংবাদপত্রে এ, বি, (A. B.) নামক যে জনৈক ছাত্র প্রেমচন্দ্রের জীবনের যে সংক্ষিপ্ত সমালোচনা করিয়াছিলেন, তাহা শ্রীযুক্ত অভয়ানাথ ভট্টাচার্য্যের নামের আদ্যক্ষর বলিয়া যে ধারণা হইয়াছিল, তাহা ভ্রমাত্মক ছিল। এক্ষণে তাহা শ্রীযুক্ত আদিত্যরাম ভট্টাচার্য্যের নামের আদ্যক্ষর বলিয়া প্রতিপন্ন হওয়ায়, সেই

ভ্রম সংশোধন করিবার এবং শ্রীযুক্ত আদিত্যরামের প্রতি কৃতজ্ঞতা প্রদর্শনের অবকাশ পাইলাম।

বাল্যে প্রেমচন্দ্রের স্ববংশীয় নৃসিংহ তর্কপঞ্চানন তাঁহার গুণগানের যে তান্ ধরিয়াছিলেন এবং যে তান্ গুণনিধান প্রেমচন্দ্রের যৌবনে তাঁহার গুণাবলীমুগ্ধ মহোদয় উইল্‌সন্ সাহেব প্রভৃতির মধুর স্বরে সমৃদ্ধ হইয়া বঙ্গসাহিত্য-রঙ্গ মাতাইয়াছিল, সেই তান্ পরিণামে এই দূরদেশে নিশাশেষে মন্দমারুতান্দোলিত মধুর বংশীরবের ন্যায়, শ্রীযুক্ত আদিত্যরামের স্বরসংযোগে মধুর ঝঙ্কারে পরিণত ও দিগন্তব্যাপী হইয়াছিল। প্রাকৃতিক নিয়মানুসারে আদিত্যের বিশদ প্রভার প্রভাবেই চন্দ্র দ্যুতিমান্ ও জ্যোতিষ্মান্ হয়েন, কিন্তু প্রস্তাবিত বিষয়ে পূর্ণিমাসঞ্জাত প্রেমচন্দ্রের স্বভাবতঃ সবল যশঃশরীর বাল আদিত্যরামের সংক্ষিপ্ত সমালোচনারূপ অরুণিমাপ্রভাবেই সমধিক সমুজ্জ্বল হইয়াছিল সন্দেহ নাই।

শ্রীযুক্ত আদিত্যরাম প্রেমচন্দ্রের কাশীবাস-সময়ের অন্যতম ছাত্র। ইঁহার মাতামহ লোকান্তরিত রাজীবলোচন ন্যায়ভূষণ প্রেমচন্দ্রের সমকালীন পণ্ডিতমণ্ডলীমধ্যে একজন লব্ধপ্রতিষ্ঠ পণ্ডিত ছিলেন। নাথুরাম শাস্ত্রীর মৃত্যুর পর কলিকাতা সংস্কৃত কালেজের অলঙ্কারের পদ শূন্য হইলে, ঐ পদের প্রার্থনাকারীদিগের মধ্যে ইনি একজন প্রার্থী ছিলেন, এবং ইঁহার প্রার্থনা সমর্থনের নিমিত্ত বেনারস্ সংস্কৃত কালেজের তাৎকালিক অধ্যক্ষ কর্ণেল্ উইল্‌ফোর্ড সাহেব এবং কলিকাতার স্যার রাধাকান্ত দেব বাহাদুরের পিতা ৺গোপীমোহন দেব যথেষ্ট সাহায্য করিয়াছিলেন। পরে একমাত্র গুণবান পুত্রের মৃত্যুতে তিনি বিষয়ে বীতরাগ হইয়া স্বদেশ পরিত্যাগপূর্ব্বক এলাহাবাদে আসিয়া

বাস করেন। ধন্যগোপীনাম্নী তাঁহার একমাত্র কন্যা পিতার স্নেহভাজন হইয়া তাঁহার নিকটে সংস্কৃত শাস্ত্র শিক্ষা করিয়াছিলেন। তিনিই প্রথমে শ্রীযুক্ত আদিত্যরাম প্রভৃতি দুইটী পুত্রকে সংক্ষিপ্তসার ব্যাকরণ আদি সংস্কৃতশাস্ত্রে শিক্ষা প্রদান করেন। পণ্ডিতবংশীয় এবং অত্যন্ত মেধাবী ও বশম্বদ জানিয়া প্রেমচন্দ্র শ্রীযুক্ত আদিত্যরামকে সস্নেহনয়নে দেখিতেন। প্রেমচন্দ্রের নিকটে কাব্যনাটক আদি পাঠ সময়ে তিনি অত্রত্য কুইন্‌স্ কালেজের ছাত্র ছিলেন এবং ইংরাজীতে যথেষ্ট পারদর্শিতা লাভ করিয়াছিলেন। প্রেমচন্দ্রের লোকান্তর গমনের পর, ইংরাজী ১৮৬৭ সালের ১লা মে তারিখে শ্রীযুক্ত আদিত্যরাম অত্রত্য তাৎকালিক “পণ্ডিত” নামক মাসিক পত্রিকায় প্রেমচন্দ্রের গুণগানের তান ধরিয়া মৃদুমন্থরস্বরে যে সংক্ষিপ্ত জীবনপ্রবন্ধ প্রচার করিয়াছিলেন, তাহা প্রকৃতরূপে প্রীতিকর হইয়াছিল এবং তল্লিখিত সঙ্কেতবাক্য অবলম্বন করিয়াই আমি এই কার্য্যে সমুৎসাহিত হইয়াছিলাম।

শ্রীযুক্ত আদিত্যরাম এক্ষণে এম, এ, ও মহামহোপাধ্যায় উপধিতে ভূষিত হইয়াছেন এবং এই সকল শ্রেষ্ঠ প্রতিষ্ঠালাভ প্রেমচন্দ্রের অকপট আশীর্ব্বাদের অমোঘ ফল বলিয়া তিনি মুক্তকণ্ঠে স্বীকার করেন। তিনি বলেন, প্রেমচন্দ্রের বয়োবৃদ্ধি সহকারে প্রতিভারও সমধিক বৃদ্ধি দেখা গিয়াছিল। যে ছাত্রের যেরূপ শাস্ত্রতত্ত্বে উন্নতি লাভ হইবে, তাহা যেন তিনি দুরদৃষ্টিবলে দেখিতে পাইতেন, এবং তাঁহার নিজের সম্বন্ধে প্রেমচন্দ্র যাহা কিছু বলিয়াছিলেন, তৎসমুদায়ই প্রতি অক্ষরে মিলিয়াছিল। কিন্তু পরিতাপের বিষয় এই যে, তাঁহার শেষ উন্নতির ফল প্রেমচন্দ্র দেখিয়া যাইতে পারেন নাই।

ধন্য প্রেমচন্দ্র! ধন্য তোমার সাহিত্যসেবার ফল! এই ফলের বলেই অদ্যাপি তোমার জ্ঞানদীপিত যশঃশরীর কি স্বদেশে কি বিদেশে সর্ব্বত্র সম্যক্‌রূপে সমুজ্জ্বল দেখিতে পাই। রাঢ়ে কি বঙ্গে, উৎকলে কি উত্তরপশ্চিমাঞ্চলে যে দেশে যে বেশে গিয়াছি, তোমার অনুজ বলিয়া পরিচয় দিলেই সহৃদয় সাহিত্যসমাজে যথেষ্ট সমাদর পাইয়াছি। তুমি কুলপাবন, "কুলং পবিত্রং জনকঃ কৃতার্থঃ" কুলের তিলকস্বরূপ তোমাকে জন্মদান করিয়াই তোমার জনক কৃতার্থ হইয়াছিলেন সন্দেহ নাই। তোমার চরণে এই অনুজাধমের অন্তিম প্রণাম।

পঞ্চম পরিচ্ছেদ।

কবিত্ব।

প্রেমচন্দ্র তর্কবাগীশ কবি ছিলেন। কি প্রকার কবি, এই বিষয়টী তাঁহার সমানধর্ম্মা কোন সহৃদয় ব্যক্তিই বর্ণনা করিতে সমধিক সমর্থ। এই সম্পর্কে ভয়ে ভয়ে কয়েকটীমাত্র কথা বলা আমার উদ্দেশ্য। বাগ্‌বৈভব, রচনাশক্তি, ললিত পদবন্ধনকৌশল, ভাবুকতা, হৃদয়মধ্যে অকস্মাৎ আনন্দনিস্যন্দনশক্তি প্রভৃতি কবির গুণপরম্পরা বাল্মীকি, ব্যাস, কালিদাস, মাঘ, ভারবি, ভবভূতি প্রভৃতি প্রাচীন কবিগণের রচনায় লক্ষিত হয়। রচনাচাতুর্য্যে কবির প্রকৃতি ও ভাবতরঙ্গ সহৃদয় পাঠকের হৃদয়ে সমুত্থিত হয় এবং অলক্ষিতভাবে তাহার মন, প্রাণ মোহিত ও পুলকিত করে। বিশ্ববিখ্যাত পূর্ব্বতন কবিগণের সঙ্গে বর্ণনীয় কবি প্রেমচন্দ্রের তুলনায় অনেক প্রভেদ, সন্দেহ নাই। এইরূপ তুলনায় তাঁহার স্পর্দ্ধাও ছিল না এবং আমরাও সাহসী নহি। স্পর্দ্ধার কথা দূরে থাকুক, প্রেমচন্দ্র বলিতেন—পাঠ ও পাঠনাসময়ে নিখিলগুণোন্নত কালিদাসের কবিতা সকল সরল ও প্রাঞ্জল বোধ হয়; কিন্তু প্রকৃত সাহিত্যসেবক প্রাণপণে যত্ন করিলেও আজ কাল যে কেহ এই কবিগুরুর রচনাচাতুর্য্যের অনুকরণে সফলকাম হইতে পারেন এরূপ বোধ হয় না; বোধ হয় কালিদাসের মস্তক-নির্ম্মাণের উপাদানসামগ্রী একেবারে বিনষ্ট হইয়া গিয়াছে; ফলতঃ এই কবিবরের অক্ষয্য বাক্‌সম্পত্তি, বিশ্বব্যাপিনী জ্ঞানবিজ্ঞানবিস্তৃতি ও

রসমাধুর্য্যের সুন্দর অভিব্যক্তিশক্তির বিষয়ে নির্জ্জনে চিন্তা করিতে বসিলে পদে পদে বিস্মিত ও স্তম্ভিত হইতে হয়। এক স্থানে প্রেমচন্দ্র আপনাকে বঙ্গের কবি বলিয়া উল্লেখ করিয়াছেন সত্য কিন্তু এই কথা তিনি অতি মৃদুভাবে ও বিনীতভাবে বলিয়াছেন। কবিত্ববিষয়ে বঙ্গের বর্ত্তমান হীন অবস্থা লক্ষ্য করিলে প্রেমচন্দ্রের এইরূপ বচন নিতান্ত অসঙ্গত বোধ হয় না। পাণ্ডিত্য, ভাষাধিপত্য, রচনাচাতুর্য্য ও কোমলপদবন্ধনকৌশল প্রভৃতি বিষয়ে প্রেমচন্দ্র যে অতি কুশল ছিলেন তদ্বিষয়ে সন্দেহ নাই। সাহিত্যদর্পণের টীকাকার স্ববংশীয় রামচরণ তর্কবাগীশ এবং স্বদেশস্থ অর্থাৎ রাঢ়দেশীয় অনর্ঘ্যরাঘব নামক নাটকের রচয়িতা মুরারিমিশ্রের রচনার সঙ্গে তুলনা করিলে প্রেমচন্দ্রের গদ্য ও পদ্যরচনা যে অনেকাংশে সমধিক মার্জ্জিত, পরিণত ও প্রগাঢ়, তদ্বিষয়ে সন্দেহ জন্মে না। প্রেমচন্দ্রের সমকালীন কতকগুলি পণ্ডিতের যে সকল রচনা আমরা দেখিতে পাইয়াছি, তাহার সঙ্গে তুলনা করিলেও প্রেমচন্দ্রের রচনাচাতুর্য্য সমধিক মনোহর বলিয়া প্রতীয়মান হয়। কলিকাতা সংস্কৃত বিদ্যালয়ে সমস্যাপূরণ করিবার নিয়ম অনুসারে পণ্ডিত ও ছাত্রগণ যে কবিতাবলী রচনা করিয়াছিলেন, তৎসমুদয় পাঠ করিলে প্রেমচন্দ্রের কবিতাগুলি প্রকৃত কবিত্বশক্তির পরিচায়ক বলিয়া বোধ হয়। অন্যে যে স্থলে সংস্কৃত ভাষায় কেবল পাদপূরণ-প্রয়াসে পর্য্যাকুল হইয়াছেন, সে স্থলে প্রেমচন্দ্রের লেখনী হইতে সমধিক মধুর ভাবপূর্ণ শ্লোকগুলি অনায়াসে বিনির্গত হইয়াছে বলিয়া স্পষ্ট প্রতীয়মান হয়। স্থানে স্থানে তাঁহার কবিতায় অতিশয়োক্তি দোষ লক্ষিত হয়, কিন্তু তাঁহার রচনায় যেমন ললিত পদবন্ধনকৌশল, তেমনি প্রসাদগুণযুক্ত প্রগাঢ় মধুর বর্ণনায় তাঁহার

অসাধারণ ক্ষমতা লক্ষিত হয়। গদ্য অপেক্ষা তাঁহার পদ্যগুলি সমধিক মধুর ও মনোহর বোধ হয়।

প্রেমচন্দ্রের সমকালীন পণ্ডিতেরা তাঁহাকে সুকবি বলিয়া নির্দ্দেশ করিতেন। তাঁহার লোকান্তর গমনে কবিত্বদেবীর অবসাদ-সময় উপস্থিত হইল বলিয়া তাঁহার প্রিয়তম ছাত্র শ্রীমান্ তারাকুমার কবিরত্ন আক্ষেপপূর্ব্বক এই শ্লোকটী লিখিয়াছিলেন ;—

"যা প্রেমচন্দ্রে জগদেকচন্দ্রেঽ-
প্যস্তং গতে ভারতভাগ্যদোষাৎ।
সমাগতা হা ! প্রিয়-পুত্র-শোকাৎ
কবিত্বদেবীহ মুমূর্ষুভাবম্॥"

এদিকে ছাত্রমণ্ডলীর মধ্যে লব্ধপ্রতিষ্ঠ ছাত্রগণ প্রেমচন্দ্রকে কবিত্বশক্তিসম্পন্ন বলিয়া মান্য করিতেন এবং তাঁহার গুণানুকরণে যত্নবান্ হইতেন। কাশীতে লোকান্তরিত হইলে তাঁহার এক কবি ছাত্র অর্থাৎ পণ্ডিত শ্রীযুক্ত হরিশ্চন্দ্র কবিরত্ন বঙ্গে কবিত্ব ও অলঙ্কারের অবসাদ সম্বন্ধে বিলাপসূচক যে ছয়টী কবিতা রচনা করিয়াছিলেন, তাহা পরিশিষ্টে দেওয়া হইল। আমরাও বাল্যাবধি উহাঁর কবিত্বশক্তির পরিচয় পদে পদে পাইয়াছিলাম, কাজেই আমরাও উহাঁকে "কবি" বলিয়া উল্লেখ করিলাম। কিছুদিন পরে হয় ত এই কথাটী অসঙ্গত বলিয়া প্রতীয়মান হইবে। প্রেমচন্দ্রের রচিত কতকগুলি শ্লোক ব্যতীত তাঁহার প্রণীত কোন কাব্য গ্রন্থ আমরা পাঠকগণের সমক্ষে প্রদর্শন করিতে পারিলাম না ; অথচ তাঁহাকে কবি বলিয়া বর্ণনা করিলাম,

এই কথাটা খাপছাড়া লাগিতে পারে। প্রেমচন্দ্রের সমকালীন পণ্ডিতবর্গ ক্রমে স্বর্গারোহণ করিলেন। তাঁহার ছাত্রদল সময়ক্রমে বিরল হইতে চলিল। ইতঃপর পণ্ডিতসম্প্রদায় ইহাঁকে কবি বলিয়া গ্রহণ করিবেন বোধ হয় না, কিন্তু টীকাকারক বলিয়া ইনি যে সাহিত্যব্যবসায়িগণের নিকটে চিরদিন পরিচিত থাকিবেন তদ্বিষয়ে সন্দেহ নাই। ইহাঁর প্রণীত পূর্ব্বনৈষধ, রাঘবপাণ্ডবীয় ও কাব্যাদর্শের টীকার সাহায্য যে বহুমূল্য ইহাতে সংশয় জন্মে না। যে সময়ে ইনি পূর্ব্বনৈষধ ও রাঘবপাণ্ডবীয় গ্রন্থের টীকা রচনা করেন, তখন বঙ্গদেশে কোন কাব্যগ্রন্থের মল্লিনাথকৃত টীকা প্রকাশিত হয় নাই, এবং মল্লিনাথ মহোদয় যে উক্ত দুইখানি কাব্যের টীকা রচনা করিয়াছিলেন, তাহা অদ্যাপি জানা যায় নাই। সুতরাং প্রেমচন্দ্রের অবলম্বিত টীকারচনার প্রণালী যে অভিনব ও উৎকৃষ্ট, তদ্বিষয়ে সন্দেহ নাই। এই সকল কাব্য বিশেষতঃ কাব্যাদর্শের টীকায় যে প্রকার পাণ্ডিত্য প্রকটিত হইয়াছে, তদ্দৃষ্টে প্রেমচন্দ্র প্রাচীন সম্প্রদায়ের লোক বলিয়া অনুমিত হইয়া থাকেন। রচনাপ্রণালী দৃষ্টে এই অনুমান অমূলক বোধ হয় না। এই একবার ভাবি—প্রেমচন্দ্র সংস্কৃতরচনায় এইরূপ অসামান্য শক্তি লাভ করিয়াও রাঘবপাণ্ডবীয় কাব্যের প্রত্যেক শ্লোকের রঘু ও পাণ্ডুবংশের রাজগণের চরিতোপযোগী কূটার্থ নিষ্কাষণে যে সময় অতিবাহিত করিয়াছেন, তাহা কাব্যান্তর-রচনায় ব্যয়িত হইলে সমধিক ফললাভ হইতে পারিত। আবার ভাবি—এইরূপ কাব্যরচনায় তিনি যথোচিত উৎসাহ পান নাই। এই বর্ত্তমান সময়ের এই প্রকার সাহিত্যসেবকদিগের অবস্থা শোচনীয় ছিল বলিতে হইবে। তাঁহার নিজের যত্নের ত্রুটি দৃষ্ট হয় না। তিনি

যে প্রণালীতে পুরুষোত্তমরাজাবলী নামক কাব্যের রচনা আরম্ভ করিয়াছিলেন, সম্যক্‌রূপ উৎসাহ পাইলে তাহা অসম্পূর্ণ থাকিত না। উইলসন্‌ সাহেব প্রভৃতি উন্নতপদস্থ মহোদয়দিগের নিকটে যখন যে বিষয়ে তিনি উৎসাহ পাইয়াছেন, তখনই বদ্ধপরিকর হইয়া এক একটী উৎকৃষ্ট কার্য্য সম্পাদন করিয়াছেন।

সংস্কৃত বিদ্যালয়ের দর্শনশাস্ত্রের অধ্যাপক পণ্ডিতাগ্রগণ্য নির্ম্মল-মনীষাসম্পন্ন ৺ জয়নারায়ণ তর্কপঞ্চানন মহাশয় মুক্তকণ্ঠে বলিতেন, —আজকাল যিনি যাহা রচনা করুন, মুদ্রাযন্ত্রে যাইবার পূর্ব্বে তর্কবাগীশের সঙ্গে সাক্ষাৎ না করিয়া কাহারও পদক্ষেপ করিবার সাধ্য নাই।

প্রেমচন্দ্র কাহারও প্রার্থনানুসারে, কখনও স্বেচ্ছানুসারে ভাবের উদয় হইলেই কবিতা রচনা করিতেন। বসিয়া তামাক খাইতে খাইতে অথবা পদচারণা করিতে করিতে যে সকল কবিতা রচনা করিতেন, তাহা কখন স্বয়ং কোন সামান্য কাগজে টুকিয়া রাখিতেন, কখন ও বা সংস্কৃতজ্ঞ অপরকে লিখিয়া রাখিতে বলিতেন। দুর্ভাগ্যক্রমে ইহার অধিকাংশই বিনষ্ট হইয়াছে। নানা স্থানে খুঁজিয়া ও কাব্যরসপ্রিয় তাঁহার কতিপয় ছাত্রকে জিজ্ঞাসিয়া যতদূর সংগ্রহ করিতে পারিলাম, তাঁহার রচিত কতকগুলি কবিতা নিম্নে সন্নিবেশিত করিলাম। রচনাকালীন আনুষঙ্গিক বৃত্তান্তও স্থানে স্থানে লিখিত হইল। তাঁহার প্রিয়তম ছাত্র শ্রীযুক্ত তারাকুমার কবিরত্ন “কবিবচন-সুধা” নামক যে একখানি গ্রন্থ সঙ্কলিত ও প্রচারিত করিয়াছেন, তাহাতে তর্কবাগীশের রচিত অনেকগুলি কবিতা বাঙ্গালা পদ্যানুবাদ সহ উদ্ধৃত করিয়াছেন। বাঙ্গালা পদ্যগুলি এরূপ প্রাঞ্জল ও চিত্তহারী হইয়াছে, যে

পদ্যানুবাদগুলিও সন্নিবেশিত না করিয়া থাকিতে পারিলাম না। সংস্কৃত সাহিত্যশাস্ত্রের অলোড়ন না করিলে বঙ্গভাষার অঙ্গভূষা সম্পাদনের সম্ভাবনা নাই বলিয়া তর্কবাগীশ সর্ব্বদাই বলিতেন। তাঁহার এই বাক্যটী কবিরত্নের ঐ পদ্যগুলি এবং অন্যান্য গ্রন্থের বাঙ্গালা পদ্যগুলি দ্বারা সমর্থিত হইয়াছে। নিজকৃত পদ্যানুবাদের সহিত বৈলক্ষণ্য রাখিবার উদ্দেশে, কবিরত্নকৃত পদ্যানুবাদগুলি বন্ধনি ( ) মধ্যে দেওয়া হইল।

কবিতাসংগ্রহ বিষয়ে রসের বিচার করা হয় নাই, প্রায় সকল রসের কবিতাই সমভাবে সংগৃহীত ও সন্নিবেশিত হইল। এ সংগ্রহের প্রকৃত উদ্দেশ্য পাঠক মহোদয় বুঝিয়া লইবেন।

প্রেমচন্দ্র তর্কবাগীশের রচিত কবিতা।

রঘুবংশের টীকার শেষে।

कोम्पानेरखिलक्ष्मातलभृतः सम्मानितो बिश्रुतः
श्रीयुक्तो जगतीतले बिजयतामूइल्सनः साहबः ।
यस्यानन्तगुणावलीबिलसितं प्रेक्षावतां प्रीतिदं
मन्ये मन्थरतां व्रजन्ति भणितुं बाचोऽपि बाचस्पतेः ॥१॥

तस्याज्ञामधिगम्य तादृशगुणप्रेष्ठस्य च श्रीमतः
काव्येऽस्मिन् रघुवंशके कविगुरुश्रीकालिदासोदिते ।
टीकेयं द्रुतबोधिका शिशुगणस्यात्यन्तहर्षार्पिका
विद्वद्भिः क्रमशस्त्रिभिर्विरचिता भूयात् सतां प्रीतये ॥ २ ॥

कृत्वा किञ्चिद्रामगोविन्दसूरौ
नाथूरामे प्राज्ञवर्य्येऽप्यनल्पम् ।
याते स्वर्गं प्रेमचन्द्रो मनीषी
टीकामेतां पूर्णतामानिनाय ॥ ३ ॥

পূর্ব্বনৈষধের টীকার প্রথমে।

या काङ्क्षितामलपदा नियतं जनानां
शब्दार्थसञ्चयसमन्वयने च योग्या ।
व्यक्तीकरोति निखिलं हृदि भावजातं
बाग्देवतामभिमतामहमाश्रये ताम् ॥ ४ ॥

अन्यासु भावबहुलासु सदर्थिकासु
टीकासु चेदिह भवेद् विफलः प्रयत्नः ।
साद्भिस्तथापि मुदुबोधविबोधनार्थं
जातोद्यमोऽहमिह सम्प्रति नावबुध्ये ॥ ५ ॥

অবসানে।

राढ़े गाढ़प्रतिष्ठः प्रथितपृथुयशाः शाकराढ़ानिवासी
विप्रः श्रीरामनारायण इति विदितः सत्यवाक् संयतात्मा ।
तत्सूनुः सूनृतेनाखिलजनदयितः श्रीयुतः प्रेमचन्द्र-
श्चक्रे चक्रिप्रसादान्नलचरितमहाकाव्यपूर्व्वार्द्धटीकाम् ॥६॥

রাঘবপাণ্ডবীয় কাব্যের টীকার প্রথমে।

दधन्मरकतस्थलीद्युतिविडम्बिकान्तिच्छटां
पुरःप्रबलमारुतो निहितजिष्णुचापोज्ज्वलः ।
हरन् सपदि दुःसहां रविजतापभीतिं नृणां
मदीयहृदयाम्बरे स्फुरतु कोऽपि धाराधरः ॥ ७ ॥

आसीदसीमगरिमास्पदकश्यपर्षि-
वंशप्रशंसितजनुर्मनुतोऽप्यनूनः ।
सर्व्वेश्वरोऽनवरतक्रतुकर्म्मनिष्ठा-
निर्व्वर्त्तितावसथिसंज्ञतया प्रतीतः ॥ ८ ॥

तदन्वयसुधाम्बुधेरजनि रामनारायणः
शशीव विमलाम्बरो द्विजवरः श्रिया भासुरः ।
यदीयगुणचन्द्रिकोल्लसितराढ़नीराशये
सतां हृदयकैरवं कलितगौरवं मोदते ॥ ८ ॥

श्रीप्रेमचन्द्रेण तदात्मजेन
काव्योत्तमे राघवपाण्डवीये ।
बालावबोधाय सतां मुदे च
वितन्यते सद्विवृतिः स्फुटार्था ॥ १० ॥

अर्थान् ग्रहीतुमिह काव्यपुरे प्रविश्य
युष्माकमस्ति यदि चेतसि सत्यमिच्छा ।
काठिन्यदुर्द्धरकपाटविपाटिकां मे
टीकां तदा प्रथममेव करे कुरुध्वम् ॥ ११ ॥

अगर्व्वाः पुर्व्वेषामतिगहनवाणीचतुरता-
प्रकाशक्षे शश्वा जगति विजयन्ते कतिपये ।
खलास्तु स्वच्छन्दं परभणितिदोषानुसरणै-
रवज्ञायां जिह्वा विदधति न केषामपयशः ॥ १२ ॥

রাঘবপাণ্ডবীয়-টীকার শেষে ।

यस्याभवज्जननभूः किल शाकराढ़ा
राढ़ासु गाढ़गरिमा गुणिना निवासात् ।

ग्रामो निकामसुखवर्द्धनवर्द्धमान-
राष्ट्रान्तरालमिलितः सरितः प्रतीच्याम् ॥ १३ ॥

अधीयानस्तर्कविद्यां विद्यामन्दिरमध्यगः ।
अलङ्काराध्यापनायां राज्ञा यो विनियोजितः ॥ १४ ॥

देशमेतं परित्यज्य प्रस्थाने विहितोद्यमम् ।
पुनर्यदनुरोधेन कवित्वं स्थातुमिच्छति ॥ १५ ॥

सोऽयं कौणपकण्ठकण्टकवनीसंहारदावद्युतेः
श्रीरामस्य पदाम्बुजस्मरणतः सम्पन्नवाग्वैभवः ।
शाके सायकसप्तशैलकुमिते वर्षेऽतिहर्षप्रदां
चक्रे राघवपाण्डवीयविवृतिं श्रीप्रेमचन्द्रो द्विजः ॥ १६ ॥

কাব্যাদর্শের টীকার প্রথমে।

सर्वानर्थान् सूते कामपि सद्रसैव निर्वृतिं तनुते ।
वाग्देवीं तां सन्तः स्वादयन्तः सदा भजत ॥ १७ ॥

सगुणा सालङ्कारा सम्मदयन्ती पदे पदे ध्वनिभिः ।
सत्कविभणितिः सरसा कस्य न वा मानसं हरति ॥१८॥

द्विजश्रीप्रेमचन्द्रस्य व्याख्यानप्रोञ्छनाञ्चिते ।
काव्यादर्शे सुदर्शेऽस्मिन् सन्तः सन्तु समुन्मुखाः ॥ १९ ॥

টীকার অবসানে।

उद्दण्डैर्लण्डपृथ्वीपतिविजितमिदं भारतं वर्षमस्मिन्
कल्क्याता राजधानी धनिगुणिवणिजां वासभूर्भूविभूषा ।
अस्यामस्यातिकाख्या समितिरमितधीवैभवैः कालजीर्य्यत्-
प्राच्यास्वर्थ्यप्रमेयोद्धृतिपरमतिभिः सज्जनैःसज्जिताऽभूत्॥२०।

आदेशएव तस्याः कृशमतिवचसोऽपि मेऽजनयत् ।
व्याख्यानेऽस्मिन् शक्तिं गरयति हि लघुं परिग्रहो
महताम् ॥ २१ ॥

क्व वयं मन्दमतयः क्व च प्राचां वचोऽम्बुधिः ।
मन्ये विलोड़नादस्य विषमेव समुत्थितम् ॥ २२ ॥

याचे नतः कविवरानवरापि यायाद्-
युष्माकमीक्षणपथं विवृतिर्ममेयम् ।
नाङ्गीकृतं ग्लपयदङ्गमनङ्गजेता
सम्प्रार्थितेन गरलं सरलात्मना किम् ॥ २३ ॥

उत्कर्षः कश्यपर्षेर्बलबलिजयिनोजन्मनोज्जृम्भितश्री-
वंशो विश्वावतंसोऽवसथिकुलमितश्चामलं प्रादुरासीत् ।
एतस्मान्मध्यराढ़ाविततगुणगणो ग्रामणीः सज्जनानां
सम्भूतो रामनारायणधरणिसुरः शाकराढ़ानिवासी ॥२४।

तस्यात्मजेन जनदुर्गमकाव्यमार्ग-
सातत्यसञ्चरणलब्धसमादरेण ।

रोपद्विपाश्वशशभृद्विमिते शकाब्दे
श्रीप्रेमचन्द्रकविना विवृतिः कृतेयम् ॥ २५ ॥

काठिन्यमालिन्यनिवारणेन
सुदर्शमादर्शमसौ चकार ।
पुरस्कृतेऽस्मिन् प्रतिबिम्बमामान्
पश्यन्तु भावान् सुधियः सुखेन ॥ २६ ॥

মুকুন্দ-মুক্তাবলীর টীকার প্রথমে।

विषयासवमास्वाद्य मुधा माद्यसि किं मनः ।
श्रीमुकुन्दपदाम्भोजरसेन मदमाप्नुहि ॥ २७ ॥
व्याख्यानरसचर्च्चाभिः सिक्तां मुक्तावलीमिमां ।
श्रीमन्मुकुन्दसंप्रीत्यै विशदीकरवाण्यहम् ॥ २८ ॥

টীকার শেষে।

शाके शशाङ्कमातङ्गतुरङ्गममहीमिते ।
मुक्तावलीयं कृष्णस्य व्याख्यया विशदीकृता ॥ २९ ॥

চাটুপুষ্পাঞ্জলির টীকার প্রথমে।

मनो विषयकान्तारे भ्रमणं यदि ते प्रियं ।
कृष्णकल्पाङ्घ्रिपस्याङ्घ्रौ विश्रम्य भ्रम्यतां मुहुः ॥ ३० ॥

चाटुपुष्पाञ्जलावस्मिन् ये सन्ति पदकुड्मलाः ।
श्रीराधाप्रीतये तेषां विदधे संविकासनम् ॥ ३१ ॥

অন্তে ।

महीद्विपमहीध्रेन्दुमितेऽब्दे शकभूपतेः ।
एषा सात्वतमुख्यानां प्रीतिकृद्विवृतिः कृता ॥३२॥

অষ্টমকুমারের প্রথমে ।

चापल्यादिह वः सदास्मि विधुरा यास्यामि तातालयं
तातस्ते जनयित्रि ! को ? गिरिगणस्येशो हि तातो मम
मातस्त्वं किमहो ! गिरीशदुहितेत्याभाषमाणे गुहे
प्रोन्मीलत्स्मितमुग्धनम्रवदना गौरी चिरं पातु वः ॥३३॥

भावभावनपरा रसोत्तरा कोमला मृदुपदक्रमोज्ज्वला ।
कालिदासकविता गुणोन्नता कस्य नाम
न हरत्यलं मनः ॥ ३४ ॥

कुमारसम्भवमिदं काव्यं तस्य कृतिः कवेः ।
दुष्प्रापमासीत् सम्पूर्णं कुतश्चित् कारणात् पुरा ॥ ३५ ॥
अतोऽष्टमादिसर्गाणां व्याख्या विख्यातिमागता
न काचिद्वीच्यते पूर्व्वप्रेक्षावद्भिर्विनिर्म्मिता ॥ ३६ ॥

तदर्थेऽस्मिन् समारम्भे संरम्भो नोचितः सतां
जीर्णोद्धारे सदोषेऽपि नोद्धर्त्तार्हति वाच्यतां ॥ ३७ ॥

সপ্তশতীসারের টীকার প্রথমে।

निर्म्माणपालनविनाशनबाललीलां
यन्मोहितोऽनुविदधाति पितामहोऽपि ।
तामेव देवमनुजादिसमस्तसेव्यां
दुर्गां नतोऽस्मि विदधातु शुभां मतिं मे ॥ ३८ ॥

অন্তে।

शाके शिलीमुखरसाश्वशशाङ्कमाने
हैलौ तुलालयविलासिनि सप्तमेऽंशे ।
श्रीप्रेमचन्द्रकृतिना कृतिनां नितान्त-
सन्तोषसन्ततिधिया विवृतिः कृतेयं ॥ ३९ ॥

প্রেমচন্দ্র পুরুষোত্তমরাজাবলী নামক যে এক নূতন কাব্য রচনায় প্রবৃত্ত হইয়াছিলেন, তাহা হইতে বাছিয়া বাছিয়া নিম্নলিখিত কয়েকটী কবিতা উদ্ধৃত করা হইল। এই কাব্যের এক এক সর্গের শেষে "ইতি শ্রীপ্রেমচন্দ্রন্যায়রত্ন-বিরচিতায়াং পুরুষোত্তম-রাজাবল্যাং" প্রথম ও দ্বিতীয় আদি পরিচ্ছেদের সংখ্যা নির্দ্দিষ্ট হইয়াছিল দেখা যায়। ইহাতে স্পষ্টরূপে বুঝা যাইতেছে যে,

তিনি, "তর্কবাগীশ" উপাধি পাইবার পূর্ব্বে যে সময়ে ন্যায়রত্ন উপাধিতে পরিচিত ছিলেন, অথবা তাঁহার লোকান্তর গমনের ২৮।২৯ বৎসর পূর্ব্বে এই নূতন কাব্যের প্রণয়নকার্য্য আরম্ভ করিয়াছিলেন। এই দীর্ঘকালের মধ্যে এই গ্রন্থখানি যে কেন সমাপন করেন নাই ইহার সম্যক্‌রূপ কৈফিয়ৎ আমি পাঠকগণের নিকটে প্রদর্শন করিতে অসমর্থ। অলঙ্কারের অধ্যাপকের পদ পাইয়া প্রেমচন্দ্র আলস্যপরবশ হইয়াছিলেন এ কথা বলিতে পারি না। দেখিতেছি, এই কয়েক বৎসর মধ্যে তিনি অন্যান্য অনেক উৎকৃষ্ট কার্য্য সম্পাদনে বিলক্ষণ যত্নবান্ ছিলেন। যতদূর বুঝিতেছি তাহাতে অনুৎসাহই ইহার কারণ বলিয়া নির্দ্দেশ করিব। প্রেমচন্দ্র মধ্যে মধ্যে বলিতেন—চিরদিনের নিমিত্ত ভারতের স্বাধীনতার পর্য্যবসান হইয়াছে; সংস্কৃত শাস্ত্রে বর্ত্তমান রাজগণের আস্থার হ্রাস হইয়াছে, কেবল প্রাচীন গ্রন্থনিচয়ের সমুদ্ধরণ বিষয়েই আসিয়াটিক্ সোসাইটীর অধ্যক্ষবর্গের যত্ন দেখা যাইতেছে, এখন আর ইদানীন্তনদিগের সংস্কৃত রচনায় সমাদর দৃষ্ট হয় না, ইত্যাদি। যে কারণেই হউক, এক্ষণে এই অসম্পূর্ণ গ্রন্থের মুদ্রণে তাদৃশ ফললাভ দৃষ্ট হয় না। গ্রন্থের মঙ্গলাচরণ ও ভূমিকায় এই কয়েকটী সরস শ্লোক পাওয়া গিয়াছে;—

निरुध्येवाध्वानं यमसदयानं तनुभुतां
निषेद्धुं कारुण्यादधिवसति यो दक्षिणदिशं।
स मे कामव्याघ्राकुल-चपल-भोग-भ्रमि-युते
जगन्नाथो नाथो भवतु भवपाथोनिधिजले ॥ ४० ॥

दोःशालिनां नयवतां सुयशोधनानां
राज्ञां न चेत् कविगणाः सुहृदो भवेयुः ।
के वा तदीयचरितानि महाद्भुतानि
लोकोत्तराण्यपि जना भुवि कीर्त्तयेयुः ॥ ४१ ॥

तस्मात् कुलं विजयतां सुचिरं कवीनां
येषां वचांसि सततं सुखयन्ति लोकान् ।
भूपावली च निहताखिलशात्रवाली
भूमण्डलीमवतु नित्यमुपद्रवेभ्यः ॥ ४२ ॥

दोर्द्दण्डाद्भुतभीमविक्रमहतप्रत्यर्थिनामुल्लसत्-
सत्कृत्याञ्चितकीर्त्तिदीपितदिशां राज्ञां चरित्रे सति ।
कष्टं याति निरर्थकार्णवनदीग्रावाद्रिझञ्झामरुद्-
वन्यावारिधरादिवर्णनवशात् कालः कवीनां मुधा ॥४३॥

येषान्तूत्कटभक्तिभावितभवव्यामोहभव्यौषध-
श्रीनाथाङ्घ्रिसरोरुहानवरतध्यानेन यातं वयः ।
तेषां धन्यधराभुजां सुचरितव्याख्यानपुण्यावली
कल्पान्तां तनुतेऽत्र कीर्त्तिममुतः कल्पद्रुशाखायते ॥४४॥

ইহার পরে—

"कलेर्द्वादशवर्षान्तं राज्यं राजा युधिष्ठिरः ।
पालयित्वा ससोदर्य्यः सहभार्य्यो दिवं ययौ" ॥४५॥

এই শ্লোকে কাব্য আরম্ভ করিয়া কবি, পরীক্ষিৎ, জনমেজয় প্রভৃতি রাজগণের সংক্ষিপ্ত বিবরণ বর্ণনা করিয়াছেন। অনন্তর

পাণ্ডুবংশীয় রাজা ইষ্টদেবের পুত্র সেবকদেবের উড়িষ্যা-যাত্রার বিষয় বর্ণিত হইয়াছে। ইনিই সর্ব্বপ্রথমে জগন্নাথদেবের মন্দিরের সংস্কারকার্য্য সম্পাদন করিয়াছিলেন জানা যায়। এই সম্বন্ধে কবির বর্ণনা এইরূপ আছে—

दृष्ट्वा पुरी-परिगतां परमात्मनस्तां
मूर्त्तिं विमुक्तिजनिकां भुवभीमदाम्नः ।
मेने धरापरिवृढो मनसा स्वकीयां
पुण्यावलीं बलवतीं सफलं कुलञ्च ॥ ४६ ॥

श्रीमन्दिरं भगवतश्च ततोऽतिशक्त्या
कीर्त्त्येव साधुसुधया धवलीचकार ।
यत्नेन रत्नमय-भूषण-वीथिकाभिः
श्रीमूर्त्तिमप्यलमलङ्कृतवान् कृतार्थः ॥ ४७ ॥

অনন্তর কবি উজ্জয়িনীরাজ বিক্রমাদিত্যের উৎকলরাজ্য বিজয়ের বর্ণনা উপলক্ষে যাহা কিছু লিখিয়াছেন, তন্মধ্যে নিম্নলিখিত কয়েকটী শ্লোক অতি সুন্দর বোধ করিলাম।

औत्कण्ठादिव सम्राज्यलक्ष्मीस्त्यक्त्वान्यभुपतीन् ।
बद्धानुरागा गुणिनं भेजे यं पुरुषोत्तमम् ॥ ४८ ॥

यवनान् शकसंज्ञातान् विनाश्य युधि यो बली ।
साहाय्यमकरोत् पूर्व्वं कल्किनोऽवतरिष्यतः ॥ ४९ ॥

यस्योद्दामगुणग्रामो लोकातीताः क्रियास्तथा ।
अद्यापि वृद्धसंलापे यान्ति दृष्टान्तभूतताम् ॥ ५० ॥

पर्य्याप्तकविकर्म्मत्वादेकान्तध्यानतत्परः ।
मन्ये यच्चरितं व्यासो नेतिहासेष्ववर्णयत् ॥ ५१ ॥

यस्मिन् शासति निर्वैरा निर्भया निरुपद्रवाः ।
अन्वभूवन् प्रजाः सर्व्वा रामराज्योत्थितं सुखम् ॥ ५२ ॥

अत्यर्थमर्थान् ददतो यशो यस्यार्थिनां गणान् ।
आह्वातुमिव भूचक्रे भ्रमतिस्म निरन्तरम् ॥ ५३ ॥

कार्य्यानुद्विग्नचित्तस्य यस्य काव्यानुशीलनैः ।
कालो यातो महाकालसेवया च समृद्धया ॥ ५४ ॥

विदग्ध-जन-मण्डल्या मण्डितं पण्डितैर्वृतं ।
धर्म्माधिकरणं यस्य सुधर्म्माधर्म्ममावहत् ॥ ५५ ॥

सोऽखिलान् पृथिवीपालान् वशीकृत्य निजौजसा ।
एकातपत्रं बुभुजे राज्यमार्य्यगणाग्रणीः ॥ ५६ ॥

उत्कलं मृतभूपालमधिकृत्य सुकृत्यकृत् ।
पितेव पालयामास स्वप्रजाः स्वप्रजा इव ॥ ५७ ॥

दुष्टेष्वत्युग्रदण्डत्वान्मानदानाद्गुणिष्वपि ।
[illegible] दूरस्थमपि तं मेनिरे सविधस्थितम् ॥ ५८ ॥

माहात्म्यमात्मजनतो जनताधिनाथः
श्रुत्वोच्चकैर्भगवतः पुरुषोत्तमस्य ।
अत्युच्छलल्लवणवारिधिवारिधौत-
प्रान्तां मरान्तकपुरीं मुदितो जगाम ॥ ५९ ॥

तस्यां विलोक्य भवनिग्रहहानिहेतून्
श्रीविग्रहान् विविधभूषणभूषणीयान् ।
उद्गच्छदच्छनयनाम्बुरमन्दभक्त्या
रोमाञ्चसञ्चिततनुर्नृपतिर्बभूव ॥ ३० ॥

देवस्य चन्द्रशिरसः सतताधिवासात्
सम्बाधमप्यतितरां हृदयं शकारेः ।
सद्यः प्रविश्य नवनीरदनीलवेशः
काशाम्बभूव दृढभाववशो रमेशः ॥ ६१ ॥

अथ सुविमलरत्नैर्यत्नतो निःसपत्नो
भगवदखिलमूर्त्तीर्भूषयामास भूपः ।
अपचितिपरिपाटीमर्थकोटिप्रदानै-
र्व्यधित च विधिपूर्व्वं सद्विधीनां विधिज्ञः ॥ ६२ ॥

इत्थं सोऽत्यर्थमर्थप्रकरवितरणान्मोदयन्नर्थिसार्थान्
सार्थीकुर्व्वन् स्वनामाक्षरमरितिमिरोत्सारिसारप्रकाशैः ।
मान्यान् मानेन युञ्जन् कविकुलमखिलं रञ्जयन्नादराद्यै-
र्भुञ्जानो राज्यमृद्धं नवतिपरिमितान् यापयामास
वर्षान् ॥ ६३ ॥

कृत्वा पाटं प्रथममखिलक्ष्माभृतां मूर्द्धसूद्यन
पङ्काकीर्णानमलमहसा लोकमार्गान् विशोध्य ।
उच्चै रक्तं प्रकृतिसुखदं मण्डलं सन्दधानः
पश्चादस्तं स खलु गतवान् विक्रमादित्यदेवः ॥ ६४ ॥

ইতঃপর তর্কবাগীশ শকরাজ শালিবাহন ও তৎপুত্র দেবরাজ প্রভৃতির চরিতবর্ণনোপলক্ষে যে কতকগুলি শ্লোক রচনা করিয়াছেন, তন্মধ্যে শালিবাহন সম্বন্ধে কয়েকটী রসাল শ্লোক উদ্ধৃত করিয়া এই খণ্ডিত কাব্যের সমালোচনা শেষ করিব।

अयमेव जनैर्निगद्यते नयशाली किल शालिवाहनः ।
यमनन्तगुणं गुणप्रिया नृपलक्ष्मीः स्वयमेत्य सङ्गता ॥६५॥

जननावधि साधुजन्मनश्चरितं यस्य यशस्विनः श्रुतं ।
विदधाति न कस्य मानसं कुतकालीतरलं धरातले ॥६६॥

विदिता भुवि नर्म्मदातटे सुप्रतिष्ठान-पुरी प्रतिष्ठिता ।
किल तत्र पवित्रकीर्त्तिमानवसल्लाटसमाख्यभूपतिः ॥६७॥

निरपत्यतया सुदुःखिनो हरमाराधयतो निरन्तरं ।
तनयास्य महीभृतोऽभवद्भुवनानन्यमहद्गुणोदया ॥६८॥

तनयाय कृतेश्वरार्च्चनं तनया-जन्म-विशर्म्मचेतसं ।
अवदत् सहसा स्मयप्रदा नृपमाकाशभवा सरस्वती ॥६९॥

नृपते ! न भवेश्च दुर्म्मना दुहितेयं तव सौम्यलक्षणा ।
तनयं नृपचक्रवर्त्तिनं जनयिष्यत्यचिराच्चिरायुषम् ॥७०॥

कलयन्निति दैवकीं गिरं मुदितोऽभूद्वसुधाधिपस्तदा ।
तनयाञ्च मनोरथैः शतैः सुतबुद्ध्या किल तामपालयत्॥७१॥

अथ चन्द्रकलेव सा शुभा
परिवृद्धा यदभूद्दिने दिने ।

भुवि चन्द्रकलेति संज्ञया
गमिता ख्यातिमतः सुहृज्जनैः ॥ ৭২ ॥

क्रमशः शिशुतामतीत्य सा
स्मरराज्ये वयसि प्रवेक्ष्यती ।
रमणीगण-गर्व्व-खर्व्वकृत्
प्रतिपेदेऽद्भुतरामणीयकम् ॥ ৭৩ ॥

स्मरमत्र विचिन्वती सती
रतिरेषा भुवि किं समागता ।
इति संशयशायिनाशयं
विदधे सा नहि कं विलोकिनम् ॥ ৭৪ ॥

अथ तामभिवीक्ष्य भूपतिः पतिपाणिप्रतिपादनोचितां ।
अनुरूपवरं गवेषयन्नतिचिन्तान्तरितान्तरोऽभवत् ॥৭৫॥

इयमात्मगुणानुकारिणं वरमाप्य तनया ममार्हति ।
नृपकण्ठगतेव शोभते मणियष्टिर्घ्नु वमाकरोद्भवा ॥৭৬॥

दुहितेयमनन्यसन्तते मम जीवाधिकतामुपागता ।
तदिमां नयनप्रमोदिनीमतिदूरे नहि हातुमुत्महे ॥৭৭॥

अधनोऽपि वरं गुणान्वितो नतु मूर्खो धनवान् वरो मतः
गुणिने हि समर्पिता सुता न कदाचित् कदनाय
कल्पते ॥ ৭৮ ॥

দেখা যাইতেছে প্রেমচন্দ্র আপন জীবনসময়ের মধ্যভাগে এই নূতন কাব্যের প্রণয়নকার্য্যে হস্তার্পণ করিয়াছিলেন। তখন তাঁহার বয়ঃপরিণামের পরিপক্বতা লাভ হয় নাই। তথাপি উপরি সমুদ্ধৃত প্রসাদগুণযুক্ত কবিতাগুলি পাঠ করিলে সুরুচিসম্পন্ন সহৃদয়দিগের অন্তরে যে আনন্দ জন্মিবে তদ্বিষয়ে সন্দেহ হয় না।

সময়ে সময়ে ইচ্ছানুসারে তর্কবাগীশ নিম্নলিখিত কবিতাগুলি ও অন্যান্য কবিতা রচনা করিয়াছিলেন।

श्रीराम ! ते नामपदं पदं दत्ते विधेरपि ।
न जाने जानकीजाने पदं ते किं पदप्रदम् ॥ ७९ ॥

কলুটোলানিবাসী প্রসিদ্ধ সেনবংশজ রামকমল সেন* মহোদয় কিছুকাল সংস্কৃত বিদ্যালয়ের অধ্যক্ষ ছিলেন। তিনি জরাগ্রস্ত হইলে মেজর মার্সেল সাহেব মহোদয় অধ্যক্ষতার পদে প্রতিষ্ঠিত হয়েন। তৎপরে কলিকাতার ছোট আদালতের ভূতপূর্ব্ব জজ রসময় দত্ত মহোদয় অধ্যক্ষ হয়েন। এই সময়ে প্রেমচন্দ্র এই কবিতাটী রচনা করেন।

च्युतदले कमले जडताकुलं व्रजति मारमले च मधुव्रतं ।
विधिवशादधुना मधुनाहतः रसमयः समयः समुपाययौ ॥८०

---

* রামকমল সেন (১৭৮৩—১৮৪৪)

১৭৮৩ সালের ১৫ই মার্চ্চে তাঁহার জন্ম হয়। ১৮১২ সালে ফোর্ট উইলিয়ম্ কলেজে তিনি চাকুরী করেন। ১৮১৮ সালে তিনি "এসিয়াটিক সোসাইটী অব্ বেঙ্গলের" কেরানী নিযুক্ত

কবিতাটী শ্লিষ্ট। মধুসূদন তর্কালঙ্কার মারশল (মার্সেল) সাহেবের প্রিয় পণ্ডিত ছিলেন। তিনিই আবার দত্ত মহোদয়কে অধ্যক্ষতার পদ গ্রহণ করিতে অনুরোধ করেন।

(मारशले—कन्दर्पयानायां अथवा रलयोरैक्यमिति न्यायेन मारशलं—मधुव्रतं। मधुः—मधुसूदनस्यैतस्य)।

তাঁহার ঈদৃশ দুষ্ট আচরণে পীড়িত হইয়া প্রেমচন্দ্র উল্লিখিত শ্লোকটী রচনা করেন। শ্রীযুক্ত পূর্ণচন্দ্র দে উদ্ভটসাগর মহাশয় শ্লোকটীর সুন্দর অনুবাদ করিয়াছেন। তাহা এই :—

কমল জড়তাকুল পুণঃ চ্যুতদল,
মারশেল মধুব্রত হ'লেন প্রবল।
বিধিবশে মধ্বাদৃত হন রসময়,
ভাল খেলা খেলিবার প্রকৃত সময় !!!

হন। ১৮১৭ সালে হিন্দু কলেজ স্থাপিত হইলে উহার কার্য্যনির্ব্বাহক সমিতির সভ্য হন। ১৮৩০ সালে তাঁহার প্রণীত ৭০০ পৃষ্ঠায় সম্পূর্ণ ইংরাজী বাঙ্গলা অভিধান সমাপ্ত হয়। ১৮৩১ সালে তিনি কলিকাতা টাকশালের দেওয়ান নিযুক্ত হন এবং দুই বৎসর পরে বেঙ্গল ব্যাঙ্কের কোষাধ্যক্ষ নিযুক্ত হন। তিনি নানাবিধ জনহিতকারী সমিতির একজন প্রধান পৃষ্ঠপোষক ছিলেন।

কলিকাতার এক ধনীর বাটীতে প্রেমচন্দ্র নিমন্ত্রিত হইয়া গিয়াছিলেন। উঁহার উপস্থিতির পূর্ব্বে বহুতর পণ্ডিত আসিয়া বৈঠকখানায় মিলিত হইয়াছিলেন। ধনী মহোদয় কয়েক জন পণ্ডিত বেষ্টিত হইয়া বিদায়ের ফর্দ্দ প্রস্তুত বিষয়ে ব্যস্ত ছিলেন। বসিবার স্থানও ছিল না। তখন প্রেমচন্দ্র দাঁড়াইয়া দাঁড়াইয়া এই কবিতাটী রচনা করিয়া উচ্চৈঃস্বরে পাঠ করেন।

सरसि सरोरुहमेकं मिलिताश्च सहस्रशो मधुपाः
आस्तामिह मधुपानं स्थितिरेव सुदुर्लभा जाता ॥ ८१ ॥

সরোবরে একমাত্র প্রফুল্ল কমল,
মধুলোভে সম্মিলিত বহু অলিদল।
মধুপান দূরে থাক্ বসিবার স্থান
না মিলে, ঘুরিয়া তবু করে গুণগান।

আর এক সময়ে বিদেশবাসী কোন বন্ধুকে উদ্দেশ করিয়া তর্কবাগীশ এই কবিতাটী রচনা করেন।

किमिति सखे ! परदेशे
गमयसि दिवसान् धनाशया मुग्धः ।
विकिरति मौक्तिकमनिशं
तव भवने काञ्चनी लतिका ॥ ८२ ॥

কেন সখে! পরদেশে
হ'য়ে মুগ্ধ ধন-আশে
করিতেছ এত ক্লেশে দিবস যাপন ?
দেখ গিয়া নিজ ঘরে
সদা ঝর ঝর ঝরে
সোণার লতাটী হ'তে মুক্তা অগণন।

নিম্নলিখিত শ্লোকগুলি সময়ে সময়ে যদৃচ্ছাক্রমে রচিত হইয়াছিল।

कञ्चुकेन पिहितावपि प्रिये !
व्यक्तिमेव तव गच्छतः स्तनौ ।
उन्नतस्य महतस्तिरस्क्रिया
नूनमस्य गुणवृद्धये भवेत् ॥ ८३ ॥

हार एष हरिणीदृशः स्तने
हारिणीं दिशति कामपि श्रियं ।
उन्नतौ खलु सुवृत्तशालिनौ
युज्यते गुणिभिरेव सङ्गतिः ॥ ८४ ॥

सुललितमपि काव्यं याचकैर्वाच्यमानं
धनवितरणभीत्या नाद्रियन्ते धनाढ्याः ।
कलमपि मशकानां मञ्जुगुञ्जन्मुखानां
कृतमिह सहते को दंशनाशङ्किचेताः ॥ ८५ ॥

"ধনীর নিকটে গিয়া যাচক-ব্রাহ্মণ
সুমিষ্ট কাব্যও যদি করায় শ্রবণ,
পাছে কিছু দিতে হয় এ ভয় করিয়া
ধনী তারে অনাদরে দেয় তাড়াইয়া ;
মশা যে মধুরস্বরে গুন্ গুন্ গায়,
রুধির দিবার ভয়ে কেবা সহে তায় ?"

मित्रेऽतिप्रणयो बनान्तरगतिं नीतास्तथा कण्टकाः
दण्डे कर्कशताऽन्तरे मधुरता कोषगुणस्वात्मना ।
दोषासङ्गबिरागिताऽस्ति च तथाप्युर्व्वीपतीनां श्रियः
पद्मानामिब ना बिभान्ति सुचिरं दुष्टात्मनां का कथा ॥৮৬॥

(मित्रे—मित्रे राजनि सूर्य्ये च ; वनमरण्यं जलञ्च ; कण्टकाः क्षुद्रशत्रवः नालकण्टकाश्च ; दण्डे—दुष्टदमने मृणालकाण्डे च ; कर्कशता—काठिन्यं खरस्पर्शता च ; मधुरता—स्नेहभावः मधुमत्ता च ; कोषो—धनसंहतिः कुड्मलश्च ; गुणाः सन्धिबिग्रहादिराजनीतिविशेषाः मृणालसूत्राणि च ; दोषा—रात्रिः, दोषाः व्यसनानि च ।)

दोषासङ्गबिरागितामधुरताश्रीधामताद्यैर्गुणैः
त्वं पद्म ! पुरावधीह जगतामासीः स्वयं बिश्रुतम् ।
संप्रत्यस्य तमोरिपोरपि महातापस्य भद्रोदयात्
सौरभ्येण बिकासजेन बिदुषां स्वान्तेषु रंरम्यसे ॥৮৭॥

ধনীর দ্বারে দীন দরিদ্রের প্রতি যেরূপ ব্যবহার হইয়া থাকে, সেই সম্পর্কে তর্কবাগীশ নিম্নলিখিত কবিতাটী রচনা করিয়াছিলেন।

निद्राति स्नाति भुङ्क्ते चरति कचभरं सोधयत्यन्तरास्ते
दीव्यत्यक्षैर्नचायं गदितुमवसरः सायमायाहि याहि ।
इत्युद्दण्डैः प्रभूणामसकृदधिकृतैर्वारितान् द्वारि दीनान्
अस्मान् पश्याब्धिकन्ये ! सरसिरुहरुचामन्तरङ्गैरपाङ्गैः॥৮৮

সহৃদয়শিরোমণি সাহিত্যশাস্ত্রের ভূতপূর্ব্ব অধ্যাপক জয়গোপাল তর্কালঙ্কার গল্পচ্ছলে যাহা কিছু বলিতেন, তাহাতেও যেন কাব্যরস নিঃসৃত হইত। গল্পসময়ে প্রেমচন্দ্র উপস্থিত থাকিলে মণি-কাঞ্চন-যোগ হইত। গল্প শুনিতে শুনিতে প্রেমচন্দ্র অমনি কবিতা রচনা করিয়া তাঁহার অপার আনন্দবর্দ্ধন করিতেন। তর্কালঙ্কার মহাশয়ের প্রদত্ত নিম্নলিখিত সমস্যাগুলি পড়িলেই তাঁহাকে কবিকুলাগ্রণী রসিকচূড়ামণি বলিয়া বোধ হয়। সমস্যাপূরণ সময়ে প্রেমচন্দ্র একজন রচয়িতা আছেন জানিতে পারিলে তর্কালঙ্কারের সমধিক আনন্দ জন্মিত। অনেক সময়ে এরূপ ঘটিয়াছে যে, সমস্যা-পূরণের পর সকলের কবিতা দেখিতে দেখিতে প্রেমচন্দ্রের কবিতা পাঠ করিয়া তর্কালঙ্কার মহোদয় বিস্ময়াম্বিত চিত্তে বলিয়া উঠিতেন,—"প্রেমচন্দ্র! তুমি কি আমার মনের প্রকৃত ভাব জানিয়াই এই কবিতাটী পূরণ করিয়াছ? অথবা ইহা কবির স্বাভাবিকী শক্তি?" হায়! সংস্কৃত বিদ্যালয়ের সেই সুখের সময় এবং বর্ত্তমান পরিবর্ত্তন স্মরণ করিলে প্রাণ কেমন করিয়া উঠে! কি শোচনীয় পরিণাম! সেই সহৃদয়দিগের সঙ্গে সঙ্গেই যেন সেই রসবত্তা বিলুপ্ত হইয়া

গিয়াছে। এইরূপ সমস্যা দিবার প্রথা প্রচলিত থাকিলে অনেক উপকার সাধন হইত সন্দেহ নাই।

১৭৬৭ শক (১৮৪৫ খৃঃ অঃ) হইতে সময়ে সময়ে তর্কালঙ্কার মহাশয়ের প্রদত্ত সমস্যার পূরণার্থে অনেকে যে সকল কবিতা রচনা করিতেন, তৎসমুদয় একটী পুস্তকে লিখিত হইত। এই নিমিত্ত "সমস্যাকল্পলতা" বলিয়া উহার নাম দেওয়া হইয়াছিল। উহা এক্ষণে শ্রীজ্ঞানচন্দ্র চৌধুরী এম্. এ, কর্ত্তৃক পুস্তাককারে মুদ্রিত ও প্রকাশিত হইয়াছে। তন্মধ্যে প্রেমচন্দ্রের রচিত কবিতাগুলি নিম্নে উদ্ধৃত করা হইল। প্রেমচন্দ্র এই সমস্যাকল্পলতার প্রথমে মঙ্গলাচরণরূপে জয়গোপালের মহিমা বর্ণনচ্ছলে যে কয়েকটী কবিতা রচনা করিয়াছিলেন, তাহাও লিখিত হইল।

गोवर्द्धनोद्धरणविश्वजनीनकर्म्म-
विस्मापितैर्विबुधवन्दिभिरुच्चगीतं।
मायागुणैरनभिभूतमनन्तशक्तिं
गोपालमेकमनघं शरणं व्रजामः ॥ ८९ ॥

(गोवर्द्धनस्तन्नामधेयः शैलस्तस्योद्धरणं गोकुलरक्षणाय हस्तेन उद्धृत्य धारणं; पक्षे गवां शब्दानां वर्द्धनं प्रत्ययोपसर्गादिसंयोगशक्ति-सम्प्रतिपत्तिपाटवेन बहुविवर्त्तकल्पनं; तेषाञ्चोद्धरणं यथावदर्थप्राकाम्यपरीक्षया दुरवगाहशब्दशक्तिरहस्यनिष्काषणं, एतद्रूपाणि जगन्मङ्गलनिदानभूतानि कर्म्माणि तैः। विबुधा देवाः पक्षे

বিপশ্চিতশ্চ। মায়াগুণৈরনভিভূতং—বিজ্ঞানঘনং নিত্যবুদ্ধশুদ্ধস্বরূপং, পক্ষে অবিদ্যাবিকারভ্রান্তিমোহবিহীনং। অনন্তশক্তিং—অপরিচ্ছিন্নশক্তিসম্পন্নং। জ্ঞানবলক্রিয়াসু পরাঽস্য শক্তিঃ শ্রূয়তে। অনঘং—অপাপবিদ্ধমব্যসনিনশ্চ, গোপালং শ্রীকৃষ্ণং, পক্ষে শ্রীজয়গোপালাভিধেয়ং গুরুম্।)

কবিতা ভবিতা কস্মাদস্মাকমিতি ভাবিতঃ।
গুরুঃ সমস্যামেকৈকামারেভে দাতুমুৎসুকঃ ॥ ৮০ ॥

নিত্যং তৎপূরণাদ্যেষা জায়তে শ্লোকবিস্তৃতিঃ।
সা সমস্যাকল্পলতা নাম্না খ্যাতাঽস্তু ভূতলে ॥৮১॥

সমস্যা—"ফলতি বিয়োগবিষদ্রুমঃ সমন্তাৎ।"

স্বরমধিকুরুতে রুতে পিকানাং
হিমকিরণে মরণেঽপি জাতভাবা।
ইতি বিষমফলান্যহোবতাস্যাঃ
ফলতি বিয়োগবিষদ্রুমঃ সমন্তাৎ ॥ ৮২ ॥

সমস্যা—"পরবৃদ্ধিং সহতে ক্ব মৎসরী।"

অর্চিতাং সমিতৌ পৃথাত্মজৈরজিতস্যাপচিতিং বিলোকয়ন্।
পরিতাপমবাপ চেদিরাট্ পরবৃদ্ধিং সহতে ক্ব মৎসরী ॥৮৩॥

অপিচ,—

उदयोन्मुखतामुपागतं खरधामानमवेक्ष्य मत्वरः ।
अगमद्विधुरस्तभूधरं परवृद्धिं सहते क्व मत्सरी ॥८४॥

समस्या—"सखि किं वा करवाणि साम्प्रतं ।"

यदि मानवती भवाम्यहं किमुपेक्षा मयि तस्य युज्यते ।
यदयंगतएव निर्द्दयः सखि ! किं वा करवाणि साम्प्रतं ॥८५॥

समस्या—"हरि हरि मे हरिणाक्षि दूषणानि ॥"

सग्नपथमुदितं कृतानुवृत्ति-
सरणतले पतितस्य ते चिराय ।
कलयसि कठिने ! तथाप्यभीक्ष्णं
हरि हरि मे हरिणाक्षि ! दूषणानि ॥८६॥

समस्या—"परभृत परमर्म्मच्छेदने नासि दक्षः ।"

मदन ! कदनदानं युज्यते तेऽबलायां
हिमकर ! करणीये मद्वधे को विलम्बः ।
मधुप ! मधुप एवास्यद्य किन्तेऽस्ति वाच्यं
परभृत ! परमर्म्मच्छेदने नासि दक्षः ॥८७॥

समस्या—"नहि सिंहः परिभूयते मृगैः ।"

अभितः क्षुभितान् धरापतीन् हरिरेकः प्रधने प्रधावतः
अवधूय जहार रुक्मिणीं नहि सिंहः परिभूयते मृगैः ॥८८॥

समस्या—"लेभे हलो न परिधानविधौ समाप्तिं।"

गीतैरनन्वितपदाविशदैर्वचोभि-
रुद्भ्रामयन् निपतनोत्पतनैश्च गोपान्।
कादम्बरीमदविघूर्णितगात्रयष्टि-
र्लेभे हली न परिधानविधौ समाप्तिं॥ ९९॥

समस्या—"कथमुद्यमस्ते।"

चित्ते वरं कुरु सुमेरुविलङ्घनेच्छां
पारं प्रयातुमपि वारिनिधेर्यतस्व।
भ्रातर्दुराशय! कियज्जनदुर्मदान्ध-
लोकानुरञ्जनविधौ कथमुद्यमस्ते॥ १००॥

समस्या—"किल कर्णाक्रमणेऽपि चेष्टते।"

नयनद्वयमम्बुजेक्षणे! तव कृष्णार्ज्जुनभास्वरच्छवि।
वशिताखिललोकमञ्जसा किल कर्णाक्रमणेऽपि चेष्टते॥

नयनं गुरुधैर्य्यविप्लवं तव कृष्णार्ज्जुनसच्छवि प्रिये।
कृतशान्तनवानुतापनं किल कर्णाक्रमणेऽपि चेष्टते॥१०१॥

स्वयंवरसभामभ्यागतामायतनयनां द्रुपदतनयामवलोकयतो युधिष्ठिरस्योक्तिरियम्—श्लिष्टेयं कविता —

गुरु—महत् धैर्य्यं तस्य विप्लवः व्याघातो यस्मात्। पक्षे—गुरोर्द्रोणाचार्य्यस्य धैर्य्य-विप्लवं। कृष्णं—कृष्णवर्णं—अर्ज्जुनसच्छवि—अर्ज्जुनपुष्पवत् धवलञ्च। तारकायाः कृष्णवर्णत्वात् तदितरांशस्य शुभ्रत्वादिति भावः। पक्षे—कृष्णो वासुदेवः, अर्ज्जुनः कुन्तीपुत्रः। शान्तनवो भीष्मः। पक्षे—कृतं शान्तानामपि नवं अनुतापनं येन। कर्णयोः श्रोत्रयोराक्रमणेऽभिधावने। पक्षे—कर्णः कानीनः कुन्तीपुत्रः तस्य आक्रमणे—युधिष्ठिरादेरग्रजस्य कर्णस्यापि चित्तक्षोभजनने।

समस्या—"कठिनत्वमम्बुजाक्ष्याः।"

वपुरतिमृदुलं गतिश्च मृद्वी
मृदु वचनं नितरां स्मितं ततोऽपि।
इति मृदुनिबन्धप्रसाधितायाः
मनसि परं कठिनत्वमम्बुजाक्ष्याः॥ १०२॥

समस्या—"उदयति निस्त्रप इन्दुरेष भूयः।"

अपि हततमसां कलङ्किनां कः
स्फुरति गुणागुणकृत्ययोर्विवेकः।
गुणवति! तव यत् पुरो मुखेन्दो-
रुदयति निस्त्रप इन्दुरेष भूयः॥ १०३॥

समस्या—"गतं नितम्बे।"

दग्धस्य पुष्पधनुषो धनुरद्य नूनं
त्वद्भ्रूतया परिणतं विशिखा दृशौ ते।
काञ्चीत्वमञ्चितमुखि! प्रतिपद्य किञ्च
तत्पाशसूत्रमपि तेऽधिगतं नितम्बे॥ १०४॥

समस्या—"सख्यं कथं सुजनदुर्जनयोर्घटेत।"

सख्यं कथं सधननिर्धनयोर्घटेत
सख्यं कथं सगुणनिर्गुणयोर्घटेत।
सख्यं कथं सुखितदुःखितयोर्घटेत
सख्यं कथं सुजनदुर्जनयोर्घटेत॥ १०५॥

অপিচ,—

दोषाकर! स्फुटकलङ्क! कुमुद्वतीश!
किं त्वं करेण नलिनीं मलिनीकरोषि।
स्वच्छाशयस्थितिरसौ नहि तेऽनुरक्ता
सख्यं कथं सुजनदुर्जनयोर्घटेत॥ १०६॥

समस्या—"कथय किं त्वयालोकितः।"

पिशङ्गवसनोज्ज्वलः सजलनीरदश्यामलः
स्फुरत्कुटिलकुन्तलाकुलितमुग्धभालस्थलः।

कलिन्दनगसम्भवे ! परिसरेण ते मादृशां
गतो हृदयतस्करः कथय किं त्वयालोकितः ॥१०७॥

समस्या—"चरमे पुंसि परमे ।"

मनो ! भ्रातर्बाल्यावधि किल मया दुर्भरमपि
त्वमेवैकं तत्तद्विषयकरणैः संभृतमभूः ।
इदानीं लोलत्वं त्यज भव कृतज्ञं स्मर नयं
सखैवं श्रीरामे प्रविश चरमे पुंसि परमे ॥ १०८ ॥

ভাই ! মন ! বাল্যাবধি
তব সাধ নিরবধি
পূরণ করেছি সযতনে ।
তোমারি তৃপ্তির তরে
বিষয়ভোগের ঘোরে
কিবা না করেছি প্রাণ-পণে ॥
ত্যজ এবে চঞ্চলতা
প্রকাশ রে কৃতজ্ঞতা
ন্যায়-পথে চল হে চরমে ।
শ্রীরাম পাবন নাম
চিন্তা করি অবিরাম
লভ শেষে পুরুষ পরমে ॥

समस्या—"कस्य न रतिः ।"

प्रभिन्नप्रस्थाना निजनिजमतेषु व्यसनिनो
द्विषन्तस्त्वान्योन्यं बिदधति बितण्डां बहुबिधां ।
हरेर्बा शम्भोर्बा भबतु च भबान्याः परिचरो
बिभौ मे श्रीरामे बिलसतितरां कस्य न रतिः ॥१०८॥

समस्या—"यदि श्रीनिबासः ।"

तपोदानयज्ञैरलं कृच्छ्रसाध्यैः
कुतश्चण्डमूर्त्तेर्भयं दण्डपाणेः ।
नबीनाम्बुबाहच्छबिर्गोपबेशः
स्फुरंश्चित्तपद्मे यदि श्रीनिबासः ॥ ११० ॥

समस्या—"साधबो बिस्मरन्ति ।"

हितकरमुपकारं सज्जनाज्जायमानं
कलयति खललोकः प्रातिकूल्येन तुल्यं ।
गुणकणमपि लब्ध्वा मोदमानान्तरत्वा-
दपकृतिमपि दोषां साधबो बिस्मरन्ति ॥ १११ ॥

समस्या—"नहि सत्याद् बिचलन्ति साधबः ।"

असुरप्यपहाय बज्रिणे मुनिरङ्गीकृतमस्थि दत्तबान् ।
मरणेऽप्यबिशङ्कितान्तरा नहि सत्याद् बिचलन्ति
साधबः ॥ ११२ ॥

(मुनिर्दधीचिः, सच वृत्रासुरबधाय बज्रनिर्म्माणार्थं स्वान्यस्थीनि इन्द्राय ददाविति भारतीया कथा ।)

समस्या—"चन्द्रोदये बिरहिणी रमणं मुमोच ।"

नालिङ्गितं सुदृढमालपितं न चोच्चैः
बिस्रम्भचुम्बनबिधिर्नच सम्प्रवृत्तः ।
प्राप्तं चिरादपि जनेक्षणजातशङ्का
चन्द्रोदये बिरहिणी रमणं मुमोच ॥ ११३ ॥

অপিচ,—

उद्दीपितोऽपि बिरहः किलः कामिनीनां
नैव व्यथां बितनुते हृदि कोपदग्धे
यत् सा चिरादपि समागतमाप्तमाना
चन्द्रोदये बिरहिणी रमणं मुमोच ॥११४॥

समस्या—"कामिन्यो नयनपतत्पयःप्रबाहाः ।"

सम्पातो धरणितले नबोदबिन्दो-
रार्द्रत्वं भवति मनःसु मानिनीनां
जीमूतो रसति नभस्यहो बियुक्ताः
कामिन्यो नयमपतत्पयःप्रबाहाः ॥ ११५ ॥

समस्या—“का वा दशाद्य भविता बत चातकस्य।”

किञ्चित् क्षणं पवन! मन्दतरं प्रयाहि
किंवा न पश्यसि चिरादुदितं पयोदं।
चापल्यतस्तव दिगन्तरमेव याते
का वा दशाद्य भविता बत! चातकस्य ॥११६॥

अपिच,—

नाकाङ्क्षति प्रतिदिनं नच भूरिधारां
धाराधर! प्रखरभानुकरार्दितोऽपि।
बिन्दुव्ययेऽपि यदि कातरतां प्रयासि
का वा दशाद्य भविता बत! चातकस्य ॥११७॥

ক্ষণকাল মন্দভাবে বহ হে পবন!
বহুদিন অন্তে ঐ দেখি নবঘন।
তোমার চাপল্য হেতু যদি উড়ে যায়,
কি দশা ঘটিবে তায় চাতকের হায়।

অপিচ,—

প্রখর ভানুর করে কণ্ঠাগত প্রাণ,
না চাহে প্রত্যহ কিম্বা অধিক প্রমাণ।
বিন্দুমাত্র ব্যয়ে যদি হও হে কাতর,
চাতকের দশা তবে, ভাব, জলধর!

समस्या—"त्वदुदये गुरुवज्रपातः।"

क्षौणीं निषिञ्चसि विमुञ्चसि वारिधारां
धाराधर! प्रशमयस्यपि लोकतापं।
एतान् गुणानपि गिरत्ययमेकदोषो
यज्जायते त्वदुदये गुरुवज्रपातः ॥११८॥

समस्या—"परिहृतातङ्केन लङ्केश्वरः।"

यावद्रावण! जामदग्न्यविजयो लङ्कां न शङ्काकुलां
कुर्य्यात्तावदसौ विदेहदुहिता प्रत्यर्प्यतां मा चिरम्।
नैवञ्चेत् खरदूषणानुगमने पुण्याहमुन्नीयता-
मित्यूचे स हनूमता परिहृतातङ्केन लङ्केश्वरः ॥११९॥

समस्या—"सतां मनांसीव शरद्दिनानि।"

अपङ्कमार्गप्रसराण्यमन्दमनोरथानां विमलग्रहाणि।
प्रकाशशालीन्यभितः समानि सतां मनांसीव शरद्दिनानि ॥१२०॥

समस्या—"वर्षाकृतानि परिवर्त्तयतीति मन्ये।"

निष्पङ्किलत्वमवनेः प्रखरः खरांशुः
स्वच्छं पयः सकमलाश्च भवन्ति वाप्यः।

अद्याधिकृत्य शरदामपदं कृतेर्ष्या
बर्षाकृतानि परिबर्त्तयतीति मन्ये ॥ १२१ ॥

समस्या—“प्राचीबधूः क्षिपति कन्दुकमिन्दुबिम्बं ।”

सायन्तनोष्णकरपाटलितांशुजाल-
पिष्टातमुष्टिमसकृत् * कुतुकात् किरन्तीं ।
रक्ताम्बरोज्ज्वलरुचीमभितः प्रतीचीं
प्राचीबधूः क्षिपति कन्दुकमिन्दुबिम्बम् ॥१२२॥

समस्या—“पुनरुदेति दोषाकरः ।”

यदुष्णकिरणोत्करैर्विरहपावकोद्दीपकैः
कथं कथमपि क्षपा ज्वलितया मया क्षेपिता ।
अनीतिरियमीच्यता यदयमह्नि बह्निप्रभः
सखि ! ज्वलयितुं स मां पुनरुदेति दोषाकरः ॥१२३॥

समस्या—“रणति नूपुरं गोपुरे ।”

नबीननबनीतकप्रभृतिगव्यमासाद्य
क्षणं गृहविधानतो बिरम नन्दसीमन्तिनि ।

---

*पिष्टातः—पष्टबासकः (आबिर इति भाषा) ।

बनं बनमनुभ्रमन्ननुपदं गवां ते प्रियः
समेति यदतिस्फुटं रणति नूपुरं गोपुरे ॥१२४॥

समस्या—"धत्से तथापि शठ ! तां शठतां न मुञ्चेः।"

यासौ रसोद्धतगतिः क्षितिभृन्नितम्ब-
सम्पर्कतस्त्रिपथगा कलुषीभवन्ती।
वेगात् प्रयात्यहरहः पतिमापगानां
धत्से तथापि शठ ! तां शठतां न मुञ्चेः ॥१२५॥

অপিচ,—

सन्तर्जितोऽपि शपथेन निबारितोऽपि
कर्णोत्पलेन चरणेन च ताड़ितोऽपि।
इत्थं बिलज्ज ! बहुशः कलुषीकृतोऽपि
धत्से तथापि शठ ! तां शठतां न मुञ्चेः ॥१२६॥

समस्या—"प्रसरति रतिबन्धोर्बन्धुरेकः समीरः।

दरबिदलितयूथीबीथिसञ्चारलब्धै-
र्दिशि दिशि मधुगन्धै रन्धयन् पान्थसार्थान्।
सजलजलदभूपस्याग्रयायीब दूतः
प्रसरति रतिबन्धोर्बन्धुकः समीरः ॥१२७॥

समस्या—"नोचितः कातरेऽस्मिन्।"

न पुनरिदमकार्य्यं कार्य्यमार्य्ये! कथञ्चिन्-
मुषितललितहासं रोषमेतं जहीहि।
बितर बिशददृष्टिं पश्य पादानतं मां
सुमुखि! बिमुखभावो नोचितः कातरेऽस्मिन् ॥१२८॥

समस्या—"यस्यासि तस्मै नमः।"

मानिन्यास्तव पादपङ्कजमिदं यन्मूर्द्धजैर्मृज्यते
यच्छ्रेयःपरिपाकजृम्भितमिदं बक्षोजयुग्मं तव।
उत्कण्ठां कलकण्ठि! यस्य बिरहाद्धत्ते त्वदीयं मनः
सोत्कम्पं परिरभ्य मन्मदकरी यस्यासि तस्मै नमः॥१२९॥

समस्या—"न वेद्मि मथुरापुरीकुलटया कया किं कृतं।"

यदीयबदनाम्बुजस्मितसुधास्फुरन्माधुरीं
निरीक्ष्य कुलमुज्ज्वलं कुलबतीभिरलोज्झितम्।
तमद्य हरिमुन्नतश्रियमनु स्मरोन्मत्तया
न वेद्मि मथुरापुरीकुलटया कया किं कृतं॥१३०॥

समस्या—"नकारोऽलङ्कारो जयति मुखचन्द्रे मृगदृशः।"

न दत्ते प्रत्युक्तिं निबसनबिमुक्तिं न सहते
धुनीते मूर्द्धानं स्फुटवचनमप्युन्योत्तरयति।

परीरम्भारम्भे त्वसहनतयास्याः परमहो
नकारोऽलङ्कारो जयति मुखचन्द्रे मृगदृशः ॥१२१॥

समस्या—"तुषारान्ते पश्य ध्वनति परितः कोकिलयुबा।"

अपेयं पानीयं तुहिनवरणः शीतकिरणो
नलिन्यां मालिन्यं सपदि बलवद्येन विहितं।
गतोऽसौ शीतर्त्तुर्मधुरयमुपैतीति मुदित-
स्तुषारान्ते पश्य ध्वनति परितः कोकिलयुबा ॥१३२॥

समस्या—"युक्तो न ते पिक ! मनागपि मूकभावः।"

आयान्ति पान्थनिवहा मुदिता नितान्तं
सन्तापमुज्झति मही विरजाः समीरः।
इत्थं गुणेऽपि नववारिधरागमेऽस्मिन्
युक्तो न ते पिक ! मनागपि मूकभावः ॥१३३॥

समस्या—"हैमन्तिको भास्करः।"

निम्नः शैत्यगुणो जलस्य सहजः स्तुत्यानलोत्तापिता
वैमुख्यं नितरां तुषारपवने दैर्घ्यं त्रियामासु च।
इत्थं दुर्नयमाकलय्य जगतां मन्येऽतिभीतान्तरः
क्षिप्रं यात्यपरार्णबाक्षरमसौ हैमन्तिको भास्करः ॥१३४॥

समस्या—"शीतऋतुना बिकृतिं प्रयान्ति।"

यज्जीवनं तदपि जीवगणैरसेव्य-
मुष्णत्वमुष्णकिरणोऽद्य निजं जहाति।
चन्द्रः सतन्द्र इव नोदयते प्रकामं
के वा न शीतऋतुना बिकृतिं प्रयान्ति ॥१२५॥

অপিচ,—

प्रालेयशीतलतरानिलकम्पिताङ्ग्यो
वृक्षान् मुहुर्ब्रततयोऽपि परिष्वजन्ते।
किं चित्रमत्र यदमूर्मुहुर्वियुक्ताः
का वा न शीतऋतुना बिकृतिं प्रयान्ति ॥१२६॥

समस्या—"राज्ञः पराधीनता।"

कृत्ये साधु समापितेऽपि न मनः प्राप्नोत्यसन्दिग्धतां
लब्धेऽप्युन्नतलोकसम्मतपदे भ्रंशाद्भयं जायते।
स्वच्छन्दाचरणं प्रियैर्विहरणं सर्व्वेषु दूरं गतं
सत्यं कष्टमिदं प्रकाममिह यद्राज्ञः पराधीनता ॥१२७॥

समस्या—"न स्तौति न ध्यायति।"

क्षौणीनाथ! भवद्गुणोत्करसुधावारांनिधेरुल्लसत्-
कीर्त्तीन्दुप्रभया तमःप्रशमनान्नित्योज्ज्वले क्ष्मातले।

आश्चर्य्यं जनता चिरं परिचितं कृष्णोऽपि पद्मेऽधुना
चन्द्रं सान्द्रकलङ्कलाञ्छिततनुं न स्तौति न ध्यायति ॥१२७॥

अपिच,—

प्रेमालापपराङ्मुखी सुनिपुणा सर्व्वस्य वित्तग्रहे
वेश्या कस्य वशं प्रयाति नितरां वश्यास्तु तस्या जनाः।
न प्राप्तं बहुमन्यते पुनरपि प्राप्तौ भवत्युन्मना-
नेयं स्निह्यति नाभिनन्दति जनं न स्तौति न
ध्यायति ॥ १२८ ॥

প্রকৃত প্রেমের কাজে সদা পরাঙ্মুখী,
অনুরাগ-ভাবে কভু না হয় সুমুখী।
বুঝে যদি অনুরক্ত হলো কোন জন,
ছলে বলে সদা লুটে যত তার ধন।
কোথা বেশ্যা বশীভূতা হয়েছে কাহার?
পুরুষ নিয়ত বশ্য দেখি ত তাহার।
পাইলেও বহু বিত্ত নাহি বহু মান,
সমধিক বিত্ত লোভে করে আন্‌চান।
স্তুতি ভক্তি কৃতজ্ঞতা নাহি গুণগান,
অনুরাগ, স্নেহ, প্রেম, সব বাহ্য ভাণ॥

समस्या—“देहिनां देहपुष्टिः।”

संसारेऽस्मिन्नहह ! नलिनीपत्रपाताम्बुलोले
सत्यं तत्तद्विषयगहनेष्वाग्रहो निग्रहाय।

किं सद्दारात्मजपरिजनैर्विप्रयोगावसानैः
का वा तैस्तैरशनवसनैर्देहिनां देहपुष्टिः ॥१४०॥

समस्या—भानुमानस्तमेति ।”

उद्यन्नुद्धूय सद्यो रिपुमिब निबिड़ध्वान्तमाक्रान्तबिश्वं
मुष्णन्नत्युष्णधाम्ना श्रियमनयबशेनैव तेजस्विनाञ्च ।
पादं बिनस्य मूर्द्धस्वपि धरणिभृतां तापिताशेषलोकः
सम्प्रत्युद्दामधामा नृपइब नियतंभानुमानस्तमेति ॥१४१॥

अपिच,—

मन्दं मन्दं बहति पबनो हन्त ! सायन्तनोऽयं
कोकाः शोकाकुलितहृदयाः किन्नु मुह्यन्ति जायाः ।
मुद्रानिद्रां ब्रजति नलिनी पूर्णकामेब रामा
सन्ध्यासङ्गादिब गतबसुर्भानुमानस्तमेति ॥ १४२ ॥

লভিয়া উদয়, সদ্য করিয়া সংহার,
শত্রুসম বিশ্বব্যাপী ঘোর অন্ধকার ;
নিজ উষ্ণ তেজে করি' দুর্নীতি প্রকাশ,
তেজস্বিগণের শ্রীর (১) করিয়া বিনাশ ;

এই শ্লোকগুলি শ্লিষ্ট। দ্ব্যর্থ শব্দগুলির প্রকৃত অর্থ হৃদয়ঙ্গম করিবার নিমিত্ত টীকা দেওয়া হইল।

(১) সূর্য্যপক্ষে—তেজোময় পদার্থ সকলের দীপ্তির। ভূপতিপক্ষে—রাজলক্ষ্মীর।

মহীভৃৎ-শিরে পাদ (১) করি বিনিহিত,
করিয়া অশেষ লোক (২) নিতান্ত তাপিত (৩)
প্রবলপ্রতাপ (৪) শেষে ভূপতি সমান
নিয়তির বশে অস্ত যান ভানুমান্ ॥

(শ্রীহরিশ্চন্দ্র)

হায় বুঝি সায়ংকাল আসিল এখন
মন্দ ভাবে বহিতেছে শীতল পবন ;
চক্রবাক চক্রবাকী আকুলিত-মন,
বিয়োগ-ভয়েতে মূর্চ্ছা যায় পরিজন,
পরিপূর্ণমনস্কাম—কামিনীর প্রায়
নিমীলিতা কমলিনী এবে নিদ্রা যায়,
লভিয়া সন্ধ্যার সঙ্গ অনর্থ-নিদান
বসুহীন (৫) হ'য়ে অস্ত যান ভানুমান্।

(শ্রীহরিশ্চন্দ্র)

---

(১) সূর্য্যপক্ষে—পর্ব্বতের উপরে কিরণ। ভূপতিপক্ষে—রাজগণের মস্তকে চরণ।

(২) সূর্য্যপক্ষে—সকল ভুবন। ভূপতিপক্ষে—মনুষ্যলোক।

(৩) সূর্য্যপক্ষে—রৌদ্রসন্তপ্ত। ভূপতিপক্ষে—বলসন্তাপিত।

(৪) সূর্য্যপক্ষে—প্রচণ্ড-আতপ-বিশিষ্ট। ভূপতিপক্ষে—প্রবলপৌরুষবিশিষ্ট।

(৫) সূর্য্যপক্ষে—বসু—অর্থে দীপ্তি। অপরপক্ষে—বসু—ধন।

असति मयि समस्तं विश्वमाक्रान्तमेतत्
क्व नु पुनरिह गन्तास्यद्य हन्तास्मि तेऽहं ।
इतिमतिरनुधावन् भीतिदिक्प्रान्तयातं
तिमिरमिव निरस्यन् भानुमानस्तमेति ॥१४२॥

যখন নাহিক আমি ছিলাম, তখন
করেছ সমস্ত এই বিশ্ব আক্রমণ ;
এবে কোথা যাও তুমি দেখিব আঁধার !
করিব তোমার আজি জীবন সংহার ;
এই মতি করি স্থির লাগিলা দৌড়িতে,
পশ্চাতে ধাইয়া চলে তিমিরে ধরিতে,
ভয়েতে দিগন্তে তম হয় ধাবমান,
তাড়াইতে তারে, অস্ত যান ভানুমান্।

(শ্রীহরিশ্চন্দ্র)

"ভানুমানস্তমেতি" "সূর্য্য অস্তাচলে যাইতেছেন" এই সমস্যা পূরণ করিতে গিয়া তর্কবাগীশ উপরিলিখিত যে ৩টী কবিতা রচনা করিয়াছেন; ইহার এক একটী যেন উৎকৃষ্ট রত্নমালা গাঁথা হইয়াছে বলিলে বোধ হয় অত্যুক্তি হইবে না। ইহার প্রত্যেকটীতে যেমন প্রসন্ন শব্দসমাবেশ-নৈপুণ্য দেখা যায়, তেমন নূতন নূতন গূঢ় ভাবের অবতারণায় এবং সুসঙ্গত উপমা-সমূহের সন্নিবেশে উহাদের বিশিষ্ট বৈচিত্র্য সাধিত হইয়াছে সন্দেহ নাই। আক্ষেপের বিষয় এই যে, এই রচনা-কৌশলে ও ভাববৈচিত্র্য ভাষান্তর দ্বারা

অসংস্কৃতজ্ঞ পাঠকদিগের সম্মুখে সমক্‌রূপে প্রকটিত করিতে পারা গেল না। এবারে এই শ্লোক তিনটীর অনুবাদ করিবার পক্ষে যথাসাধ্য চেষ্টা করা হইল।

समस्या—"पूर्व्वपर्व्वततटीमाक्रम्य विक्रम्यते ।"

शृङ्गोत्सङ्गितरङ्कु*शङ्कितमनस्यस्ताचलप्रान्तरा-
रण्यानीं निबिड़ां भयादिव रयादिन्दौ समुत्सर्पति ।
साटोपं हरिणा† समुत्थितवता वारांनिधेः कन्दरात्
संक्षोभादिव पूर्व्वपर्व्वततटीमाक्रम्य विक्रम्यते ॥१४४॥

समस्या—"दिशि दिशि चरन्तीव जलदाः ।"

प्रियायुक्तैर्भाव्यं स्वगृहमपि गन्तव्यमचिरा-
न्नवा शङ्का कामाद्भवसख्य यदिहाद्यापि मुदिताः ।
इति प्रादुर्भूत-ध्वनिभिरभिधाय त्वरयितुं
प्रवासस्थान् शश्वद्दिशि दिशि चरन्तीव जलदाः ॥१४५॥

समस्या—"कृशाङ्गीदृग्भङ्गीमभिनवकुरङ्गी न सहते ।"

शशाङ्कः साशङ्कं निशि चरति वक्त्रेन्दुविजितः
सरोजानां राजी भजति जलदुर्गाश्रयमियम् ।

---

* रङ्कु—मृगः। † हरिः—सूर्य्यः सिंहश्च।

घनारण्यस्यान्तर्वसतिरतिमानोन्नततया
क्षमाङ्गीदृग्भङ्गीमभिनबकुरङ्गी न सहते ॥ १४६ ॥

समस्या —"सम्यगाराधितासि ।"

दुर्गे दुर्गप्रशमनकरं नाम ते कामपूरं
जप्यं जन्तूंश्चकितचकितान् लोकपालान् बिधत्ते ।
तेभ्यः किंबा बितरसि पदं चिन्तयन्नैब जाने
येषां मातः ! श्रबणमननैः सम्यगाराधितासि ॥१४७॥

समस्या—"नाराधि नारायणः ।"

बाढ़ं सोढ़महर्निशं बिषयजं दुःखं न तप्तं तपो-
भ्रान्तं भ्रान्तिकृतश्रमेण धनिनां द्वारेषु तीर्थेषु नो ।
दातारः किल कातरेण च मया भिक्षाशया सेबिता-
हा कष्टं ! क्षणमप्यभीष्टफलदो नाराधि नारायणः ॥१४८॥

যে দুঃখ পেয়েছি ধন-ভোগের সাধনে,
সফল হইত তাহা তপস্যাচরণে।
ধনাশয়ে ঘুরিয়াছি ধনীর দুয়ারে,
কি ভুল করেছি পুণ্যতীর্থে নাহি ফিরে।
সেবিয়াছি ভিক্ষা জন্য কত দাতাগণে,
সেবি নাই ইষ্টফলদাতা নারায়ণে।
কুকাজ করেছি অতি মতিভ্রম বশে,
অনুতাপ পরিতাপ এই ফল শেষে ॥

समस्या—“यामौ कुतो यातना ।”

स्वच्छन्दं विषये सुखैकनिलये चेतः सदाधीयतां
दानध्यानतपोऽर्चनादिनिगमैर्नोवा भृशं क्लिश्यतां ।
मोक्षोऽपि स्वकरान्तरालमिलितो भ्रातर्विनिश्चीयतां
लोकेऽस्मिन् सति रामनामनि भवेद्यामो कुतो
यातना * ॥ १४९ ॥

समस्या—“मार्त्तण्डमालोकते ।”

नायं सायमुपैति हन्त ! बलवच्चेतः समुत्कण्ठते
यास्यामि स्वयमेव तस्य निलयं भानौ गतेऽस्ताचलं ।
इत्येवं विगणय्य काङ्क्षितवती क्षिप्रं दिनान्तं मुहु-
र्बाला जालबिलावलम्बितमुखी मार्त्तण्डमालोकते ॥१५०॥

समस्या—“आब्रह्मस्तम्बसम्भावितविमलयशोवृन्द-
मन्दीकृतेन्दुः ।”

त्वत्प्रत्यर्थिपृथ्वीपरिवृढविरहाक्रान्तसीमन्तिनीना-
मश्रान्तस्तोत्रवादश्रवणनियमिताशेषरोषाश्रयाशः ।
भूपोऽयं भाति शश्वद्द्रविणवितरणामोदयन्नर्थिसार्था-
नाब्रह्मस्तम्बसम्भावितविमलयशोवृन्दमन्दीकृतेन्दुः ॥१५१॥

यामौ यातना—यमकृता यातना ।

समस्या—"नाबद्यद्युम्नदानप्रबिदलितमहादीन-
दारिद्र्यदैत्यः ।"

*सुत्रामोद्दामधामोर्जितजयजयशश्चन्द्रसान्द्राबदात !
प्रद्योतद्योतमान ! त्रिभुवनजनतोद्गीतगाम्भीर्य्यबीर्य्य ।
राजन् ! राजस्व राजाबलिबलितशिरःशेखरन्यस्तपादो
नाबद्यद्युम्नदानप्रबिदलितमहादीनदारिद्र्यदैत्यः ॥१५२॥

समस्या—"जनोऽयं निर्लज्जस्तदपि बिषयेभ्यः
स्पृहयति ।"

बयो यातप्रायं स्वजनभरणे नास्ति पटुता
बपुर्जीर्णं शीर्णेन्द्रियमशनकृत्येऽपि न रुचिः ।
च्युता निद्रा सह्या परिजनबधूनामधरबाक्
जनोऽयं निर्लज्जस्तदपि बिषयेभ्यः स्पृहयति ॥१५३॥

বয়স হইল শেষ
সুখের নাহিক লেশ,
নাহি শক্তি স্বজন-পোষণে।
শরীর হয়েছে জীর্ণ,
ইন্দ্রিয় সকল শীর্ণ,
রুচি তৃপ্তি না হয় ভোজনে॥

---

* सुत्रामा—इन्द्रः, नाबद्यद्युम्नदानं प्रशस्तधनदानं ।

নিদ্রা-সুখ ছাড়িয়াছে,
নব দুঃখ বাড়িয়াছে,
বধূদের বচন-যাতনা।
পুরুষ নির্লজ্জ অতি
কেন ভোগে এ দুর্গতি
কেন তবু বিষয়-বাসনা॥

**समस्या—"कृतान्तो दुर्द्दान्तः क्षणमपि विलम्बं
न कुरुते।"**

**क्षणं लीलालापं परिहर हरे! त्वं कमलया
त्वरावानागत्य प्रकटय मदन्तःप्रणयिताम्।
न कार्य्या ते हेला मरणद न वेला स्मृतिविधौ
कृतान्तो दुर्द्दान्तः क्षणमपि विलम्बं न कुरुते ॥१५४॥**

হরি হে! কমলাকান্ত! কমলার সনে
ক্ষণকাল লীলালাপ করি পরিহার,
বিরাজ হৃদয়ে মম, আসি ত্বরা করি,
ত্বরায়, ব্যাপার বড়; দেখ সম্মুখেতে
দাঁড়াইয়ে ডাকিতেছে দুরন্ত কৃতান্ত,
বিলম্ব সহেনা তার; চরম সময়ে
কর পরিত্রাণ, আমি কাতর নিতান্ত;
ভকতবৎসল! তব স্মরণ-সময়
নাহি হে নিয়ত; তাই ডাকি এ সময়;

করিও না হেলা, এই ডাকিবার বেলা
বড়ই ভীষণ ; আজ তুমি হে শরণ।

समस्या—"बिरतिबनिता चेत् सहचरी ।"

बनं क्रीड़ारामो बसतिसदनं भूधरदरी
शिलापट्टः शय्या सुखदमुपधानं भुजलता ।
प्रदीपः शीतांशुर्निशि बिटपिबल्ली व्यजनिनी
क्षुभा बन्या बृत्तिर्बिरतिबनिता चेत् सहचरी ॥१५५॥

समस्या—"कुतो बिषयबासनापरिहृतात्मबोधो जनः ।"

बृथेतिकलितेऽप्यलं चलति नित्यमर्थे मतिः
हरन्ति हरिणीदृशः सपदि शान्तमप्यन्तरम् ।
बिना बिजयसारथेः करुणया स्वयंभूतया
कुतो बिषयबासनापरिहृतात्मबोधो जनः ॥१५६॥

অর্থই অনর্থ-হেতু ; বৃথা তার ফল,
ভাবি যদি এই ভাব, তাও ত বিফল।
অর্থের মোহিনী শক্তি বড়ই প্রবল
অর্থের সংগ্রহে মন নিয়ত চঞ্চল।
প্রকাশি পরম রূপ-লাবণ্য-মাধুরী
শান্ত জনেরও মন রমণী সুন্দরী—
হরিছে, ছলিছে নিত্য কতই ছলনা,
চারিদিগে মোহভাব, না হয় গণনা।

বিষয়-বাসনা-মুগ্ধ জনের নিস্তার—
বিধাতার মনে যদি করুণা-সঞ্চার—
আপনা হইতে হয়; নৈলে নিরুপায়,
মোহান্ধ-সংসার-মাঝে বিধিই সহায়।

समस्या—"न जाने श्रीजाने किमिह भविता
प्राणविगमे।"

बयो नीतप्रायं बिषयबिषमुग्धेन्द्रियतया
बली कालव्यालः कबलयितुमायाति सबिधं।
बिधेयं यत् कृत्यं स्फुरति मम नाद्यापि हृदि तत्
न जाने श्रीजाने! किमिह भविता प्राणविगमे ॥१५७॥

•

समस्या—"कारुण्यमाविष्कुरु।"

न स्वाम्यं धरणेर्नवा दिविषदां स्वाराज्यमप्युर्जितं
नो वा ब्रह्मपदं पदं मधुरिपोर्नाकाङ्क्षते मन्मनः।
मातर्दीनदयाबिधेयहृदये स्वर्गापबर्गप्रदे!
दासत्वं बितरीतुमेकमनघे! कारुण्यमाविष्कुरु ॥१५८॥

समस्या—"मातर्जह्नुसुते! सुते मयि घृणामाधेहि
माभूद्घृणा।'

त्वद्वीचिर्यदि याति लोचनपथं किं स्यात्तदा बीचिभी-
स्त्वन्नाम स्मरतां त्वदम्बु पिबतां यामी कुतो यातना।

गङ्गे ! त्वं भवबारि बारि किरतो लोकत्रयं त्रायसे
मातर्जह्नुसुते ! सुते मयि घृणामाधेहि माभूद्घृणा ॥१५९॥

समस्या—"निद्राति नारायणः ।"

मन्ये क्षौणिरधः प्रयास्यति पुनर्धाराजलैराकुला
स्वीकुर्य्यादनुबारमुद्धृतिविधौ कोऽस्याः श्रमांस्तादृशान् ।
इत्येवं कलयन्निबालसतया क्षीराम्बुराशौ रहः
शेषाङ्केऽङ्कगतां विधाय कमलां निद्राति नारायणः ॥१६०॥

समस्या—"हरिरुदयगृहान्तःकाननादुज्जिहीते ।"

चरमगिरिबनालीमृक्षसार्थानुयातः
प्रविशति मृगमङ्के न्यस्य चन्द्रो न यावत् ।
तिमिरकरिकुलानि द्राबयन्नेव तावद्
हरिरुदयगृहान्तःकाननादुज्जिहीते ॥ १६१ ॥

समस्या—"पश्य प्राची प्रसूते बिमलतरमिदं
ज्योतिषामण्डमेकं ।"

योऽसौ पूर्व्वेंदुरत्यन्नुदयगिरिदरीनिर्झरादन्तरीक्षे
वेगादुड्डीय खेदादपरजलनिधौ सम्पतन्नस्तमाप ।
हंसस्यामुष्य* सङ्गादिव रहसि पुराजातगर्भप्ररोहा
पश्य प्राची प्रसूते बिमलतरमिदं ज्योतिषामण्डमेकं ॥१६२॥

---

* हंसः—स्वनामख्यातः पक्षिविशेषः सूर्य्यश्च ।

অপিচ,

एकोऽत्यन्तप्रतापी मृदुरुचिरपरस्तौ हि मत्तः प्रसूतौ
कष्टं नष्टावुभावप्यहह : जगदिदंतौ बिनान्धं तमोभिः।
इत्थं खिन्नेब संप्रत्यपरमिब रविं स्रष्टुकामा प्रभाते
पश्य प्राची प्रसूते बिमलतरमिदं ज्योतिषामण्डमेकं ॥१६३॥

समस्या—"प्राप्तः पश्यत पश्चिमस्य जलधेः कूलं स एवांशुमान्।"

यः साड़म्बरमम्बरान्तरमरं* संरुध्य तीव्रैः करै-
र्विश्वं निःस्वमिब प्रकाममकरोदत्यन्तमुत्तापयन्।
हीनः सम्प्रति तेजसा समुदयैर्नीचीनभावं गतः
प्राप्तः पश्यत पश्चिमस्य जलधेः कूलं स एवांशुमान् ॥१६४॥

समस्या—"समस्तं तद्व्यर्थं कृतमननुकूलेन बिधिना।"

भबिष्यामि क्षौणीपतिरहमयोध्यापुरबरे
प्रिया मे देबीत्वं जनकतनया यास्यति शुभा।
अहो! कष्टं यद्यत् परिगणितमेवं स्थिरतया
समस्तं तद्व्यर्थं कृतमननुकूलेन बिधिना ॥१६५॥

---

* अरं—शीघ्रम्।

অপিচ,—

परीवादः सोढ़ः कुलमपि समूलं मलिनितं
त्रपा त्यक्ता दूरं गुरुषु गुरुभावो न गणितः ।
विलङ्घ्य प्रेमाब्धिं हरि हरि ! हरौ याति मथुरां
समस्तं तद्व्यर्थं कृतमननुकूलेन विधिना ॥१६६॥

समस्या—"श्रीकण्ठवैकुण्ठयोः ।"

भक्तानामभये सुरारिविजये तुल्यक्रियाशालिनो-
रन्योन्यं परिरम्भणप्रणयिनोर्नास्त्यन्तरं वस्तुतः ।
तच्चित्रं स परोऽपरोऽयमिति यत् पाषण्डवैतण्डिकाः
भिन्नत्वं कलयन्ति मन्दमतयः श्रीकण्ठवैकुण्ठयोः ॥१६७॥

समस्या—"त्रिभुवने श्रीमानभूदच्युतः ।"

प्राबल्यं कलिभूपतेःकलयता प्रायोऽद्य यद्देहिनां
गङ्गावारि सुरासुरावरवधूर्वाङ्गानसौ वेश्मभूः ।
भोगो यागविधिः श्रुतिः स्मरकथा किं वा बहु ब्रूमहे
नित्योपास्यतया जनैस्त्रिभुवने श्रीमानभूदच्युतः ॥१३८॥

অপিচ,—

व्यग्रः सर्गविधौ विधिः प्रतिदिनं विश्वस्य सुप्तोत्थितो
भिक्षायां भ्रमणं भवस्य नियतं स्वास्थ्यं कुतस्त्यं तयोः ।

किन्त्वेकस्त्रिदशेषु वेशितनिजत्वे लोकरक्षाभरो
बाग्देबीस्तुतिनिर्वृतस्त्रिभुबने श्रीमानभूदच्युतः ॥१६८॥

অপিচ –

यः पूर्व्वं स्मितपूर्व्वसुन्दरमनाक्श्रीराधिकालोचन-
प्रान्तप्रेक्षितमर्थयन्नहरहर्भ्रान्तोऽत्र वृन्दाबने ।
सोऽद्यास्मानबधूय बल्लबबधूराक्रम्य कंसास्पदं
राज्ञ्या कुब्जिकयान्वितस्त्रिभुबने श्रीमानभूदच्युतः ॥१७०॥

समस्या—"न चिरादुत्सबो हैमबत्याः ।"

मन्दं मन्दं जलदबसनं स्रंसते दिग्बधूनां
पान्थाः कान्तास्मरणसुखिनो गन्तुकामा नितान्तं ।
सम्प्राप्तोऽयं प्रिय इब नृणामाश्विनो मासराजो
मन्ये भाबी जगति न चिरादुत्सबो हैमबत्याः ॥१७१॥

समस्या—"रक्ष मां दक्षकन्ये ।"

पुरमथनकुटुम्बिन्याधिपत्यं धरायाः
सुरपरिबृढ़तां बा साम्प्रतं नास्मि याचे ।
द्रबिणमदबिमुह्यद्बक्रबक्त्राग्रजाग्रत्-
कटुबचनजदुःखाद् रक्ष मां दक्षकन्ये ! ॥१७२॥

समस्या—"सागराम्भःपिपासा ।"

हसितबिकसितास्ये दातुमर्थान् प्रबृत्ते
त्वयि सति धनमत्तान् याचका न प्रयान्ति ।

সতি সরসি সমীপে স্বাদুপানীয়পূর্ণে
কিমু ভবতি জনানাং সাগরাম্ভঃপিপাসা ॥১৭২॥

সমস্যা—"হর্ষায় বর্ষাগমঃ।"

চন্দ্রার্কৌ ক্ব গতৌ তমোভিরভিতো গ্রস্তো দিশাং দ্রাঘিমা
ধারা দীর্ঘতরাঃ পতন্তি কিমুতোত্তিষ্ঠন্তি পৃথ্বীতলাত্।
অহ্নাং নিহ্নবনাত্ ক্বাপি চ নিশা দ্রাঘীয়সী লক্ষ্যতে
মন্যে যুক্তজনস্য কেবলমহো! হর্ষায় বর্ষাগমঃ ॥১৭৪॥

"চন্দ্র সূর্য্য কোথা গেল! ঘোর অন্ধকার—
গ্রাস করিয়াছে দিক্ দিগন্ত-বিস্তার;
মুষলের ধারে ধারা পড়িছে ধরায়,
পড়িছে কি উঠিতেছে বুঝা নাহি যায়;
বরষায় দিন রাত্রি কে চিনিতে পারে,
দিবাও রজনী হয় মেঘের আঁধারে;
প্রেমিকদম্পতী যারা জড়াজড়ি রয়,
তাদের সুখের-তরে বরষা-সময়॥

সমস্যা—"ধাতুর্হি রম্যং জগত্।"

অম্ভঃসেচনভূমিকর্ষণতৃণাদ্যুত্সারণাতত্পরৈ-
রুদ্যানেষু বিভান্তু নাম তরবঃ সম্মালিকৈঃ পালিতাঃ।
সেক্তা নাপি ন কর্ষকোঽপি ন পুনঃ কশ্চিত্তথা পালকঃ।
মোদন্তে চ তথাপি বন্যতরবো ধাতুর্হি রম্যং জগত্ ॥১৭৫॥

"বাগানের গাছগুলি বাড়াবার তরে,
ভাল ভাল মালী সব কত যত্ন করে;
বেড়া বাঁধে জল দেয় করে করষণ,
প্রাণপণে করে তার বিঘ্ন নিবারণ,
কিন্তু দেখ! বনমাঝে কেবা আছে মালী,
কে করে কর্ষণ কেবা জল দেয় ঢালি;
তবু দেখ বন্য তরু শোভে ফলভরে,
বিধিই করেন রক্ষা মানুষে কি করে।"

समस्या—"भेकेह मूको भव।"

अस्मिन् पद्मपरागपिञ्जरपयःस्वच्छाशये साम्प्रतम्
गुञ्जन्तो मधुरं हरन्ति मधुपाश्चित्तं नृणां शृण्वताम्।
नैतत् पल्वलमङ्ग! पङ्किलजलप्रोद्भूतकुम्भीकुलम्
न श्रोतास्ति तवात्र गानरसिको भेकेह मूको भव॥१७६॥

"এ যে রম্য সরোবর অতি নিরমল,
অপূর্ব্ব পরাগরাগে শোভিছে কমল;
মধুপ মধুর তানে করিতেছে গান;
হরণ করিছে সবাকার মন প্রাণ;
যার জলে পানাগুলা ভাসে অবিরল,
এ নহে সে পঙ্কভরা বিকৃত পল্বল;
তোমার গানের হেথা শ্রোতা কেহ নাই,
তাই বলি ওহে ভেক! চুপ কর ভাই!"

समस्या—"कस्मै किमाचक्ष्महे।"

देवानामृषभः सतीमपि मुनेः पत्नीं जहार स्वकुलात्
ब्रह्मापि श्रुतिधर्म्ममर्म्मनिपुणः कन्याभिगः श्रूयते।
चन्द्रोऽसौ गुरुतल्पगोऽभवदहो! वार्त्ता सुराणामियं
मर्त्त्येषु स्मरकिङ्करेषु नितरां कस्मै किमाचक्ष्महे ॥१७७॥

"অহল্যা সতীরে ইন্দ্র কৌশলে হরিল,
বেদকর্ত্তা বিধাতাও কন্যারে ভজিল;
অলোকিত করে বিশ্ব যাহার কিরণ;
সেই চন্দ্র গুরুপত্নী করিল হরণ;
এ হেন দুর্দ্দশা যদি হৈল দেবতার,
মানুষ কামের দাস কিবা দোষ তার।"

समस्या—"किं कार्य्यं परिशिष्टमस्ति भवतो
जानामि नाहं कले!"

वेदं वेद न कोऽपि भूधरदरीलीना मुनीनां गिरः
स्वच्छं स्वच्छमतं जनास्तदनुगाः का नाम धर्म्म्याः क्रियाः।
मद्यं हृद्यमतीव वारवनिताः सेव्या न गुर्व्वादयः
किं कार्य्यं परिशिष्टमस्ति भवतो जानामि नाहं कले ॥१७८॥

"ঋষিবাক্য গিরিগর্ভে পাইয়াছে লয়,
বেদশাস্ত্র কেহ নাহি জানে এ সময়;

সবাই ম্লেচ্ছের মত করে শিরোধার্য্য,
তাহারি বিধানমতে করে সর্ব্ব কার্য্য
ধর্ম্মাধর্ম্ম সদাচার গিয়াছে চুলায়,
মদ্যই পরম বস্তু হয়েছে ধরায় ;
মাতা পিতা গুরুজনে কেবা সেবা করে,
বারবনিতারে রাখে মাথার উপরে ;
যা কিছু তোমার কার্য্য করেছ সকলি,
বাকি কি রেখেছ আর জানি না হে কলি !"

সহকারী অধ্যক্ষ ৺সোমনাথ মুখোপাধ্যায়, তর্কবাগীশ অধ্যাপক পদের অযোগ্য, তাঁহার পাঠনা কার্য্যে অবহেলা, ইত্যাদি বহুবিধ গ্লানি অধ্যক্ষ কাউয়েল সাহেবের নিকট করেন। ইহা অবগত হইয়া তর্কবাগীশ আরোপিত দোষ ক্ষালনের অন্য কোন চেষ্টা না করিয়া স্বরচিত নিম্নলিখিত শ্লোকটী সাহেব মহোদয়ের নিকট প্রেরণ করিয়াছিলেন :—

त्वामेवाभ्युदितं निरीक्ष्य दुरवग्राहोग्रतापाकुलः
च्छामानुत्क्रमणोन्मुखान् कथमपि प्राणानहं धारये ।
त्वश्चेदस्यसि वारिवाह ! वहतो वातस्य दुश्चेष्टया
वैमुख्यं तदहो त्वदेकगतिको हाहा ! हतश्चातकः॥१७८॥

" কঠোর নিদাঘ-তাপে জ্বলি' অবিরত,
ক্ষীণ মোর প্রাণ-বায়ু হৈল ওষ্ঠাগত ;

হে মেঘ ! তোমারি বারি করিবারে পান,
তোমারেই হেরি' কষ্টে রেখেছি এ প্রাণ ;
তাহে যদি তুমি দুষ্ট বায়ুর চেষ্টায়,
নিতান্ত বিমুখ আজি হও হে আমায় ;
তবে আর অভাগার কে আছে আশ্রয়,
মরিল চাতক হায় ! মরিল নিশ্চয় ।”

হুগলী জিলার অন্তর্গত আন্দুল-নিবাসী মল্লিকবংশীয় রাজাদের ইচ্ছানুসারে তর্কবাগীশ “আন্দুলরাজপ্রশস্তি” নামে কতকগুলি কবিতা রচনা করিয়া দিয়াছিলেন। তন্মধ্যে যে কয়েকটী সংগ্রহ করিতে পারা গেল নিম্নে প্রদর্শিত হইল ।—

आन्दुलराजप्रशस्तिः ।

मङ्गलाचरणम् ।

गङ्गेर्ष्ययेव कालिन्द्यालिङ्गनादसितद्युतिः ।
कण्ठो वः शितिकण्ठस्य विकुण्ठयतु कुण्ठताम् ॥१८०॥

आसीदूर्ज्जितवीर्य्यजीर्य्यदहितव्यूहप्रगीतस्तव-
प्रीत्युत्कर्षकरम्बितान्तरचरत्कारुण्यशान्ताशयः ।
कायस्थान्वयमुग्धदुग्धजलधिप्रादुभूतशीतद्युतिः
शुद्धात्मा भुवि रामलोचन इति प्रख्यातनामा नृपः ॥१८१॥

यस्याभवद्विभवतुन्दिलमान्दुलेति
ख्यातं पुरं प्रकृतिराजितराजधानी ।
या शुभ्रसौधशिखरप्रकरैर्नराणां
गौड़ेऽपि शैवशिखरिभ्रममातनोति ॥१८२॥

जेतुं प्रालेय-पृथ्वीधर-शिखरमिवाऽभ्युन्नतोऽट्टालमाला-
जाग्रज्ज्वालान्तरालस्खलदमलविभाभाविताभ्यन्तरर्द्धिः ।
सौधः सौधाकरीं भामभिगगनतलं यो बिभर्त्त्यस्य नित्यं
लक्ष्मीमालोक्य मन्ये न भजति गिरिशः काशि-
वासाभिलाषम् ॥१८३॥

येनाकारि पुरा पुरारिनगरीमध्ये प्रह्लादास्पदः
प्रासादः शिवशैलतुङ्गशिखरस्पर्द्धाशयेवोन्नतः ।
तस्मिन् लिङ्गमनङ्गवीर्य्यदमनस्यैकं स्वपुण्यावली-
लिङ्गं येन च भूरिसूरिपरिषत्सन्तोषिणा स्थापितम् ॥१८४॥

कालीघट्टान्तराले कलिकलुषकुलोन्मूलनोत्कीर्त्तनायाः
कालीदेव्याः पुरस्तात् पुरमथनपदप्राप्तिसोपानभूता ।
येन क्ष्मापेण कीर्त्त्या शशिकरसितया सार्द्धमुद्वर्द्धमाना
प्रोत्तुङ्गस्तम्भमाला व्यरचि सुविमला नाट्यशाला
विशाला ॥ १८५ ॥

व्योम्नि ज्योत्स्नायमाना पयसि जलनिधेः फेनलेखायमाना
शृङ्गे गङ्गायमाना तुहिनशिखरिणो दिक्षु सौधायमाना ।

क्षौण्यां बन्यायमाना शिरसि मृगदृशां कुन्ददामायमाना
सर्व्वत्र द्योलमाना बिलसति नृपतेः कीर्त्तिरद्यापि
यस्य ॥ १८६ ॥

पूर्व्वाद्रेरिब भानुमान् सुरसरित्पूरो हिमाद्रेरिब
क्षीरोदादिब कौस्तुभः कमलभूर्ब्रह्माण्डखण्डादिब ।
एतस्मादुदभूत् प्रभूतगरिमा गाम्भीर्य्यबीर्य्योर्ज्जितः
काशीनाथ इति प्रकाशितयशाः क्षौणीपतिः क्ष्मातले ॥१८७॥

राज्यं पितुः प्राज्यमबाप्य यस्य
गृहे प्रजारञ्जनतत्परस्य ।
गुणानुरागादिब चञ्चलापि
लक्ष्मीश्चिराय स्थिरतां प्रपेदे ॥ १८८ ॥

बिलोक्य लोकान् कफबातपित्त-
बिकाररोगोपहतान् मुमूर्षून् ।
योऽजीबयज्जीबगणैकमित्रं
बितीर्य्य सिद्धौषधमिद्धबीर्य्यम् ॥१८९॥

ततो नृपसुधाम्बुधेरजनि रामनारायणो
धरापतिधुरन्धरो बिधुरिब श्रिया भासुरः ।
यदीयगुणचन्द्रिकोल्लसितगौड़नीराशये
सतां हृदयकैरबं कलितगौरबं मोदते ॥१९०॥

दोषाम्भोनिधिकुम्भसम्भबमुनिर्दारिद्र्यदाबानल-
ज्वालासारपरम्परागमदरीसञ्चारपञ्चाननः ।

मित्राम्भोजगभस्तिमान् गुणगणज्योत्स्नाशरच्चन्द्रमाः
संख्याबत्सुरपादपो बिजयते योऽयं क्षितीशः क्षितौ ॥१८१॥

नोन्निद्रा नलिनी न वा कुमुदिनी नो वा शरच्चन्द्रिका
नोत्फुल्लस्तबकानता नबलता भूमिः सशस्या न वा ।
न प्राप्तिर्निधिभाजनस्य न दृशां भङ्गी कुरङ्गीदृशां
सन्तोषं तनुते तथा भुवि नृणां तद्बक्त्रलक्ष्मीर्यथा ॥१८२॥

यस्योग्रतेजसि बलीयसि जृम्भमाणे
मन्दश्रियो रिपुगणाः सहसैब जाताः ।
किं भाति भास्वति तमःशमतानिदाने
खद्योतका द्युतिमदैकधुरीणभाबाः ॥१८३॥

প্রথম মুদ্রাঙ্কন সময়ে প্রেমচন্দ্রের বিরচিত সমস্ত গঙ্গাস্তোত্র সংগ্রহ করিতে পারি নাই। পরে তাঁহার ভূতপূর্ব্ব ছাত্র মানকরের ডেঃ স্কুল-ইন্‌স্পেক্টর ৺মহেশচন্দ্র চট্টোপাধ্যায় অনুগ্রহ করিয়া সম্পূর্ণ স্তোত্র পাঠাইয়া দেন। এক্ষণে অভাব পূর্ণ হইল।

गङ्गास्तोत्रम् ।

नमस्ते स्याद्गङ्गे ! द्रुहिणहरिरुद्रप्रभृतिभि-
र्नुते मातर्दीने मयि शरणहीने कुरु कृपां ।
शरण्ये ! बिश्वेषां तब चरणपङ्केरुहमहं
प्रपन्नः पाहीमं कृपणमतिभीमाद्भबदबात् ॥१८४॥

स्पृहाशून्या धन्या मखजफलभोगे त्रिपथगे !
कृताशेषक्लेशाः श्रवणमननादावबिरतं ।
लभन्ते यां सन्तस्तब तु सलिले मज्जनबतां
करस्था सा मुक्तिः कलुषकलितानामपि नृणां ॥१८५॥

बिधानं यज्ञानामभिदधति केचिच्छुभकरं
परे निस्त्रैगुण्ये महसि परिणामं च मनसः (१) ।
अहं त्वेकं मन्ये सकलजनसाधारणतया
निदानं ते नीरं परमपुरुषार्थस्य न परं ॥१८६॥

पतन्ती स्वर्लोकान्नयसि पतितानुच्चपदवीं
जलध्यन्तर्यान्ती भवजलधिभीतिं शमयसि ।
जड़ात्मापि (२) व्यक्तं कलुषजड़तां नाशयसि तत्
बिचित्रं ते कृत्यं जननि ! जनमध्ये बिजयते ॥१८७॥

किमापः किं तापत्रयशमनसिद्धौषधमिदं
किमाधारो मुक्तेः किमु परमधाम्नः परिणतिः ।

---

(१) परे— अपरे जनाः, निस्त्रैगुण्ये—त्रिगुणातीते, महसि—ज्योतिषि, सर्व्वावभासके ब्रह्मणि इत्यर्थः, मनसः परिणामं—चित्तवृत्तिसमाधानम् शुभकरम् अभिदधति इत्यन्वयः ।

(२) जड़ात्मा जलात्मा जलमयीति यावत् ड़लयोरैकत्वस्मरणात । अत्र श्लोके सर्व्वत्र बिरोधोऽलङ्कारः ।

विकल्पान् यानेव त्वयि जननि ! लोका विदधते
समस्ताः सत्यास्ते तव महिमसीमा न सुगमा ॥१९८॥

विदूरेऽस्तु स्नानं नच सलिलपानं न यजनं
नवा वासस्तीरे जननि ! सुरलोकादपि वरे ।
तथापि त्वन्नाम प्रसरति यदीयश्रुतिपथं
स सद्यः शुद्धात्मा यमनृपतिधानीं न विशति ॥१९९॥

भवारण्ये मन्ये नहि भवति तेषां निवसति-
र्नवा भीतिर्भीमाकृतिकुपितकालोल्वणमुखात् ।
त्वमम्ब ! प्रोद्दामाखिलदुरितदाम्नां निरसने
निशातासिर्यासि क्षणमपि यदीयेक्षणपथं(१) ॥२००॥

सपर्य्यासम्भारैः सततमनुगानैर्मनुजपै-
रभीष्टं भक्तानां फलति सुचिरेणामरगणः (२) ।
निमग्नाङ्गो गङ्गे ! सकृदपि तरङ्गे तव पुन-
र्भवेत् सद्यो धन्यो भवविलयवर्त्मन्यपि जनः ॥२०१॥

---

(१) प्रोद्दामाखिलदुरितदाम्नां—अतिघोर-निखिल-पापरूप-बन्धनानाम्, निरसने—छेदने, निशातासिः—सुतीक्ष्णखड्गरूपा, तादृशी त्वं, यदीयेक्षणपथं यासि इत्यन्वयः ।

(२) अमरगणः, अभीष्टं फलति निष्पादयति, अत्र निष्पादनार्थस्य सकर्म्मकस्य फलधातोः प्रयोगः ।

शिबाभिः संश्लिष्टानमरललनाश्लेषरसिकाः
मिलद्वाद्योद्घोषान् स्फुरदमरबन्दिस्तुतिगिरः ।
बिमाने राजन्तः पयसि तरतस्ते तत इतः
स्वदेहान् पश्यन्तस्त्रिदशनगरीं यान्ति कृतिनः ॥२०२॥

बिपज्ज्वालालीढ़ान् निरबधिगतायातबिधुरान्
अतिश्रान्तान् शश्वत्परिचितकृतान्तान् कलुषितान् ।
जनान् दृष्ट्वा नूनं भवपथिकबिश्रामपदबी
बिधात्रा कारुण्याज्जननि! जगति त्वं प्रकटिता ॥२०३॥

त्वदीयं पानीयं त्रिदशनदि! तापत्रयहरं
त्रिलोकीबस्तुभ्यः परमतममीकं बिलसति ।
नचेदेवं देबः कृतचरणसेबः सुरनरै
कथं धत्ते मस्ते गुणगरिमलुब्धोऽन्धकरिपुः ॥२०४॥

न गङ्गेति प्रोक्तं नच जननि! पीतं तब जलं
नबा तत्र स्नातं सकृदपि मया पूर्ब्बजनुषि ।
नचेदित्थं तथ्यं कथमबनिदाबे निपतितो
भ्रमाम्याशास्वाशाशतजनितदुःखान्यनुभबन्(१) ॥२०५

---

(१) अहम्, आशाशतजनितदुःखानि अनुभबन् सन्.
आशासु—दिक्षु भ्रमामि इत्यन्वयः ।

सुरधुनि! धनदारापत्यभृत्यादिसम्पत्
क्षितिपरिवृढ़ता वा त्वत्पदान्नार्थनीया।
भगबति! सति काले तीरनीरान्तराले
बपुरपगममेकं याचते प्रेमचन्द्रः ॥२०६॥

इति महामहोपाध्याय-श्रीप्रेमचन्द्रतर्कबागीश बिरचितं
गङ्गास्तोत्रं समाप्तम्।

সমস্যাপূরণ প্রকরণের ক্রোড়পত্র।

সমস্যাপূরণ প্রকরণে তর্কবাগীশ-কৃত কয়েকটী সুন্দর শ্লোক যথাস্থানে বসাইতে ভুল হওয়ায়, নিম্নে প্রদত্ত হইল :—

समस्या—“चन्द्रोदये बिरहिणी रमणं मुमोच”।

तावत् त्रपा स्फुरति चेतसि कामिनीनां
नोद्दीपितो बिरहबह्निरुदेति यावत्।
यत्नैव सा नवबधूर्नवसङ्गमेऽपि
चन्द्रोदये बिरहिणी रमणं मुमोच ॥२०७॥

समस्या—“स्मितमुखी कुचकुम्भमहर्निशम्”।

न बहिरेति पुरेव पुरान्तरा-
ब्रजति कामपि कामकृतां दशाम्।

रहसि पश्यति किञ्च नवोत्थितं
स्मितमुखी कुचकुम्भमहर्निशम् ॥२०८॥

समस्या—"प्रेयस्याः प्रथमसमागमं स्मरामि"।

नीतायाः कथमपि मन्दिरं सखीभि-
स्तल्पान्तं वचनशतैरनाम्रवत्याः।
लीनाया घनरसितैः स्वयं मदङ्के
प्रेयस्याः प्रथमसमागमं स्मरामि ॥२०९॥

समस्या—"रोदिति याज्ञसेनी"।

आकृष्टकेशवसना पुरतः पतीना-
मश्रूद्गमैः स्तनतटांशुकमार्द्रयन्ती।
हा नाथ! हा कृपणवत्सल! कृष्ण! पाही-
त्युच्चैः पुरा सदसि रोदिति याज्ञसेनी ॥२१०॥

समस्या—"न षट्पदस्तुष्यति कैरविण्याम्"।

वृथा कथेयं यदयं त्वदन्यां
नितम्बिनीं मानिनि! काङ्क्षतीति।
रसस्य लुब्धः किल पङ्कजिन्याः
न षट्पदस्तुष्यति कैरविण्याम् ॥२११॥

समस्या—"कथय कुत्र निवेशयामि"।

ऊरौ तव भ्रमितुमाक्रमितुं नितम्बं
नाभिह्रदे पतितुमाश्रयितुं कुचाद्रिम्।
मल्लोचनं युगपदिच्छति पङ्कजाक्षि!
तस्मादिदं कथय कुत्र निवेशयामि ॥२१२॥

समस्या—"कुञ्जे कथं सीदति पङ्कजाक्षी"।

वक्त्राम्बुजं पाणितले निधाय
प्रकम्पयन्ती श्वसितैः कुचाग्रम्।
उत्कण्ठयन्ती द्विगुणं मनो मे
कुञ्जे कथं सीदति पङ्कजाक्षी ॥२१३॥

समस्या—"भूः सादिनी विरहिणामिव चित्तवृत्तिः"।

भानुः कुभूप इव नोदयमद्य धत्ते
शान्तं रजो जगति सज्जनचेतसीव।
विच्छेदिनी कुलवतीरतिवन्न वृष्टिः
भूः सादिनी विरहिणामिव चित्तवृत्तिः ॥२१४॥

समस्या—"वर्षाकृतानि परिवर्त्तयतीति मन्ये"

हंसा हसन्ति परिभूय मयूरवृन्दं
खद्योतमुद्यतकरोऽङ्कधरो जघान।

ईर्ष्यान्विता शरदियं निजसम्पदेव
बर्षाकृतानि परिबर्त्तयतीति मन्ये ॥२१५॥

समस्या—“उदयति निस्त्रप इन्दुरेष भूयः”।

कमलिनि! मलिनीकृता यदन्तः-
पयसि गता किल साधु तत् कृतन्ते।
बत मुखविधुना जितोऽप्यमुष्या-
उदयति निस्त्रप इन्दुरेष भूयः ॥२१६॥

समस्या—“गुणेषु नादरः”।

गुणिहार्य्यमहार्य्यनिश्चयः कुरुवृद्धः समितौ धराभुजाम्।
हरयेऽर्घ्यं मदादुदारधीः क्रियते केन गुणेषु नादरः ॥२१७॥

समस्या—“ब्रजति राघबो लाघबम्”।

यतः शमनमैक्षत त्वदरिहैहयग्रामणीः
स भार्गबधुरन्धरः स्मरति यस्य बाह्वोर्बलम्।
स किं न दशकन्धर! क्षयितकौशयूथेश्वर-
स्त्वयाद्य समरोद्यमे ब्रजति राघबो लाघबम् ॥२१८॥

समस्या—“बत शिलाप्यगान्मार्द्दवम्”।

स एष धरणीधरो धरणिपुत्रि! यत्कन्दरे
त्वदीयबिरहातुरे रुदति मुक्तकण्ठं मयि।

द्रुमाः स्तिमिततां गताः सुतनु ! नीरबा पक्षिणः
स्थिरत्वमगमन्मरुद्बत शिलाप्यगान्मार्द्दबम् ॥२१९॥

समस्या —"कथमाविष्कुरुषे मनोव्यथाम्"।

यदि दूरतरं स ते प्रियो गतबान् सुन्दरि ! कार्य्यगौरबात् ।
ध्रुबमेष्यति सौरभोत्सवे कथमाविष्कुरुषे मनोव्यथाम् ॥२२०॥

समस्या—"यत्नं बिना क इह रत्नफलानि भुङ्क्ते"।

सन्तोषय प्रियकथाभिमतप्रदानै-
र्मन्दं ततः सबिनयञ्च परिष्वजेथाः ।
एवं नबोढ़बनिताप्रणये यतस्व
यत्नं बिना क इह रत्नफलानि भुङ्क्ते ॥२२१॥

সংস্কৃতজ্ঞ সহৃদয় পাঠক ! আপনি স্বয়ং প্রেমচন্দ্রের বিরচিত গ্রন্থসমূহের বিবৃতিনিচয় এবং সমুদ্ধৃত কবিতাগুলির দোষগুণ বিচার করিয়া লইবেন। দেখিবেন তিনি গুণবতী পদরচনায় এবং সকল প্রকার রসের এবং সকল অবস্থার বর্ণনায় কিরূপ কুশলী ছিলেন। তাঁহার রচনায় শ্লেষ, প্রসাদ, মাধুর্য্য, সমতা, সুকুমারতা, ওজস্বিতা আদি গুণসমূহ লক্ষিত হইয়া থাকে। ইহাতে তিনি প্রায় বৈদর্ভী রীতি অবলম্বন করিয়াই রচনা করিতেন বোধ হইবে। যে রীতি অবলম্বনে রচনায় প্রবৃত্ত থাকুন, তাঁহার রচনা যে অনায়াসসম্ভূত, মাধুর্য্যযুক্ত এবং তাহার অর্থব্যক্তি বিষয়ে ব্যাঘাত ঘটে না তদ্বিষয়ে সন্দেহ জন্মে না। ইহাই প্রকৃত কবিত্বের পরিচায়ক।

প্রথম গুণগায়ক নৃসিংহ তর্কপঞ্চানন প্রেমচন্দ্রের জন্মাবধি কবিত্বশক্তি সম্বন্ধে যে কথা বলিয়াছিলেন, তদুপযোগী তাঁহার রচিত একখানি পূর্ণ কাব্যগ্রন্থ পাঠকগণের সম্মুখে উপস্থিত করিতে পারিলাম না সত্য, কিন্তু তাঁহার বিরচিত যে দ্বিশতাধিক কবিতা সমুদ্ধৃত হইল, এইগুলি মনোযোগপূর্ব্বক পাঠ করিলে সহৃদয় পাঠক বিমল কাব্যামোদ উপভোগ করিতে সমর্থ হইবেন আশা করা যায়। বিভিন্ন রসের এই কবিতা-গুলিতে জীবতত্ত্ব, জগৎতত্ত্ব, সমাজতত্ত্ব, সত্যভাব, ধর্ম্মভাব, মার্জ্জিতরুচি, ভাষাচাতুর্য্য ও গভীরভাবসৌন্দর্য্য প্রচুর পরিমাণে সন্নিবিষ্ট রহিয়াছে দেখিতে পাওয়া যায়। ইঁহার গঙ্গাস্তোত্রটী পূর্ব্বতন কবিগণের বিরচিত স্তব অপেক্ষা কোন অংশে নিকৃষ্ট বোধ হয় না, বরং স্থানে স্থানে সমুন্নত নূতন ভাবের অবতারণা দেখিয়া মোহিত হইতে হয়। ফলে প্রকৃত সাহিত্য-সেবী প্রেমচন্দ্রের জীবনই একটী কাব্য বলিলে অত্যুক্তি হইবে না ; এই কাব্য নিতান্ত নীরস ও নিরানন্দ বোধ হইবে না। ইহাতে জ্ঞান, ভক্তি, কর্ম্ম ও ধর্ম্মভাবের অদ্ভুত স্ফূর্ত্তি দেখা যাইবে। এই কাব্য সম্বন্ধে যাহা কিছু বলা হইল, তাহাতে আমার কোনপ্রকার কল্পনার আশ্রয় লইতে হয় নাই। পণ্ডিতের জীবনচরিত সম্বন্ধে সমস্ত কথা আজকাল প্রীতিকর হইবে কিনা ভাবিয়া প্রকৃত কথা বলিতেও বরং স্থানে স্থানে সঙ্কোচভাব অবলম্বন করিতে হইয়াছে।

ধর্ম্মভাবে প্রেমচন্দ্রের ভক্তি ও নিষ্ঠার তেজ বিলক্ষণ বলবত্তর দেখা যায়। কোন সিদ্ধ ও ভক্ত কবির মত “হস্তমুৎক্ষিপ্য যাতোহসি বলাৎ কৃষ্ণ ! কিমদ্ভুতম্। হৃদয়াৎ যদি নির্য্যাসি পৌরুষং গণয়ামি তে ॥" এইরূপ অথবা সিদ্ধ ও সাহসী কবি

রামপ্রসাদের মত "ভক্তির জোরে কিনতে পারি ব্রহ্মময়ীর জমিদারী" ইত্যাকার জোরের উক্তি প্রেমচন্দ্রের রচনায় লক্ষিত হয় না। সত্য, কিন্তু ইহাঁর প্রার্থনায় যেরূপ বিনীতভাব দেখা যায়, তাহা সমধিক প্রীতিপদ বলিয়া বোধ হয়। গঙ্গাস্তোত্র-শেষে জগৎসাম্রাজ্যসুখ চাহি না, ধনদারাপত্য সম্পত্তি চাহি না, সময় উপস্থিত হইলে পার্থিব দেহপাতের নিমিত্ত তট-প্রদেশে জলস্থলে কিঞ্চিন্মাত্র স্থান যেন পাই বলিয়া প্রেমচন্দ্রের প্রার্থনা জ্ঞানীর প্রার্থনামত অতি সুন্দর বোধ হয়। তাঁহার এই প্রার্থনা পূর্ণ হইয়াছিল, এবং পূর্ণ হইবার উপক্রমেই তাঁহার অপার মনস্তুষ্টি বুঝা গিয়াছিল।

হিন্দুধর্ম্মাবলম্বীদের বহু সম্প্রদায় দৃষ্ট হয়। কোন প্রকার ধর্ম্মসম্প্রদায়ে প্রেমচন্দ্রের বিরাগ ছিল না। তাঁহার সমক্ষে রাম, হরি, হর বা ভবানীর পরিচয় সকলেই সমভাবে সম্মানার্হ বলিয়া প্রতীয়মান হয়। রাঘবপাণ্ডবীয় কাব্যের প্রথমে পরম পুরুষ শ্রীরামের, কুমারসম্ভবে কুমারজননী শ্রীভবানীর, মুকুন্দমুক্তাবলী ও চাটুপুষ্পাঞ্জলিতে শ্রীকৃষ্ণের, এবং কাব্যাদর্শ আদি গ্রন্থে শ্রীবাগ্‌দেবীর স্তুতিবাদসূচক প্রেমচন্দ্রের কবিতাগুলি যথোপযুক্ত ও সহৃদয়সম্মত বলিয়া বোধ হয়।

পাশ্চাত্য শিক্ষা ও কর্ম্মশীলতার প্রবর্ত্তনে চারিদিকে মহাবিপ্লব উপস্থিত হইলেও প্রেমচন্দ্রকে নিয়ত অটল অচল দেখা যাইত। কলিকাতা হইতে স্বগ্রামে যাইবার কালে একবার হাবড়ায় টিকিট কিনিবার পরেই বর্দ্ধমানের গাড়ি ছাড়িয়া দেয়, কাহারও আরোহণ করা ঘটে নাই। তখনকার নিয়মানুসারে প্রতিদিন একটীমাত্র গাড়ি বর্দ্ধমানে যাইত। যে টিকিটগুলি ঐ দিন খরিদ করা হইয়াছিল, তাহার মূল্য ফেরত পাওয়া যায় নাই। বাসায়

প্রত্যাবর্ত্তন সময়ে তর্কবাগীশ বলিলেন—পূজার সময়ে এতগুলি টাকা "ন দেবায় ন ধর্ম্মায়" গেল, কেবল সাহেবদের পেটে পড়িল। ইহা শুনিয়া তাঁহার অন্যতম ভ্রাতা বলিয়া উঠিলেন—"পড়িবে না কেন? এই সকল কাজে একটু ত্বরার প্রয়োজন; আপনি ত আপনার সাবেক চাল্ ছাড়িতে পারিবেন না; আহারান্তে পান খাইয়া যে কয়েকটী কুল্‌কুচা করিবার বরাদ্দ আছে, আজ তাহারও একটীমাত্র কম করেন নাই।" তর্কবাগীশ বলিলেন—"সরকারী কার্য্যে বাষ্পীয় বৈদ্যুতিক শক্তি সঞ্চালিত হইল বলিয়া আমাদের চিরসেবিত শৌচাশৌচ কর্ম্মেও কি তাহা চালান যাইতে পারে? তবে যেরূপ দেখিতেছি,—অনতিবিলম্বে সকলপ্রকার ধর্ম্মকর্ম্মেও সংক্ষিপ্ত বন্দোবস্ত জারি হইবে। সময়স্রোতের প্রবলতা দেখিয়া বিস্মিত হইতে হইয়াছে; যাহা হউক, কর্ত্তব্যের অনুষ্ঠানে শিথিলযত্ন হইতে পারা যাইবে না, ইহাতে ঐহিকের ব্যাঘাত হয় হউক।" ফলে সর্ব্বাবস্থায় এবং সর্ব্বপ্রকার সময়সঙ্কটেও ধর্ম্মভাবে প্রেমচন্দ্রকে ধীর ও স্থিরলক্ষ্য দেখা যাইত। জ্ঞান ও আধ্যাত্মদর্শন বলে ধর্ম্মের পবিত্র পথে তিনি নিরত অগ্রসর ও জাগরূক থাকিতেন; বলিতেন—লোক যখন নিষ্ক্রিয়, নিশ্চেষ্ট, তখনও প্রকৃতি এবং প্রত্যেকের সুষুম্নার কার্য্য অব্যাহতরূপে চলিয়া থাকে, কাজেই নিষ্ক্রিয় ও অনবহিত হইলে লোক লক্ষ্যভ্রষ্ট হয়; ভ্রষ্টলক্ষ্যের ভ্রমপ্রমাদ পদে পদে ঘটিয়া থাকে। নরোপাসনায় বারম্বার ভ্রমপ্রমাদের মার্জ্জনা হয় না, অমরোপাসনায় জরঠ, ভ্রান্ত ও মোহান্ধের পরিত্রাণের প্রত্যাশা কি? মোহান্ধকার অপসারিত না হইলে ঠিক্ গন্তব্য স্থানে স্থিরভাবে উপনীত হওয়া যায় না।

পরিশিষ্ট।

পূজ্যপাদ শ্রীযুক্ত রামক্ষয় চট্টোপাধ্যায় এই পুস্তকে যে মহাপুরুষের কথা লিখিয়াছেন, তিনি যে কি ছিলেন ; তাহা তাঁহার ছাত্রবৃন্দের মধ্যে কেহই বলিয়া শেষ করিতে পারিবেন না। সে অগাধ জলে কেহই থাই পাইবেন না, সে মহাপুরুষের কথা বলিয়া কাহারও ক্ষোভ মিটিবে না। এই ক্ষুদ্র পুস্তকে ৺প্রেমচন্দ্রের বিষয় যাহা লিখিত হইয়াছে, তাহা সেই পূর্ণচন্দ্রের এক কলামাত্র। পূজ্যপাদ লেখক মহাশয় সেই প্রাতঃস্মরণীয় নরদেবতার প্রাণাধিক কনিষ্ঠ সহোদর ; তিনি গৃহদেবতার পূজার ভার অন্য পূজারীর হস্তে না দিয়া, সেই কাজ স্বয়ং করিয়া ভালই করিয়াছেন। তাঁহার পূজা অসম্পূর্ণ হইলেও তাঁহার ভক্তির গুণেই পূর্ণ হইয়াছে। শিবতুল্য জ্যেষ্ঠের বিষয়ে ভক্তিমান্ কনিষ্ঠ ভ্রাতা যাহা জানিবেন, যাহা বলিবেন, তাহার অধিক আর কে জানিতে ও বলিতে পারিবে ?

"দুর্লভঃ সদ্গুরুর্দেবি ! শিষ্যসন্তাপহারকঃ"—সে সদ্গুরু আর মিলিবে না, তাই তাঁহার কথা মনে হইলে প্রাণ আকুল হয়। বিশেষতঃ তিনি আমার আবাল্য-পরিচিত পিতৃবন্ধু ছিলেন। তাঁহার জীবনচরিত-লেখকের ন্যায় তিনি আমারও গৃহদেবতা। সে দেবতাকে পূজা করিতে কখনই ভুলিব না

কলিকাতায় তাঁহার বাসা ও আমাদের বাসা পাশাপাশি ছিল। এজন্য সর্ব্বদাই তাঁহাকে দেখিয়াছি, তাঁহার আলাপ শুনিয়াছি। সেরূপ দেবমূর্ত্তি-দর্শন ও সেরূপ দৈববাণী শ্রবণ আর কোথাও ঘটিবে না। জ্ঞান হয় যেন সেদিনকার কথা, একদিন তিনি আমাদের বাসায় আমার পিতৃদেবের কাছে বসিয়া ভগবৎ-সঙ্গীত শ্রবণ করিতেছিলেন, আর আমি সারারাত্রি উভয়কে বাতাস করিয়াছিলাম; সে হরি-হর যুগলমূর্ত্তি দেখিয়া ও বাতাস করিয়া আমার আশা মিটে নাই।

আমার সেই পিতৃপ্রতিম গুরুদেবের ব্রহ্মমূর্ত্তি যিনি একবার দেখিয়াছেন, তিনি কি আর কখনও ভুলিতে পারিবেন? তিনি সাক্ষাৎ অরুনদেবের ন্যায় তাম্রমূর্ত্তি ছিলেন। প্রাতে গঙ্গাস্নান করিয়া পথে চলিয়া যাইলে, লোকে অরুণোদয় না দেখিয়া তাঁহাকেই দেখিত, তাঁহাকে দেখিলে অন্ধকারের ন্যায় অপবিত্র ভাবসকল তিরোহিত হইত। তাঁহার যেমন আকৃতি তেমনি প্রকৃতি ছিল। “যত্রাকৃতিস্তত্র গুণা বসন্তি”—এ বাক্যের তিনি প্রকৃত দৃষ্টান্তস্থল। তদীয় বিদ্যা ও কবিত্ব প্রভৃতির বিষয় পাঠকগণ এই পুস্তকে যথেষ্ট পরিচয় পাইবেন। দেবভাষায় তিনি যে সকল মহারত্ন উদ্ধার করিয়া গিয়াছেন, তাহার এক একটী তাঁহার অক্ষয় কীর্ত্তিস্তম্ভ। সুতরাং সে বিষয়ে আর কিছু বলিবার প্রয়োজন নাই। এস্থলে কেবল তাঁহার আশ্চর্য্য প্রকৃতির বিষয়ে একটী ঘটনা বলিতেছি;—

আমাদের যে বাটীতে বাসা ছিল, তথায় রামতারক রায় নামে একজন কবিরাজ থাকিতেন। তিনি বড় আমুদে লোক ছিলেন, তাঁহার অমায়িকতায় ও সুচিকিৎসায় সকলেই তাঁহাকে

ভাল বাসিত। দৈবঘটনায় তিনি ভয়ানক উন্মাদরোগে আক্রান্ত হইলেন এবং বারংবার আত্মহত্যার চেষ্টা করিতে লাগিলেন। তাঁহার অবস্থা দেখিয়া আমরা ভয় পাইলাম।

কবিরাজ সকলকার চেয়ে আমাকেই অধিক ভাল বাসিতেন, সেই উন্মাদের অবস্থায়ও আমার কথা একটু আধটু শুনিতেন। আমি নানা কৌশলে তাঁহাকে একদিন তর্কবাগীশের কাছে লইয়া গেলাম। আশ্চর্য্যের বিষয় এই,—তর্কবাগীশকে দেখিবামাত্র তিনি গললগ্ন-বস্ত্রে কৃতাঞ্জলিপুটে হাঁটু পাতিয়া বসিলেন। কিয়ৎক্ষণ তর্কবাগীশও কিছু বলিলেন না, পাগলও অবাক্ হইয়া তাঁহাকে দেখিতে লাগিলেন; উভয়কে ঐরূপ অবস্থায় দেখিয়া আমার জ্ঞান হইল যেন চিত্রপটে বিষ্ণুর সম্মুখে গরুড়ের মূর্ত্তি দেখিতেছি। আমি সেখান হইতে বাহিরে আসিয়া পাগলের আগমন প্রতীক্ষা করিতে লাগিলাম। অনেকক্ষণ পরে তিনি বাহিরে আসিলে তাঁহাকে বাসায় লইয়া আসিলাম। তদবধি তাঁহার অবস্থার আশ্চর্য্য পরিবর্ত্তন দৃষ্ট হইল। তাঁহাকে আর চৌকী দিতে হইত না, তাঁহার সে উন্মাদের ভাব একেবারেই দূর হইল। কয়েকদিন পরেই তিনি তর্কবাগীশের নিকট ইষ্টমন্ত্রে দীক্ষিত হইলেন। তদবধি তিনি যথাসময়ে সাংসারিক কর্ত্তব্য পালন করিতেন এবং অবশিষ্ট সময় বিজনে বসিয়া অতি সংযতভাবে ইষ্টমন্ত্র জপ করিতেন।

হা গুরুদেব! তুমি কি পতিতপাবনী শক্তি লইয়াই অবনীতে অবতীর্ণ হইয়াছিলে! তোমার দর্শনলাভে আত্মহত্যাকারী উন্মাদগ্রস্ত পাগলও প্রকৃতিস্থ হইল!

“সাধুনাং দর্শনং পুণ্যং তীর্থভূতা হি সাধবঃ।
তীর্থং ফলতি কালেন সদ্যঃ সাধুসমাগমঃ” ॥

সাধুর দর্শনমাত্রে পাপক্ষয় হয়,
তীর্থের অধিক সাধু জানিবে নিশ্চয়,
ফলিতে তীর্থের ফল বিলম্ব হইবে,
সাধুসঙ্গ-ফল কিন্তু সদ্যই ফলিবে।

এই মহাবাক্য তুমিই সপ্রমাণ করিয়া গিয়াছ। সাধুপুরুষে যে দেবত্ব থাকে, তাহা তুমি দেখাইয়াছ।

তোমার দীনবাৎসল্যের কথা কি বলিব? কত শত নিরাশ্রয় ব্যক্তি তোমার আশ্রয়ে থাকিয়া অন্ন ও বিদ্যা লাভ করিয়াছে। তোমার কবিত্বের কথা কি বলিব? আহিতাগ্নি ঋষির যজ্ঞকুণ্ডে পবিত্র হোমাগ্নির ন্যায় দিব্য কবিত্ব-প্রতিভা তোমার হৃদয়ে চির-প্রজ্বলিত ছিল। তোমার ৺কাশীলাভের সংবাদ পাইয়া আমি বলিয়াছিলাম,—আজি এদেশের গুরুকুল নির্ম্মূল হইল; ৺প্রেমচন্দ্র তর্কবাগীশ এদেশের আচার্যকুলের শেষ প্রদীপ ছিলেন। ইতি—

কলিকাতা।
২৫, পটলডাঙ্গা ষ্ট্রীট।
১৫ই পৌষ। ১২৯৮।

পরমারাধ্য ভগবৎপূজ্যপাদ ৺গুরুদেবের
পাদানুধ্যাত
শ্রীতারাকুমার শর্ম্মা।

তর্কবাগীশের মৃত্যু সমাচার শুনিয়া প্রোফেসর ই, বি, কাউয়েল সাহেব মহোদয় সংস্কৃত বিদ্যালয়ের ভূতপূর্ব্ব সহকারী অধ্যক্ষ ৺সোমনাথ মুখোপাধ্যায়কে নিম্নলিখিত পত্রখানি লিখিয়াছিলেন;—

BOLTON HILL, IPSWITCH,
20th August 1867.

I was much grieved to hear that my old friend and teacher Prem Chandra Tarkavagisa was dead. I shall always remember him with great respect and affection. He was a surely great scholar, and I look back with deep interest to my intercourse with him. He was a truly learned man, and he loved learning for its own sake. I wish exceedingly that I had had his Photograph and I deeply regret that I neglected it while it was in my power to get one, * * * * *

E. B. COWELL.

প্রথম মুদ্রিত কয়েকখানি জীবনচরিত পাইয়া শ্রীযুক্ত কাউবেল সাহেব মহোদয় আমায় যে একখানি পত্র লিখিয়াছেন তাহারও কিয়দংশ নিম্নে উদ্ধৃত হইল।

CAMBRIDGE,
April 5th, 1892.

MY DEAR FRIEND,—

Your kind letter and your most interesting memoir of Prem Chandra Tarkavagisa quite affected me when I received them. They overpowered me with a flood of old memories. They carried me back to the Sanskrit College, and to the Alaṇkāra Class Room nearly 30 years ago;—it all returned to my mind as fresh as if it had been yesterday &c., &c., &c. I thank you most sincerely for sending me these copies of your memoir. I have sent copies to Dr. Weber and to Dr. Roth, the two most eminent Sans-

krit scholars in Germany and I have given some to our English Sanskritists, &c., &c., &c., &c., of course in England we have not such opportunities of studying Alankara. Our attention is more given to the Rig Veda and to Panini; still every scholar feels the fascination of Kavya. &c., &c., &c., &c. I often quote those beautiful lines in the Hitopadesa to English classes and never without awaking their interest.

> "Two fruits of heavenly flavour
> Grow e'en on life's bitter poison tree,
> The friendship of the noble heart
> And thy rich clusters, Poetry!"

* * * *

I always hope that some year I may spend a cold season in Calcutta again before I die, see the Sanskrit College and renew the old days. I have tried to put my feelings into a Sloka which I venture to put into this letter.

बिद्यालयो निर्जरयौबनः क्व
काव्यं च नित्यामृतभोगबर्षि ।
क्वाहं च जीर्णो बलधीबिहीनो
निःसारतां देहभृतां धिगेब ॥

Thanking you once more for sending me the memoir.

I remain,
Yours very sincerely,
E. B. COWELL.

To
PANDIT RAMAKSHAY CHATTERJEE.
101, Tultola Lane, Calcutta.

সোমপ্রকাশ। ২৬এ চৈত্র, ১২৭৩ সাল।

৺ প্রেমচন্দ্র তর্কবাগীশ।

বঙ্গদেশ আর একটী পণ্ডিতরত্ন হারা হইলেন। কলিকাতা সংস্কৃত কলেজের ভূতপূর্ব্ব অলঙ্কারশাস্ত্রাধ্যাপক প্রেমচন্দ্র তর্কবাগীশ মহাশয় দেহত্যাগ করিয়াছেন। আমরা এই সমাচার লিখিতেছি, কেবল যে আমাদিগের নয়নযুগল অশ্রুজলে পূর্ণ হইতেছে এরূপ নয়, যাঁহারা এ সমাচার পাঠ করিবেন, যাঁহারা এ সমাচার শ্রবণ করিবেন, সকলকেই দীর্ঘনিশ্বাস পরিত্যাগ ও অশ্রুমোচন করিতে হইবে। আজি কালি ইহাঁর তুল্য সংস্কৃত শব্দশাস্ত্রে ব্যুৎপন্ন লোক মিলা ভার। ইহাঁর অলঙ্কারশাস্ত্রে মার্জ্জিত বিদ্যা ও বিলক্ষণ কবিত্বশক্তি ছিল। কালিদাসাদির ন্যায় ইহাঁর কৃত কবিতা পাঠ করিলে শরীর রোমাঞ্চিত হয়। ইহাঁর তুল্য ভাবুক অল্প লোক আমাদিগের নয়নগোচর হইয়াছেন। "কাব্যশাস্ত্রবিনোদেন কালো গচ্ছতি ধীমতাং" ইনি এই শ্লোকার্দ্ধের প্রকৃত উদাহরণস্থল ছিলেন। এক ক্ষণও ইহাঁর শাস্ত্রালোচনায় বিরক্তি ছিল না। ইনি নিয়ত কাল ছাত্রদিগকে অধ্যয়নকার্য্যে উৎসাহ দান করিতেন; কেহ একটী ভাল কবিতা করিলে কিম্বা ভাল রচনা করিলে ইহাঁর আনন্দের পরিসীমা থাকিত না।

ইহাঁর আর কতকগুলি অসাধারণ গুণ ছিল, সেগুলি স্মৃতিপথে উদিত হইলে চিত্ত একান্ত আর্দ্র হইয়া উঠে। তাঁহার যেরূপ দয়া, বিনয়, সৌজন্য ও ঔদার্য্য ছিল, তাঁহার সম্প্রদায়ে লোকের সচরাচর দেখিতে পাওয়া যায় না। বিনয়ের সঙ্গে

তাঁহার বিলক্ষণ তেজস্বিতাও ছিল। তিনি দীনবচনে কখনও কাহার উপাসনা করেন নাই। হিন্দুধর্ম্মে তাঁহার অতিশয় শ্রদ্ধা ছিল। কপট ব্যবহার তাঁহার নিকটে কখন স্থানপ্রাপ্ত হয় নাই।

চারি বৎসর অতীত হইল, তিনি কালেজের অধ্যাপনাপদ পরিত্যাগ করিয়া কাশীধামে বাস করিয়াছিলেন। এ অবস্থাতেও তাঁহার অধ্যাপনার বিরাম ছিল না। প্রতিদিন ৩০।৩২ জন ছাত্র তাঁহার নিকটে অধ্যয়ন করিত। ১০ই চৈত্র ওলাউঠা রোগ হয়। ১২ই চৈত্রে উক্ত কাশীধামেই তিনি মানবলীলা সংবরণ করিয়াছেন।

জেলা বর্দ্ধমানের অন্তর্গত থানা রায়নার দক্ষিণ শাকনাড়া গ্রাম ইহাঁর জন্মভূমি। ইনি ১৭২৭ শকের বৈশাখ মাসের ২য় দিবসে জন্মগ্রহণ করেন। ইহাঁর পূর্ব্বপুরুষেরা সকলেই প্রায় সংস্কৃত-শাস্ত্রব্যবসায়ী ছিলেন। তন্মধ্যে এক এক জন এক এক বিষয়ে অদ্বিতীয় পণ্ডিত হইয়া যান। ইহাঁর বৃদ্ধ প্রপিতামহ মুনিরাম বিদ্যাবাগীশ স্মৃতি, ন্যায়, ও অলঙ্কারশাস্ত্রে অতিশয় পণ্ডিত ছিলেন।

উক্ত মুনিরামের সহোদর (১) রামচরণ তর্কবাগীশ অলঙ্কার ও দর্শনশাস্ত্রের প্রসিদ্ধ পণ্ডিত ছিলেন। তিনি সাহিত্যদর্পণ নামক অলঙ্কার গ্রন্থের টীকা করেন। সেই টীকা বাঙ্গালা, হিন্দুস্থান প্রভৃতি সর্ব্বপ্রদেশে সমাদৃত হইয়াছে। এজন্য অলঙ্কারবিদ্যা ইহাঁদের সিদ্ধবিদ্যা বলিয়া অনেকে নির্দ্দেশ করিয়া থাকেন। তর্কবাগীশ মহাশয়ের প্রপিতামহের ভ্রাতা লক্ষ্মীকান্ত তর্কালঙ্কার নানা শাস্ত্রে অতিশয় ব্যুৎপন্ন ছিলেন। বিশেষতঃ ব্রাহ্মণ্যানুষ্ঠানে

---

(১) 'সহোদর' নহেন, জ্ঞাতি ভ্রাতা। রামাক্ষয়।

তাঁহার সদৃশ লোক তৎকালে অতি অল্প ছিল। ইহাঁদের রচিত অলঙ্কার ও স্মৃতিশাস্ত্রের অনেক গ্রন্থ ছিল, কিন্তু মহারাষ্ট্রীয়দিগের উৎপাতে (যাহাকে বর্গীর হাঙ্গামা বলে) এবং বন্যার উপদ্রবে সমুদায় গ্রন্থ নষ্ট হইয়াছে। রামনারায়ণ ভট্টাচার্য্য তর্কবাগীশ মহাশয়ের পিতা। তিনিও সংস্কৃতব্যবসায়ী ছিলেন, কিন্তু অল্পকালে পিতৃবিয়োগ হওয়াতে তাঁহার অধ্যয়নের ব্যাঘাত জন্মিয়া ছিল। রামনারায়ণ ভট্টাচার্য্য তাদৃশ বিদ্বান্ ছিলেন না বটে, কিন্তু তিনি অতিশয় দয়ালু, মিষ্টভাষী, পরোপকারী ও নম্রস্বভাব এবং অতিথিসেবায় সবিশেষ অনুরক্ত ছিলেন। স্বগ্রামস্থ হউক, কি ভিন্ন গ্রামস্থ হউক, দুই প্রহরের পর বাটীতে আসিলে তাহাকে অভুক্ত জানিলেই অতিথি বোধে যথাশক্তি আহার প্রদান করিতেন।

তর্কবাগীশ মহাশয়ের জন্মক্ষণে এক শুভ ঘটনা হয়। নসীরাম ভট্টাচার্য্য নামক ইহাঁদিগের এক জ্ঞাতি ছিলেন। তাঁহার সহিত ইহাঁর পিতার শত্রুতা ছিল। তিনি জ্যোতির্ব্বিদ্যায় বিলক্ষণ ব্যুৎপন্ন ছিলেন। তর্কবাগীশ মহাশয়ের জন্মকালে তিনি লগ্ন স্থির করিয়া বিস্ময়াপন্ন হইয়া বলিয়াছিলেন, আমাদের গোত্রে দ্বিতীয় কালিদাস জন্মগ্রহণ করিল। তদবধি নসীরাম শত্রুতা পরিত্যাগপূর্ব্বক তর্কবাগীশের প্রতি বাৎসল্যভাব প্রকাশ করিয়া লালনপালন করিতে লাগিলেন। তাঁহার নিকটেই তর্কবাগীশের বিদ্যারম্ভ ও সংক্ষিপ্তসার ব্যাকরণের কিয়দংশ অধ্যয়ন হয়। তৎপরে জাহানাবাদ পরগণার অন্তর্গত রঘুবাটী গ্রামে সীতারাম বিদ্যাসাগরের নিকটে ব্যাকরণের মূল পাঠ হয়। পরে মল্লভূম পরগণার অন্তর্গত ছুয়াড়ি গ্রামবাসী অশেষগুণরাশি জয়গোপাল তর্কভূষণের নিকট ব্যাকরণের সমগ্র টীকা ও ভট্টির কয়েক সর্গ এবং অমর-

কোষ অধ্যয়ন হয় তর্কবাগীশ মহাশয় বুদ্ধিমত্তা ও মিষ্টভাষিতাদি গুণে তর্কভূষণের অতিশয় প্রিয়পাত্র হন। তিনি ইতস্ততঃ নিমন্ত্রণে যাইবার সময়ে তর্কবাগীশকে সমভিব্যাহারে লইয়া যাইতেন। পথিমধ্যে যাইতে যাইতে এক এক সমস্যা দিতেন, তর্কবাগীশ শ্লোক রচনা করিয়া সমস্যা পূরণ করিতেন। এইরূপে অল্পকালের মধ্যেই কবিতা রচনা করা অভ্যাস হয়।

তর্কবাগীশ মহাশয় ২০।২২ বৎসর বয়ঃক্রমকালে সংস্কৃত কালেজে অধ্যয়ন করিবার মানসে কালেজের তদানীন্তন অধ্যক্ষ উইলসন সাহেবের নিকট উপস্থিত হন। সাহেব তাঁহার মস্তক দর্শনে তাঁহাকে বুদ্ধিমান্ জানিতে পারিয়া কৌতুকাবিষ্ট হইয়া শ্লোক রচনা করিতে বলেন। তর্কবাগীশ মহাশয় অতি অল্পকালমধ্যেই ১ শ্লোকে কালেজের ও অপর ৩ শ্লোকে সাহেবের বর্ণনা করিলেন। তাহাতে সাহেব সন্তুষ্ট হইয়া তাঁহাকে কাব্যের গৃহে অধ্যয়নার্থ নিয়োজিত করিলেন। তিনি কালেজে ৪ বৎসর মাত্র অধ্যয়ন করিয়াছিলেন। ইহার মধ্যেই কাব্য, অলঙ্কার ও স্মৃতি পড়িয়া ন্যায়শাস্ত্র পড়িতে আরম্ভ করেন। এমৎ সময়ে অলঙ্কারের অধ্যাপক নাথুরাম শাস্ত্রী অবকাশ লইয়া কাশীধামে গমন করিলেন। উইলসন সাহেব তর্কবাগীশ মহাশয়কে তাঁহার পদে প্রতিনিধিরূপে নিযুক্ত করিলেন। নাথুরাম শাস্ত্রীর কাশীপ্রাপ্তি হইলে তৎপদে তর্কবাগীশ মহাশয় স্থায়ী হইলেন। তিনি উক্ত পদ পাইয়াও অধ্যয়নে বিরত হয়েন নাই। কালেজের অলঙ্কার পাঠনা যথাসময়ে করিয়া প্রাতে ও রাত্রিতে ন্যায়, স্মৃতি, বেদান্ত ও অধিকরণমালা প্রভৃতি ৯।১০ বৎসর অধ্যয়ন করিয়াছিলেন। তৎকালে মল্লিনাথকৃত রঘুবংশের টীকা কালেজে ছিল না।

এইজন্য উইলসন সাহেবের আদেশানুসারে প্রথম রামগোবিন্দ, পরে নাথুরাম, তাহার রচনায় প্রবৃত্ত হন, শেষে তর্কবাগীশ মহাশয় তাহার শেষ করেন। তর্কবাগীশ মহাশয় পূর্ব্বনৈষধ, রাঘবপাণ্ডবীয় অষ্টম কুমার, সপ্তশতীসার (যাহাতে মার্কণ্ডেয় পুরাণান্তর্গত চণ্ডীর সার সংগৃহীত হইয়াছে), চাটুপুষ্পাঞ্জলি, মুকুন্দমুক্তাবলী গ্রন্থের টীকা করিয়া উক্ত গ্রন্থ সকল সর্ব্বত্র প্রচলিত করিয়াছেন। দণ্ড্যাচার্য্যকৃত কাব্যাদর্শ নামক প্রাচীন অলঙ্কার গ্রন্থ একবারে লুপ্তপ্রায় হইয়াছিল। তর্কবাগীশ মহাশয় বিস্তারিত ও বিশদ বৃত্তি করিয়া সেখানি পুনর্জ্জীবিত করিয়াছেন। শকুন্তলা, উত্তরচরিত ও অনর্ঘ্য রাঘবের টীকা করিয়া পাঠের ও পাঠনার পক্ষে বিশেষ সুবিধা করিয়া দিয়াছেন। এতদ্ভিন্ন তিনি কয়েক খানি নূতন গ্রন্থ করিতে আরম্ভ করিয়াছিলেন! কিন্তু কোনও কারণে তাহা সম্পূর্ণ হয় নাই। শালিবাহন-চরিত প্রথম, ইহা মহাকাব্য হইত, ইহার চতুর্থ সর্গ পর্য্যন্ত রচিত হইয়াছে। দ্বিতীয়, নানার্থসংগ্রহ নামক অভিধান, ইহাতে অকারাদিক্রমে মকারাদি শব্দ পর্য্যন্ত সংগৃহীত হইয়াছিল। সম্প্রতি একখানি নূতন অলঙ্কার গ্রন্থ আরম্ভ করিয়াছিলেন। উহার দুই পরিচ্ছেদ মাত্র লিখিত হইয়াছে।

তাঁহার ৬১ বৎসর বয়স হইয়াছিল, কিন্তু শরীর বিলক্ষণ সবল ছিল। তিনি কিঞ্চিৎ খর্ব্বাকৃতি ছিলেন, কিন্তু অবয়ব সুগঠিত ছিল। বর্ণ উজ্জ্বল শ্যাম, ললাট উন্নত, ও আকৃতি লাবণ্যপূর্ণ। ফলতঃ তাঁহার মূর্ত্তিটী অতিশয় সৌম্য ছিল, তদ্দর্শনে অপরিচিত ব্যক্তিরও অন্তঃকরণে স্নেহাদ্রভাবের উদয় হইত। কখন তাঁহার বদন বিরস ও অন্তঃকরণ বিষণ্ণ দেখা যায় নাই। বারাণসীতে বাসকালে তাঁহার এই সকল গুণে বশীভূত হইয়া হিন্দুস্থানীয়

ছাত্রেরা বাঙ্গালির প্রতি স্বভাবজাত ঘৃণা পরিত্যাগ পূর্ব্বক পাঠ স্বীকার করিয়াছিলেন।

তাঁহার একটী ছাত্র তাঁহার মৃত্যুর সমাচার শ্রবণে দুঃখিত হইয়া বিলাপষট্‌ক নামে যে ছয়টী উৎকৃষ্ট সংস্কৃত কবিতা ও আর এক ছাত্র বাঙ্গালায় তাহার যে অর্থ করিয়াছেন, তাহা এস্থলে উদ্ধৃত হইল।

বিলাপ-ষট্‌কম্।

(১)

পীতং যস্য সদা মুখাদ্বিগলিতং প্রোন্মীলনং চেতসাং
সানন্দং কবিতামৃতং নবরসোল্লাসৈকসারং পুরা।
পাদা যস্য চ সেবিতা দ্বিজকুলৈরস্তেবসদ্ভির্গতঃ—
সোহয়ং প্রেমসুধানিধির্বিবিবশাদস্তং প্রচেতোদিশি ॥

(২)

বিমুক্তৈ্য পুণ্যাত্মন্! শশধরশিরোধাম রসত-
স্তবোদন্তৈঃ ক্ষেমৈঃ কথমপি নিরুদ্ধাতনুশুচঃ।
বিহায়াস্মানেবং বত! বিলপতঃ শোকবিধুরা-
নিদানীং যাতোহসি ক নু গুণনিধে! নিষ্কৃপ ইব ॥

(৩)

প্রাপ্তাধুনা রসিকতে ! ত্বমনাশ্রয়ত্বং
বিদ্যালয় ! ত্বমসি রে মুষিতৈকরত্নঃ।
যাতে গুরৌ দিবমপেতরুচিশ্চিরায়া-
লঙ্কার রে বত ! পুরা কমলঙ্করোষি ॥

(৪)

সাহায্যার্থং ক্ষণমিহ বসদ্‌যস্য সখ্যানুরোধাৎ
হস্তালম্বং বিবিধবিবৃতৌ রে কবিত্বাদদস্ত্বম্।
তস্মিন্ যাতে তব সহচরে দূরমুদ্গীতকীর্ত্তৌ
দেশাদস্মাদ্গমনমধুনা কো নিরোদ্ধুং ক্ষমস্তে ॥

(৫)

সুকবৌ ভাবরসজ্ঞে গতবতি ভবতীহ নামশেষত্বম্
যাতা সা রসবাণী শশধরইব কৌমুদী নাশম্ ॥

(৬)

চরমঃ পরমং গতস্য তে পদমারাধ্যপদেষু সম্ভৃতঃ।
অয়মেব বিলাপপুষ্পকৈরুপনীতো গুরুদক্ষিণাঞ্জলিঃ ॥

আশ্রবান্তেবাসিনঃ
শ্রীহরিশ্চন্দ্র শর্ম্মণঃ।

(বিলাপষট্‌কের অনুবাদ।)

মুখ-বিগলিত যাঁর কবিতা-অমৃত-ধার
নবরসে পীযূষ-সমান,
চিত্তের উল্লাসকর মনস্থখে নিরন্তর
সর্ব্বজনে করিয়াছে পান ;
যাঁর পদ অনুক্ষণ অন্তেবাসী দ্বিজগণ
সেবিয়াছে মেলিয়া সকলে,
ওই সেই গুণধর আজি প্রেমসুধাকর
পশ্চিমেতে যান অস্তাচলে।
যবে তুমি মুক্তি-আশে ছিলে দেব ! কাশীবাসে
ছিনু শোক নিরোধিয়া মনে ;
বিরহবিধুর করি কোথা গেলে পরিহরি
আমা সবে বলনা কেমনে ?
রসিকতা ! বল আর আশ্রয় লইবে কার
হারাইলে আজি রে শরণ ;
বিদ্যালয় ! আজি তোর সুখ-নিশা হলো ভোর
হারাইলি অমূল্য রতন।
চারিদিক্ শূন্য করি ভবধাম পরিহরি
গেছে গুরু অমর-সদন ;
বল শুনি অলঙ্কার ! হবি কার অলঙ্কার
কেবা তোরে করিবে ধারণ ?

যাঁর অনুরোধে তুমি আলো করি বঙ্গভূমি
কবিত্ব রে! ছিলে কিছুক্ষণ,
হ'য়ে ছিলে স্থিরতর আদরে যাঁহার কর
নিরন্তর করিয়ে ধারণ;
আজি সেই সহচর ত্যজিলেন কলেবর
শূন্য ক'রে গেলেন সকল,
তুমিও যাইবে শেষ পরিহরি এই দেশ
রাখে কেবা কার হেন বল?
কবিকুল-শিরোমণি রসিকের চূড়ামণি
তুমি দেব! নামশেষ হ'লে,
ভারতী মুদিবে হায়! কৌমুদী মিলা'য়ে যায়
শশী যথা গেলে অস্তাচলে।
ভবব্রত উদ্যাপিয়ে মোহপাশ কাটাইয়ে
গেলে দেব! অমর-সদনে,
কবিতা-কুসুম-হার গাঁথি দিনু উপহার
অবসানে যুগল চরণে।

বিলাপ-ষট্‌কের রচয়িতা শ্রীযুক্ত হরিশ্চন্দ্রের সহিত কাশীধামে সাক্ষাৎ হওয়ায়, তিনি বলিয়াছিলেন, প্রেমচন্দ্রের ভূতপূর্ব্ব বিখ্যাত ছাত্র ৺দ্বারকানাথ বিদ্যাভূষণ স্বয়ং "সোমপ্রকাশে" ছাপাইবার সময়ে এই বিলাপ-ষট্‌ক শ্লোকগুলির বঙ্গানুবাদ করিয়াছিলেন। কাজেই এই অনুবাদের মাধুর্য্য ও বৈচিত্র্য সংরক্ষিত হইয়াছে।

To

THE EDITOR OF THE "PUNDIT."

SIR,

As anything connected with Sanskrit Literature can claim insertion in your celebrated journal, the death of one, who was in the foremost rank of the Hindu literary world, whose name is familiar to Sanskrit scholars, European and Indian, and who has left behind him his works, which are valuable to Sanskrit students, should be prominently noticed in it.

Pundit Prem Chandra Tarkabagish late Professor of Rhetoric Sanskrit College, Calcutta, is dead. This event took place here on the 25th day of last month.

The Hindu republic of letters has thus lost one of its illustrious constituents. His death has made a gap in it, not easy to be filled.

For want of detailed information relating to the career of the learned pundit, we give in a few words a few general facts of his life. He was a Kulin Brahmin of Bengal, an inhabitant of a village in the district of Burdwan. He received the rudiments of his education under private teachers; but he learned the higher branches of literature in the Sanskrit College, Calcutta, in the days of Professor Wilson. He was a favourite scholar with the Professor, as he used to tell us, and won his esteem by his proficiency in Grammar, and by translating Bengali Passages into Sanskrit verse, when the Professor only expected a version in Prose. An anecdote is preserved of his college days, which shows that he was very quick in College Examinations. It was a rule with him to give in his papers before all other Examinees. It happened in one examination that while Professor Wilson was expecting to receive his papers, another pupil gave him his own. Without glancing even on this paper, the learned Professor immediately went to Prem Chandra to ask the cause of his unusual delay. He had been some years in the College, when the Professorship of Rhetoric became vacant. There were many candidates for the much-coveted post, and Prem Chandra was one of them. Professor Wilson rejected all other candidates and appointed his favourite scholar, Prem Chandra to the post. He honourably occupied the Professorial chair for 30 years. After this period he retired from active life, and for the last two or three years he passed his days here with a view to close his life in this sacred spot. This object he obtained.

The literary merits of modern Pundits in general become known to the public by their controversies in assemblies, or by their lectures to their pupils. They seldom devote their time to literary writing. The best opportunity of showing their literary talents in writing would be when they are to present some verses to some great men as Rajas or Princes, or when they are to give their judgments (vyávasthá) in writing. Thus the fame of a Pundit often does not travel beyond his neighbourhood, and dies away with him ; or if it, in some particular case, does not vanish so soon, being preserved through local tradition, friends or pupils, it lasts only a generation or two after him. Besides, the want of literary productions of the Pundits prevents the public from forming any judgment on their merits after death. But such is not the case with the illustrious subject of our writing. The public has not to form any judgment from the reports of his friends or pupils, for he has transmitted to us his works to prove his merits. He used his tongue when in his Professorial chair, but he used his pen when in his closet ; and hence we enjoy the fruits of those labours.

He has not left for us any poetical compositions, for we have enough of that species of writing. Neither has he left for us theological or polemical controversies, for, in these days, they are thought too useless to be read. He has left us a useful kind of writing. He has left us commentaries on difficult poems and dramas. His first essay in this branch of writing, after his academical career, we learn, "a commentary on the first 11 chapters of Naishadha." He did not finish the remaining chapters. His other principal works are commentaries on the "Kávyúdarshá," on the "Rághava Pándaviyá," on the "Murári Nátaka," and on the "Uttara Rámacharita." His minor works are his commentaries on a few chapters of the "Rahuvansha," on the eighth chapter of the "Kumára," and his notes on "Sakuntala," &c., &c., Besides these," he edited numerous works for the public in the Bibliotheca Indica.

In none of these works is he guilty of the charge laid down in the following two lines:—

"Commentators each dark passage shun,
And hold a farthing rush-light to the sun;"

—a charge of which even Mallinatha is guilty in some places of his works.

This is a hurried account of the life and writings of Pundit Prem Chandra Tarkabagish. A little time and proper investigation would bring much interesting matter to light. The friends and relatives of the Pundit should furnish the public, more detailed account.

The day has not come when Indian Boswells will write lives of Indian Johnsons, but the time has certainly arrived when notices of eminent persons should be handled in newspapers and journals.

It is a sacred duty to embalm the memoirs of the illustrious dead, and it was a sense of this sacred duty that urged the writer of this, a dutiful pupil of the deceased, to bring before the public this short account of one who, as a commentator, the first of this age, falls not behind the much celebrated Mallinatha.

A. B. *

BENARES,
The 1st May 1867.

THE "HINDU PATRIOT."

The 22nd May 1867.

THE LATE PUNDIT PREM CHANDRA TARKABAGISH.

[A Biographical Sketch.]

SANSKRIT LITERATURE has lost one of its brightest ornaments and a most devoted votary in Pundit Prem Chandra Tarkabagish, who died of cholera at Benares, on Monday, the 25th ultimo.

The Pundit was born in the year 1806, in a small village called Sáknárá, in the district of East Burdwan, which he has eulogized in several of his poems.

He was descended from a long line of ancestors, whose deep erudition, great piety, and unbounded hospitality are still theme of admiration to the Ghuttucks of Bengal. Sharbeshwar Bhuttacharya,

---

This A. B. is Pundit Adityaram Bhattacharjee, now Mohamohopadhyya, late Professor of Sanskrit, Muir College, Allahabad.

who had emigrated from Bikrampore, in Dacca, during the commencement of the Mahomedan Government, was the head of the family. He performed a *Yajna*, or grand religious ceremony, the like of which, it is said, has not since been celebrated by any one. It was memorialized by a poem at the time from which we quote the following :—

> "নাম্না সর্ব্বেশ্বরঃ প্রাজ্ঞো দানৈঃ কল্পমহীরুহঃ
> অবসথীতি বিখ্যাতো যজ্ঞেঽবসথপালনাৎ ॥"

The descendants of Sharbeshwar were all more or less distinguished for their learning and virtue ; and the most celebrated among them were Moniram, Ramcharan, Ramcanta, Lakshmicanta, Ramshoonder, and Nushyram. True to the duties of the faith they professed and the caste they belonged to, they devoted their lives to the service of their religion, ever engaged in the observance of the numerous, rituals, and imparting freely the knowledge of the *Shastras* to numbers, who resorted to the Colleges or *Chatuspathies* of which they were the heads. Ramcharan was the author of a popular commentary on *Shahityaderpan*, a celebrated work on Rhetoric. Of the last mentioned two Pundits, Ramshoondar was the grandfather, and Nushyram, the grand-uncle, of Prem Chandra.

An anecdote is related regarding the birth of Prem Chandra. Ramnarain and his brother Nushyram were not in good terms, and seldom saw each other. but when Prem Chandra was born in April 1806, Nushyram, who, among other branches of learning, had made astrology a part of his study, prognosticated what the new-born child would be, and flew to Ramnarain to congratulate him on the birth of an heir who, he exclaimed would prove a Kalidása to the family. Such a prediction from a Brahmin devoted to learning was but natural, but it had the good effect of mitigating the enmity of Nushyram towards his brother. He took a fancy to the child, whom he subsequently taught the first rudiments of Grammar.

On the death of Nushyram, Prem Chandra was according to the custom of the country, sent to a *Chatuspathy*. It so happened, however, that his new tutor, one Joy Gopal Turkabhushan of Dwaji-gram, in West Burdwan, though rich in recondite lore, was not in a circumstance to provide board at his own expense for all his pupils. The youthful candidate for knowledge was therefore located in the house of a Brahmin in the same village who promised to supply him with food on condition that he would undertake to give instruction in the elements of Grammar to one of his children. These were hard terms to begin a student's life with, and to a tender youth like Prem Chandra, then only about 14 years old, they appeared particularly so; but his love for learning readily induced him to abide by them. Unfortunately the Brahmin's circumstances were not much better than those of the tutor, and the consequence was that Prem Chandra's allowance of the necessaries of life varied according to the daily earnings of his host; and to make matters worse the Brahmin, though poor, would never accept any pecuniary assistance from Prem Chandra, or his Parents.

Joy Gopal's celebrity as a learned Pundit had spread far and wide, and invitations to *Shrads* and other ceremonials came to him from distant places, and every time he went abroad he took Prem-Chandra with him, which was always a source of grievous hardship to the young pupil; but he cheerfully submitted to them as much to please his tutor, as to prosecute his studies without interruption, which he could not have done if he had remained at the *Chatuspathy* during the absence of the teacher. He never, however, forgot his sufferings, and often in after life recounted them in the most affecting terms. "*Chatuspathy* life," he once said to one of his younger brothers, "is the hardest that a young man can choose; and never can I forget how grievously I suffered from it. Being the youngest of all my fellow students, I was subjected to all the contumely that they could heap on me, and had often patiently to submit to cuffs an kicks. My attention to my lessons and the consequent kind treatment of the *Adhyapaka* had excited their envy; so they would every now and then tear the leaves of my *Puthees*; throw away the oil which I used to keep in store for my nightly study, and what was most annoying, rifle my little purse, of its contents, and thereby deprive me of the means of supplying new books or fresh oil. In addition to these sufferings and vexation, I had frequently to travel long distances with the *Adhyapaka* with swollen feet and pinched belly." "What sustained me in these trials," added he, "was the dread of rebuke from father, if I would be absent from *Chatuspathy*, and the hope of one day making a name in the literary world."

After a stay of several years in the *Chatuspathy* and having finished his elementary studies Prem-Chandra directed his attention to the higher branches of learning, such as Rhetoric, Law, Logic, Philosophy, &c. He had heard the names of those renowned scholars, Nemye Chand Seeromonee, Shumbhoo Bachaspaty, and Nathooram Shastree, who then adorned the chairs of those subjects in the Sanskrit College of Calcutta, and longed to place himself under their able tuition. With this view he came down to the Presidency, and at the age of about 21 became a pupil of that Institution. That great Orientalist, Horace Hayman Wilson, was then its Secretary. When Prem Chandra first appeared before him for admission, Mr. Wilson was struck with his broad commanding forehead and intelligent appearance, and without submitting him to the ordinary examination, asked him if he could compose poetry. The young scholar was nothing loath; he immediately sat down, and wrote a few stanzas in Sanskrit, descriptive of the genius and ability displayed by Mr. Wilson in mastering the Sanskrit language, and the zeal and lively interest he uniformly evinced in promoting its cause. This settled the course of his future life. Professor Wilson at once took him by the hand, and ever after stood by him as a kind patron and a warm admirer.

On the death of Nathooram Shastree, the chair of Professor of Rhetoric fell vacant, and Mr. Wilson knowing full well the eminent acquirements and the great natural parts of Prem Chandra gave it to him.

Thus Prem Chandra became the Professor of a most Important branch of Sanskrit language, while he was yet a mere youth; but he was not unequal to the new task. He discharged the duties of his post consecutively for 32 years with an amount of zeal, assiduity, and success, which earned for him the highest approbation of the Government, and the admiration of the public. He early secured the respect of his Fellow-Professors and was greatly esteemed by his superiors in office. Professor Wilson never forgot him even when he had retired to England, but corresponded with him upon diverse subjects connected with Sanskrit Literature.

Prem Chandra possessed great tact in deciphering ancient inscriptions, and this brought him into familiar intercourse with James Prinsep, whom he helped largely in bringing to light the purport of many an old record of great historical value.

During his collegiate career as a student, Prem Chandra was fond of spending his leisure hours in writing for the Vernacular Press. He selected for his organ the *Probhakar*, which was then edited by that clever Bengalee scholar, the late Baboo Iswar Chandra Gupta. Prem Chandra's connection raised the paper considerably in the estimation of its readers, and its circulation was greatly increased. When, however, his reputation for Sanskrit writing became generally known and began to be appreciated by the learned, he dropped the Vernacular, and confined his attention solely to the former.

It is now four years ago that Prem Chandra left the service and retired to pass the remainder of his days at Benares. The cause that led him to take this step against the remonstrance of his friends and relatives is strange, and to many may appear purile. Like most people, whether ancient or modern, Prem Chandra was a fatalist. He believed, after examining his horoscope, that his last day was not far distant, and that he would die during the period intervening between the 57th and 62nd years of his age. He therefore hurried himself away to the above city to lay his ashes on its sacred soil. But impressed, as he was with the idea of his approaching end, he did not feel in the slightest degree uneasy or nervous on that account. He followed the even tenor of his quiet life, and devoted his time to those literary pursuits, which had occupied the best part of his life. Between 20 and 30 of his pupils gathered round him, and to give them instruction *gratis* was his duty, as literary composition was his recreation.

Thus lived and died an eminent scholar in the full enjoyment of health and all the powers of mind, which had not suffered either by incessant labour, or the cares incident to the life of an author. Prem Chandra never shirked duty, and duty to him was always a source of gratification. He thought and believed that every educated member of the Hindu community was bound to exert the best of his ability to revive the Sanskrit language from the ashes under which it had been smothered by centuries of Mahomedan domination, and how far he acted in accordance with this belief, may be seen by the numerous works which he has left, and which speak so well for themselves. Lately, he was engaged in writing a work on Rhetoric and compiling Sanskrit lexicon for the use of Colleges. He was rapidly pushing them for the Press, and would have brought them to completion before long, had not death paralysed his pen, and put an end to his hopes.

The life of a Pundit offers little matter for comment; but we cannot conclude this brief notice without adverting to the private character of Prem Chandra Tarkabagish. Prefectly disinterested in his actions and loving knowledge for its own sake, he was the very impersonation of all that is pure and virtuous. Though simple as a child in his daily intercourse with people, and in his conduct towards his disciples, there was a moral gravity and grandeur in his appearance, which inspired the respect of all. His love and affection for his pupils were more than parental. Among his pupils we may name such distinguished scholars as Iswar Chandra Vidyasagara, Mohesh Chandra Nyayaratna, Dwarka Nath Bidyabhusan, Ram Narayan Tarkaratna, Mooktaram Bidyabagish, who held him in the highest veneration. Well, can we understand how death has cast a gloom over the Professors and students of the Sanskrit College; every one of whom is sincerely bewailing the loss he has sustained in the late learned Pandit.

Prem Chandra was a thorough orthodox Hindu of the sect of Sakto, but he never condemned or questioned publicly the tenets of the other sects. Anything like hypocrisy, either in religion or morality, had no place in his composition. He acted upon what he truly and sincerely believed; and if sincerity is a virtue, whatever may be one's own faith, he had that in abundance. We have been assured that Sir Raja Radhakant held Prem Chandra in great esteem, as much for his learning as for his adherence amidst the lapse and changes of the present generation to the religion of his forefathers.

Life of Prem Chandra Tarkavágisha with his verses in Sanskrit by Rámákshaya Chatterjee. * * *

This is an excellent little biography in Bengali. Who is there amongst us that has not heard of Pundit Prem Chandra Tarkavàgisha, the Poet and Rhetorician ? Pundit Tarkavàgisha, came of a good old stock of Sàkràdhà (শাকনাড়া) in Rarh. He acquired the rudiments of Sanskrit in a Tole. He then joined the Calcutta Sanskrit College as an advanced student, and soon after, completing his studies was appointed Professor of Rhetoric and Poetry in his *alma mater*. Coming to occupy that chair after Pundit Náthuram Shastri, it was not easy to keep up its reputation. But Pundit Tarkavágisha showed that he was fully equal to the duties he had to discharge. He was truly loved by all the students who sat at his feet. He was an original poet of remarkable powers. He edited and commented upon several celebrated Sanskrit poems, and was much esteemed by Professor Wilson and others not only for his sound scholarship but also for the purity and simplicity of his character. His biographer is his brother. Many remarkable anecdotes have been carefully collected, illustrative of Pundit

Tarkavágisha's character. As befitted a rigid Hindu, the Pundit retired in his old age to Benares where he breathed his last, plunging into gloom his numerous disciples throughout Bengal. Pundit Tarkavágisha was connected with the Bengali press then in its infancy. His contributions to the *Probhakara* were read with delight by a large circle. The little biographical sketch has been enriched by a collection of the Sanskrit verses of Pundit Tarkavágisha. These are delightful reading. It is a matter of great regret that the talents of Pundit Prem Chandra were allowed to be frittered away in comparatively unimportant tasks without being centred on something more worthy of them. An original poem from Pundit Tarkavágisha would not have been unworthy of the Sanskrit Muse of mediæval India.

National Magazine, Dec. 1892.

(Vol. VI. No. 12.)

Calcutta Review July, 1892.

p. p. XXXIX.

Prem Chandra Tarkavágisha was one of the most distinguished Sanskrit scholars of Bengal during the early and middle parts of this century, and occupied the chair of Rhetoric in the Sanskrit College of Calcutta for 32 years with great distinction. Some of the greatest oriental scholars such as Horace Hayman Wilson, Prof. E. B. Cowel, and James Prinsep held high opinions of the abilities and worth of the Pundit. He rendered great help to James Prinsep in deciphering ancient inscriptions in Pali and Sanskrit. He was a noted commentator of some of the immortal Sanskrit poems and was himself endowed with no mean poetical powers. His services for the improvement of Bengali literature are not to be slighted, as, in those early days of English education, few were the men who thought it worth their while to bestow time on the cultivation of their much neglected mother-tongue. As a man, Prem Chandra was gifted with some of the noblest qualities of the heart, without which public virtues and the highest intellectual endowment are often a mere delusion. Taken all in all, Pundit Prem Chandra Tarkabágish was one of the greatest souls that Bengal ever has produced one, who certainly deserves the honour of being immortalised in a biography.

The department of biography in Bengali literature is exceedingly poor not simply in respect of the number of books on the subject, but also in the sense that the few biographical works published in the language are not distinguished by the qualities which make a biography instructive, interesting, and valuable, throwing light on the state of society of the time to which the individual who formed the hero of the work belonged. The life and poems of Prem Chandra Tarkabágish, though not a model of a biography, is still much above the general run of ordinary biographical works published in Bengalee. The author has not merely narrated the events in the life of his hero, but recorded various facts which have a bearing on the social and religious condition of Bengal in his time. The anecdotes given, few though they be, add to the interest of the work, and help to make the character of the man as clear to the reader as possible. We are however, sorry to note that in places the writer indulges in praises of the Pundit which overstep the limits of truth. For example, in noticing the demise of Prem Chandra, he says that with him poetry and warm-heartedness departed from Bengal ! We have right to expect that English educated writers in Bengali should be above the practice of indulging in absurd oriental hyperboles * so common to old Sanskrit and Persian authors.

---

* Please see the remark made by the author in the latter part of 3rd chapter.

৺ তর্কবাগীশের জীবনচরিতের পরিশিষ্ট (২)

তাঁহার আলেখ্য প্রস্তুত করাইবার চেষ্টা।

পূর্ব্বে কথিত হইয়াছে যে তর্কবাগীশ (আমার পিতৃদেব) ১৮৬৪ সালে সংস্কৃত কলেজ হইতে অবসর গ্রহণ করিয়া ৺কাশীবাস করেন এবং তথায় ১৮৬৭ সালের এপ্রিল মাসে তাঁহার দেহান্তর হয়। কলিকাতায় অবস্থান কালে তাঁহার কোন photograph (আলোকচিত্র) লওয়া হয় নাই। তাঁহার মৃত্যুর কয়েক মাস পূর্ব্বে কলিকাতায় তাঁহার প্রিয় ছাত্র শ্রীযুক্ত তারাকুমার কবিরত্ন তাঁহার (পিতৃদেবের) তৈলচিত্র (oilpainting) প্রস্তুত করাইয়া তাহা সংস্কৃত কলেজে রক্ষা করাইবার উদ্দেশ্যে চাঁদা সংগ্রহের চেষ্টায় চাঁদার পুস্তকে অনুষ্ঠান পত্র ছাপাইয়া তাহা পিতৃদেবের বন্ধুগণ ও ছাত্রবর্গের মধ্যে প্রচারিত করেন। চাঁদার বহি স্বাক্ষরিত হইতেছিল এমন সময়ে সংবাদ আসে যে হঠাৎ ওলাউঠা রোগে পিতৃদেবের মৃত্যু হইয়াছে। সুতরাং তৈল চিত্রের জন্য চাঁদা সংগ্রহ বন্ধ হয়। পিতৃদেবের photograph রাখেন নাই বলিয়া কাউয়েল সাহেব যে দুঃখসূচক পত্র লেখেন তাহা যথাস্থানে সন্নিবেশিত করা হইয়াছে।

শ্রীযুক্ত তারাকুমার কবিরত্ন মহাশয়ের জ্যেষ্ঠ ভ্রাতা ৺কালীকুমার বিদ্যারত্ন ও পিতৃদেবের ছাত্র ছিলেন। ৺কালীকুমার চিত্রাঙ্কন বিদ্যায় সুনিপুণ ছিলেন। পিতৃদেবের মৃত্যুর প্রায় ৩ বৎসর পরে কালীকুমার স্মৃতি শক্তির সাহায্যে পিতৃদেবের মূর্ত্তি ধ্যান করিয়া ধ্যানলব্ধ মূর্ত্তি চিত্রফলকে অঙ্কিত করিবার চেষ্টা করেন। কয়েকদিন চেষ্টা করিবার পর কৃতকার্য্য হইতে পারিবেন না বোধে সে আশা ত্যাগ করেন।

অমর ধাম হইতেও পিতৃদেবের প্রতিকৃতি আনাইবার চেষ্টা করিতে ত্রুটি করি নাই।

বিংশ শতাব্দীর প্রারম্ভের দুই এক বৎসর পরেই যে সকল Spiritualist (প্রেতাত্মবাদী) পুস্তক ও পত্রিকা প্রকাশিত হয় তাহাতে অনেক Spirit Photograph (প্রেতাত্মার আলোকচিত্র) দৃষ্ট হয়। ঐ সকল পুস্তকগুলির মধ্যে জন্ লব্ এফ্, আর, জি, এস্ (John Lobb F. R. G. S) প্রণীত "টক্স উইথ্ দি ডেড্" (Talks with the Dead) নামক গ্রন্থ বিশেষভাবে উল্লেখযোগ্য। এই গ্রন্থটি অনেক প্রেতাত্মার আলোকচিত্রে পরিশোভিত। পুস্তকখানি পাঠ করিয়া আমার হৃদয়ে আশা উদ্দীপিত হয় যে আমিও ৺পিতৃদেবের Spirit Photograph পাইতে পারিব। এই আশায় জন্ লব্ কে ইংলণ্ডে বারম্বার পত্র লিখি। কিন্তু তাঁহার নিকট হইতে কোন প্রত্যুত্তর পাই নাই। বোধ হইতেছে পুস্তকখানি হইতেই জানিতে পারি যে Medium Photographer বাওয়ার্সনেল্ সাহেবের (Mr. Boursnell) নিকট হইতে Spirit Photograph গুলি পাওয়া গিয়াছিল।

তাহার পরে আমি Theosophist সম্প্রদায়ের শীর্ষ স্থানীয় পণ্ডিতপ্রবর ঋষিকল্প শ্রীযুক্ত সি, ডব্লিউ লেড্ বিটার (C. W. Leadbeater) সাহেবের নিকট এ বিষয়ে এক পত্র লিখিয়াছিলাম। তিনি প্রত্যুত্তরে লিখিয়াছিলেন :—"I am not a medium and have no means of obtaining spirit photographs. A particular type of medium is needed for the purpose, and you could probably obtain the address of one from the editor of the Spiritual paper

"Light" or perhaps from the authors of the books which you mention. I fear, however, that the long period which has elapsed since your father's death will be a serious obstacle in your way."

পত্রান্তরে সাহেব মহোদয় লিখিয়াছিলেন। "We hold that it is better *not* to try and drag back the consciousness of those who have passed over to the material and clogging wheels of the physical plane they have left, merely to gratify overselves, but rather to help them on their way by loving thoughts, and by trying to reach them quite easily and naturally during the hours of sleep."

এ বিষয়ে Theosophical Societyর সভাপতি শ্রীমতী অ্যাণী বেসাণ্ট (একণে Dr. Annie Beasant) কে পত্র লেখায় তিনি প্রত্যুত্তরে লেখেন :—"I am not a Spiritualist, and cannot therefore help you along the lines you wish. I may add that your father is not in the least likely to be on the astral plane so long after his death. He will have passed into Swarga."

Theosophistরা বলেন যে মৃত্যুর পর মানবাত্মা যতকাল astral plane বা ভুবর্লোকে অথবা কামলোকে থাকে ততকাল তাহার সহিত মর্ত্ত্যবাসীর communication হইতে পারে। কিন্তু মানবাত্মা ভুবর্লোক হইতে স্বর্গে গমন করিলে আর তাহার সহিত মর্ত্ত্যবাসীর communication হইতে পারে না। লাষ্ট লেটারস্

ফ্রম দি লিভিং ডেড্ ম্যান (Last Letters from the Living Dead Man) নামক পুস্তক এই মতের পোষকতা করে।

অপরপক্ষে বিদেহাত্মবাদীগণ (Spiritualists) বলেন যে স্বর্গগত বিদেহাত্মার সহিত ও Communication হইতে পারে। আমেরিকার যুক্তরাজ্যনিবাসী পলিতকেশ ডাক্তার জে, এম্, পিবল্‌স এম্, এ এম্, ডি, পি, এইচ, ডি, বিদেহাত্মবাদীগণের শীর্ষ স্থানীয়। তাঁহার বয়স এক্ষণে ১০৩,১০৪ হইবে। তিনি ৫ বার ভূপ্রদক্ষিণ করিয়াছেন। তাঁহার প্রণীত Immortality (ইম্মর্ট্যালিটি) নামক গ্রন্থে দেখিতে পাওয়া যায় যে একবার ভূপ্রদক্ষিণ উপলক্ষে তিনি যখন ভূমধ্য সাগরের পূর্ব্বভাগ Levantএ ছিলেন তখন তাঁহার সমভিব্যাহারী medium ডাক্তার ডান্ (Dr. Dunn) entranced বা সমাধিস্থ হইয়া তাঁহাকে বলেন "জনৈক ব্রাহ্মণের বিদেহাত্মা জানাইতেছেন যে Jerusalemএ তাঁহার (পিবল্‌সের) সহিত যীশু খৃষ্টের Communication হইবে"। Jerusalem (যেরুসালেম)এ আসিয়া উক্ত mediumএর সাহায্যে ডাক্তার পিবল্‌স যীশু খৃষ্টের সহিত Communication করিয়াছিলেন। ইহার বিস্তৃত বিবরণ উক্ত গ্রন্থে দ্রষ্টব্য। প্রায় ৮,১০ বৎসর পূর্ব্বে ডাক্তার পিবল্‌স John the Apostleএর Spirit Painting প্রাপ্ত হয়েন। যীশু খৃষ্ট ও John the Apostle ১৯০০ বৎসরের উর্দ্ধ হইল দেহত্যাগ করিয়া পরলোক গমন করিয়াছেন। তাঁহারা যে এক্ষণে astral plane (ভুবর্লোক) পরিত্যাগ করিয়া স্বর্গলোকে গমন করিয়াছেন এ কথা অবশ্য স্বীকার্য্য। এ অবস্থায় Theosophistদের উক্তি কতদূর প্রামাণ্য তাহা পাঠক বিচার করিবেন। পঞ্চমবার ভূপ্রদক্ষিণ উপলক্ষে যখন ডাক্তার Peebles (পিবল্‌স)

১৯০৭ সালে কলিকাতা আগমন করেন তখন তাঁহার সহিত আমি সাক্ষাৎ করি। তাঁহাকে স্তন্ লবের "Talks with the Dead" নামক গ্রন্থে সন্নিবেশিত Spirit Photograph এর বিষয় উল্লেখ করিয়া আমার পিতৃদেবের Spirit Photo পাইতে পারি কি না জিজ্ঞাসা করায় তিনি বলেন " তুমিও তোমার পিতৃদেবের Spirit Photo পাইতে পার"।

১৯০৯ খৃষ্টাব্দে লণ্ডন নগরে "Review of Reviews" (রিভিউ অব্ রিভিউজ্) নামক পত্রিকার সম্পাদক প্রথিতনামা মহাত্মা ডব্লিউ টি ষ্টেড্ (W. T. Stead) কর্ত্তৃক জুলিয়াস্ বুরো (Julias Bureau) নামক পরলোকতত্ত্ব সংগ্রাহক একটী কার্য্যালয় প্রতিষ্ঠিত হয়। এই স্থানে আবেদন করিলে মৃতব্যক্তিদের পারলৌকিক সংবাদ পাওয়া যায়। কার্য্যালয়টীতে ষ্টেড্ সাহেব কর্ত্তৃক মিঃ কিং (Mr. King), মিঃ ভ্যাঙ্গো (Mr. Vango) ও মিস্ ওয়েস্লি য়্যাডামস্ (Miss Wesley Adams) নামক ৩ জন অধ্যাত্মিকতত্ত্ব বিশেষজ্ঞ (expert psychics) নিযুক্ত হন। কার্য্যালয়টী স্থাপিত হইবার সংবাদ পাইয়াই আমি পিতৃদেবের পরলোকগত আত্মার পার্থিব দেহের Spirit Photograph বা আলোকালেখ্য পাইবার আশায় ষ্টেড্ সাহেবের নিকট ২৩-৬-০৯ তারিখে পত্র প্রেরণ করি। আমার পত্র পাইয়া ষ্টেড্ সাহেব তাহা তাঁহাদের কার্য্যালয়ের psychometrist মানোমিতিজ্ঞ উক্ত কিং (King) সাহেবকে দেন। কিং সাহেব আমার পত্র হস্তে ধারণ করিয়া Psychometry বা মনোমিতি দ্বারা নিম্নলিখিত Communication প্রাপ্ত হয়েন :—

Date August 6th 1909.

Subject Mr. Chatterjee's Sitting with Mr. King.

(PSYCHOMETRY OF LETTER).

Mr. King (Holding letter). As I hold this I hear some one speaking; it is some one of the name of Ramchandra, he is saying:—"It will be difficult to obtain a photograph of our dear friend's father as the whole of the astral condition appertaining to the earth life is focussed in his native land, but if one of you of this God-inspired Bureau could take the letter which is now being held by the sensitive and sit with Mr. Boursnell we would try to imprint upon the plate the earthly appearance of the friend they desire. It will be difficult and we might not have success; tell our earth friend that his loved one is happy being now entirely free from all earth condition. He is linked up to his dearly beloved son and is looking forward to the time when they will be once more together. Good-bye".

উক্ত Communication ষ্টেড্ সাহেব তাঁহার ৬-৮-০৯ তারিখের পত্র সহ আমাকে পাঠাইয়া দেন। তাঁহার পত্রটি নিম্নে উদ্ধৃত করা হইল।

DEAR MR. CHATTERJEE.

In reply to your letter of June 23rd I beg to say that I submitted it to our psychometrist Mr. King with the result enclosed. Mr. Boursnell is an old medium who has had great success in obtaining

spirit photographs, but since his wife's death the power has to a great extent left him. After you have read the pamphlet concerning the Bureau, fill in the application form and send back to us and we will see what we can do.

Yours Sincerely,

W. T. Stead.

অনন্তর আমি আমার ৺ পিতৃদেবের আত্মার সহিত Communication করিবার জন্য যথাবিধি আবেদন পত্র জুলিয়াজ্ বুরোঁতে পাঠাইয়াছিলাম ; এবং আধ্যাত্মিকতত্ত্ব বিশেষজ্ঞদের কার্য্যের সৌকর্য্যার্থে আমার পিতৃদেবের হাতের লেখা ও শীল মোহরও পাঠাইয়াছিলাম ।

উক্ত ৩ জন বিদেহতত্ত্বজ্ঞ ৺ পিতৃদেবের সম্বন্ধে পৃথক ভাবে লব্ধ যে সংবাদ প্রাপ্ত হন তাহা নিম্নে প্রদত্ত হইল :—

Spirit Communication.

"Julia's Bureau" was an office in London established by the late Mr. W. T. Stead, editor of the "Review of Reviews." Here the living could apply for communicating with their dead. The office is now named the "W. T. Stead Borderland Library and Bureau," and located at the office of the "Review of Reviews," Bank Buildings, Kingsway, W. C. London. A perusal of the book "After Death," now in its 9th edition, price 3s. 6d. procurable at the office of the above journal, is a *sine qua non* for an application to the Bureau.

APPLICATION was made to julia's Bureau for communicating with the spirit of Pandit Prem Chandra Tarkavagisha, the late celebrated Professor of Rhetoric in the Sanskrit College of Calcutta, with a view to obtain his spirit photograph. The Pandit's seal and handwriting were sent to the Bureau. There psychics, Mr. King, Mr. Vango, and Miss Wesley Adams, communicated with his spirit independently of one another, with the results given below :—

FIRST SITTING. *Name*—CHATTERJEE (Psychometry).
No. 132. *Psychic*—MR. KING.
Date of Sitting—22-12-09.

Mr. King holding seal.—When I hold this, it brings me into touch with a personality, which was intellectual, active, and very humane. I feel the condition of importance and strength and strangely sense, an atmosphere of religion and learning; the spirit friend has made much progress since his passing over and appears to be far above the earth levels and conditions. I do not see any form, but sense a physical condition of a well ordered man and one who while in the body was somewhat active and energetic. I have a peculiar feeling of an abnormal brain development, the feeling being one of intense cellular activity in the brain. This appears to me to be very much out of the common; there must have been a marked feature in connection with this personality. When I try to come into personal touch with this spirit friend, I find myself drawn upward until I begin to partly lose myself; this is a physical reflection in myself of a lofty altitude in the spiritual spheres which this spirit friend has attained; yet withal I sense a condition of intense mental activity. There is a very strong link between the spirit friend and the applicant, and I have no doubt at all that the spirit friend has been helping and directing his son for many years. Notwithstanding the very high spiritual condition which I sense, strangely enough there appears to be a desire on the part of this friend to once more reflect himself in physical surroundings, and I am sure that a photograph could be obtained of this man. The period of his passing over seems to be long since, and when I get into touch with this condition, I feel the sense of suddenness, which may mean the death took place somewhat quickly at the end. Strangely enough I contract these words—"Photograph—Photograph—try—try." I get no name with this but I feel very strangely and strongly the nearness of this friend to his son. That is all I get.

ANNOTATIONS (made by applicant).

"Holding seal"—the seal of the Pundit that was sent from India.

The "applicant" to Julia's Bureau was the Pundit's youngest son.

"The period of his passing over seems to be long since." —The Pundit died in 1867.

"The death took place somewhat quickly at the end"—The Pundit died of cholera.

SECOND SITTING. *Name*—**SRIKRISHNA CHATTERJEE.**

No. 132 (Psychometry).

Psychic—**J. J. VANGO.** *Date of Sitting*—**28-1-1910.**

The gentleman I see is of the average height, well proportioned, and was, I should think, probably from 60 to 65 years of age. He is very grey and I should think, probably turned grey early in life. His illness must have been very short as he does not convey to me the idea of having wasted, but on the contrary, I should think, he must have been a busy man almost up to the last days. His work in earth life seems to be principally to do with literature. There is one scene he shows to me and that is, himself lecturing to what I should think would be a body of students; they are all gentleman. The spirit gentleman seems as though he took a great interest in the training of the minds of others. He also shows me a very large book I should think probably from 12 to 16 inches square. I can't get the meaning of this book but I should think it would have been much used by the gentleman. I also see a great many papers, some of which appear to have been made use of, and others still lie dormant. These he specially desires to be finished and placed on record for the benefit of mankind. The applicant, he says, could do this and would please him, very much by so doing. There are with him two ladies, one is a lady of the middle age, the other much younger, and three boys; they all appear to be connected. The gentleman is much desirous of the applicant following up this subject and learning all he possibly can in order to impart his experiences to others that they may benefit.

He says: "It has been my desire ever since I came to the spirit world to be with my son and help him to know how near I and others, who are disembodied, are to him, and that if the machinery can only be set into motion, I can send a message to him and he can help many others in this way.

"Try and make the best of your opportunities that joy may come to others through them and that men may bless you as they are doing and always will do our good friends Julia and Mr. Stead. If you will try, I will try also and I hope to overcome the difficulties with your help."

ANNOTATIONS (made by applicant).

"Probably from 60 to 65 years of age."—The Pandit died at the age of 61.

"Turned grey early in life." —The pandit's eldest son, who is 75, says he never saw black hair on his father's head.

"His illness must have been very short."—He got an attack of cholera which proved fatal.

"A busy man almost up to the last days."—He taught 45 to 50 pupils even before the day of the attack of cholera.

"A very large book."—A treatise on Sanskrit Rhetoric composed by the Pandit in his retirement at Benares. The book has been irrecoverably lost.

"Others still lie dormant."—e.g., the Pandit's commentary on the "Purusa Sukta" (a portion of the Vedas), which was never published during his life time, and the existence of which was not known till long after the application to the Bureau.

"Three boys."—The applicant to Julia's Bureau (the Pandit's youngest son) has lost 3 boys.

"A body of students; they are all gentlemen."—Pandits Iswar Chandra Vidyasagar and Mahes Chandra Nyayratna were among others, the pupils of Pandit Prem Chandra Tarkavagisha.

THIRD SITTING. *Name*—MR. CHATTERJEE. NO. 132.

Psychic—MISS WESLEY ADAMS.

Sitting—24-2-10.

There comes a condition of helplessness as if all power had gone from the body. The spirit form of a gentleman appears, fairly tall and broad, full in build, between 50 or 60 years of age, round face, full broad forehead, rather thick nose and full mouth. There is a peculiar condition of gasping for breath and the top of the head has lost all feeling. It is a strong determined character with great mental powers and would probably be a writer or composer. There comes a deep interest in two distinct studies, one of which appears to be on religious matters. He desires them to know that there is with him in spirit a lady who has been a great help to him. She is short, round in build, oval features, eyes full, and well marked eye brows. She seems to have suffered a good deal in the lower part of the body before passing out. There is a fire still in the body endeavouring to help. He sends the message—"As soon as the opportunity occurs, he will manifest in the way they so much desire."

There is the letter F, who I feel is a friend, also C, and a feeling of gratitude to those friends who have helped him. There comes a sense of appreciation for the way his wishes and memory have been respected. He is in harmonious and bright surroundings and there are three friends with him who add to his happiness in the spirit world.

ANNOTATIONS (made by applicant).

"Condition of helplessness."—refers to the helpless condition at the death of the Pandit.

"Between 50 or 60 years of age."—The Pandit died at the age of 61.

"She...suffered a good deal."—This might refer to the applicant's wife who suffered a great deal from pains and aches of the legs and who subsequently died of tetanus at the age of 35.

"His wishes and memory have been respected."—The Pandit's commentaries on the "Naisadh-charita" and "Kavyadarsha," have been republished and his "Life" had gone through 4 editions.

"Three friends."—This may mean ; Pandits Jayanarayan Tarkapanchanan, Bharat Chandra Siromoni, and Taranath Tarkavachaspati, distinguished Professors of the Sanskrit College and contemporaries of Pandit Prem Chandra Tarkavagisha. Professor E B. Cowell, the then Principal used to call them "the 4 pillars of the Sanskrit College."

The "C" in the last para may refer to Professor E. B. Cowell, who studied "Alankara" with Pandit Prem Chandra, and who subsequently became the Cambridge Professor of Sanskrit.

Owing to the death of the great medium photographer Mr. Boursnell during the pendency of the application to "Julia's Bureau," the spirit photo of the Pandit could not be obtained.

The medium photographer Edward Wyllie, brother of Curzon Wyllie (shot dead by a Punjabi student), sent a spirit photo which had no resemblance whatever to the departed Pandit. E. Wyllie died before *he could* make a 2nd attempt.

The Normans (man and wife) of America returned the fee for the spirit photo, saying they could not come into rapport with the Pandit, he being very high up in the spiritual spheres.

At last in 1916, Mr. Joseph A. Sadony, the great American psychic, when communicated with on the subject, wrote to say:—

As I read your card, a strange feeling came to me as if your father brought it. He spoke in a strange language, then in 5 different tongues, the last a universal language which I understood ...He,—"My son (meaning the Pandit's youngest son who had addressed Mr. Sadony) the only photo of my features, I shall imprint on your soul. My deeds are photographed in the minds of my past friends. There is no pen, colour or chemical on earth, that can reproduce my present features. I will come to you ere you pass into our world. I shall say more in the near future so as to prove conclusively, that you and this boy (meaning the writer of the letter Mr. Sadony himself) are no further apart than these words you are now reading, for they have reached you, coming from me almost half around the world. They are the only photographs of myself I can give you."

Thus the question, whether a spirit photo of the Pandit could be had, has received its quietus after a correspondence with

different psychics and mediums in almost all parts of the world extending over a period of nearly 12 years.

প্রথম অধিবেশন,

আবেদন কারীর নাম—শ্রীকৃষ্ণ চট্টোপাধ্যায়।

বিদেহতত্ত্বজ্ঞ—শ্রীযুত কিং সাহেব ; (মনোমিতিলব্ধ) (By Psychometry) তারিখ-২২-১২-০৯। মিঃ কিং (তর্কবাগীশের নামাঙ্কিত শীলমোহর হাতে লইয়া) :—ইহা (শীলমোহর) ধারণ করা মাত্রই আমার স্পষ্ট অনুভব হইতেছে যে আমি এক অসাধারণ আত্মার সংস্পর্শে আসিতেছি যিনি পার্থিব জীবনে প্রতিভান্বিত, কর্ম্মঠ ও অতীব দয়াপ্রবণ ছিলেন। তাঁহার মহত্ব ও শক্তির বিশিষ্টতা আমি বেশ অনুভব করিতেছি ; ভগবৎ নিষ্ঠা ও জ্ঞান প্রবাহই ইহার পারিপার্শ্বিক অবস্থা—ইহাই আমি আশ্চর্য্যরূপে হৃদয়ঙ্গম করিতেছি। জড়দেহাবসানের পর আধ্যাত্মিক উন্নতি ইহার যথেষ্ট হইয়াছে, এবং ইনি পার্থিব অবস্থার বহু উর্দ্ধে আরূঢ়। আমি কোন বিশিষ্ট আকৃতির নিদর্শন পাইতেছি না বটে কিন্তু একটি জিতেন্দ্রিয়, কর্ম্মিষ্ঠ, ও উদ্যমশীল মানবাত্মার দৈহিক অবস্থা উপলব্ধি করিতেছি। ইহাতে অনন্য সাধারণ মস্তিষ্কের বিকাশ পরিলক্ষিত হইতেছে—আমার এই অনুভূতি ইহার মস্তিষ্কস্থ কোষ সমূহের প্রবল কর্ম্মশীলতার ভাব হইতে প্রসূত। চিন্তাশীলতার এবম্বিধ পূর্ণাবস্থা সচরাচর দৃষ্টিগোচর হয় না। নিঃসন্দেহ ঈদৃশ মনোবৃত্তির অনুশীলন ইহার জড়দেহের একটি

বিশিষ্ট নির্ণায়ক লক্ষণ ছিল। এই অশরীরী বন্ধুটির ব্যক্তিগত সংস্পর্শে আসিবার চেষ্টা করা মাত্রই আমার অনুভব হইতেছে আমি উর্দ্ধে নীত হইতেছি এবং আমার ব্যক্তিগত সত্ত্বা পর্য্যন্ত বিস্মৃত হইতেছি; আমার এই অনুভূতির কারণ ইহা ব্যতীত আর কিছুই নহে——অধ্যাত্ম জগতের অত্যুচ্চ সোপানে আরূঢ় এই বন্ধুটির আমার দেহে প্রতিবিম্ব নিক্ষেপ; তবুও আমি ইহার অসাধারণ মস্তিষ্ক পরিচালনার ভাব সুস্পষ্ট অনুভব করিতেছি। এই বিদেহী বন্ধুটির সঙ্গে আবেদনকারী সুদৃঢ় বন্ধনে আবদ্ধ, এই অশরীরী সুহৃৎ যে তাঁহার পুত্রকে বহুবৎসরাবধি সাহায্য ও পরিচালিত করিতেছেন এ বিষয়ে আমার কোন সন্দেহ নাই। আশ্চর্য্যের বিষয় এই যে এবম্বিধ আধ্যাত্মিক উন্নতি সত্ত্বেও বিদেহী মিত্রটির পুনরায় জড় অবস্থার মধ্যে নিজকে প্রতিফলিত করিবার ইচ্ছা আছে বলিয়া মনে হয় এবং আমার বিশ্বাস ইহার আলোকালেখ্য পাওয়া যাইতে পারে। ইহার মহাযাত্রা বহুকাল পূর্ব্বসম্পন্ন হইয়াছে অনুমিত হয়; যখন এই অবস্থার সংস্পর্শে আমি আসিতে চেষ্টা করি তখন এক আকস্মিকতার ভাব আমার গোচরীভূত হয়—ইহার অর্থ বোধ হয় ইঁহার মৃত্যু খুব অল্প সময়ের মধ্যে সংঘটিত হইয়াছিল। অতীব বিস্ময়ের বিষয়—"Photograph (আলোকালেখ্য) Photograph (আলোকালেখ্য)—try (চেষ্টা কর) try (চেষ্টা কর)" এ কয়টি শব্দ আমার শ্রুতিগোচর হইতেছে। আমি কোন লোকের নাম শুনিতেছি না বটে কিন্তু, এই বন্ধুটির সহিত তাঁহার পুত্রের নৈকট্য বিশেষ ভাবে এবং বিস্ময়ের সহিত হৃদয়ঙ্গম করিতেছি। এতদ্ব্যতীত আমি আর কিছু জানিতে পারিলাম না।

টিপ্পনী।

ইহার মহাযাত্রা বহুকাল পূর্ব্বে সম্পন্ন হইয়াছে—ইং ১৮৬৭ সালে পণ্ডিতবরের মৃত্যু হয়।

মৃত্যু খুব অল্প সময়ের মধ্যে সংঘটিত হয়—৺ কাশীধামে ওলাউঠা রোগে পণ্ডিতপ্রবর মারা যান।

দ্বিতীয় অধিবেশন।

আবেদনকারীর নাম—শ্রীকৃষ্ণ চট্টোপাধ্যায়।

নং ১৩২ (মনোমিতিলব্ধ)

আধ্যাত্মিকতত্ত্বজ্ঞ—জে, জে ভ্যাঙ্গো। তারিখ—২৮-১-১৯১০

মধ্যমাকৃতি, অঙ্গে সৌষ্ঠবসম্পন্ন, সম্ভবতঃ ৬০ হইতে ৬৫ বৎসর বয়স্ক এক মহাশয় ব্যক্তিকে আমার সম্মুখে দেখিতেছি। ইনি পক্ককেশ এবং আমার অনুমান হয় জীবনের প্রারম্ভেই ইহার চুল পাকিতে আরম্ভ করিয়াছিল। স্বল্পকালস্থায়ী পীড়ায় নিশ্চয়ই ইহার মৃত্যু হইয়া থাকিবে, কেননা রোগে ভুগিয়া ইহার দেহ ক্ষয় প্রাপ্ত হইয়াছিল এরূপ অনুমান হয় না; পরন্তু জীবনের শেষ দিন পর্য্যন্ত ইনি শ্রমপটু ছিলেন উপলব্ধি হয়। সাহিত্য সেবা ইহার সমগ্র পার্থিব জীবনের মুখ্য উদ্দেশ্য ছিল। এই বিদেহী আমাকে একটি দৃশ্য দেখাইতেছেন, দৃশ্যটি এই—তিনি একটি ছাত্রমণ্ডলীকে অধ্যাপনা করিতেছেন; বিদ্যার্থীরা সকলেই ভদ্রলোক। এই বিদেহী আত্মাটি অপরের মানসিক উন্নতি বিধান বিষয়ে সমধিক অনুরাগী ছিলেন মনে হয়। তিনি আমাকে একখানি বৃহৎ পুস্তক দেখাইতেছেন, আকারে ইহা

১২ হইতে ১৬ বর্গ ইঞ্চি হইতে পারে। কি উদ্দেশ্যে পুস্তকখানি তিনি দেখাইতেছেন তাহা আমি নির্ণয় করিতে পারি না, তবে আমার বোধ হয় গ্রন্থটি তাঁহা কর্ত্তৃক সচরাচর ব্যবহৃত হইত। অনেকগুলি কাগজ পত্রও দেখিতেছি, কতকগুলি ব্যবহৃত, অন্যগুলি অদ্যাবধিও অব্যবহৃত অবস্থায় আছে। যাহাতে শেষোক্ত কাগজ পত্রগুলি সমাপ্ত ও লোকহিতার্থে প্রকাশিত হয় তজ্জন্য তিনি বিশেষ আগ্রহ প্রকাশ করিতেছেন। তিনি বলিতেছেন যে আবেদনকারী এ কার্য্যটি সম্পন্ন করিতে পারেন এবং তদ্দারা তাঁহার (বিদেহী আত্মাকে) অতীব তৃপ্তি দান করিতে পারেন। তাঁহার সহিত ২টি মহিলা ও ৩টি বালককে দেখিতেছি; মহিলাদ্বয়ের মধ্যে একজন মধ্যবয়স্কা, অপরটি তাঁহা অপেক্ষা অনেক ছোট; ইঁহারা সকলেই তাঁহার সম্পৃক্ত বলিয়া বোধ হয়। ইনি বিশেষ ইচ্ছুক যে প্রার্থী এই বিষয়ের (অধ্যাত্মতত্ত্বের) সম্যক্ আলোচনা করিয়া এবং যথাসাধ্য ইহার তত্ত্বসমূহ আয়ত্বপূর্ব্বক পরোপকারার্থে তাঁহার অভিজ্ঞতা প্রকাশ করেন।

তিনি বলিতেছেন "প্রেতলোকে আসা অবধি আমার অভিলাষ যে আমি আমার পুত্রের নিকট থাকিয়া তাহাকে ভাল করিয়া বুঝাইয়া দিই যে আমি এবং অন্যান্য অশরীরী আত্মা তাহার কত নিকটে অবস্থিত। যদি কোন উপায়ে পরলোক হইতে বার্ত্তা গ্রহণের কৌশলটি আয়ত্ত্ব করিতে পারা যায় তাহা হইলে আমি তাহার নিকট সংবাদ পাঠাইতে পারি; তখন সেও অনেক লোককে এই উপায়ে সাহায্য করিতে পারে। লোকের আনন্দসম্বর্দ্ধনকারী এই সমস্ত সুযোগের যথাসাধ্য সদ্ব্যবহার করিতে যত্নবান্ হও, তাহা হইলে তাহারা যেমন আমাদের

সুহৃদ্বর জুলিয়া এবং মিঃ ষ্টেড্ কে আশীর্ব্বাদ করিতেছে ও ভবিষ্যতে করিবে সেইরূপ তোমাকে ও করিতে পারে। তুমি চেষ্টা করিলে আমি ও চেষ্টা করিতে পারি এবং আমি আশা করি যে তোমার সাহায্যে সকল বাধা বিঘ্ন অতিক্রম করিতে সমর্থ হইব"।

টিপ্পনী।

"৬০-৬৫ বৎসর"—৬১ বৎসর বয়সে পণ্ডিতমহাশয় দেহত্যাগ করেন।

"চুল পাকিতেই:"—পণ্ডিতমহাশয়ের জ্যেষ্ঠ পুত্র (বয়ঃক্রম ৭৫) বলেন, তিনি তাঁহার পিতৃদেবের মস্তকে কখন ও কাল চুল দেখেন নাই।

"স্বল্পকালস্থায়ী পীড়া"—পণ্ডিত মহাশয় ওলাউঠায় মারা যান।

"শেষদিন পর্য্যন্ত শ্রমপটু"—রোগাক্রান্ত হইবার পূর্ব্বদিবস পর্য্যন্ত তিনি ৪০-৫০ জন ছাত্রের অধ্যাপনা করিতেন।

"বৃহৎ পুস্তক"—৺ কাশীধামে অবস্থিতিকালে ইনি অলঙ্কার শাস্ত্রের একটী পুস্তক প্রণয়ন করেন। পুস্তকখানি পাইবার কোন ও সম্ভাবনা নাই।

"অন্যগুলি অন্তর্বর্ধিই:"—যথা ইঁহার প্রণীত বেদের শাখা পুরুষসুক্তের টীকা। তাঁহার জীবদ্দশায় ইহা প্রকাশিত হয় নাই এবং জুলিয়াজ বুরোয় আবেদন করিবার অনেকদিন পর পর্য্যন্ত ইহার অস্তিত্ব জানা ছিলনা।

"তিনটী বালক" আবেদনকারীর তিনটি পুত্রের মৃত্যু হইয়াছে।

"ছাত্রমণ্ডলীই:"—পণ্ডিত ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর ও মহেশ চন্দ্র ন্যায়রত্ন তর্কবাগীশ মহাশয়ের ছাত্রদিগের মধ্যে অন্যতম।

তৃতীয় অধিবেশন।

আবেদনকারীর নাম—মিঃ চট্টোপাধ্যায়।

নং ১৩২।

আধ্যাত্মিকতত্ত্বজ্ঞা—মিস্ ওয়েস্‌লি য়্যাডাম্‌স।

তারিখ—২৪-২-১০।

আমার সর্ব্বাঙ্গ অবশ হইয়া আসিতেছে মনে হইতেছে যেন শরীরের সমস্ত শক্তি অন্তর্হিত হইয়াছে। জনৈক মহাশয় ব্যক্তির সূক্ষ্মদেহের আবির্ভাব হইতেছে। ইনি নাতি দীর্ঘ, বিশাল বক্ষসম্পন্ন, পূর্ণাঙ্গ, ৫০—৬০ বৎসর বয়স্ক; ইঁহার মুখমণ্ডল সুগোল, ললাট প্রশস্ত, নাসিকা ঈষৎ স্ফীত ও মুখবিবর পূর্ণায়তনযুক্ত। কেমন একপ্রকার শ্বাসকৃচ্ছ্রতার অবস্থা আমি উপলব্ধি করিতেছি; ইঁহার মস্তকের উপরিভাগের স্পর্শানুভবতা লোপ পাইয়াছে। ইনি দৃঢ়চিত্ত অসামান্যধীশক্তিসম্পন্ন, এবং সম্ভবতঃ একজন লেখক কিংবা কবি। দুইটী ভিন্ন শাস্ত্রবিভাগে ইঁহার প্রগাঢ় অনুরাগ প্রতীয়মান হইতেছে—ধর্ম্মশাস্ত্র ইহার অন্যতম। তিনি জানাইতে ইচ্ছা করেন যে তাঁহার সহিত এক রমণী সূক্ষ্মদেহে অবস্থান করিতেছেন—এই ভদ্রমহিলাটী তাঁহাকে বিশেষ সাহায্য করিয়াছেন। ইনি (রমণীটী) খর্ব্বাকৃতি ও সুগোলগঠনযুক্ত; ইঁহার মুখশ্রী বর্ত্তুলাকার, চক্ষুদ্বয় ভাসাভাসা ও ভ্রূযুগল আয়ত ও বঙ্কিম। ইঁহাকে দেখিলে মনে হয় যেন ইনি মৃত্যুপূর্ব্বে নিম্নাঙ্গে অতীব যন্ত্রনা ভোগ করিয়াছিলেন। আবেদনকারীকে সাহায্য করিবার প্রবল আকাঙ্খা এই ভদ্রমহোদয়টীতে এখনও বিদ্যমান তিনি এই সমাচার পাঠাইতেছেন—"ইঁহাদের প্রবল বাসনা পূর্ণ করিবার জন্য, সুযোগ উপস্থিত হইলেই তিনি ইঁহাদের অভিপ্রেতানুযায়ীরূপে প্রকটিত হইবেন।"

ইংরাজি বর্ণমালার "F" (এফ) এবং "C" (সি) দুইটী অক্ষর আমি দেখিতে পাইতেছি। আমার বোধ হইতেছে উক্ত অক্ষর দুইটী উঁহার দুই বন্ধুর নামের আদ্যক্ষর। যে বন্ধুরা তাঁহাকে সাহায্য করিয়াছেন, তাঁহাদের প্রতি ইঁহার কৃতজ্ঞতার ভাবও লক্ষিত হইতেছে। যে সম্মানের সহিত তাঁহার অভিলাষ ও স্মৃতি রক্ষিত হইয়াছে তাহাতে তাঁহার সন্তোষ সাধন হইয়াছে, এরূপ ভাব অনুমিত হয়। তিনি মনোমত ও দিব্য পারিপার্শ্বিক অবস্থা দ্বারা বেষ্টিত। তাঁহার সহিত তিনটী বন্ধু আছেন; তাঁহারা প্রেতলোকে তাঁহার আনন্দ বর্দ্ধন করিতেছেন।

টিপ্পনী।

"সর্ব্বাঙ্গ অবশ"—পণ্ডিত মহাশয়ের আত্মার সংস্পর্শে আসার জন্য আধ্যাত্মিকতত্ত্বজ্ঞার অঙ্গবৈকল্য নির্দ্দেশিত হইয়াছে।

"৫০-৬০ বৎসর বয়স্ক"—পণ্ডিত মহাশয় ৬১ বৎসর বয়সে মারা যান।

"নিম্নাঙ্গে অতীব যন্ত্রণা"—প্রবন্ধলেখকের পত্নী পদদ্বয়ের যন্ত্রণায় বিশেষ কষ্টভোগ করিয়া ধনুষ্টঙ্কারে মারা যান। সম্ভবতঃ এস্থলে তাঁহাকে লক্ষ্য করা হইয়াছে।

"সম্মানের সহিত তাঁহার স্মৃতিই"—পণ্ডিতমহাশয়ের রচিত নৈষধচরিত ও কাব্যাদর্শের টীকা পুনঃ প্রকাশিত হইয়াছে এবং তাঁহার জীবনচরিতের চতুর্থ সংস্করণ হইয়া গিয়াছে।

"তিনটী বন্ধু"—তর্কবাগীশ মহাশয়ের সমসাময়িক খ্যাতনামা অধ্যাপক পণ্ডিত জয়নারায়ণ তর্কপঞ্চানন, ভরতচন্দ্র শিরোমনি ও তারানাথ তর্কবাচস্পতি মহাশয়গণকে সম্ভবতঃ লক্ষ্য করা

হইয়াছে। সংস্কৃতকলেজের তদানীন্তন অধ্যক্ষ আচার্য্য E. B. Cowell (ই, বি, কাউয়েল) ইঁহাদিগকে সংস্কৃত কলেজের স্তম্ভচতুষ্টয় বলিতেন।

"C", সি,— সম্ভবতঃ অধ্যাপক E. B. Cowell (ই বি কাউয়েল।) মহোদয়কে লক্ষ্য করা হইয়াছে। ইনি তর্কবাগীশ মহাশয়ের নিকট অলঙ্কার পাঠ করেন ও পরে কেম্ব্রিজ বিশ্ববিদ্যালয়ের সংস্কৃতের অধ্যাপক নিযুক্ত হন।

এই Spirit Communicationটি ৺শিশিরকুমার ঘোষ মহাশয় সম্পাদিত হিন্দু স্পিরিটুয়াল ম্যাগেজিনে (Hindu Spiritual Magazine) ১৯১৮ সালের সেপ্টেম্বর সংখ্যায় প্রবন্ধাকারে মৎকর্ত্তৃক প্রকাশিত হয়। তাৎকালিক " নব্যভারত" পত্রিকায়ও ইহা প্রকাশিত হইয়াছিল।

২১-১২-০৯ তারিখে বোরস্‌নেল (Boursnell) সাহেবের মৃত্যু হয়, আর ২২-১২-০৯ তারিখে Julia's Bureau (জুলিয়াজ্‌ বুরোঁ)র প্রথম অধিবেশন হয়। সুতরাং পিতৃদেবের আলেখ্য পাওয়া যাইতে পারে নাই। শুনা যায় বোরস্‌নেল সাহেব ১০,০০০ পরলোকগত আত্মার পার্থিব দেহের আলোকালেখ্য (Spirit Photo) তুলিতে সমর্থ হইয়াছিলেন! তিনি যে পিতৃদেবের আলোকালেখ্য তুলিতে পারিতেন না একথা কোন্‌ Spiritualist সাহস করিয়া বলিতে পারে? পাঠক দেখিবেন E চিহ্নিত মনোমিতিলব্ধ তত্ত্ব ১৯০৯ সাল ৬ই আগষ্ট তারিখে প্রাপ্ত হওয়া যায়, আর ২১-১২-০৯ তারিখে বোরস্‌নেল সাহেবের মৃত্যু হয়। এত দীর্ঘ কালের মধ্যে আমার ২৩-৬-০৯ তারিখের পত্রখানি কেন যে বোরস্‌নেল সাহেবের নিকট নীত হয় নাই তাহার কারণ আমি

নির্দ্ধারণ করিতে অক্ষম। বোধ হয় জুলিয়াজ বুরোঁর কর্ম্মচারীদের শৈথিল্যই এই নিষ্ফলতার হেতু।

আমেরিকার যুক্ত রাজ্যের সিকাগো (Chicago) অধিবাসিনী বেঙ্গস্ সিষ্টারস্ (Bangs Sisters) নামক দুইটি ভগিনীর Spirit painting দিবার ক্ষমতা ছিল। ইঁহাদের নিকট হইতে হিন্দু স্পিরিট্যুয়াল ম্যাগেজিনের সম্পাদক ৺শিশির কুমার ঘোষ তাঁহার মৃত পুত্রের Spirit painting পাইয়াছিলেন। ডাক্তার পিবল্‌সও ইহাদের নিকট হইতে John the Apostleএর Spirit painting প্রাপ্ত হয়েন। ইঁহাদের নিকট পিতৃদেবের একখানি জীবনচরিত পাঠাইয়াছিলাম। এই পুস্তকের সাহায্যে তাঁহারা পিতৃদেবের Painting (চিত্র) দিতে পারিবেন কি না জিজ্ঞাসা করায় তাঁহারা বলেন যে জীবনচরিতের সাহায্যে উহা সম্ভব নয়, আমাকে তাঁহাদের নিকট যাইতে হইবে। পুলিসের অত্যাচারে বাধ্য হইয়া ইঁহাদের মধ্যে একজন বিবাহ করিয়া স্থানান্তরে গমন করেন, অন্যটি নিরুদ্দেশ।

কার্জ্জন ওয়াইলি (Curzon Wyllie K. C. I. E.) নামক জনৈক ইংরাজ ভারতের গভর্ণর জেনারেলের রাজপুতানার এজেণ্ট ছিলেন। তিনি লণ্ডন নগরে ধিংড়া নামক এক পাঞ্জাবী ছাত্র দ্বারা নিহত হন ইহা অনেকেই অবগত আছেন। তাঁহার এডওয়ার্ড ওয়াইলি (Edward Wyllie) নামক খুল্লতাত পুত্রের ক্ষমতা ছিল যে তিনি মৃতব্যক্তির হস্তলিপির সহিত হস্তলিপির লেখক মৃত ব্যক্তির আলেখ্য (Photo) তুলিতে পারিতেন। তিনি আমেরিকার যুক্ত রাজ্যে বাস করিতেন। তিনি যখন ইংলণ্ডে আসেন পিতৃদেবের ফটো তুলিবার জন্য তাঁহার রচিত

একটি শ্লোক ও তাঁহার পারিশ্রমিক ১৫ শিলিং পাঠাইয়াছিলাম। তিনি আমার নিকট একটি Spirit Photo প্রেরণ করিয়াছিলেন কিন্তু উহার সহিত পিতৃদেবের কোনরূপ সাদৃশ্য না থাকায় আমি তাঁহাকে পুনঃ চেষ্টা করিতে অনুরোধ করি। তিনিও আর একবার চেষ্টা করিতে প্রতিশ্রুত হয়েন ইহার পর কিন্তু তাঁহার নিকট হইতে আর কোন সংবাদ পাই নাই। পরে অবগত হই যে তিনি পিতৃদেবের ফটোর জন্য দ্বিতীয় বার চেষ্টা করিবার পূর্ব্বেই মানবলীলা সম্বরণ করেন।

যুক্তরাজ্যনিবাসী এ নর্ম্যান (A Norman) ও তাঁহার পত্নী Spirit Photo তুলিতে পারেন। ইঁহাদের নিকট পিতৃদেবের ফটো পাইবার আশায় পিতৃদেবের নামাঙ্কিত শীলমোহর ও হস্তলিপি ও ইঁহাদের পারিশ্রমিক পাঠাইয়াছিলাম। নর্ম্যান সাহেব এতৎ সমস্তই প্রত্যর্পণ করিয়া লেখেন যে পিতৃদেব এত উচ্চ লোকে অবস্থিত যে তিনি তাঁহার (পিতৃদেবের) সহিত মিলিত (en rapport) হইতে পারেন নাই।

শ্রীমদ্ অভেদানন্দ স্বামী আমেরিকার যুক্তরাজ্যে ১০ বৎসর অবস্থান করিবার পর প্রথম যখন কলিকাতায় ফিরিয়া আসেন তখন আমি বেলুড়মঠে তাঁহাকে পিতৃদেবের একখানি জীবনচরিত উপহার দিয়া জ্ঞাপন করিয়াছিলাম যে আমি পিতৃদেবের একটি Spirit Photoর প্রার্থী। উত্তরে তিনি আমাকে তাঁহার সহিত যুক্তরাজ্যে যাইতে বলেন। সেখানে ঈদৃশ ক্ষমতাপন্ন medium আছেন যাঁহারা অনায়াসে আমার পিতৃদেবের ফটো দিতে পারেন, এমন কি তাঁহাকে তাঁহার পার্থিবমূর্ত্তি ধারণ করাইয়া (materialisation) আমার সহিত কথোপকথন

করাইতে পর্য্যন্ত পারেন। বলা বাহুল্য আমার যাওয়া হয় নাই।

লণ্ডন নগরে জে এম্ বেইন্ (J. M. Bain) নামক এক প্রেতাত্মবাদী (Spiritualist) বাস করেন। তাঁহার স্ত্রীর এই অদ্ভুত ক্ষমতা আছে যে একটা টেবিলের উপর পেন্সিল ও কাগজ রাখিয়া তিনি অদূরে শুইয়া থাকিলে পেন্সিল্ স্বতঃই উত্থিত হইয়া মৃত ব্যক্তিদের ছবি আঁকিতে থাকে। বেইন সাহেবের নিকটও পিতৃদেবের শীলমোহর ও হস্তলিপি পাঠাই। তাঁহার স্ত্রী তখন কঠিন রোগে শয্যাগতা এবং তাঁহার শীঘ্র আরোগ্যলাভের সম্ভাবনা না থাকায় তিনিও আমাকে নিরাশ করেন।

ইহা বোধ হয় অনেকেই জানেন যে ঢাকা নিবাসী শ্রীতরণীকান্ত চক্রবর্ত্তী অবলীলাক্রমে অগ্নির উপর চলিতে পারেন। তিনি জনৈক অশরীরী আত্মার Spirit Photo তুলিয়াছিলেন জানিতে পারিয়া তাঁহাকে পিতৃদেবের Spirit Photoর জন্য অনুরোধ করি। যথাসাধ্য চেষ্টা করিয়াও তিনি বিফল মনোরথ হয়েন।

মিসেস্ অ্যানি ব্রাইট (Mrs. Annie Bright) নামক জনৈক ইংরাজ মহিলা অষ্ট্রেলিয়ার মেলবোর্ন্ নগরে হার্বিন্জার অব্ লাইট (Harbinger of Light) নামক পত্রিকার সম্পাদক ছিলেন। ইহার প্রেতাত্মাদের (Spirit) সঙ্গে কথোপকথন করিবার ক্ষমতা ছিল। ১৯১২ সালে মহামতি ডব্লিউ টি ষ্টেড্ (W. T. Stead) সাহেবের স্বর্গারোহণের পর ষ্টেড্ সাহেবের নিকট হইতে তিনি যে সমস্ত Communication প্রাপ্ত হইয়াছিলেন সে সমস্ত পুস্তকাকারে প্রকাশিত হইলে তাঁহাকে আমি এই অনুরোধ করি যে ষ্টেড্ সাহেবকে দিয়া তিনি আমার

পিতৃদেবকে এই অনুরোধ করাইবেন যে তিনি (পিতৃদেব) যেন একবার ফটোগ্রাফিক কেমেরার সম্মুখস্থ হয়েন। আমার এ অনুরোধে মিসেস্ ব্রাইট স্বীকৃত হইয়াছিলেন কিন্তু ইহার অত্যল্প কাল পরে তাঁহার মৃত্যু হওয়াতে আমার আশা পূর্ণ হয় নাই।

১৯১৫ সালের ডিসেম্বর মাসে আমেরিকার যুক্তরাজ্য নিবাসী যোসেফ্ এ সেডনি (Joseph, A. Sadony) সাহেবের নিকট হইতে তাঁহার রচিত "থটস্" (Thoughts) নামক একখানি পুস্তিকা উপহার পাই। উহার প্রাপ্তি স্বীকার পূর্ব্বক আমি প্রেরয়িতাকে ধন্যবাদ জ্ঞাপন করিয়া এক পত্র লিখি; ইহাতে উল্লেখ করিয়াছিলাম যে আমার পিতৃদেবের কোন প্রতিকৃতি নাই। আমেরিকার যদি কোন Medium ফটোগ্রাফার আমার পিতৃদেবের Spirit Photo তুলিতে পারেন জানাইলে আমি বিশেষ উপকৃত হইব। ইহার প্রত্যুত্তরে তিনি নিম্নলিখিত পত্রখানি আমাকে লেখেন :—

"যখন আপনার পত্রখানি পাঠ করিতে থাকি তখন আমার মনে এক অপূর্ব্ব ভাবের উদয় হইয়াছিল, আমার মনে হইল এই বিস্ময় পুলক আপনার পিতৃদেব কর্তৃক উদ্রিক্ত। তিনি আমার অজ্ঞাত এক ভাষায় প্রথম আমাকে সম্বোধন করেন, তদনন্তর ৫২ ভিন্ন ভাষায়, সর্ব্বশেষে এক বিশ্বজনীন ভাষায় (যাহা আমি বঝিতে সমর্থ হইয়াছিলাম) সম্বোধন করেন। তিনি বলিলেন, হে "পুত্র (লেখক) আমার একমাত্র প্রতিকৃতি আমি তোমার আত্মার উপর অঙ্কিত করিব। আমার অতীত বন্ধুদের মানসপটে আমার কার্য্যাবলী অঙ্কিত রহিয়াছে। আমার বর্ত্তমান অবয়বাদি চিত্রাঙ্কিত করিতে পারে এমন তুলি, রঙ বা রাসায়নিক দ্রব্য

মর্ত্ত্যে নাই। আমাদের জগতে প্রবেশ করিবার পূর্ব্বে তুমি আমার সাক্ষাৎ পাইবে। এই শব্দগুলিই আমার একমাত্র আলেখ্য আমি তোমাকে দিতে পারি"।

পাঠক দেখিবেন যে পিতৃদেব বলিতেছেন তাঁহার বর্ত্তমান মূর্ত্তির আলেখ্য তোলা সম্পূর্ণ অসম্ভব। আমি তাঁহার সূক্ষ্ম দেহের বর্ত্তমান প্রতিকৃতি চিনিতে পারিব না বলিয়াই পার্থিব দেহের প্রতিকৃতি পাইবার বাসনায় এ সব চেষ্টা করিয়াছি। যে সমস্ত Spirit Photo দেখা যায় তাহা প্রেতাত্মাদিগের সূক্ষ্ম দেহের মূর্ত্তি নহে, পার্থিব জীবনের জড় দেহের মূর্ত্তি। সেডনি (Sadony) সাহেবের মতে পিতৃদেবের পার্থিব দেহের প্রতিমূর্ত্তিও পাইবার আশা নাই। তিনি বলেন যাহাদের পার্থিব আলেখ্য নাই তাঁহাদের পারলৌকিক আলেখ্য লওয়া যাইতে পারে না। এ মত কিন্তু ঠিক নহে। পার্থিব আলেখ্যের অবর্ত্তমানতা সূক্ষ্ম দেহের আলেখ্য প্রাপ্তির কোন অন্তরায় হয় নাই এমন দৃষ্টান্ত আছে; এ সম্বন্ধে শ্রদ্ধাস্পদ আর্কডিকন কলি সাহেবের (Archdeacon Colley) নামোল্লেখ করা যাইতে পারে। তাঁহার মাতাঠাকুরাণীর কোনরূপ আলেখ্য ছিল না; কিন্তু তাঁহার মৃত্যুর ৫০ বৎসর পরেও কলি সাহেব তাঁহার মাতার আলোকালেখ্য পাইয়াছেন।

দ্বাদশ বর্ষ ধরিয়া পৃথিবীর বিভিন্ন প্রদেশে চেষ্টা করিয়াও অকৃতকার্য্য হওয়াতে ইহার পর আমি পিতৃদেবের (Spirit Photo) আলোকালেখ্য পাইবার আর অন্য চেষ্টা করি নাই।

শ্রীশ্রীকৃষ্ণ চট্টোপাধ্যায়।
কেন্দ্রাপাড়া।

THE RAMAKRISHNA MISSION INSTITUTE OF CULTURE
LIBRARY
CALCUTTA